উপন্যাস	আকাশ বাড়িয়ে দাও (১৯৮৭), বিবর্ণ তুষার (১৯৯৩), দুঃস্বপ্নের দ্বিতীয় প্রহর (১৯৯৪), কাচসমুদ্র (১৯৯৯)।
গল্প	আমড়া ও ক্র্যাব নেবুলা (১৯৯৬), আধুনিক ঈশপের গল্প (১৯৯৬), তিন্নি ও বন্যা (১৯৯৮)।
ভ্রমণবিষয়ক	আমেরিকা (১৯৯৭), তোমাদের প্রশ্ন আমার উত্তর (২০০৪), রঙিন চশমা (২০০৭), আরো প্রশ্ন আরো উত্তর (২০১২)।
মুক্তিযুদ্ধবিষয়ক	মুক্তিযুদ্ধের ইতিহাস (২০০৯), ছোটদের মুক্তিযুদ্ধের ইতিহাস।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সায়েন্স ফিকশনের একচ্ছত্র সম্রাট– জাফর ইকবাল।
- 'দীপু নাম্বার টু'– কিশোর উপন্যাস।
- তাঁর সাহিত্যে সম্মিলন ঘটেছে– বৈজ্ঞানিক বস্তুনিষ্ঠতা ও মানবীয় কল্পনা।
- মুহম্মদ জাফর ইকবাল *বাংলা একাডেমি পুরস্কার* লাভ করেন– ২০০৪ সালে।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : পৃথিবীতে কোন কোন ধরনের প্রাণী রয়েছে বলে দ্বিতীয় প্রাণীর ধারণা?
উত্তর : একেবারে ক্ষুদ্র এককোষী থেকে শুরু করে লক্ষ-কোটি কোষের প্রাণী।

প্র : 'আসলে এটি জটিল প্রাণ নয়। খুব সহজ এবং সাধারণ।' এটি কার কথা?
উত্তর : দ্বিতীয় প্রাণীটির (দ্বিতীয় কিউরেটর)।

প্র : জাদুঘর রক্ষক বা জাদুঘরের তত্ত্বাবধায়ককে কী বলা হয়?
উত্তর : কিউরেটর।

প্র : কাদের পদ্ধতিটা বেশ চমৎকার বলে মনে হয় কিউরেটরদ্বয়ের কাছে?
উত্তর : গাছের।

প্র : 'কোথাও কোথাও প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে।' কে করছে?
উত্তর : উষ্ণ রক্তের স্তন্যপায়ী প্রাণী।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. পিঁপড়াকে সর্বশ্রেষ্ঠ প্রাণী বলা হয়েছে কেন?
উত্তর : পিঁপড়া সুশৃঙ্খল, অসম্ভব পরিশ্রমী, দায়িত্ববান হওয়ার পাশাপাশি নিরলস পরিশ্রমের দ্বারা জীবিকার্জন করে বলে পিঁপড়াকে সর্বশ্রেষ্ঠ প্রাণী বলা হয়েছে।
পিঁপড়া অত্যন্ত পরিশ্রমী প্রাণী, আগে থেকে খাবার জমিয়ে রাখে, বিপদে দিশেহারা হয় না। তারা প্রকৃতির এতোটুকু ক্ষতি করেনি। তারা মানুষের মতো চাষাবাদ করে, পশুপালন করে আবার সামাজিক কর্মকাণ্ডে অংশ নেয়। তারা কখনোই মানুষের মতো সভ্যতার উন্নয়নের নামে বিধ্বংসী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত নয়। তাদের প্রতিটি কর্মকাণ্ড একে-অন্যের প্রতি সহযোগিতামূলক। এ কারণেই পিঁপড়াকে সর্বশ্রেষ্ঠ প্রাণী বলা হয়েছে।

০২. 'কাজটি আরও কঠিন হয়ে গেল।' কেন?
উত্তর : ডিএনএ-র বিবেচনায় পৃথিবীর সকল প্রাণীর মূল গঠন একই রকম হওয়ায় কিউরেটরদের সর্বশ্রেষ্ঠ প্রাণীটি সংগ্রহের কাজটি আরো কঠিন হয়ে যায়।
মহাজাগতিক কাউন্সিলের দুজন কিউরেটরকে পৃথিবী নামক গ্রহ থেকে সর্বশ্রেষ্ঠ প্রাণী খুঁজে বের করতে হবে। কিন্তু তারা লক্ষ্য করে, পৃথিবীর নানা প্রজাতির প্রাণীর জীবনযাত্রার পরিবেশ আলাদা হলেও এদের উৎপত্তিগত কোনো পার্থক্য নেই। কারণ সকল প্রাণীই ডিএনএ নামক নীলনকশার মাধ্যমে জীবন বিকাশের প্রাথমিক রূপ পরিগ্রহ করে। তাই এতোসব প্রাণীর ভেতর থেকে সর্বশ্রেষ্ঠ প্রাণী খুঁজে বের করা কিউরেটরদের জন্য আরো কঠিন কাজ হয়ে যায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মাইকেল মধুসূদন দত্তের দেশপ্রেমের প্রবল প্রকাশ ঘটেছে– সনেটে।
- মাইকেল মধুসূদন দত্তের প্রধান অবদান– মহাকাব্য রচনার ক্ষেত্রে।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্র্যাজেডি নাটক– কৃষ্ণকুমারী।
- তাঁর রচিত অমর মহাকাব্যের নাম– মেঘনাদবধ কাব্য (১৮৬১)।
- মধুসূদন দত্তকে বলা হয়– বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি। কারণ তিনিই প্রথম সাহিত্যের মাধ্যমে সামাজিক বিদ্রোহ করেন।
- ইংরেজি শিক্ষিত ইয়ংবেঙ্গলদের মদ্যাসক্তি, উচ্ছৃঙ্খলা, অনাচারকে ব্যঙ্গ করে লেখা প্রহসন– একেই কি বলে সভ্যতা? (১৮৬০)।
- আচারনিষ্ঠ প্রাচীনপন্থি রক্ষণশীল হিন্দু সমাজের গোপন লাম্পট্যকে পরিহাস করে লেখা প্রহসন– বুড় সালিকের ঘাড়ে রোঁ (১৮৬০)।
- কবি যেসব ভাষায় দক্ষ ছিলেন– বাংলা, ইংরেজি, গ্রিক, ল্যাটিন, সংস্কৃত, হিব্রু, পার্সি, জার্মান, ইটালিয়ান, তামিল ও তেলেগু ভাষায়।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : 'নিকষা সতী তোমার জননী, সহোদর রক্ষঃশ্রেষ্ঠ?' এখানে 'সহোদর' কে?
উত্তর : বিভীষণের ভাই রাবণ।

প্র : রামানুজকে মেঘনাদ কোথায় পাঠাতে চেয়েছে?
উত্তর : শমন-ভবনে।

প্র : 'কেমনে ও মুখে আনিলে এ কথা, তাত, কহ তা দাসেরে।' এখানে 'দাসেরে' কে?
উত্তর : মেঘনাদ।

প্র : কুম্ভকর্ণের মায়ের নাম কী?
উত্তর : নিকষা।

প্র : ইন্দ্রের অপর নাম কী?
উত্তর : বাসব।

প্র : 'প্রফুল্ল কমলে কীটবাস' উক্তিটি কার?
উত্তর : মেঘনাদের।

প্র : লক্ষ্মণের মায়ের নাম কী?
উত্তর : সুমিত্রা।

প্র : মেঘনাদ 'দুরাচার দৈত্য' বলে কাকে অভিহিত করেছে?
উত্তর : লক্ষ্মণকে।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?' চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে?
উত্তর : বিভীষণের সহযোগিতায় রামানুজ লক্ষ্মণ মেঘনাদের যজ্ঞাগারে প্রবেশ করলে লক্ষ্মণকে চোর ও নিচু জাত তথা চণ্ডাল উল্লেখ করে তাকে উচ্চ মর্যাদা প্রদানের কারণ জিজ্ঞাসা করে বাসববিজয়ী মেঘনাদ পিতৃব্য বিভীষণকে জবাবদিহিতা করতে বলে।
সীতা হরণের প্রতিশোধ নিতে রামানুজ লক্ষ্মণ বিভীষণের সহযোগিতা নেয়। বিভীষণও রাবণের পাপের দায় থেকে মুক্ত থাকতে নানাভাবে সহযোগিতা করে লক্ষ্মণকে নিকুম্ভিলা যজ্ঞাগারে নিয়ে আসে। বিভীষণের এরূপ দেশদ্রোহী কাজে মেঘনাদ বিস্মিত হয় এবং পিতৃব্যের এহেন কাজের জবাবদিহিতা চায়। মূলত বিভীষণের চক্রান্তের কারণে রাবণের রাজগৃহে প্রবেশ করে এক সময় মেঘনাদের সম্মুখীন হয় লক্ষ্মণ।

০২. 'হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে!' উক্তিটির প্রসঙ্গ ব্যাখ্যা কর।
উত্তর : বিভীষণ নিজেকে 'রাঘবদাস' তথা রামচন্দ্রের সেবক বা ভৃত্য হিসেবে উল্লেখ করলে মেঘনাদ মর্মাহত হয়ে উক্তিটি করে।
মেঘনাদকে হত্যা করার জন্য বিভীষণের সহায়তায় লক্ষ্মণ গোপন পথে চোরের মতো নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশ করে। লক্ষ্মণ নিরস্ত্র মেঘনাদকে যুদ্ধের আহ্বান করলে অস্ত্রাগারে যাওয়ার জন্য মেঘনাদ যজ্ঞাগারের দ্বার রক্ষায় নিয়োজিত বিভীষণকে রাস্তা ছেড়ে দিতে অনুরোধ করে। তখন বিভীষণ জানান, তিনি 'রাঘবদাস' অর্থাৎ রামচন্দ্রের সেবক বা ভৃত্য, রামচন্দ্রের বিরুদ্ধে কোনো কাজ তিনি করতে পারবেন না। পিতৃব্য বিভীষণের মুখে একথা শুনে অত্যন্ত ক্ষুব্ধ ও মর্মাহত হয়ে মেঘনাদ উক্ত উক্তিটি করে।

০৩. 'লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে।' ব্যাখ্যা কর।
উত্তর : মেঘনাদ কর্তৃক লক্ষ্মণকে হত্যা করে লঙ্কার কলঙ্ক মোছার কথা ব্যক্ত হয়েছে উক্ত বাক্যে।
বিভীষণের সহায়তায় লক্ষ্মণ মেঘনাদকে হত্যা করার জন্য নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশ করে। লক্ষ্মণের মতো তুচ্ছ মানব চোরের ন্যায় নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশ করেছে বলে মেঘনাদ ক্ষুব্ধ হয়ে ওঠে। লক্ষ্মণের যুদ্ধের আহ্বানে অস্ত্রাগার থেকে অস্ত্র আনতে উদ্যত হয় এবং যুদ্ধের মাধ্যমে লক্ষ্মণকে হত্যা করে লঙ্কার কলঙ্ক মোছার ঘোষণা দেন মেঘনাদ।

গুরুত্বপূর্ণ MCQ

০১. 'মেঘনাদবধ কাব্য' নয়টি সর্গে রচিত' এখানে 'সর্গ' শব্দের অর্থ–
ক বেহেশত খ অধ্যায় গ সরণি ঘ স্তম্ভ **উ: খ**

০২. 'ক্ষুদ্রমতি নর' কাকে বলা হয়েছে?
ক বীরবাহু খ রাম গ লক্ষ্মণ ঘ বিভীষণ **উ: গ**

০৩. 'হে বীরকেশরী, সন্তাষে শৃগালে' এখানে 'বীরকেশরী' বলতে কাকে বোঝানো হয়েছে?
ক রাবণকে খ বিভীষণকে গ মেঘনাদকে ঘ কুম্ভকর্ণকে **উ: খ**

০৪. মধুসূদন দত্তের নামের পূর্বে 'মাইকেল' শব্দটি কখন যুক্ত হয়?
ক ইংল্যান্ড গমন করার পর খ খ্রিষ্টধর্ম গ্রহণের পর
গ ইংরেজি শিক্ষা গ্রহণের পর ঘ বিদেশ গমনের পূর্বে **উ: খ**

০৫. 'পশিল' শব্দটির অর্থ কী?
ক প্রবেশ করল খ পৌঁছাল গ নষ্ট হলো ঘ পেছাল **উ: ক**

০৬. 'এবে' শব্দটির অর্থ কোনটি?
ক আসবে খ এখন গ এমন ঘ এভাবে **উ: খ**

০৭. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রাবণ-আত্মজ' কাকে বলা হয়েছে?
ক বিভীষণকে খ কুম্ভকর্ণকে গ মেঘনাদকে ঘ প্রমীলাকে **উ: গ**

০৮. 'তস্কর' শব্দটি 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক তুষের ঘর খ তক্ষক গ চোর ঘ তাসের ঘর **উ: গ**

০৯. 'প্রগল্‌ভে' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক গোপনে খ প্রাগ্রসর হয়ে গ নির্ভীকচিত্তে ঘ নিরপেক্ষভাবে **উ: গ**

১০. 'হায়, তাত, উচিত কি তব এ কাজ?' চরণটিতে 'তাত' শব্দটি কী অর্থে ব্যবহার হয়েছে?
ক তার জন্য খ পিতামহ গ পিতৃব্য বা চাচা ঘ পিতার বন্ধু **উ: গ**

১১. মেঘনাদ 'দুরাচার দৈত্য' বলে অভিহিত করেছেন কাকে ?
ক রামকে খ ইন্দ্রকে গ বিভীষণকে ঘ লক্ষ্মণকে **উ: ঘ**

১২. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশটিতে 'সৌমিত্রি' কে?
ক রাম খ রাবণ গ বিভীষণ ঘ লক্ষ্মণ **উ: ঘ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলা প্রথম পত্র

সোনার তরী
রবীন্দ্রনাথ ঠাকুর

কবি পরিচিতি

জন্মপরিচয়	৭ মে ১৮৬১ খ্রিষ্টাব্দ (২৫ বৈশাখ ১২৬৮), জোড়াসাঁকো, কলকাতা, ভারত। পিতা : মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর। মাতা : সারদা দেবী।
ছদ্মনাম	ভানুসিংহ ঠাকুর, আন্নাকালী পাকড়াশী।
বিবাহ	মাত্র ২২ বছর বয়সে খুলনার দক্ষিণ ডিহি গ্রামের মেয়ে ভবতারিণী দেবীর সঙ্গে ১৮৮৩ সালে বিবাহবন্ধনে আবদ্ধ হন। পরে ভবতারিণী দেবীর নাম বদলে রাখা হয় মৃণালিনী দেবী।
পুরস্কার	তিনি ১৯১৩ সালের নভেম্বরে 'Song Offerings' এর জন্য নোবেল পুরস্কার পান। 'Song offerings' গ্রন্থে মোট ১৫৭টি কবিতা ও গান রয়েছে। নোবেল পুরস্কারপ্রাপ্ত প্রথম ভারতীয় ও এশীয় ব্যক্তি তিনি।
প্রথম অনুবাদক	বাংলায় টি.এস.এলিয়টের কবিতার প্রথম অনুবাদক রবীন্দ্রনাথ ঠাকুর।
জীবনাবসান	৭ আগস্ট ১৯৪১ খ্রিষ্টাব্দ (২২ শ্রাবণ ১৩৪৮ বঙ্গাব্দ)।

সাহিত্যকর্ম

কাব্য	বনফুল, কবি-কাহিনী, খেয়া, সানাই, মহুয়া, মানসী, সোনার তরী, চিত্রা, চৈতালী, ক্ষণিকা, নৈবেদ্য, গীতাঞ্জলি, বলাকা, পূরবী, পুনশ্চ, বিচিত্রা, সেঁজুতি, জন্মদিনে, শেষলেখা।
উপন্যাস	চার অধ্যায়, দুইবোন, গোরা, ঘরে-বাইরে, চতুরঙ্গ, চোখের বালি, নৌকাডুবি, যোগাযোগ, রাজর্ষি, শেষের কবিতা।
কাব্যনাট্য	কাহিনী, চিত্রাঙ্গদা, বসন্ত, বিদায় অভিশাপ, বিসর্জন।
নাটক	অচলায়তন, চিরকুমার সভা, ডাকঘর, মুকুট, মুক্তির উপায়, রক্তকরবী, রাজা।
প্রবন্ধগ্রন্থ	বিচিত্র প্রবন্ধ, শিক্ষা, শব্দতত্ত্ব, কালান্তর, সভ্যতার সংকট।
ভ্রমণকাহিনি	জাপানযাত্রী, পথের সঞ্চয়, পারস্যে, রাশিয়ার চিঠি, য়ুরোপ যাত্রীর ডায়েরী, য়ুরোপ প্রবাসীর পত্র।
পত্রসাহিত্য	ছিন্নপত্র, ভানুসিংহের পত্রাবলী, চিঠিপত্র।



কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'মানুষের উপর বিশ্বাস হারানো পাপ।' উক্তিটি আছে– **'সভ্যতার সংকট' প্রবন্ধে।**
- বাংলা সাহিত্যে প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস– **চোখের বালি (১৯০৩)।**
- রবীন্দ্রনাথের গুরু হিসেবে খ্যাত– **বিহারীলাল চক্রবর্তী।**
- বিহারীলালকে বাংলা কাব্যের 'ভোরের পাখি' বলেছেন– **রবীন্দ্রনাথ ঠাকুর।**
- রবীন্দ্রনাথ চিত্রচর্চা আরম্ভ করেন– **ষাটোত্তর বয়সে লেখার কাটাকুটি থেকে।**
- 'সোনার তরী' প্রকাশিত হয়– **১৮৯৪ সালে।**

এক কথায় প্রশ্নোত্তর

প্র : কবিতায় কোন ঋতুর কথা বলা হয়েছে?
উত্তর : বর্ষা ঋতু।

প্র : কূলে কতজন বসে আছে?
উত্তর : একা একজন।

প্র : 'ভারা' অর্থ কী?
উত্তর : ধান রাখার পাত্র।

প্র : নদীর রূপ কেমন?
উত্তর : ভরা নদী।

প্র : 'ধারা' অর্থ কী?
উত্তর : প্রবাহ বা স্রোত।

◈রবীন্দ্রনাথ ঠাকুরের নয়টি ছদ্মনাম◈

১. ভানুসিংহ ঠাকুর
২. অকপটচন্দ্র ভাস্কর
৩. আন্নাকালী পাকড়াশী
৪. দিকশূন্য ভট্টাচার্য
৫. নবীনকিশোর শর্মণঃ
৬. ষষ্ঠীচরণ দেবশর্মাঃ
৭. শ্রীমতী মধ্যমা
৮. শ্রীমতী কনিষ্ঠা
৯. বাণীবিনোদ বিদ্যাবিনোদ।

প্র : 'ক্ষুরধারা' বলতে কী বোঝায়?
উত্তর : ক্ষুরের মতো ধারালো যে প্রবাহ বা স্রোত।

প্র : কবিতায় নদীতে বর্ষার স্রোত কেমন?
উত্তর : খরপরশা অর্থাৎ ধারালো বর্শার মতো।

প্র : কী পরিমাণ ধান কাটা হয়েছে?
উত্তর : রাশি রাশি।

প্র : গগনে মেঘের অবস্থা কেমন?
উত্তর : গর্জনরত।

প্র : 'তরুছায়ামসী' মানে কী?
উত্তর : গাছের ছায়ার কালো রং।

◈পত্রিকা সম্পাদনায় রবীন্দ্রনাথ◈

তিনি নিম্নলিখিত পত্রিকা সম্পাদনা করেন–
i. সাধনা (১৮৯৪) ii. ভারতী (১৮৯৮)
iii. বঙ্গদর্শন (১৯০১) iv. তত্ত্ববোধিনী (১৯১১)

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর


০১. 'আমি একেলা' বলতে কী বোঝানো হয়েছে?
উত্তর : 'সোনার তরী' কবিতায় কৃষক তথা শিল্পস্রষ্টা কবির নিঃসঙ্গ অবস্থা বোঝানো হয়েছে। আকাশের ঘন মেঘ আর ভারী বর্ষণে খরস্রোতা নদী হিংস্ররূপ ধারণ করে। এরই মাঝে চারপাশের প্রবল স্রোতে জেগে থাকা দ্বীপের মতো ছোটো একটি ধানক্ষেতে কষ্টার্জিত সোনার ধানের সম্ভার নিয়ে অপেক্ষারত নিঃসঙ্গ এক কৃষক। কৃষকের মতো আমাদের কবিও সারাজীবন সৃষ্টিশীল সাহিত্য রচনায় ব্যস্ত ছিলেন। কিন্তু পড়ন্ত বেলায় কৃষকের মতো কবিও জীবনের খরস্রোতে সকল ফসল নিয়ে একাকী বিলীন হওয়ার অপেক্ষায় রত।

০২. 'রাশি রাশি ভারা ভারা/ধান কাটা হলো সারা' কথাটি বুঝিয়ে লেখ।
উত্তর : কবি এখানে মূলত সমগ্র মানবজীবনের কৃতকর্মের কথা বোঝাতে চেয়েছেন। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষ ব্যস্ত থাকে তার কর্মে। কৃষক যেমন গ্রীষ্ম-বর্ষা-শীত উপেক্ষা করে ফসল ফলিয়ে আনন্দ পায় তেমনি কবিও তাঁর সমগ্রজীবন ব্যয় করেছেন সাহিত্য রচনায়। কিন্তু জীবনের পড়ন্ত বেলায় এসে কৃষক তথা কবি উপলব্ধি করলেন সমস্ত কর্ম সারা হয়েছে, এবার শুধু অনিবার্য পরিণতির অপেক্ষা।

০৩. 'কাটিতে কাটিতে ধান এলো বরষা' মমার্থ ব্যাখ্যা কর।
উত্তর : প্রকৃতির পরিবর্তিত রূপের আড়ালে মানবজীবনের চরম পরিণতির দিকে ইঙ্গিত করা হয়েছে।

প্রকৃতিতে প্রতিনিয়ত পরিবর্তন ঘটতে থাকে, এমনটি ঘটে মানবজীবনেও। ফসল কেটে থরে থরে সাজিয়ে কৃষকের যখন আনন্দিত হওয়ার কথা তখনি বর্ষা এসে কৃষকের মধ্যে জাগিয়ে তোলে শঙ্কা। তেমনি মানবজীবনেও সৃষ্টিশীল কাজের মধ্যে ডুবে থাকা মানুষ জীবনের পড়ন্ত বেলায় মহাকালে বিলীন হওয়ার করুণ পরিণতির দিকেই এগিয়ে যায়।

CamScanner



সাহিত্যকর্ম

কাব্যগ্রন্থ	রাখালী, বালুচর, ধানখেত, রূপবতী, মাটির কান্না, সখিনা, ভয়াবহ সেই দিনগুলিতে, হলুদ বরণী, জলের লেখন, পদ্মানদীর দেশে, কাফনের মিছিল, মহরম, দুমুখো চাঁদ পাহাড়ি, সুচয়নী।		
গাথাকাব্য	নক্সী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট, মা যে জননী কান্দে।		
নাটক	পদ্মাপাড়, বেদের মেয়ে, মধুমালা, পল্লীবধূ, গ্রামের মায়া, ওগো পুষ্পধেনু, আসমান সিংহ।		
আত্মকথা	যাদের দেখেছি, ঠাকুর বাড়ির আঙিনায় (স্মৃতিকথা), জীবনকথা (আত্মজীবনী), স্মৃতিপট, স্মরণের সরণী বাহি।		
গানের সংকলন	রঙ্গিলা নায়ের মাঝি, গাঙের পাড়, জারিগান, মুর্শীদা গান।		
উপন্যাস	বোবা কাহিনী (১৯৬৪)।	হাস্যরসাত্মক	বাঙালির হাসির গল্প।
শিশুতোষ গ্রন্থ	হাসু, এক পয়সার বাঁশী, ডালিমকুমার।	ভ্রমণকাহিনি	চলে মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড়, জার্মানীর শহরে বন্দরে।
অনুবাদ	ই.এম.মিলফোর্ড জসীমউদ্‌দীনের 'নকসী কাঁথার মাঠ' কাব্যটি 'Field of the Embroidered Quilt' নামে অনুবাদ করেন। 'বাঙালির হাসির গল্প' গ্রন্থটি 'FOLK TALES OF BANGLADESH' নামে ইংরেজিতে অনূদিত হয়েছে।		

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- জসীমউদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ– **রাখালী (১৯২৭)** প্রকাশিত হয় **'কল্লোল পত্রিকায়'**।
- তিনি লোকসংগীত সংগ্রহ করেছেন– **দশ হাজারেরও বেশি**।
- তাঁর নামে একটি আবাসিক হলের নামকরণ করা হয়েছে– **ঢাকা বিশ্ববিদ্যালয়ে**।
- জসীমউদ্‌দীনের সংগ্রহশালা (ব্যক্তিভিত্তিক জাদুঘর)– **ফরিদপুরে**।
- কবির বাড়ির সামনে যে নদ রয়েছে– **কুমার নামক নদ**।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : যে কবির ঘর ভেঙেছে, কবি তার জন্য কী করেন?
উত্তর : কবি তার ঘর বেঁধে দেন।

প্র : 'বিষে-ভরা বাণ' অর্থ কী?
উত্তর : কটু কথা।

প্র : 'মালঞ্চ' কী?
উত্তর : ফুলের বাগান।

প্র : 'যেবা' অর্থ কী?
উত্তর : যে বা যিনি।

প্র : কবি কার কূল বাঁধেন?
উত্তর : যে তাঁর কূল ভেঙেছে।

প্র : কবি কার জন্য কেঁদে বেড়ান?
উত্তর : যে কবিকে পর করেছে।

◆'নক্সীকাঁথার মাঠ' এর পরিচয়◆

i. নক্সীকাঁথার মাঠ (১৯২৯) গ্রন্থের প্রথম অংশে চাষির ছেলে রুপাই ও পাশের গ্রামের মেয়ে সাজুর প্রথম পরিচয়, বিবাহ এবং কয়েকমাস সুখময় জীবনের কথা বর্ণিত হয়েছে।
ii. দ্বিতীয় অংশের বিষয় তাদের বিচ্ছেদ।
iii. গ্রামীণ জীবনের মাধুর্য ও কারুণ্য, বৈচিত্র্যহীন ক্লান্তিকরতা এবং মানুষের অসহায়তা এ কাব্যের উপকরণ।

প্র : কবি কার জন্য কাঁদেন?
উত্তর : যে কবির বুকে আঘাত হেনেছে।

প্র : কবি পরের জন্য কেঁদে বেড়ান কেন?
উত্তর : পরকে আপন করতে।

প্র : কবি কার জন্য পথে পথে ফিরেন।
উত্তর : যে কবিকে পথের বিরাগী করেছে।

প্র : যে কবির ঘুম কেড়ে নিয়েছে, কবি তার জন্য কী করেন?
উত্তর : দীঘল রজনী তার জন্য জেগে থাকেন।

প্র : 'প্রতিদান' কবিতায় 'বিরাগী' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
উত্তর : নিস্পৃহ, উদাসীন।

প্র : 'প্রতিদান' কবিতায় কবিকে কোথায় আঘাত আনা হয়েছে?
উত্তর : বুকে।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর' বুঝিয়ে লেখ।
উত্তর : চরণটিতে বিভেদময় এ পৃথিবীতে কবির উদার মানসিকতার প্রকাশ ঘটেছে। ক্ষমাই পরম ধর্ম- এ মতবাদে বিশ্বাসী কবি। কবি অনিষ্টকারীকে কেবল ক্ষমা করেই নয় বরং প্রতিদান হিসেবে অনিষ্টকারীর উপকার করার মাধ্যমে পৃথিবীকে সুন্দর ও বাসযোগ্য করতে চেয়েছেন। তাই যে কবির ঘর ভেঙে দিয়েছে, কবি তারই ঘর বেঁধে দিয়েছেন।

০২. কবি বিষে ভরা বাণের পরিবর্তে বুক-ভরা গান দেন কেন?
উত্তর : কবি সংকীর্ণ মানসিকতার নন বলেই বিষে-ভরা বাণের পরিবর্তে বুক-ভরা গান দেন।
কবি জানেন বিভেদের বিপরীতে ক্ষমাশীলতাই পারে শান্তিপূর্ণ পৃথিবী নির্মাণ করতে। তাই কবিকে কেউ হিংসাত্মকভাবে কটু কথা শোনালেও, কবি পাল্টা কটু কথা শোনান না। বরং ভালোবাসাপূর্ণ এক পৃথিবী গড়তে বুক-ভরা গান দেন।

০৩. 'যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি' কেন?
উত্তর : সহনশীলতা ও প্রীতিতে বিশ্বাসী বলে যে কবির বুকে আঘাত হেনেছে কবি তার জন্যই কেঁদে আকুল হন।
কবি উদার মানসিকতার অধিকারী বলেই পরার্থপরতাকে বড় করে দেখেছেন। তাই প্রতিহিংসার বশবর্তী না হয়ে যে কবিকে আঘাত করেছে, কবি তারই মঙ্গল কামনা করে কাঁদেন। কবি জানেন, হিংসা-বিদ্বেষ-হানাহানি নয় বরং ভালোবাসাই পারে সুন্দর এক পৃথিবী গড়ে তুলতে।

০৪. 'আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর' কী বোঝানো হয়েছে।
উত্তর : পরকে আপন করে নেওয়ার পরম মহিমা প্রকাশ পেয়েছে উক্ত বাক্যে। 'প্রতিদান' কবিতায় সহনশীলতা, ক্ষমা আর উদারতার দৃষ্টান্ত ফুটে উঠেছে। যে কবির অপকার করেছে, কবি তাকে শত্রু না ভেবে আপন করে নেন। তাই যারা কবির ক্ষতি করে, ভুল বুঝে পর করে দেয়, কবি তাদের জন্য কেঁদে বেড়ান। পরম মমতায় আপন করার জন্য কেঁদে আকুল হন।

০৫. কবি দীঘল রজনী কার তরে জেগে কাটান, কেন?
উত্তর : যে কবির ঘুম কেড়ে নিয়েছে, কবি তারই জন্য দীঘল রজনী জেগে কাটিয়ে দেন।
প্রতিশোধ নয়, পরার্থপরতার মাঝেই প্রকৃত সুখ ও জীবনের সার্থকতা নিহিত রয়েছে বলে কবির বিশ্বাস। তাই যে কবির ঘুম কেড়ে নিয়েছে, কবি তার জন্য নিরন্তর ভেবে দীর্ঘ-রাত নির্ঘুম কাটিয়ে দেন। আর এখানেই কবির মাহানুভবতা।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ MCQ

০১. জসীমউদ্‌দীনের রচনা কোনটি?
ক যাদের দেখেছি খ পথে-প্রবাসে
গ কাল নিরবধি ঘ ভবিষ্যতের বাঙালী — উ: ক

০২. কোনটি জসীমউদ্‌দীনের রচনা?
ক গাজী মিয়ার বস্তানী খ হাঁসুলী বাঁকের উপকথা
গ ভাওয়ালগড়ের উপাখ্যান ঘ ঠাকুর বাড়ির আঙিনায় — উ: খ

০৩. কোনটি জসীমউদ্‌দীনের নাটক?
ক বোবা কাহিনী খ মাটির কান্না গ বেদের মেয়ে ঘ রাখালী — উ: গ

০৪. জসীমউদ্‌দীনের 'কবর' কবিতা কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
ক তত্ত্ববোধিনী পত্রিকা খ ধূমকেতু
গ কল্লোল ঘ কালি ও কলম — উ: গ

০৫. তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?
ক জসীমউদ্‌দীন খ ফররুখ আহমদ
গ আবুল হাসান ঘ শহীদ কাদরী — উ: ক

০৬. জসীমউদ্‌দীনের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?
ক রাখালী খ সোজন বাদিয়ার ঘাট
গ নকশী কাঁথার মাঠ ঘ বালুচর — উ: ক

০৭. কবি জসীমউদ্‌দীনের বিখ্যাত কাব্য কোনটি?
ক রঙিলা নায়ের মাঝি খ মধুমালা
গ নকশী কাঁথার মাঠ ঘ কবর — উ: গ

০৮. জসীমউদ্‌দীনের শ্রেষ্ঠ কাহিনিকাব্য কোনটি?
ক নকশী কাঁথার মাঠ খ সোজন বাদিয়ার ঘাট
গ সকিনা ঘ রাখালী — উ: ক

০৯. জসীমউদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?
ক রাখালী খ সোজন বাদিয়ার ঘাট
গ বালুচর ঘ ধানক্ষেত — উ: ক

১০. জসীমউদ্‌দীনের 'চলে মুসাফির' কী ধরনের রচনা?
ক আত্মজীবনী খ উপন্যাস গ ভ্রমণকাহিনি ঘ কবিতা — উ: গ

বাংলা প্রথম পত্র

সুচেতনা জীবনানন্দ দাশ

কবি পরিচিতি

জন্মপরিচয়	১৮৯৯ সালের ১৭ ফেব্রুয়ারি তিনি বরিশালে জন্মগ্রহণ করেন। পিতা সত্যানন্দ দাশ ছিলেন বরিশাল ব্রজমোহন স্কুলের প্রধান শিক্ষক এবং মা কুসুমকুমারী দাশ ছিলেন সেকালের বিখ্যাত কবি।
পঞ্চপাণ্ডবদের একজন	বাংলা সাহিত্যে আধুনিকতাবাদী ৫ জন পঞ্চপাণ্ডবের (অমিয় চক্রবর্তী, জীবনানন্দ দাশ, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে ও সুধীন্দ্রনাথ দত্ত) মধ্যে তিনি অন্যতম এবং তাঁকে কল্লোলের ও তিরিশের কবি বলা হয়।
সম্পাদনা	দৈনিক স্বরাজ (১৯৪৭) [সাহিত্য বিভাগ সম্পাদনা করতেন]; ১৯৫০ সালে তিনি 'দ্বন্দ্ব' (১৩৫৪) পত্রিকার সঙ্গে যুক্ত হন।
গবেষণা	জীবনানন্দ দাশের উপর গবেষণা করেন– ক্লিনটন বি-সীলি।
শুদ্ধতম কবি	বাংলা ভাষায় তাকে 'শুদ্ধতম কবি' বলে আখ্যায়িত করা হয়।
উপাধি	রূপসী বাংলার, নির্জনতার, তিমির হননের ও ধূসরতার কবি।
মিল	ধূসর পাণ্ডুলিপি'র (১৯৩৬) সঙ্গে W. B. Yeats এর 'The Falling of the Leaves's' কবিতার মিল আছে।
মৃত্যু	জীবনানন্দ দাশ ১৯৫৪ খ্রিষ্টাব্দের ২২ অক্টোবর কলকাতায় ট্রাম দুর্ঘটনায় আকস্মিকভাবে হাসপাতালে মারা যান

সাহিত্যকর্ম

কাব্যগ্রন্থ	ঝরা পালক (১৯২৮), ধূসর পাণ্ডুলিপি (১৯৩৬), বনলতা সেন (১৯৪২), মহাপৃথিবী (১৯৪৪), বেলা অবেলা কালবেলা (১৯৬১)।
বিখ্যাত কবিতা	বনলতা সেন (১৯৪২) : 'বনলতা সেন' কবিতার ওপর অ্যাডগার এলেন পো'র 'টু হেলেন' কবিতার প্রভাব রয়েছে।
উপন্যাস	মাল্যবান (১৯৭৩), সুতীর্থ (১৯৭৪), কল্যাণী (১৯৩২), মৃণাল (১৯৩৩), কারুবাসনা (১৯৩৩), বিরাজ (১৯৩৩), বাসমতির উপাখ্যান।
প্রবন্ধগ্রন্থ	কবিতার কথা (১৯৫৬)।

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- পাশ্চাত্যের যে সকল কবি দ্বারা তিনি প্রভাবিত হন– **ইয়েটস, বোদলেয়ার, অ্যাডগার এলেন পো।**
- বুদ্ধদেব বসু তাঁকে আখ্যায়িত করেছেন– **'নির্জনতম কবি'** বলে।
- কবি কুসুমকুমারী দাশের সঙ্গে কবি জীবনানন্দ দাশের সম্পর্ক– মা-ছেলে।
- বাঙালির জাতিসত্তা বিকাশের আন্দোলনে ও ১৯৭১-এর মুক্তিযুদ্ধে বাংলাদেশের সংগ্রামী জনতাকে তীব্রভাবে অনুপ্রাণিত করেছিল– **তাঁর নিসর্গবিষয়ক কবিতা।**
- বাংলা সাহিত্যে 'রূপসী বাংলার কবি' হিসেবে খ্যাত– **জীবনানন্দ দাশ।**
- জীবনানন্দ দাশের কবিতায় ফুটে উঠেছে– **আধুনিক জীবনের বিচিত্র যন্ত্রণা ও যন্ত্রকার।**

এক কথায় প্রশ্নোত্তর

প্র: কবি সুচেতনাকে কীসের সঙ্গে তুলনা করেছেন?
উত্তর : দূরতর দ্বীপের সঙ্গে।

প্র: 'সুচেতনা' বলতে কবি কী বুঝিয়েছেন?
উত্তর : এক শুভচেতনা।

প্র: মানুষ কার কাছে ঋণী?
উত্তর : পৃথিবীর কাছে।

প্র: কবি প্রাণ কোথায় ঘুরেছে?
উত্তর : অনেক রূঢ় রৌদ্রে।

প্র: কীভাবে পৃথিবীর ক্রমমুক্তি ঘটবে?
উত্তর : আলো জ্বেলে।

প্র: কবি কী দেখেছেন?
উত্তর : মানুষের যা হবার নয়।

প্র: কবির কাছে কোনটি সত্য কিন্তু শেষ সত্য নয়?
উত্তর : পৃথিবীর রণ রক্ত সফলতা।

প্র: কবি পৃথিবীর মানুষকে কার মতো ভালোবাসার কথা বলেছেন?
উত্তর : মানুষের মতো।

প্র: কবিতায় কার হাতে ভাই বন্ধু পরিজন নিহত হয়ে পড়ে আছে?
উত্তর : কবির নিজেরই হাতে।

প্র: কবির হাতে নিহত হয়ে কারা পড়ে আছে?
উত্তর : ভাই বোন বন্ধু পরিজন।

প্র: পৃথিবীর এখন কেমন অসুখ করেছে?
উত্তর : গভীর গভীরতর অসুখ।

প্র: অনেক শতাব্দীর মনীষীর কাজ কোনটি?
উত্তর : পৃথিবীর ক্রমমুক্তি।

◈ 'দ্বন্দ্ব' (১৩৫৪) পত্রিকা ◈

i. জীবনানন্দ দাশ ১৯৫০ সালে 'দ্বন্দ্ব' (১৩৫৪) নামে পত্রিকার সঙ্গে যুক্ত হন।
ii. পত্রিকাটির সম্পাদক ছিলেন ভট্টাচার্য ও সুহৃদ রুদ্র।
iii. পত্রিকাটি ছিল 'সমকালীন সাহিত্যকেন্দ্র' নামে একটি সংগঠনের মুখপত্র।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'আঠারো বছর বয়স কী দুঃসহ' বলতে কবি কী বুঝিয়েছেন?

উত্তর : আঠারো বছর বয়সে আত্মনির্ভরশীলতার তাড়না সেই সাথে নানা দুঃসাহসী উদ্যোগের কারণে কবি আঠারো বছর বয়সকে দুঃসহ বলেছেন।

আঠারো বছর বয়স জীবনের এক উত্তরণকালীন পর্যায়। এ বয়সে মানুষ কৈশোর থেকে যৌবনে পদার্পণ করে। তাকে এ সময় পরনির্ভরতা পরিহার করে স্বাধীনভাবে নিজের পায়ে দাঁড়ানোর প্রস্তুতি নিতে হয়। এ কঠিন সময় এবং এ বয়সের নানা দুঃসাহসী স্বপ্ন, কল্পনা ও উদ্যোগ তরুণদের মনকে ঘিরে রাখে। তাই আঠারো বছর বয়সকে দুঃসহ বলা হয়েছে।

০২. 'এ বয়স জানে রক্তদানের পুণ্য' বলতে কবি কী বুঝিয়েছেন?

উত্তর : আঠারো বছর বয়সে মানুষ সুন্দর, শুভ ও কল্যাণের জন্য আত্মত্যাগ করতে জানে, কবি যাকে বলেছেন রক্তদানের পুণ্য।

দেশ, জাতি ও মানবতার জন্যে যুগে যুগে এ বয়সের মানুষই এগিয়েছে সবচেয়ে বেশি। সমস্ত বিপদ মোকাবিলায় জীবনের ঝুঁকি নিয়ে দাঁড়িয়েছে। প্রাণ দিয়েছে অজানাকে জানার জন্য, দেশ ও জনগণের মুক্তি ও কল্যাণের সংগ্রামে। তাই কবি বলেছেন, সুন্দর, শুভ ও কল্যাণের জন্যে এ বয়স জানে রক্তদানের পুণ্য।

০৩. আঠারো বছর বয়সের ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো লেখ।

উত্তর : 'আঠারো বছর বয়স' কবিতায় কবি নিজ জীবনের অভিজ্ঞতার আলোকে বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্যকে তুলে ধরেছেন।

আঠারো বছর বয়সের ইতিবাচক দিক হলো– এ বয়সের তরুণরা পরনির্ভরতা পরিহার করে স্বাধীনভাবে চলার ঝুঁকি নেয় এবং আত্মপ্রত্যয়ী হয়। জীবনের ঝুঁকি নিয়ে দেশ, জাতি ও মানবতার সাহায্যে এগিয়ে যায়। উদ্দীপনা, সাহসিকতা, দুর্বার গতি, নতুন জীবন রচনার স্বপ্ন এবং কল্যাণ ও সেবাব্রত এসবই আঠারো বছর বয়সের ইতিবাচক দিক। আর নেতিবাচক দিক হলো– শারীরিক, মানসিক, সামাজিক, রাজনৈতিক নানা জটিলতাকে অতিক্রম করতে না পেরে পদস্খলন হওয়া, সচেতন ও সচেষ্ট হয়ে সুনির্দিষ্ট লক্ষ্যে জীবন পরিচালনা করতে না পারার ব্যর্থতা। জীবনের নানা বিপর্যয়ে দেহ ও মনের স্থবিরতা, নিশ্চলতা, জরাজীর্ণতার কারণে জাতীয় জীবনের চালিকাশক্তি হয়ে উঠতে না পারা।

০৪. আঠারো বছর বয়স পদাঘাতে পাথর বাধা ভাঙতে চায় কেন?

উত্তর : তরুণ মনে দুঃসাহসিকতা ও ঝুঁকি নেওয়ার মানসিকতা থাকে বলে আঠারো বছর বয়স পদাঘাতে পাথর বাধা ভাঙতে চায়।

কিশোরকবি সুকান্ত ভট্টাচার্য রচিত 'আঠারো বছর বয়স' বয়ঃসন্ধিকালের দুঃসাহসিকতামূলক একটি অসাধারণ কবিতা। সকল বাধা-বিপত্তি ও প্রতিকূলতাকে মুহূর্তেই চূর্ণ-বিচূর্ণ করা সম্ভব হয় এ বয়সের সাহসী মনের প্রভাবে। কবি অত্যন্ত স্পষ্টতার সাথে উচ্চারণ করেছেন, এ বয়সে মানুষের মনে ভয়, পরাজয়, কাপুরুষতা ও গুটিয়ে থাকার প্রবণতা ইত্যাদি থাকে না। ফলে সকল হতাশা, নিরাশা, দুরাশা ও গ্লানিকে মুছে, সব বাধা-বন্ধন পদাঘাতে ভেঙে নিজের মতো করে একটি সুন্দর ও সার্থক জীবন গঠন করতে চায়।

গুরুত্বপূর্ণ MCQ

০১. ছোটবেলা থেকেই সুকান্ত কোন বিষয়ে সচেতন ছিলেন?
ক রাজনীতি খ অর্থনীতি গ ধর্ম ঘ সাহিত্য — উ: ক

০২. মানবজীবনের উত্তরণকালীন পর্যায় আসে কত বছর বয়সে?
ক ১৬ খ ১৮ গ ২০ ঘ ২১ — উ: খ

০৩. আঠারো বছর বয়সের তরুণেরা পাথর বাধা কীভাবে ভাঙতে চায়?
ক হস্তাঘাতে খ পদাঘাতে গ অস্ত্র দ্বারা ঘ বুদ্ধি দ্বারা — উ: খ

০৪. কাঁদতে জানে না কোন বয়সের তরুণেরা?
ক ১৬ খ ১৮ গ ২০ ঘ ২১ — উ: খ

০৫. সুকান্ত ভট্টাচার্য আঠারোকে কালো অধ্যায়ের দীর্ঘশ্বাসকে উপেক্ষা করে কী দিতে শুনেছে?
ক হুঙ্কার খ জয়ধ্বনি গ ঝংকার ঘ চিৎকার — উ: খ

০৬. কোন বয়সের মানুষ দেশ, জাতি ও মানবতার জন্য সবচেয়ে অগ্রগামী?
ক ১৭ খ ১৮ গ ২০ ঘ ২১ — উ: খ

০৭. আঠারো বছর বয়স ভয়ংকর কেন?
ক বিপথগামী বলে খ কানে মন্ত্রণা আসে বলে
গ মন্ত্রণা সহ্য করতে হয় বলে ঘ দুঃসহ বলে — উ: গ

০৮. তরুণরা আত্মাকে কার কাছে সমর্পণ করে?
ক কবির কাছে খ ঝড়ের কাছে
গ সত্যের কাছে ঘ শপথের কোলাহলে — উ: গ

০৯. আঠারো বছর বয়সে কানে কী আসে?
ক গুজব খ মন্ত্রণা গ সত্যের বাণী ঘ ভক্তির বাণী — উ: গ

১০. আঠারো বছর বয়সে কী ক্ষত-বিক্ষত হয়?
ক বুক খ চরিত্র গ প্রাণ ঘ সারা দেহ — উ: গ

১১. কবি সুকান্ত ভট্টাচার্য সব কিছুর পরেও কার জয়ধ্বনি শুনতে পান?
ক যৌবনের খ আঠারোর গ সত্যের ঘ তরুণের — উ: গ

বাংলা প্রথম পত্র

ফেব্রুয়ারি ১৯৬৯
শামসুর রাহমান

কবি পরিচিতি	
কবি	শামসুর রাহমান।
ডাক ও ছদ্মনাম	ডাক নাম : বাচ্চু। ছদ্মনাম : মজলুম আদিব।
টেলেমেকাস	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যখন কারাগারে ছিলেন তখন তাঁর উদ্দেশে তিনি 'টেলেমেকাস' নামক বিখ্যাত কবিতাটি রচনা করেন।
পুরস্কার/খেতাব	আদমজী পুরস্কার (১৯৬৩), বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৯), একুশে পদক (১৯৭৭), স্বাধীনতা পুরস্কার (১৯৯১)।
সাহিত্যকর্ম	
কাব্যগ্রন্থ	প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে (প্রথম কাব্য), রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, বন্দী শিবির থেকে, দুঃসময়ের মুখোমুখি, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, এক ফোঁটা কেমন অনল, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, হোমারের স্বপ্নময় হাত, মাতাল ঋত্বিক, খণ্ডিত গৌরব।
উপন্যাস	অক্টোপাস, নিয়ত মন্তাজ, অদ্ভুত আঁধার এক, এলো সে অবেলায়।
প্রবন্ধ	আমৃত্যু তাঁর জীবনানন্দ।
অনুবাদ	ফ্রস্টের কবিতা, হ্যামলেট, ডেনমার্কের যুবরাজ।
সম্পাদনা	হাসান হাফিজুর রহমানের অপ্রকাশিত কবিতা।
গল্প	শামসুর রাহমানের গল্প।
আত্মস্মৃতি	কালের ধুলোয় লেখা, স্মৃতির শহর।
শিশুতোষ	এলাটিং বেলাটিং, ধান ভানলে কুঁড়ো দেবো, গোলাপ ফোটে খুকীর হাতে, রংধনু সাঁকো, লাল ফুলকির ছড়া।



CamScanner

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মুক্তিযুদ্ধকালে তিনি যে ছদ্মনামে কবিতা লিখতেন– মজলুম আদিব।
- তাঁর দুটি বিখ্যাত কবিতা– 'স্বাধীনতা তুমি', 'তুমি আসবে বলে হে স্বাধীনতা'।
- শামসুর রাহমান প্রায় এক দশক সম্পাদক ছিলেন– দৈনিক বাংলা পত্রিকার।
- শামসুর রাহমান মূলত পরিচিত– আধুনিক নাগরিক কবি হিসেবে।
- বিভিন্ন সম্পাদকীয় ও উপসম্পাদকীয় তিনি যে যে ছদ্মনামে লিখতেন– সিন্দবাদ, চক্ষুষ্মান, লিপিকর, নেপথ্যে, জনান্তিকে, মৈনাক।
- স্বৈরশাসক আইয়ুব খানকে বিদ্রুপ করে ১৯৫৮ সালে সিকানদার আবু জাফর সম্পাদিত 'সমকাল' পত্রিকায় তিনি– 'হাতির শুড়' কবিতা লেখেন।

এক কথায় প্রশ্নোত্তর

: কৃষ্ণচূড়া কোথায় ফুটেছে?
উত্তর : শহরের পথে।

: কবির কাছে কৃষ্ণচূড়া ফুলগুলো কী মনে হয়?
উত্তর : শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ।

: আমাদের চেতনায় কোন রংয়ের বিস্তার?
উত্তর : একুশের কৃষ্ণচূড়ার বিপরীত রং।

: উনিশশো উনসত্তরে সালাম কী শূন্যে তুলে?
উত্তর : ফ্ল্যাগ।

প্র : কার চোখ আলোচিত ঢাকা?
উত্তর : সালাম।

প্র : কার হাত থেকে নক্ষত্রের মতো অবিরত অবিনাশী বর্ণমালা ঝরে?
উত্তর : সালাম।

প্র : কবিতায় বর্ণমালাকে কীসের প্রতীক হিসেবে তুলনা করা হয়েছে?
উত্তর : নক্ষত্র।

প্র : ১৯৪৯-এ কোন পত্রিকায় শামসুর রাহমানের প্রথম কবিতা প্রকাশিত হয়?
উত্তর : সাপ্তাহিক সোনার বাংলা।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'দুঃখিনী মাতার অশ্রুজলে ফোটে ফুল' বলতে কী বোঝানো হয়েছে?
উত্তর : 'দুঃখিনী মাতার অশ্রুজলে ফোটে ফুল' বলতে মায়ের সন্তানদের আত্মত্যাগ এবং বীর রক্তের বিনিময়ে দুঃখিনী মায়ের অশ্রু মুছে ফেলে তারা বুকে যে ন্যায্যতা প্রতিষ্ঠা করেছিল তথা ভাষার অধিকার প্রতিষ্ঠা করেছিল তার কথাই বলা হয়েছে।

যুগে যুগে স্বাধীনতা অর্জনে হাজারো শহিদ তাদের বুকের রক্তে এ দুঃখিনী বঙ্গমাতার চোখের জলকে মুছে ফেলে ন্যায্যতা প্রতিষ্ঠিত করেছিল। ভাষার জন্য তাজা প্রাণ ঝরে পড়েছিল রাজপথে। অনেক মা সন্তান হারিয়েছিল। তাই কবির মতে, মায়ের চোখের অশ্রু যেন বাঙালির জন্য স্বাধীনতার ফুল হয়ে ফুটেছে। কৃষ্ণচূড়ার ডালে ডালে যে ফুল ফুটেছে তা যেন শহিদ জননীর অশ্রুর ফসল।

০২. কবি কেন কৃষ্ণচূড়া ফুলের প্রসঙ্গ এনেছেন?
উত্তর : একুশের চেতনাকে আমাদের চেতনার রঙের সঙ্গে মিলিয়ে দিতে কবি কৃষ্ণচূড়া ফুলের প্রসঙ্গ এনেছেন।

প্রতিবছর ফাল্গুন মাসে কৃষ্ণচূড়া ফুল ফোটে। এ যেন ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সেই ফাল্গুন মাস। কবির মনে হয়, ভাষা শহিদদের রক্তের বুদ্বুদ শহরের পথে পথে কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে। ভাষার জন্য যাঁরা রক্ত দিয়েছেন, তাঁদের ত্যাগ আর মহিমা যেন মূর্ত হয়ে ওঠে থরে থরে ফুটে থাকা লাল কৃষ্ণচূড়ার স্তবকে স্তবকে। তাই একুশের কৃষ্ণচূড়াকে আমাদের চেতনার রঙের সঙ্গে মিলিয়ে দিতে কবি কৃষ্ণচূড়া ফুলের প্রসঙ্গ এনেছেন।

০৩. 'রাত্রি-দিন ভূলুণ্ঠিত ঘাতকের আস্তানায়' বলতে কী বোঝানো হয়েছে?
উত্তর : ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানে আন্দোলনকারীদের ওপর পাকিস্তানি সেনাবাহিনীর নির্যাতনের চিত্রটি কবি এখানে তুলে ধরেছেন।

'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি ১৯৬৯ সালে পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে তৎকালীন পূর্ববঙ্গে যে আন্দোলন ঘটেছিল সেই পটভূমিতে রচিত। স্বৈরাচারী সরকারের হানাদার বাহিনী প্রতিবাদী সাধারণ জনতাকে ক্যাম্পে ধরে নিয়ে গিয়ে যে অত্যাচার চালিয়েছিল তাতে কেউ মারা গিয়েছিল, কেউবা আধমরা হয়ে পড়েছিল। কিন্তু তাদের কণ্ঠরোধ করতে পারেনি ঘাতক সরকার। পাকিস্তানি শাসকগোষ্ঠী তৎকালে এদেশের মানুষকে অধিকারবঞ্চিত করতে গিয়ে মানবিকতাকে ভূলুণ্ঠিত করেছিল।

০৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'ঘাতকের অশুভ আস্তানা' বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর।
উত্তর : 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'ঘাতকের অশুভ আস্তানা' বলতে কবি পূর্ব পাকিস্তানে হানাদার বাহিনীর গড়ে তোলা ক্যাম্পকে বুঝিয়েছেন।

পাকিস্তানি শাসকগোষ্ঠী তৎকালীন পূর্ব পাকিস্তানকে নানাভাবে শাসন-শোষণ করেছে। এদেশে বসেই তারা এদেশের মানুষকে অত্যাচার করেছে, করেছে হত্যা। নির্বিচারে মানুষ হত্যার মাধ্যমে তারা বাঙালির স্বাধীনতার স্পৃহাকে স্তব্ধ করে দিতে চেয়েছিল। প্রতিবাদী জনতাকে থামিয়ে দিতে এদেশে পাকিস্তানি হানাদার বাহিনীর গড়ে তোলা ক্যাম্পে মানুষকে নির্যাতন করা হতো। এ কারণে কবি এ দেশকে 'ঘাতকের অশুভ আস্তানা' বলেছেন।

গুরুত্বপূর্ণ MCQ

০১. শামসুর রাহমান এর প্রথম প্রকাশিত সাহিত্যকর্ম কোনটি?
ক কাব্য খ গদ্য গ উপন্যাস ঘ প্রবন্ধ — উ: ক

০২. কবি শামসুর রাহমান কীসের পক্ষে ছিলেন?
ক একনায়কতন্ত্র খ গণতন্ত্র গ রাজতন্ত্র ঘ সমাজতন্ত্র — উ: খ

০৩. শহরের পথে থরে থরে আবার কী ফুটেছে?
ক শিমুল খ পলাশ গ জারুল ঘ কৃষ্ণচূড়া — উ: ঘ

০৪. কবি শামসুর রাহমানের মতে সারা দেশে এখন ঘাতকের কেমন আস্তানা?
ক শুভ খ অশুভ গ যুদ্ধাহত ঘ দুর্নীতিগ্রস্ত — উ: খ

০৫. সালামের চোখে আজ আলোচিত কোন শহর?
ক ঢাকা খ নারায়ণগঞ্জ গ রাজশাহী ঘ চট্টগ্রাম — উ: ক

০৬. শামসুর রাহমানের মতে, আজ পূর্ব বাংলার তরুণ মূর্তি দেখা যায় কীসের মধ্যে?
ক সালামের চোখে খ সালামের মুখে
গ বরকতের বুকে ঘ বরকতের হাতে — উ: খ

০৭. ১১ দফা আন্দোলনের ঘোষক ছিল কারা?
ক মন্ত্রিপরিষদ খ শেখ মুজিব
গ ছাত্ররা ঘ শিক্ষকরা — উ: গ

০৮. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন পটভূমিতে রচিত?
ক গণঅভ্যুত্থান খ ভাষা আন্দোলন
গ স্বাধীনতা যুদ্ধ ঘ ছাত্র আন্দোলন — উ: ক

০৯. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বাংলা ভাষাকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?
ক নক্ষত্র খ রক্ত
গ ফুল ঘ রৌদ্র — উ: গ

১০. সালামের হাত থেকে অবিরত কী ঝরে পড়ে?
ক অবিনাশী বর্ণমালা খ ঝলকিত অস্ত্র
গ অবিমিশ্র রক্ত ঘ অজস্র ফুল — উ: ক

CamScanner

বাংলা প্রথম পত্র

আমি কিংবদন্তির কথা বলছি

আবু জাফর ওবায়দুল্লাহ

কবি পরিচিতি	
জন্মপরিচয়	আবু জাফর ওবায়দুল্লাহ বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার অন্তর্গত বহেরচর-ফুলকাঠি গ্রামে ১৯৩৪ খ্রিষ্টাব্দের ৮ ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। পিতা : আবদুল জব্বার খান।
কর্মজীবন/পেশা	লেকচারার : ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। পঞ্চাশের দশকে (১৯৫৭ সালে) পাকিস্তান সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সকল পরীক্ষার্থীদের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করে পাকিস্তান সিভিল সার্ভিসে যোগদান করেন। সচিব : বাংলাদেশ সচিবালয়; মন্ত্রী : কৃষি ও পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার (১৯৮২); রাষ্ট্রদূত : ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র; মহাপরিচালক : FAO, এশিয়া প্যাসিফিক অঞ্চল; চেয়ারম্যান : বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্সড স্টাডিজ।
মৃত্যু	২০০১ খ্রিষ্টাব্দের ১৯ মার্চ তিনি মারা যান।

সাহিত্যকর্ম	
কাব্যগ্রন্থ	সাত নদীর হাত (১৯৫৫), কখনো রং কখনো সুর (১৯৭০), কমলের চোখ (১৯৭৪), আমি কিংবদন্তির কথা বলছি (১৯৮১), বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা, আমার সময়, সহিষ্ণু প্রতীক্ষা, খাঁচার ভিতর অচিন পাখি, মসৃণ কৃষ্ণগোলাপ (জীবিত অবস্থায় সর্বশেষ কাব্যগ্রন্থ)।
বিখ্যাত কবিতা	আমি কিংবদন্তির কথা বলছি; মাগো, ওরা বলে।

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- তিনি ইংরেজি সাহিত্যে বি.এ. (সম্মান)-সহ এম.এ. পাস করে কিছুদিন- ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন।
- তিনি বাংলাদেশ সচিবালয়ে- সচিব পদে নিযুক্ত ছিলেন।
- 'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যগ্রন্থে কবিতা আছে- ৩৯টি।
- আবু জাফর ওবায়দুল্লাহ ১৯৮৪ সালে বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন- যুক্তরাষ্ট্রে।
- 'কুমড়ো ফুলে ফুলে নুয়ে পড়েছে লতাটা' এ বিখ্যাত লাইনটি আবু জাফর ওবায়দুল্লাহর- 'মাগো, ওরা বলে' কবিতা থেকে নেওয়া হয়েছে।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : কবি কার কথা বলেছেন?
উত্তর : পূর্বপুরুষের কথা।

প্র : কবির পূর্বপুরুষের করতলে কী ছিল?
উত্তর : পলিমাটির সৌরভ।

প্র : কবির পূর্বপুরুষের পিঠের ক্ষত কেমন ছিল?
উত্তর : রক্তজবার মতো।

প্র : জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কী?
উত্তর : কবিতা।

প্র : যে কবিতা শুনতে জানে না সে কী করবে?
উত্তর : ঝড়ের আর্তনাদ শুনবে।

প্র : কে দিগন্তের অধিকার হতে বঞ্চিত হবে?
উত্তর : যে কবিতা শুনতে জানে না।

প্র : কারা আজন্ম ক্রীতদাস থেকে যাবে?
উত্তর : যারা কবিতা শুনতে জানে না।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'আমি কিংবদন্তির কথা বলছি' মূলত প্রতিরোধী সংস্কৃতির কাব্যভাষা। বিশ্লেষণ কর।

উত্তর : বাঙালি সংস্কৃতির হাজার বছরের ইতিহাস, এ জাতির সংগ্রাম, বিজয় ও মানবিক উদ্ভাসনের অনিন্দ্য অনুষঙ্গসমূহের বহিঃপ্রকাশ 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি মূলত প্রতিরোধী সংস্কৃতির কাব্যভাষা।

কবিতায় কবি তাঁর পূর্বপুরুষের সাহসী ও গৌরবোজ্জ্বল ইতিহাসের কথা উপস্থাপন করেছেন। কবির বর্ণিত এ ইতিহাস মাটির কাছাকাছি মানুষের ইতিহাস; বাংলার ভূমিজীবী অনার্য ক্রীতদাসের লড়াই করে টিকে থাকার ইতিহাস। আলোচ্য কবিতাটিতে উচ্চারিত হয়েছে ঐতিহ্যসচেতন শিকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীণ মুক্তির দৃপ্ত ঘোষণা। তাই কবি পৌনঃপুনিকভাবে মানবমুক্তির আকাঙ্ক্ষায় সোচ্চার হয়েছেন। কবির একান্ত প্রত্যাশিত মুক্তির প্রতীক হয়ে উপস্থাপিত হয় একটি বিশেষ শব্দবন্ধ 'কবিতা'। 'কিংবদন্তি' শব্দবন্ধটি হয়ে উঠেছে ঐতিহ্যের প্রতীক। আর সামগ্রিকতায় 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি হয়ে উঠেছে প্রতিরোধী সংস্কৃতির কাব্যভাষা।

০২. কবি বারবার তাঁর পূর্বপুরুষের কথা উল্লেখ করেছেন কেন?

উত্তর : কবিতায় বাঙালির অতীত ঐতিহ্য ও গৌরবোজ্জ্বল ইতিহাসের কথা বিধৃত হয়েছে। কবির পূর্বপুরুষ হাজার বছরের ঐতিহ্যসচেতন শিকড়সন্ধানী মানুষ; যে মানুষ তার মুক্তির লড়াই সংগ্রাম, বিজয় ও মানবিক উদ্ভাসনের দৃপ্ত শপথ প্রতিজ্ঞাবদ্ধ। কিন্তু সে মানুষ সভ্যতার আদিলগ্ন থেকেই অত্যাচার ও শত্রুর ভীর আক্রমণের শিকার বলে আজও তার শরীরে ও মনে বয়ে চলছে সহস্র আঘাতে চিহ্ন। তাই কবি কবিতার প্রতিটি চরণে ক্রীতদাসের মতো লড়াই করে টিকে থাকার যুদ্ধে তাঁর পূর্বপুরুষ ও মানবমুক্তির আকাঙ্ক্ষায় সোচ্চার থেকেছেন। আ এ কারণেই তিনি বারবার উল্লেখ করেছেন তাঁর পূর্বপুরুষের কথা।

০৩. 'তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল' ব্যাখ্যা কর।

উত্তর : বাঙালি জাতির ওপর অত্যাচারের ইতিহাস স্পষ্ট করতে গিয়ে কবি বলেছেন, তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।

'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি তাঁর পূর্বপুরুষদের সম্পর্কে বলেছেন তাঁর পূর্বপুরুষ নানা সময় অত্যাচারিত হয়েছে। সেই অত্যাচারের আঘাত এখনো তাজা রয়েছে তা বোঝাতেই রক্তজবার প্রসঙ্গটি এসেছে। তার পিঠে শব্দটি থেকে আমরা বুঝতে পারি শত্রুরা পেছন থেকে কাপুরুষের মতো আঘাত করেছে কিংবা বন্দি ক্রীতদাসের ওপর ঝাঁপিয়ে পড়েছে। কবি মূলত পূর্বপুরুষের ওপর আক্রমণকে বোঝাতেই আলোচ্য চরণটির অবতারণা করেছেন।

CamScanner

JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS

০৪. কবিতা কীভাবে মানুষকে ক্রীতদাস হওয়া থেকে মুক্তি দেয়?

উত্তর : 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি শিকড়ের সন্ধান করতে গিয়ে বিভিন্ন ক্ষেত্রে কবিতার অবদানের কথা বলেছেন। কবিতা প্রাণের কথা বলে, কবিতা জীবনের কথা বলে, কবিতা জাগরণের কথা বলে। তাই কবি বলেছেন যারা কবিতা শুনতে জানে না তারা আজন্ম ক্রীতদাস থেকে যাবে। অর্থাৎ তাদের মধ্যে কখনোই চেতনার সৃষ্টি হবে না। যেমন আমরা কাজী নজরুলের কবিতায় শুনতে পাই– চল্ চল্ চল্/ ঊর্ধ্ব গগনে বাজে মাদল কিংবা 'কারার ঐ লৌহকপাট' এরকম অসংখ্য কবিতা সামাজিক কুসংস্কার ও শোষণের শৃঙ্খল থেকে মুক্ত হওয়ার প্রেরণা জোগায় এবং এভাবেই কবিতা মানুষকে ক্রীতদাস থেকে মুক্ত হওয়ার প্রেরণা জোগায়।

গুরুত্বপূর্ণ MCQ

০১. ইস্পাতের তরবারি কাকে সশস্ত্র করবে?
ⓐ যে কর্ম করে ⓑ যে লৌহখণ্ডকে প্রজ্বলিত করে
ⓒ যে যুদ্ধ করে ⓓ যে মৎস্য পালন করে **উ: ক**

০২. যে কবিতা শুনতে জানে না সে কতকাল ক্রীতদাস থাকবে?
ⓐ আজন্ম ⓑ ১০ বছর ⓒ ২০ বছর ⓓ ৩০ বছর **উ: ক**

০৩. বাংলা সাহিত্যে অবদানের জন্য কবি প্রথম কোন পুরস্কার লাভ করেন?
ⓐ একুশে পদক ⓑ বাংলা একাডেমি
ⓒ নজরুল একাডেমি ⓓ আদমজী ব্যাংক **উ: ক**

০৪. যে লৌহখণ্ডকে প্রজ্বলিত করে ইস্পাতের তরবারি তাকে কী করবে?
ⓐ শাণিত ⓑ শক্তিশালী ⓒ বেপরোয়া ⓓ সশস্ত্র **উ: ক**

০৫. কবির পূর্বপুরুষ পিঠে রক্তজবার ক্ষত নিয়েও কী ধ্বনিত করে?
ⓐ শান্তির গান ⓑ মুক্তির গান ⓒ সুখের গান ⓓ বিজয়ের গান **উ: খ**

০৬. কবির পূর্বপুরুষ কার সাথে লড়াই করে মৃত্যুঞ্জয়ী বলিষ্ঠতায় অবিরাম এগিয়ে চলে?
ⓐ প্রকৃতির ⓑ মৃত্যুর ⓒ জীবনের ⓓ বিত্রাসের **উ: গ**

০৭. কবির মতে সকল অত্যাচার, প্রতিঘাত আর প্রতিরোধের বাহন কী?
ⓐ কবিতা ⓑ খেলা দেখা ⓒ আদর্শ মাতা ⓓ পূর্বপুরুষের আদর্শ **উ: ঘ**

০৮. 'অরণ্য এবং শ্বাপদ' কীসের প্রতীক?
ⓐ বিপদের ⓑ সংকটের ⓒ রোমাঞ্চের ⓓ বিত্রাসের **উ: গ**

০৯. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার রোমাঞ্চকরির অবিচ্ছেদ্য অংশ কী?
ⓐ বিষয় ⓑ অভিজ্ঞ বিবেচনা ⓒ নাটকীয়তা ⓓ সংলাপধর্মিতা **উ: গ**

১০. লোকপরম্পরায় শ্রুত বিষয়কে এক কথায় কী বলা হয়?
ⓐ লোকশ্রুতি ⓑ কিংবদন্তি ⓒ শ্রুতিসুখ ⓓ শ্রুতিমধুর **উ: খ**

১১. যে কবিতা শুনতে জানে না সে ভালোবেসে কোথায় যেতে পারে না?
ⓐ যুদ্ধে ⓑ ধ্যানে ⓒ আন্দোলনে ⓓ বিদেশে **উ: ক**

বাংলা প্রথম পত্র

নূরলদীনের কথা মনে পড়ে যায়
সৈয়দ শামসুল হক

কবি পরিচিতি

জন্মপরিচয়	সৈয়দ শামসুল হক ১৯৩৫ খ্রিষ্টাব্দের ২৭ ডিসেম্বর কুড়িগ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম সৈয়দ সিদ্দিক হুসাইন। তিনি তাঁর বাবা-মায়ের আট সন্তানের জ্যেষ্ঠতম সন্তান।
শিক্ষাজীবন	মাট্রিক (১৯৫০), ঢাকা কলেজিয়েট স্কুল। উচ্চমাধ্যমিক : ইন্টারমিডিয়েট (১৯৫২), জগন্নাথ কলেজ। উচ্চতর শিক্ষা : স্নাতক (সম্মান), ইংরেজি, ঢাকা বিশ্ববিদ্যালয়।
পেশা	সৈয়দ হক প্রথমে সাংবাদিকতাকে পেশা হিসেবে বেছে নিয়েছিলেন। তিনি বিবিসি বাংলা বিভাগের প্রযোজক ছিলেন। পরে তিনি পুরোপুরি সাহিত্যসাধনায় আত্মনিয়োগ করেন।
মৃত্যু	তিনি ২০১৬ খ্রিষ্টাব্দের ২৭ সেপ্টেম্বর ঢাকা ইউনাইটেড হাসপাতালে মারা যান।

সাহিত্যকর্ম

কাব্যগ্রন্থ	একা এক রাজ্যে (১৯৬১), বিরতিহীন উৎসব (১৯৬৯), বৈশাখে রচিত পঙ্‌ক্তিমালা (১৯৭০), প্রতিধ্বনিগান (১৯৭৩), অপর পুরুষ (১৯৭৮), পরানের গহীন ভিতর (১৯৮০), আমি জন্মগ্রহণ করিনি (১৯৯০), তোরাপের ভাই (১৯৯০)।		
উপন্যাস	দেয়ালের দেশ (১৯৫৬), সীমানা ছাড়িয়ে (১৯৬৪), খেলারাম খেলে যা (১৯৭৯), নীল দংশন (১৯৮১), স্মৃতিমেধ (১৯৮৬), মুক্তাঞ্চল কালক্ষেপ (১৯৮৬), স্বপ্নতার অনুবাদ (১৯৮৭), নিষিদ্ধ লোবান (১৯৯০), আলোর জন্য, রাজার সুন্দরী।		
ছোটগল্প	তাস (১৯৫৪), শীত বিকেল (১৯৫৯), রক্ত গোলাপ (১৯৬৪), আনন্দের মৃত্যু (১৯৬৭), জলেশ্বরীর গল্পগুলো (১৯৯০)।		
কাব্যনাটক	পায়ের আওয়াজ পাওয়া যায় (১৯৭৬), গণনায়ক (১৯৭৬), এখানে এখন (১৯৮৮), ঈর্ষা, বাংলার মাটি বাংলার জল, নারীগণ প্রভৃতি।		
প্রবন্ধ	হৃদকলমের টানে (১৯৯১)।	আত্মজীবনী	প্রণীত জীবন।
অনুবাদ	ম্যাকবেথ, টেম্পেস্ট, শ্রাবণ রাজা (১৯৬৯)।	শিশুসাহিত্য	সীমান্তের সিংহাসন (১৯৮৮), আমু বড় হয়, হাসনের বন্দুক প্রভৃতি।

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- একাধারে গল্প, উপন্যাস, কবিতা, নাটক, কাব্যনাট্য ও শিশু সাহিত্যের লেখক হওয়ায় তিনি– সব্যসাচী লেখক হিসেবে বিশেষ খ্যাতি অর্জন করেছেন।
- তার রচিত নিষিদ্ধ লোবান– মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস।
- শামসুল হক প্রথমে পেশা হিসেবে বেছে নিয়েছিলেন– সাংবাদিকতা।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : নিলা আকাশ কেমন?
উত্তর : নীল।

প্র : পূর্ণিমার চাঁদ কীসের মতো জ্যোৎস্না ঢালছে?
উত্তর : রক্ত দুধের মতো।

প্র : সুরলদীন কোথায় দেখা দেয়?
উত্তর : মহা মাঠিনায়।

প্র : নূরলদীন কখন সংগ্রামের ডাক দিয়েছিল?
উত্তর : ১১৮৯ বঙ্গাব্দে/১৭৮২ খ্রিষ্টাব্দে।

প্র : নির্ঝরের পতনের ছন্দকে কী বলে?
উত্তর : প্রপাত।

প্র : স্তব্ধতার দেহ বলতে কী বোঝানো হয়েছে?
উত্তর : এখানে নীরব, নিস্তব্ধ পরিবেশকে বোঝানো হয়েছে।

JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS • JOYBOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'যখন শকুন নেমে আসে এই সোনার বাংলায়' উক্তিটির মাধ্যমে কী বোঝানো হয়েছে?

উত্তর : প্রশ্নোক্ত পঙ্‌ক্তিটিতে বাংলার মাটিতে পাকিস্তানি হানাদার বাহিনীর আগ্রাসনের দিকটি বোঝানো হয়েছে।

১৯৭১ সালের ২৫ শে মার্চ কালরাত থেকে দীর্ঘ নয় মাস বাংলার মাটি রক্তাক্ত হয় পাকিস্তানি হানাদার বাহিনীর আক্রমণে। বাংলার নিরীহ, নিরস্ত্র মানুষের ওপর শকুনের মতো নেমে আসে বর্বর পাকিস্তানি হানাদার বাহিনী। হামলার মাধ্যমে নারকীয় গণহত্যা ও ধ্বংসযজ্ঞ চালায়। সোনার বাংলাকে মৃত্যুপুরীতে রূপান্তরিত করে। 'যখন শকুন নেমে আসে এই সোনার বাংলায়' উক্তিটির মাধ্যমে এ বিষয়টিকেই বোঝানো হয়েছে।

০২. 'জাগো, বাহে, কোনঠে সবায়?' উক্তিটির মাধ্যমে কী বোঝানো হয়েছে?

উত্তর : 'জাগো, বাহে, কোনঠে সবায়' উক্তিটিতে প্রস্ফুটিত হয়েছে এমন এক প্রতীকী ব্যঞ্জনা, যেখানে অন্যায়ের বিরুদ্ধে সংগ্রামী নূরলদীন যেন আবার ডাক দিয়ে উঠবেন। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বাংলাদেশকে পরিণত করা হয় এক ধ্বংসস্তূপে। তখন এই দেশের প্রয়োজন হয় নূরলদীনের মতো এক সাহসী নেতার, যিনি ডাক দিয়ে সবাইকে একত্র করবেন। সবাই একত্র হয়ে লড়বে পাকিস্তানি শত্রুর বিরুদ্ধে; মুক্ত করবে মাতৃভূমিকে। দেশের ওই ক্রান্তিকালে কবির মনে পড়েছিল সেই সংগ্রামী নূরলদীনের কথা, যিনি ব্রিটিশবিরোধী কৃষক আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন।

০৩. 'অভাগা মানুষ যেন জেগে ওঠে আবার' কেন?

উত্তর : 'অভাগা মানুষ যেন জেগে ওঠে আবার' কারণ নির্যাতিত, নিপীড়িত মানুষ শত্রুর কবল থেকে মুক্ত হতে স্বাধীনতা চায়।

শত্রুর দাপট যখন খুব বেড়ে যায়, তখন শত্রু আগ্রাসী হয়ে ওঠে, সাধারণ মানুষের জীবনে নেমে আসে অকথ্য নির্যাতন। তখন নির্যাতিতরাও জেগে ওঠে বাঁচার আশায় মুক্তির জন্যে যুদ্ধ ঘোষণা করে। আলোচ্য উক্তি দ্বারা কবি সময়ের প্রেক্ষাপটকে তুলে ধরা হয়েছে। দেয়ালে পিঠ ঠেকা মানুষ তাই পুনঃ উঠেছে আবার– প্রশ্নোক্ত উক্তি দ্বারা এ বিষয়টিই বোঝানো হয়েছে।

০৪. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কেন?

উত্তর : নূরলদীনের কথা মনে পড়ে যায়, কারণ নূরলদীন জাতির ক্রান্তিলগ্নে অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করার জন্য মানুষকে উদাত্ত আহ্বান করেছিলেন। রংপুর-দিনাজপুর অঞ্চলে সামন্তবাদ-সাম্রাজ্যবাদবিরোধী আন্দোলনের ডাক দিয়েছিলেন কৃষকনেতা নূরলদীন। ৭১-এর স্বাধীনতা যুদ্ধের সময়ও সে মৃত্যুপুরীতে রূপ নেয়। শকুনরূপী দালালের আলখাল্লায় ছেয়ে যায় দেশ। হতচকিত বাঙালির অগ্রযাত্রা তখন বঙ্গবন্ধু ও তাঁর দিকনির্দেশনা। ফলে কবির কানে বেজে ওঠে নূরলদীনের সেই উদাত্ত আহ্বানের কথা। এজন্যেই নূরলদীনের কথা মনে পড়ে যায়।

গুরুত্বপূর্ণ MCQ

০১. কবিতায় নূরলদীনের ডাকে কীভাবে জনগণের সাড়া দেওয়ার কথা উল্লেখ আছে?
ক বিচ্ছিন্নভাবে খ ধীরে ধীরে
গ একে একে ঘ সর্বসম্মতভাবে **উ: ঘ**

০২. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় কয়টি নদীর কথা উল্লেখ আছে?
ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি **উ: ক**

০৩. 'এখানে এখন' ও 'ঈর্ষা' কোন ধরনের রচনা?
ক কাব্য খ উপন্যাস গ নাটক ঘ কাব্যনাটক **উ: ঘ**

০৪. 'জ্যোৎস্না' বলতে বোঝায়–
ক পূর্ণিমার রাত খ অমাবস্যা গ চন্দ্রালোক ঘ নক্ষত্রালোক **উ: গ**

০৫. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতাটি কোন রচনা থেকে সংকলিত হয়েছে?
ক কালের তীর্থ খ নূরলদীনের সারাজীবন
গ জাগো বাহে ঘ পায়ের আওয়াজ পাওয়া যায় **উ: গ**

০৬. 'যখন আমার স্বপ্ন লুট হয়ে যায়।' চরণটি দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ক হতাশা খ বেদনা গ আশা ঘ ঘৃণা **উ: খ**

০৭. 'যখন শকুন নেমে আসে এই সোনার বাংলায়' চরণের মর্মার্থ কোনটি?
ক অত্যাচার ও শোষণ খ অন্যের কৃপা
গ অন্যের প্রতি অনুরাগ ঘ শত্রুবাহিনীর আশীর্বাদ **উ: ক**

০৮. 'কোনঠে' শব্দের অর্থ কী?
ক কে খ কোন গ কোথায় ঘ কীভাবে **উ: গ**

০৯. নূরলদীনের কথা সারা দেশে কীসের ঢলের মতো নেমে আসে?
ক নদীর খ সমুদ্রের গ পাহাড়ি ঘ জোয়ারের **উ: খ**

১০. নূরলদীনের কথা যখন মনে পড়ে, তখন 'কালঘুম' কোথায়?
ক বাংলায় খ ইতালি গ পাকিস্তানে ঘ চীনে **উ: ক**

বাংলা প্রথম পত্র

ছবি
আবু হেনা মোস্তফা কামাল

কবি পরিচিতি			
কবি	আবু হেনা মোস্তফা কামাল।		
জন্মপরিচয়	আবু হেনা মোস্তফা কামাল ১৯৩৬ খ্রিষ্টাব্দের ১২ মার্চ সিরাজগঞ্জ (তৎকালীন পাবনা) জেলার অন্তর্গত উল্লাপাড়ার গোবিন্দা গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা : এম. শাহজাহান আলী। মাতা : খালেকুননেসা।		
পুরস্কার	আলাওল সাহিত্য পুরস্কার (১৯৭৫), সুহৃদ সাহিত্য স্বর্ণপদক (১৯৮৬), একুশে পদক (১৯৮৭)।		
মৃত্যু	তিনি ২৩ সেপ্টেম্বর ১৯৮৯ খ্রিষ্টাব্দে ৫৩ বছর বয়সে হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকায় মারা যান।		
সাহিত্যকর্ম			
কাব্যগ্রন্থ	আপন যৌবন বৈরী (১৯৭৪), যেহেতু জন্মান্ধ (১৯৮৪), আক্রান্ত গজল (১৯৮৮)।		
গীতি-সংকলন	আমি সাগরের নীল।	গান	তুমি যে আমার কবিতা, অনেক বৃষ্টি করে, নদীর মাঝি বলে প্রভৃতি।
প্রবন্ধ-গবেষণা	শিল্পীর রূপান্তর (১৯৭৫), দি বেঙ্গলি প্রেস অ্যান্ড লিটারারি রাইটিং (১৯৭৭), কথা ও কবিতা (১৯৮১)।		

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

কবি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আবু হেনা মোস্তফা কামাল– বিশিষ্ট রোমান্টিক কবি।
- তাঁর রচিত কবিতার প্রধান সম্পদ– শব্দের বহুমুখী দ্যোতনা ও চিত্রধর্মিতা।
- কবি বি.এ ও এম.এ তে প্রথম শ্রেণিতে– প্রথম স্থান অধিকার করেন।
- ছাত্রজীবন থেকে আবু হেনা ছিলেন– সংস্কৃতিপ্রেমী।
- কবিপুত্র সুজিত মোস্তফা– একজন নজরুল সঙ্গীতশিল্পী, সংগঠক ও গবেষক।
- কবি বাংলা একাডেমির মহাপরিচালক পদে যোগদান করেন– ১১ মার্চ ১৯৮৬।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : মেক্সিস নগরটি কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর : মিসিসিপি।

প্র : ভ্যান গগের পূর্ণ নাম কী?
উত্তর : ভিনসেন্ট উইলেম ভ্যান গগ।

প্র : কবি বিদেশিদের কেমন আমন্ত্রণ জানিয়েছেন?
উত্তর : উদার আমন্ত্রণ।

প্র : কবি কাদের জন্য উদার আমন্ত্রণ জানিয়েছেন?
উত্তর : সবার জন্য।

প্র : বিদেশিদের সঞ্চয় কেমন?
উত্তর : স্ফীত।

প্র : কবি কীসের তীব্রতার কথা বলেছেন?
উত্তর : বিষয়ের।

প্র : Aryan মানে কী?
উত্তর : আর্য।

প্র : কবিতায় কোন বংশের উল্লেখ রয়েছে?
উত্তর : খাঁটি আর্যবংশ।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. কবি সবাইকে তাঁর দেশে বেড়ানোর জন্য উদার আমন্ত্রণ জানিয়েছেন কেন?

উত্তর : কবি এদেশের অকৃত্রিম শিল্প সৌন্দর্য আর মহান মুক্তিযুদ্ধের ইতিহাস চেতনাকে সবার কাছে তুলে ধরার জন্য তাঁর জন্মভূমিতে বেড়াতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

কবির জন্মভূমি তাঁর কাছে ত্রিশ লক্ষ কারিগরের কঠোর পরিশ্রমের অকৃত্রিম উপকরণে গড়া এক নিপুণ ছবি। অন্যান্য দেশের মতো আকর্ষণীয় কোনো পর্যটনস্থল না থাকলেও এদেশের সৌন্দর্যে কবি মোহিত; ইতিহাস-ঐতিহ্যে গৌরব বোধ করেন। '৭১-এর মহান মুক্তিযুদ্ধে লক্ষ লক্ষ শহিদের আত্মত্যাগে পাওয়া এই বাংলাদেশকে কবি সবার সামনে তুলে ধরতে চান। তাই কবি সবাইকে বেড়াতে আসার জন্য উদার আমন্ত্রণ জানিয়েছেন।

০২. কবি বাংলাদেশকে ছবির মতো উল্লেখ করেছেন কেন?

উত্তর : ত্রিশ লক্ষ শহিদের বুকের রক্তে গড়া এ বাংলাদেশ, তাই কবি এদেশকে ছবির মতো উল্লেখ করেছেন।

খাঁটি বাঙালি চেতনার ধারক মহামানব মুক্তিযোদ্ধার আত্মস্বার্থ বিসর্জন দিয়ে দেশকে গড়ে তোলা হয়েছে। শহিদদের বুকের কাঁচা রক্তের এমন ব্যবহার, আত্মত্যাগের মতো এমন তীব্রতা পৃথিবীর আর শিল্পীর ছবিতে পাওয়া যাবে না। অন্যান্য দেশের সৌন্দর্যের তুলনায় হয়তো এদেশে তেমন কোনো চিত্তাকর্ষক স্থান নেই। কিন্তু রং আর বিষয়ের তীব্রতায় এ বাংলাদেশের মতো ছবি আর একটিও নেই।

০৩. কাদের আত্মত্যাগে বাংলাদেশ স্বাধীন হয়েছে– ব্যাখ্যা কর।

উত্তর : বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহিদের আত্মত্যাগের বিনিময়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে। বাংলাদেশ আজ বিশ্বমানচিত্রে পূর্ণ স্বাধীন এবং সমৃদ্ধশালী দেশ। কিন্তু এই স্বাধীনতার পেছনে বাঙালির দীর্ঘদিনের সংগ্রাম আন্দোলন এবং ত্যাগ রয়েছে। অসংখ্য মানুষের আত্মত্যাগ এবং প্রাণের বিনিময়ে অবশেষে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। অর্থাৎ ত্রিশ লক্ষ শহিদের আত্মত্যাগ ও দীর্ঘ নয় মাস দিন রাত পরিশ্রমের ফলে বাংলাদেশ স্বাধীন হয়েছে।

গুরুত্বপূর্ণ MCQ

০১. আবু হেনা মোস্তফা কামাল কর্মজীবন শুরু করেন?
ক পাবনা কলেজে খ ব্রজমোহন কলেজে
গ পাবনা এডওয়ার্ড কলেজে ঘ ঢাকা কলেজে
উ: গ

০২. ভ্যান গগের জন্ম কত সালে?
ক ১৮২১ খ ১৮৩৫ গ ১৮৫৩ ঘ ১৮৮৮
উ: গ

০৩. 'Self Portraits' কার বিখ্যাত ছবি?
ক পাবলো পিকাসো খ ভ্যান গগ
গ উইলিয়াম ভিনসেন্ট ঘ লিওনার্দো দ্যা ভিঞ্চি
উ: খ

০৪. ভ্যান গগ কোন সময়ের চিত্রশিল্পে প্রভাব বিস্তার করেছিলেন?
ক আঠারো শতক খ উনিশ শতক
গ বিশ শতক ঘ একুশ শতক
উ: গ

০৫. কোনো সুনির্দিষ্ট পর্ব ও মাত্রাসাম্য থাকে না কোনটিতে?
ক গদ্যছন্দে খ স্বরবৃত্তে
গ লৌকিক ছন্দে ঘ মাত্রাবৃত্তে
উ: ক

০৬. 'তুমি যে আমার কবিতা' গানটি কার রচিত?
ক আবু হেনা মোস্তফা কামাল খ গোলাম মোস্তফা
গ কবির বকুল ঘ আবদুল জব্বার
উ: ক

০৭. 'আক্রান্ত গজল' কী ধরনের রচনা?
ক কবিতা খ গল্প
গ কাহিনিকাব্য ঘ কাব্যগ্রন্থ
উ: ঘ

০৮. 'যেহেতু জন্মান্ধ' কত সালে প্রকাশিত হয়?
ক ১৯৭৪ খ ১৯৮৪ গ ১৯৮৮ ঘ ১৯৮৯
উ: খ

০৯. কবি সবাইকে কেমন আমন্ত্রণ জানিয়েছেন?
ক সাদর খ বিনয়ী গ উদার ঘ অকৃত্রিম
উ: গ

১০. কোন দেশে তেমন কোনো মনোহারী স্পট নেই?
ক নিউজিল্যান্ড খ নেপাল গ বাংলাদেশ ঘ ভূটান
উ: গ

CamScanner

উপন্যাস

শালগাছ
সৈয়দ ওয়ালীউল্লাহ্



লেখক পরিচিতি

প্রকৃত নাম	সৈয়দ ওয়ালীউল্লাহ্।
জন্ম পরিচয়	জন্ম : ১৫ আগস্ট ১৯২২ খ্রিষ্টাব্দ, বেলঘর, হাওড়া। পৈতৃক নিবাস : বাঙ্গালী। পিতা : সৈয়দ আবদুল্লাহ্ (অধিক বয়সে মাতা-পিতা দুই ভিন্নের)। মাতা : বাসির আরা খাতুন।
শিক্ষাজীবন	মাধ্যমিক : কলিকাতা (কলকাতা), ১৯৩৯, কৃতিত্বের সাথে পাস। উচ্চমাধ্যমিক : আই এ (বর্তমানে), ১৯৪১, ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ। উচ্চতর শিক্ষা : বি এ (১৯৪৪), অনার্সসহ মাস্টার্স, এম এ (অসমাপ্ত), কলিকাতা বিশ্ববিদ্যালয়।
কর্মজীবন ও পেশা	সহ-সম্পাদক : বি বৈশাখ্যা, অধ্যাপক : সহকারী বার্তা সম্পাদক, বার্তা সম্পাদক, রেডিও পাকিস্তান; প্রেস অফিসার, পাকিস্তান মুভমেন্ট, তথ্য অফিসার, ঢাকা আঞ্চলিক তথ্য অফিস; দক্ষিণ-পূর্ব এশিয়ার কথা সাহিত্যিক, ইউনেস্কো এক্সপার্ট (স্পেশালিস্ট) পারিস।
পেশার ও সম্মাননা	বাংলা একাডেমি পুরস্কার (১৯৬১), আদমজী পুরস্কার (১৯৬৮), একুশে পদক (১৯৮৩)।
মৃত্যু পরিচয়	১৮ নভেম্বর ১৯৭১ খ্রিষ্টাব্দ, পারিস, ফ্রান্স।

সাহিত্যকর্ম

ছোটগল্প	নয়নতারা, দুই তীর ও অন্যান্য গল্প।
উপন্যাস	লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, দি আলি এশিয়াম (ইংরেজি ভাষায়; রচনা ১৯৬৩)।
নাটক	বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসটি প্রকাশিত হয়- ১৯৬৮ সালে।
- 'নয়নতারা' গল্পগ্রন্থটি প্রকাশিত হয়- ১৯৫৬ সালে।
- মুক্তিযুদ্ধকালীন সময়ে ইউনেস্কোতে কর্মরত থাকার সময় তিনি- স্বাধীনতা সংগ্রামের পক্ষে বিশ্ব জনমত গড়ার কাজ করেন।
- তাঁর স্ত্রীর নাম- ফরাসি নাগরিক এলিস মেরি (বিয়ে : ১৯৫৩)।
- সৈয়দ ওয়ালীউল্লাহ্ কর্মজীবন শুরু করেন- সাংবাদিক হিসেবে।
- বাংলাদেশের কথাসাহিত্যকে আন্তর্জাতিক মানে উন্নীত করার পথিকৃৎ- ওয়ালীউল্লাহ্।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : বিভিন্ন গ্রাম থেকে মহাজনদের মানুষ আসতে লাগল কেন?
উত্তর : মজিদের মাজার জমজমাট হওয়ায়।

প্র : কোরবান আলীদের বুড়ী' বলতে 'লালসালু' উপন্যাসে কোন বুড়ির কথা বলা হয়েছে?
উত্তর : পাগলি বিবি মাজারে অবস্থান অনুমান করার মতো বুড়ির কথা বলা হয়েছে।

প্র : মৃত্যু নিশ্চয় মুখে সন্তার হাসি আসে কেন?
উত্তর : তখনো জানে না তাই।

প্র : মজিদের পরিচয় মূল উৎস কী?
উত্তর : মাজার।

প্র : মজিদের অন্ধ প্রথাবলীর বাস্তবায়নকারী চরিত্র হিসেবে কোন চরিত্রটি গুরুত্বপূর্ণ?
উত্তর : রহিমা।

প্র : দেওয়া ঘুড়োর হাতে মার খেয়ে হামুনির মা কার বাড়িতে গিয়েছিল?
উত্তর : মজিদের।

প্র : ঝড় এলে হামুনির মায়ের কী করার অভ্যাস?
উত্তর : হৈ চৈ করা।

প্র : মজিদ হামুনির মার কাছ থেকে কী চেয়েছিল?
উত্তর : তামাক।

প্র : মজিদ হামুনির মাকে কী রঙের শাড়ি কিনে দিয়েছিল?
উত্তর : বেগুনি।

প্র : আমেনা বিবি তার স্বামীকে পালিপড়া আনতে বলেছিল কেন?
উত্তর : মা হওয়ার আশায়।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. 'মজিদ মজাদের ভাল হয়, কিন্তু খোদাতালার কালাম ভাল হয় না' কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর।

উত্তর : আলহাজ মিঞা সেখ আছাদ, তাঁর নিখন বাসনাদের ক্ষমতা কারো নেই। আলহাজপুরে এক নতুন নিয়ের আগমন ঘটেছে। মৃত মানুষকে জীবিত করার ক্ষমতা রাখেন তিনি। আলেক হাসানীর স্ত্রী আমেনা বিবিকাম। সন্তান লাভের আশায় সে এই পিরের পালিপড়া খেতে চায়। তাই মজিদ আলোচ্য উক্তিটি করে। মৃতের আলহাজপুরের পিরের প্রতি বিশ্বাসকে চালাকির আশ্রয় মজিদ এ কথা বলেছে।

০২. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।' উক্তিটি ব্যাখ্যা কর।

উত্তর : শিলাবৃষ্টিতে মাঠের সব ধান নষ্ট হয়ে গেলে সবার মতো মজিদ চেয়ে চেয়ে দেখে কিন্তু কোনো কথা বলতে পারে না। তার এ অবস্থাই প্রসঙ্গে লেখক আলোচ্য উক্তিটি করেছেন।

আকাশে মেঘের ঘনঘটা শুরু হলে মাঝে মাঝে বিদ্যুৎ চমকায়, তা দেখে ম হলে অস্থিরতা দেখা দেয়। হঠাৎ শিলাবৃষ্টি শুরু হলে মজিদের মূর্তিটা আরো যায়। ফসল ধান না হলে মাজার শূন্য হবে, মাজারের ফসলেই মজিদের চলে। চারদিকে মজিদ বিশ্বাসের ছায়া দেখে চমকে যায়, মাঠে গিয়ে ধরে প দেখে বিস্মিত হয়। সে ভাষা হারিয়ে ফেলে, পাথরে খোদাই করা চোখের ম মতো চেয়ে থাকে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১. 'গ্রামের মানুষ যেন রহিমারই অন্য সংস্করণ।' ব্যাখ্যা কর।

উত্তর : রহিমা যেমন মজিদের অনুশাসন মেনে চলে, গ্রামের লোকেরা তেমনি মজিদের সব শাসন-অনুশাসন মেনে চলে– একথা বোঝাতেই লেখক আলোচ্য উক্তিটি করেছেন।

মহব্বতনগর গ্রামের লোকেরা মজিদের ধর্ম ও অনুশাসনকে সম্পূর্ণরূপে অনুসরণ করে। মজিদের মনগড়া ধর্মের ছকেই গ্রামবাসীর জীবন চলে। মজিদের প্রথম স্ত্রী রহিমাও মজিদের কথার কোনো বরখেলাপ করে না। এদিক থেকে গ্রামের লোকেরা আজ রহিমার অন্য সংস্করণ হয়ে উঠেছে। কারণ, রহিমার মতো তারাও প্রতিবাদহীন, নির্বিকার।

০৪. জমিলা মজিদের মুখে থুথু দিয়েছিল কেন?

উত্তর : মজিদের শাসনে ভয়ে কাঁপতে থাকা জমিলা ক্রোধে মজিদের মুখে থুথু দিয়েছিল। সৈয়দ ওয়ালীউল্লাহ্ 'লালসালু' উপন্যাসে মজিদের ধর্মীয় গোঁড়ামির বিরুদ্ধে জমিলাকে প্রতিবাদী নারী চরিত্র হিসেবে উপস্থাপন করেছেন। গল্পের কেন্দ্রীয় চরিত্র মজিদের প্রথম স্ত্রী রহিমার সন্তান না হওয়ায় দ্বিতীয় বিয়ে করে ঘরে আনে অল্পবয়সি মেয়ে জমিলাকে। গ্রামের মানুষ মজিদকে ভয় পেলেও জমিলা ভয় পায় না। তাই জমিলার মনে ভয় সৃষ্টির জন্য মজিদ তাকে মাজারে নিয়ে যেতে চায়। কিন্তু জমিলা তাতে অস্বীকৃতি জানিয়ে মজিদের কঠিন হাত থেকে ছোটার চেষ্টা করে ব্যর্থ হয়। এতে সে অত্যন্ত ক্ষুব্ধ হয়। একপর্যায়ে ধর্মব্যবসায়ী মজিদের মুখে থুথু মেরে তীব্র প্রতিবাদ ও ঘৃণার বিষয়টি জানিয়ে দেয় সে।

গুরুত্বপূর্ণ MCQ

১. মজিদ পূর্বে কোথায় বাস করত?
ⓚ গারো পাহাড়ে ⓛ মধুপুর গড়ে ⓜ পাহাড়পুরে ⓝ সোনারগাঁয়ে — উ: ক

২. রহিমার কাছে নিজের মৃত্যু কামনা করে কে?
ⓚ আমেনা ⓛ হাসুনির মা ⓜ জমিলা ⓝ বুড়ি — উ: খ

৩. গ্রামের মহিলারা কার মাধ্যমে মজিদের কাছে আর্জি পাঠায়?
ⓚ রহিমার ⓛ হাসুনির মার ⓜ হাসিনার ⓝ খালেক ব্যাপারীর — উ: ক

৪. আওয়ালপুরে পিরের চেলারা কার মাথা ফাটিয়ে দিয়েছে?
ⓚ মজিদের ⓛ কালুর ⓜ তাহেরের ⓝ কাদেরের — উ: খ

৫. 'তোমার দাড়ি কই মিঞা' মজিদ কার উদ্দেশে উক্তিটি করেছে?
ⓚ মোদাব্বের মিঞার ⓛ তাহেরের ⓜ খালেক ব্যাপারী ⓝ আক্কাসের — উ: ঘ

৬. আওয়ালপুরের পিরের ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?
ⓚ মৌসুমি পির ⓛ ভ্রাম্যমাণ পির ⓜ স্থায়ী পির ⓝ ভণ্ড পির — উ: ক

৭. 'তোমার দিলে কি ময়লা আছে?' 'লালসালু' উপন্যাসে কার দিলের কথা বলা হয়েছে?
ⓚ দুদু মিঞা ⓛ তাহেরের বাপ ⓜ কাদেরের চাচা ⓝ মতলুব খাঁ — উ: খ

০৮. মজিদ সূরা আল ফালাকের কয় আয়াত তেলাওয়াত করে?
ⓚ পাঁচ ⓛ নয় ⓜ সাত ⓝ তিন — উ: ক

০৯. মহব্বতনগর গ্রামের ক্ষমতাধর ব্যক্তির নাম কী?
ⓚ দুদু মিঞা ⓛ আক্কাস ⓜ মোদাব্বের মিঞা ⓝ খালেক ব্যাপারী — উ: ঘ

১০. মজিদের সামাজিক প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা পালন করে কে?
ⓚ রহিমা ⓛ জমিলা ⓜ হাসুনির মা ⓝ আমেনা — উ: ক

১১. 'ঢেঙা বদমেজাজি বৃদ্ধ লোকটি' এখানে 'লোকটি' কে?
ⓚ মজিদ ⓛ খালেক ব্যাপারী ⓜ ধলা মিয়া ⓝ হাসুনির মায়ের বাপ — উ: ঘ

১২. মজিদ গ্রামবাসীদের কী বলে গালি দেয়?
ⓚ বেইমান ⓛ নাস্তিক ⓜ জাহেল ⓝ অধার্মিক — উ: গ

১৩. মজিদের বয়স নিয়ে কটাক্ষ করে কে?
ⓚ আমেনা ⓛ জমিলা ⓜ ফাতেমা ⓝ রহিমা — উ: খ

১৪. খালেক ব্যাপারীর সামনে বসে কথা বলতে অস্বস্তি বোধ করে কে?
ⓚ মজিদ ⓛ ধলা মিয়া ⓜ জমিলা ⓝ আমেনা — উ: খ

নাটক

সিরাজউদ্দৌলা
সিকান্দার আবু জাফর



নাট্যকার	সিকান্দার আবু জাফর।
জন্মপরিচয়	**জন্ম :** ১৯ মার্চ ১৯১৯ খ্রিষ্টাব্দ; তেঁতুলিয়া, তালা, সাতক্ষীরা। **পিতা :** সৈয়দ মঈনুদ্দীন হাশেমী। **পিতৃব্য :** সৈয়দ জালালুদ্দীন হাশেমী (কলকাতা কর্পোরেশনের মেয়র ও অবিভক্ত বঙ্গের লেজিসলেটিভ অ্যাসেম্বলির ডেপুটি স্পিকার)।
শিক্ষাজীবন	**মাধ্যমিক :** ম্যাট্রিক (১৯৩৬), তালা বি. দে ইন্সটিটিউশন, তৎকালীন খুলনা (বর্তমান সাতক্ষীরা)। **উচ্চমাধ্যমিক :** রিপন কলেজ (বর্তমানে সুরেন্দ্রনাথ কলেজ), কলকাতা।
কর্মজীবন/পেশা	কলকাতার মিলিটারি একাউন্টস বিভাগে (১৯৩৯) পেশাগত জীবন শুরু করেন। **চাকরি :** রেডিও পাকিস্তান। **সাংবাদিক :** 'দৈনিক নবযুগ', সহযোগী সম্পাদক 'দৈনিক ইত্তেফাক'; প্রধান সম্পাদক 'দৈনিক মিল্লাত'; প্রতিষ্ঠাতা সম্পাদক 'মাসিক সমকাল'।
পুরস্কার	বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৬), একুশে পদক (১৯৮৪, মরণোত্তর)।
জীবনাবসান	৫ আগস্ট ১৯৭৫ খ্রিষ্টাব্দ।

সাহিত্যকর্ম

কাব্যগ্রন্থ	প্রসন্ন প্রহর (১৯৬৫), বৈরী বৃষ্টিতে (১৯৬৫), তিমিরান্তিক (১৯৬৫), কবিতা ১৩৭২ (১৯৬৮), বৃশ্চিক লগ্ন (১৯৭১), বাংলা ছাড়ো (১৯৭১)।
নাটক	শকুন্ত উপাখ্যান (১৯৫৮), সিরাজউদ্দৌলা (১৯৬৫), মহাকবি আলাওল (১৯৬৫), মাকড়সা (১৯৬০)।
উপন্যাস	মাটি আর অশ্রু (১৯৪২), পূরবী (১৯৪৪), নতুন সকাল (১৯৪৫)।
গল্পগ্রন্থ	মতি আর অশ্রু (১৯৪১)।
কিশোর উপন্যাস	জয়ের পথে (১৯৪২), নবী কাহিনী (১৯৫১)।
অনুবাদ	রুবাইয়াৎ : ওমর খৈয়াম (১৯৬৬), সেন্ট লুইয়ের সেতু (১৯৬১), বারনাড মালামুডের যাদুর কলস (১৯৫৯)।
সংগীতগ্রন্থ	মালব কৌশিক (১৯৬৯)।



JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সিকান্দার আবু জাফরের পূর্ণ নাম– সৈয়দ আল্ হাশেমী আবু জাফর মুহম্মদ বখ্ত সিকন্দার।
- তাঁর সম্পাদনায় দীর্ঘকাল ধরে প্রকাশিত মাসিক সাহিত্যপত্রিকা 'সমকাল' হয়ে উঠেছিল– তরুণ সাহিত্যিকদের মিলনক্ষেত্র; পাকিস্তানি অপশাসনের বিরুদ্ধে যুক্তিবৃক্তিক প্রতিবাদ ও প্রতিরোধের এক বলিষ্ঠ প্লাটফর্ম।
- প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলনে তিনি বরাবরই– অগ্রবর্তী ছিলেন।
- তিনি ছিলেন মুখ্যত একজন– সাংবাদিক।
- তাঁর কাজ করার অভিজ্ঞতা ছিল– কাজী নজরুল ইসলাম সম্পাদিত 'নবযুগ' পত্রিকা

এক কথায় প্রশ্নোত্তর

প্র : 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যের স্থান কোনটি?
উত্তর : ফোর্ট উইলিয়াম জাহাজ।

প্র : কলকাতার নাম আলিনগর ঘোষণা করেন কে?
উত্তর : সিরাজউদ্দৌলা।

প্র : 'প্রাণপণে যুদ্ধ করো, সাহসী ব্রিটিশ সৈনিক' এ কথাটি কার?
উত্তর : ক্যাপ্টেন ক্লেটনের।

প্র : নবাবের রাজধানী ছিল কোথায়?
উত্তর : মুর্শিদাবাদে।

প্র : 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের সময়কাল কোনটি?
উত্তর : ১৯ জুন ১৭৫৬ সাল।

প্র : 'ডাচ' শব্দটি দ্বারা কোন জাতিকে নির্দেশ করা হয়?
উত্তর : ওলন্দাজ বা হল্যান্ডের অধিবাসীদের।

প্র : 'যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যুবরণ, এ আমাদের প্রতিজ্ঞা।' এ সংলাপটি কার?
উত্তর : ক্লেটনের।

প্র : নবাবের পদাতিক বাহিনী কোথাকার রাস্তা দিয়ে চলে এসেছে?
উত্তর : দমদমের সরু রাস্তা দিয়ে।

প্র : ইংরেজরা আত্মরক্ষার নামে কোথায় গোপনে অস্ত্র আমদানি করছিল?
উত্তর : কাশিমবাজারে।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

০১. ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।' কে, কেন এ কথা বলেছেন?
উত্তর : 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যে উমিচাঁদ এ কথাটি বলেছেন। নবাব সিরাজউদ্দৌলার সৈন্য ফোর্ট উইলিয়াম দুর্গ আক্রমণ করে এবং ইংরেজ সৈন্যরা তাদের রোষানলে পড়ে। নিজেদের পরাজয়ের দৃশ্য দেখার আগে সুচতুর ইংরেজ বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তারা পালিয়ে যায়। দুর্গ ছেড়ে পালিয়ে যাওয়ার দৃশ্য দেখে উমিচাঁদ এ কথাটি বলেছিলেন।

০২. 'শওকতজঙ্গ নবাব হলে সকলের উদ্দেশ্য হাসিল হবে।' কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর।
উত্তর : শওকতজঙ্গকে পুতুল নবাব বানিয়ে সবাই নিজের ইচ্ছামতো ব্যবহার করতে পারবে বলেই সে নবাব হলে সবার উদ্দেশ্য হাসিল হবে।
শওকতজঙ্গ ছিল নেশাখোর ও ব্যক্তিত্বহীন। মিরজাফর, জগৎশেঠ, উমিচাঁদ, রায়দুর্লভরা তাকে সামান্য ভয়ও পায় না। উল্টো তাকে ব্যবহার করে সব ধরনের অপকর্ম করতে সচেষ্ট থাকবে। এজন্যই সে নবাব হলে সবার স্বার্থ রক্ষা পাবে।

০৩. 'উমিচাঁদ এ যুগের সেরা বিশ্বাসঘাতক' কে, কেন একথা বলেছেন?
উত্তর : দ্বিচারিতার মতো কাজ করায় ইংরেজ কর্নেল রবার্ট ক্লাইভ উমিচাঁদকে এ যুগের সেরা বিশ্বাসঘাতক বলেছেন।

লাহোরের অধিবাসী উমিচাঁদ অর্থোপার্জনের জন্য বাংলায় এসে দালালি কর কখনো বাংলার নবাবের সাথে ভালো সম্পর্ক গড়ে তোলে, আবার কখ ইংরেজদের সাথে। তার চরিত্রে ধুরন্ধর, শঠতা, ঠগবাজি, ধূর্ত প্রভৃতি বৈশি প্রতীয়মান হয়। স্বার্থের কারণে ইংরেজদের গোপন কথা নবাবকে বলে দি ইংরেজ কর্নেল ক্লাইভ তাকে এ যুগের সেরা বিশ্বাসঘাতক বলেন।

০৪. 'ভগবানের দিব্যি কর্নেল সাহেব, তোমরা বড় বেহায়া।' উক্তিটি ব্যাখ্যা কর।
উত্তর : জগৎশেঠ কর্নেল রবার্ট ক্লাইভের প্রকৃত অবস্থা বর্ণনা করতে গি আলোচ্য উক্তিটি করেন। কর্নেল ক্লাইভ অত্যন্ত কৌশলী হয়ে কর্ম পরিচাল করে থাকেন বলে নানা সমস্যা থেকে নিজেকে মুক্ত রাখতে পারেন। নিজে আধিপত্য বিস্তারে কর্নেল ক্লাইভ আবার বিভিন্নভাবে হেয়ও হয়েছেন। কলকাত ফোর্ট উইলিয়াম দুর্গে নবাবের সৈন্যদের কাছে ধাওয়াও খেয়েছেন তিনি। কর্নে ক্লাইভের এ বিষয়গুলো উপস্থাপন করতেই জগৎশেঠ আলোচ্য উক্তিটি করেন

গুরুত্বপূর্ণ MCQ

০১. সন্ধি অনুসারে সিপাহসালার শুধু মসনদে বসবে। কিন্তু রাজ্য চালাবে কে?
ক পর্তুগিজ খ ইংরেজরা গ কোম্পানি ঘ মিরজাফর **উ: গ**

০২. দলিলে সই করার সময় সংগীতের সুর কীরূপ ছিল?
ক প্রাণোচ্ছল খ করুণ গ মধুর ঘ বেদনার **উ: খ**

০৩. 'নিশ্চিত সাধারণ গৃহস্থের ছোট্ট সাজানো সংসার আমরা পেতাম' এ স্বপ্ন কার?
ক লুৎফুন্নিসার খ সিরাজউদ্দৌলার গ আমিনার ঘ ঘসেটি বেগমের **উ: খ**

০৪. যুদ্ধের প্রথম মহড়ায় কোম্পানির ফৌজ পিছু হটে কোথায় আশ্রয় নিয়েছিল?
ক গঙ্গার তীরে খ শিবিরে গ লক্ষবাগে ঘ ভাগীরথীর তীরে **উ: গ**

০৫. কে যুদ্ধ বন্ধ করতে চাননি?
ক মিরমর্দান খ মোহনলাল গ মিরজাফর ঘ সাঁফ্রে **উ: খ**

০৬. উপযুক্ত মর্যাদায় কার লাশ দাফন করতে হবে?
ক মিরজাফরের খ মিরমর্দানের গ মোহনলালের ঘ মিরনের **উ: খ**

০৭. 'বাংলার সেনাবাহিনীর শ্রেষ্ঠ বীর সৈনিক সে তো আমি' উক্তিটি কে করেছেন?
ক মোহনলাল খ সিরাজউদ্দৌলা গ মিরজাফর ঘ মিরমর্দান **উ: খ**

০৮. সিরাজউদ্দৌলা নাটকে কোন মহারানির উল্লেখ রয়েছে?
ক রাজশাহীর খ খুলনার গ ঢাকার ঘ নাটোরের **উ: খ**

০৯. মিরকাশেমের পত্রানুযায়ী সিরাজ তাঁর সৈন্যদের হাতে কোথায় বন্দি হন?
ক পাটনায় খ পলাশিতে গ ভগবানগোলায় ঘ কলকাতায় **উ: গ**

১০. 'সিরাজউদ্দৌলা' নাটকের দ্বিতীয় অঙ্কে কয়টি দৃশ্য আছে?
ক দুইটি খ তিনটি গ চারটি ঘ একটি **উ: খ**

১১. 'A perfect scoundrel is this Omichand' সংলাপটি কে করেছিল?
ক ওয়াটস খ ড্রেক গ হলওয়েল ঘ জর্জ **উ: খ**

১২. ট্র্যাজেডি নাটক কোন রসে আচ্ছাদিত থাকে?
ক করুণ খ বীর গ মধুর রস ঘ শৃঙ্গার রস **উ: ক**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলা দ্বিতীয় পত্র

বাংলা উচ্চারণের নিয়ম

স্বরবর্ণের উচ্চারণ

'অ'

অ বর্ণের উচ্চারণ দুই রকম। যথা : [অ] এবং [ও]। সাধারণ বা স্বাভাবিক বা বিবৃত উচ্চারণ [অ], কিন্তু পাশের ধ্বনির প্রভাবে [অ] কখনো কখনো [ও]-এর মতো বা সংবৃত উচ্চারিত হয়।

'অ'-ধ্বনির স্বাভাবিক বা বিবৃত উচ্চারণের নিয়ম :

- অ বর্ণের স্বাভাবিক উচ্চারণের উদাহরণ : অনেক [অনেক], কথা [কথা], অনাথ [অনাথ], অনাচার [অনাচার], অটল [অটল], কলম [কলোম]।
- শব্দের আদিতে না-বোধক 'অ' এর উচ্চারণ বিবৃত হয়। যেমন : অনাচার [অনাচার]।
- 'অ' কিংবা 'আ'-যুক্ত ধ্বনির পূর্ব অ-ধ্বনি বিবৃত হয়। যেমন : অমানিশা [অমানিশা]।
- পূর্ব স্বরের সঙ্গে মিল রেখে স্বরসঙ্গতির কারণে বিবৃত 'অ'। যেমন : যত [জতো]।
- সহার্থে বা সহিত অর্থে আদ্য অ এর উচ্চারণ বিবৃত হয়। যেমন : সবিনয় [শবিনয়], সতীর্থ [শতিরথো], সসীম [শশিম]

আদ্য 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণের নিয়ম :

- অ বর্ণের সংবৃত বা 'ও' এর মতো উচ্চারণের উদাহরণ : অতি [ওতি], অনু [ওনু], পক্ষ [পোক্‌খো], অদ্য [ওদ্‌দো], মোন [মোন্], অত্যাচার [ওত্‌তাচার], গ্রহ [গ্রোহো], ব্রত [ব্রোতো], রক্ষিত [রোক্‌খিতো], মোহ [মোহো]।
- শব্দের আদিতে যদি 'অ' থাকে এবং তারপর ই-কার, ঈ-কার কিংবা উ-কার বা ঊ-কার থাকে তবে সে 'অ'-এর উচ্চারণ 'ও' কারের মতো হয়। যেমন : অভিধান [ওভিধান], নদী [নোদি], অনুরোধ [ওনুরোধ] ইত্যাদি।
- শব্দের আদ্য 'অ'-এর পরে 'য' ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলে সে ক্ষেত্রে 'অ'-এর উচ্চারণ সাধারণত 'ও' কারের মতো হয়। যেমন : কন্যা [কোন্‌না] ইত্যাদি।
- শব্দের প্রথমে যদি 'অ' থাকে এবং তারপর 'ঋ'-কার যুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলেও সে 'অ'-এর উচ্চারণ 'ও' কারের মতো হয়। যেমন : মসৃণ [মোস্‌সৃন], বক্তৃতা [বোক্‌তৃতা] ইত্যাদি।
- আদ্য 'অ'-এর পর 'ক্ষ' থাকলে সে 'অ'-এর উচ্চারণ সাধারণত 'ও' কারের মতো হয়ে থাকে। যেমন : দক্ষ (দোক্‌খো), রক্ষা [রোক্‌খা]।
- শব্দের প্রথমে অ-যুক্ত 'র'-ফলা থাকলে আদ্য 'অ'-এর উচ্চারণ 'ও' কারের মতো হয়ে থাকে। যেমন : ক্রম [ক্রোম], গ্রন্থ [গ্রোন্‌থো], প্রভাত [প্রোভাত] ইত্যাদি।

অন্ত্য 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণের নিয়ম :

- একাক্ষর শব্দের প্রথমে 'অ' এবং পরে দন্ত্য 'ন' থাকলে 'ও' কারের মতো উচ্চারণ হয়। যেমন : মন [মোন], বন [বোন] ইত্যাদি।
- তিন বা তার অধিক বর্ণে গঠিত শব্দের মধ্য 'অ' সাধারণত 'ও'-কার রূপে উচ্চারিত হয়। যেমন : আদর [আদোর], বেতন [বেতোন], ওজন [ওজোন] ইত্যাদি।
- 'ত' বা 'ইত' প্রত্যয় যোগে গঠিত বিশেষণ পদের শেষ 'অ' ধ্বনি 'ও' ধ্বনিতে পরিবর্তিত হয়। যেমন : উপনীত [উপোনিতো], নত [নতো] ইত্যাদি।
- শব্দান্তে যুক্তবর্ণ থাকলে অন্তিম 'অ' সাধারণত ও-কারের মতো উচ্চারিত হয়। যেমন : পদ্য [পোদ্‌দো], চিহ্ন [চিন্‌হো] ইত্যাদি।
- শব্দের শেষে 'অ' ধ্বনির আগে 'ং' থাকলে 'অ' ধ্বনি 'ও' ধ্বনিতে পরিবর্তিত হয়। যেমন : কংস [কঙ্‌শো], ধ্বংস [ধঙ্‌শো] ইত্যাদি।
- শব্দের শেষে 'অ' ধ্বনির পূর্বে 'র' ফলা (্র) বা 'ঋ' কার (ৃ) থাকলে শেষের 'অ' ধ্বনি 'ও' ধ্বনিতে পরিবর্তিত হয়। যেমন : বিকৃত [বিক্‌কৃতো], মৃত [মৃতো], কৃশ [কৃশো] ইত্যাদি।
- বিশেষ্য শব্দের শেষে 'হ' এবং বিশেষণ শব্দের শেষে 'ঢ' থাকলে অন্ত্য 'অ' বিলুপ্ত না হয়ে ও-কারের মতো উচ্চারিত হয়। যেমন : বিবাহ [বিবাহো], বিরহ [বিরহো] ইত্যাদি।

'আ'

- স্বাভাবিক উচ্চারণ : আ বর্ণের স্বাভাবিক উচ্চারণ [আ] : আকাশ [আকাশ], রাত [রাত], আলো [আলো]।
- [আ] জ-এর সঙ্গে থাকলে [অ্যা]-এর মতো উচ্চারিত হয়। যেমন : গান [গ্যান], জাত [গ্যাতো], জাপন [গ্যাপোন]।

ই, ঈ

- [ই] ধ্বনির হ্রস্বতা ও দীর্ঘতা বোঝাতে দুটি বর্ণ রয়েছে ই এবং ঈ। কিন্তু বাংলা ভাষায় উভয় বর্ণের উচ্চারণ একই রকম : দিন [দিন], দীন [দিন], বিনা [বিনা], বীণা [বিনা]।

উ, ঊ

- [উ] ধ্বনির হ্রস্বতা ও দীর্ঘতা বোঝাতে দুটি বর্ণ রয়েছে: উ এবং ঊ। কিন্তু বাংলা ভাষায় উভয় বর্ণের উচ্চারণ একই রকম: উচিত [উচিত], ঊষা [উশা], ঊনিশ [উনিশ], ঊনবিংশ [উনোবিঙশো]।

'ঋ'

- ঋ বর্ণের উচ্চারণ রি- এর মতো: ঋতু [রিতু], ঋণ [রিন্], কৃষক [ক্রিশক], দৃশ্য [দ্রিশ্যো]।

'এ'

'এ' বর্ণের উচ্চারণ দুই রকম। [এ] এবং [অ্যা]। সাধারণ বা সংবৃত উচ্চারণ [এ], কিন্তু পাশের ধ্বনির প্রভাবে এ কখনো কখনো [অ্যা] বা বিবৃত উচ্চারিত হয়।

'এ' ধ্বনির সংবৃত (এ) উচ্চারণ :

- এ বর্ণের স্বাভাবিক উচ্চারণ : একটি [একটি], দেশ [দেশ], এলো [এলো]।
- শব্দের অন্তে 'এ' সংবৃত হয়। যেমন : পথে, ঘাটে, দোষে, গুণে ইত্যাদি।
- একাক্ষর সর্বনাম পদের 'এ' সংবৃত হয়। যেমন : কে, সে, যে।
- 'ই' বা 'উ'-কার পরে থাকলে 'এ' সংবৃত হয়। যেমন : বেলুন [বেলুন] ইত্যাদি।
- তৎসম শব্দের প্রথমে ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত 'এ' ধ্বনির উচ্চারণ সংবৃত হয়। যেমন : প্রেম [প্রেম], শেষ [শেশ] ইত্যাদি।
- 'হ' কিংবা আকারবিহীন যুক্তধ্বনি পরে থাকলে 'এ' সংবৃত হয়। যেমন : দেহ [দেহো], কেহ [কেহো], কেষ্ট [কেশ্‌টো] ইত্যাদি।

'এ' ধ্বনির বিবৃত (অ্যা) উচ্চারণ :

- এ বর্ণের [অ্যা] উচ্চারণ: একটা [অ্যাক্‌টা], বেলা [ব্যালা], খেলা [খ্যালা]।
- দুই অক্ষর বিশিষ্ট সর্বনাম বা অব্যয় পদে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ হয়। যেমন : এত (অ্যাতো), কেন (ক্যানো) ইত্যাদি।
- খাঁটি বাংলা শব্দে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ হয়। যেমন : খেমটা (খ্যাম্‌টা), তেলাপোকা (ত্যালাপোকা) ইত্যাদি।
- অনুস্বার ও চন্দ্রবিন্দুযুক্ত ধ্বনির আগের 'এ' ধ্বনি বিবৃত হয়। যেমন : চেংড়া (চ্যাঙড়া), খেংড়া (খ্যাঙড়া) ইত্যাদি।
- এক, এগারো, তেরো– এ কয়টি সংখ্যাবাচক শব্দে, 'এক' যুক্ত শব্দেও 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ হয়। যেমন : একচোট [অ্যাক্‌চোট] ইত্যাদি।

'ঐ'

- ঐ বর্ণের উচ্চারণ [ওই]: ঐকিক [ওইকিক], তৈল [তোইলো]।

'ও'

- ও বর্ণের উচ্চারণ [ও] : ওল [ওল], বোধ [বোধ]।

'ঔ'

- ঔ বর্ণের উচ্চারণ [ওউ] : ঔষধ [ওউশধ], মৌমাছি [মোউমাছি]।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ব্যঞ্জনবর্ণের উচ্চারণ

➤ ব্যঞ্জনবর্ণগুলো সাধারণত নিজ নিজ ধ্বনি অনুযায়ী উচ্চারিত হয়। যেমন : কলা, খর, গল, নাচ শব্দের ক, খ, গ, ন ইত্যাদি বর্ণের উচ্চারণ যথাক্রমে [ক্], [খ্], [গ্], ইত্যাদি। তবে কয়েকটি ব্যঞ্জনবর্ণের উচ্চারণ নিজ নিজ ধ্বনি থেকে আলাদা। এ ধরনের কয়েকটি বর্ণের উচ্চারণ নিয়ে আলোচনা করা হলো।

'ঞ' বর্ণের উচ্চারণ

ঞ বর্ণের নিজস্ব কোনো ধ্বনি নেই। স্বতন্ত্র ব্যবহারে [ঁ]-এর মতো আর সংযুক্ত ব্যঞ্জনে [ন্]-এর মতো উচ্চারিত হয়: মিঞা [মিয়াঁ], চঞ্চল [চন্চল্], গঞ্জ [গন্জো]।

পুরাতন ব্যাকরণ (নয়-দশম) অনুযায়ী 'ঞ' এর উচ্চারণ তিন রকম হয় :

- স্বতন্ত্র ঞ : ইঁঃ- এর মতো : মিঞা (মিয়ো), মিঞা (মিয়া)।
- যুক্ত ঞ + চ + ছ + জ + ঝ : ন- এর মতো : অঞ্চল (অন্চল্), বাঞ্ছা (বান্ছা), ব্যঞ্জন (ব্যান্জোন্), ঝঞ্ঝা (ঝন্ঝা)।
- যুক্ত জ +ঞ : ঁ বা ণ্ণ- এর মতো : জ্ঞান (গাঁন্), যজ্ঞ (জোণ্ণো)।

'ণ' বর্ণের উচ্চারণ

ণ বর্ণের উচ্চারণ [ন্]: কণা [কনা], বাণী [বানি], হরিণ [হোরিন্]।

'ব' ফলা (্ব)

'ব' বর্ণের সাধারণ উচ্চারণ [ব্]। তবে ফলা হিসেবে এই বর্ণের উচ্চারণে যথেষ্ট পার্থক্য আছে।

ক. শব্দের আদিতে ব-ফলা যুক্ত ব্যঞ্জনের ব-ফলা সাধারণত উচ্চারিত হয় না। যেমন : ত্বক (তক্), শ্বশুর [শোশুর্], দ্বাদশ [দাদশো], শ্বাস [শাশ্], দ্বন্দ [দন্দো], ধ্বনি [ধোনি], শ্বাস [শাশ্], দ্বার [দার], দ্বাদশ [দাদশো] ইত্যাদি।

খ. শব্দের মধ্যে বা অন্তে ব-ফলা যুক্ত ব্যঞ্জন থাকলে ব্যঞ্জনটির উচ্চারণ-দ্বিত্ব ঘটে। যেমন : অশ্ব [অশ্শো], বিশ্বাস [বিশ্শাশ্], পক্ব [পক্কো], বিদ্বান [বিদ্দান্], রাজত্ব [রাজোত্তো] ইত্যাদি।

গ. শব্দের মধ্যে বা অন্তে সংযুক্ত ব্যঞ্জনের সঙ্গে ব-ফলা যুক্ত থাকলে ঐ ব-ফলা উচ্চারিত হয় না। যেমন : সাঙ্কল্য [শাঙ্কোল্যো], উজ্জ্বল [উজ্জ্বল্], উচ্ছ্বাস [উচ্ছাশ্], তত্ত্ব [তত্তো], সমুজ্জ্বল [শমুজ্জ্বল্], অর্দ্ধেন্দু [অর্দ্দেন্দু] ইত্যাদি।

ঘ. 'উৎ' উপসর্গযোগে গঠিত শব্দের 'ৎ' [ত্]-এর সঙ্গে যুক্ত ব-ফলার 'ব' অবিকৃতভাবে উচ্চারিত হয়। যেমন : উদ্বোধন [উদ্‌বোধোন], উদ্বাহু [উদ্‌বাহু], উদ্বমন [উদ্‌বমোন], উদ্বিগ্ন [উদ্‌বিগ্নো], উদ্বেগ [উদ্‌বেগ], উদ্বৃত্ত [উদ্‌বৃত্তো], উদ্বাস্তু [উদ্‌বাস্তু] ইত্যাদি।

ঙ. বাংলা শব্দে সন্ধির ফলে 'ক' থেকে আগত 'গ'-এর সঙ্গে ব-ফলা যুক্ত হলে ঐ ব-এর উচ্চারণ অবিকৃত থাকে। যেমন : ঋগ্বেদ [রিগ্‌বেদ], দিগ্বিদিক [দিগ্‌বিদিক্], দিগ্বালিকা [দিগ্‌বালিকা], দিগ্বলয় [দিগ্‌বোলয়্], দিগ্বিজয় [দিগ্‌বিজয়্]।

চ. ম-এর সঙ্গে ব-ফলা-যুক্ত হলে সে 'ব' উচ্চারিত হয়। যেমন : অম্বল [অম্‌বোল], প্রতিবিম্ব [প্রতিবিম্‌বো], গম্বুজ [গোম্‌বুজ], লম্ব [লম্‌বো], শম্বুক [শোম্‌বুক], সম্বল [শম্‌বোল] ইত্যাদি।

'ম' ফলা (্ম)

'ম' ফলা উচ্চারণের কতিপয় নিয়ম : ম বর্ণের সাধারণ উচ্চারণ [ম]।

ক. শব্দের আদিতে ব্যঞ্জনযুক্ত ম-ফলা থাকলে সে 'ম' উচ্চারিত হয় না। তবে ম-ফলা যুক্ত ব্যঞ্জনে যে স্বরধ্বনি থাকে তা সানুনাসিক [ঁ] এর মতো উচ্চারিত হয়। যেমন : শ্মশান (শঁশান), স্মরণ (শঁরোন), স্মারক (শাঁরোক্)।

খ. ব্যতিক্রম : শব্দের মধ্যে বা অন্তে 'গ, ঙ, ট, ণ, ন, ম এবং ল'-এর সঙ্গে ম-ফলা যুক্ত হলে সেই 'ম' ফলা উচ্চারিত হয়। যেমন : যুগ্ম [জুগ্‌মো], জন্ম [জন্‌মো], গুল্ম [গুল্‌মো], উন্মাদ [উন্‌মাদ], বাগ্মী [বাগ্‌মি], বাঙ্ময় [বাঙ্‌ময়], চিন্ময় [চিন্‌ময়], কুট্মল [কুট্‌মল], সম্মান (শম্‌মান), মৃন্ময় [মৃন্‌ময়], বাল্মীকি [বাল্‌মিকি] ইত্যাদি।

গ. শব্দের মধ্যে বা অন্তে ম-ফলাযুক্ত ব্যঞ্জনের 'ম' উচ্চারিত হয় না, ব্যঞ্জনটির উচ্চারণ দ্বিত্ব ঘটে এবং ব্যঞ্জনে যুক্ত স্বরধ্বনিটি সানুনাসিক উচ্চারিত হয়। যেমন : আত্মীয় [আতত্তিঁয়ো], পদ্ম [পদ্দোঁ], ভস্ম [ভশ্শোঁ], আত্মা [আত্তাঁ] ইত্যাদি।

ঘ. সংযুক্ত ব্যঞ্জনের সঙ্গে যুক্ত ম-ফলা উচ্চারিত হয় না; তবে সংযুক্ত ব্যঞ্জনে যুক্ত স্বরধ্বনিটি সানুনাসিক উচ্চারিত হয়। যেমন : সূক্ষ্ম [শুক্‌খোঁ], লক্ষ্মী [লোক্‌খিঁ]।

ঙ. বাংলায় কতিপয় ম-ফলা যুক্ত সংস্কৃত শব্দ আছে যাদের ম-ফলা উচ্চারিত হয়। যেমন : স্মিত [স্মিতো], সুস্মিতা [শুস্‌মিতা], আত্মম্ভরী [আত্মম্ভরি]।

'য' ফলা (্য)

য বর্ণের উচ্চারণ [জ্]। যেমন : যদি [জোদি], যিনি [জিনি], সূর্য [শুর্জো]। তবে য-ফলা থাকলে স্বরের উচ্চারণে পরিবর্তন হয়। যেমন : ব্যতীত [বেতিতো], ব্যথা [ব্যাথা]।

ক. শব্দের আদিতে য-ফলা যুক্ত হলে য-ফলা যুক্ত বর্ণটির উচ্চারণে সাধারণত 'অ্যা' ধ্বনি উচ্চারিত হয়। যেমন : ব্যর্থ [ব্যার্থো], ব্যাঘাত [ব্যাঘাত], খ্যাত [খ্যাতো], ব্যাকরণ [ব্যাকরোন্], শ্যামল [শ্যামোল্], ন্যস্ত [ন্যাস্তো], ব্যবধান [ব্যাবোধান্]।

খ. শব্দের আদ্য বর্ণের সঙ্গে যুক্ত য-ফলার পরে যদি ই-জাত বা ঈ-জাত স্বর থাকে সেক্ষেত্রে য-ফলা যুক্ত বর্ণটি আ-কারান্ত না হয়ে এ-কারান্ত উচ্চারিত হয়। যেমন : ব্যতিক্রম [বেতিক্রোম], ব্যথিত [বেথিতো], ব্যতীত [বেতিতো] ইত্যাদি।

গ. শব্দের মাঝখানে বা শেষে য-ফলা বর্ণের সঙ্গে যুক্ত থাকলে ঐ বর্ণের দ্বিত্ব হয়। যেমন : উদ্যম [উদ্দম], গদ্য [গোদ্দো], অদ্য [অদ্দো], শয্যা [শোয্যা], জন্য [জোন্না], লক্ষ্য [লোক্খো], পদ্য [পোদ্দো], তথ্য [তোত্থো], নব্য [নোব্বো], বাধ্য [বাদ্ধো]।

- ভিন্ন শব্দের মধ্যে বা শেষে যুক্তব্যঞ্জনের সঙ্গে থাকা 'য'-এর দ্বিত্ব হয় না, যেমন : সন্ধ্যা [শোনধ্যা], ছায়া [ছায়া], অর্ঘ্য [অর্ঘো], শয্যা [শয্যা], সন্ন্যাসী [শোন্নাশি], অন্ত্য [অন্তো], বন্ধ্যা [বোন্ধ্যা], ভস্ম [ভশ্মো], মর্ত্য [মোর্তো] ইত্যাদি।

'র' ফলা (্র)

র বর্ণের উচ্চারণ [র্]। তবে র-ফলা হিসেবে এর উচ্চারণে বৈচিত্র্য আছে।

ক. শব্দের আদিতে অ-কারান্ত ব্যঞ্জনে র-ফলা যুক্ত হলে ঐ র-ফলা যুক্ত ব্যঞ্জন ও-কারান্ত হয়, কিন্তু ব্যঞ্জনটির উচ্চারণ দ্বিত্ব হয় না। যেমন : প্রকাশ (প্রোকাশ), ব্রত [ব্রোতো], গ্রহ [গ্রোহো], শ্রমিক [শ্রোমিক], ভ্রম [ভ্রোম], প্রধান [প্রোধান্], প্রমাণ [প্রোমান্], ভ্রূ [ভ্রু], প্রয়োজন [প্রোয়োজোন], প্রতিদান [প্রোতিদান]।

খ. শব্দের মধ্যে বা অন্তে ব্যঞ্জনবর্ণের সঙ্গে র-ফলা যুক্ত হলে ব্যঞ্জনটির দ্বিত্ব উচ্চারণ হয়। যেমন : মাত্র [মাত্তর্], বিদ্রোহ [বিদ্রোহো], বাহী [বাহ্নি], পরিশ্রম [পোরিশ্রোম], স্নিগ্ধ [শ্নিগ্ধো], বিচিত্র [বিচিত্রো], দ্বি [দ্বিত্রো] ইত্যাদি।

গ. শব্দের মধ্যে বা শেষে যুক্তব্যঞ্জনের সঙ্গে র-ফলা যুক্ত হলে দ্বিত্ব উচ্চারণ হয় না। যেমন : কেন্দ্র [কেন্দ্রো], শস্ত্র [শস্ত্রো], বস্ত্র [বস্ত্রো], যন্ত্র [যন্ত্রো], অস্ত্র [অস্ত্রো], রক্ত [রক্তো], যান্ত্রিক [জান্ত্রিক], রবীন্দ্র [রাবিন্দ্রো], তান্ত্রিক [তান্ত্রিক]

'ল' ফলা (্ল)

'ল' ফলা উচ্চারণের কতিপয় নিয়ম :

ক. শব্দের আদিতে ল-ফলা যুক্ত ব্যঞ্জনবর্ণের উচ্চারণ অবিকৃত থাকে। যেমন : ক্লান্তি [ক্লান্তি], প্লাবন [প্লাবোন], ক্লেশ [ক্লেশ], ম্লান [ম্লান], গ্লাস [গ্লাস], প্লাস্টিক [প্লাস্টিক] ইত্যাদি।

খ. শব্দের মধ্যে ও অন্তে ব্যঞ্জনবর্ণ ল-ফলা যুক্ত হলে ব্যঞ্জনটির উচ্চারণ দ্বিত্ব হয়। যেমন : বিপ্লব [বিপ্পলব্], অক্লেশে [অক্কেশে], অক্লান্ত [অক্কান্তো], আত্মগ্লানি [আত্তোগ্লানি], বিশ্লিষ্ট [বিশ্লিশ্টো], শুক্ল [শুক্লা] ইত্যাদি।

'শ' বর্ণের উচ্চারণ

শ কখনো [শ]-এর মতো উচ্চারিত হয়, কখনো [স]-এর মতো উচ্চারিত হয়। ষ কখনো [শ]-এর মতো উচ্চারিত হয়, আবার কখনো [স]-এর মতো উচ্চারিত হয়। ষ বর্ণের উচ্চারণ সব সময়ে [শ]।

শ বর্ণের [শ] উচ্চারণ: শত [শতো], শশা [শশা]।

শ বর্ণের [স] উচ্চারণ: শ্রমিক [শ্রোমিক], শ্রদ্ধা [শ্রোদ্ধা]।

'ষ' বর্ণের উচ্চারণ

ষ বর্ণের [শ] উচ্চারণ: ভাষা [ভাশা], ষোলো [শোলো]।

'স' বর্ণের উচ্চারণ

স বর্ণের [শ] উচ্চারণ: সাধারণ [শাধারোন্], সামান্য [শামান্নো]।

স বর্ণের [স] উচ্চারণ: আস্তে [আস্তে], সালাম [সালাম্]।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

কতিপয় শব্দের প্রমিত উচ্চারণ

শব্দ	উচ্চারণ	শব্দ	উচ্চারণ
অভিমান	ওভিমান্	অনুকূল	অনুকূল্
অন্য	অরোন্নো	অনুগ্রহ	অনুগ্রোহো
অনুশাসন	অনুশাশোন্	অধ্যাপক	অদ্ধ্যাপোক্
অনুযুক্ত	অনুজুক্তো	অর্ঘ/অর্ঘ্য	অর্ঘো
অন্তরীয়	আন্তরিয়ো	অন্তর্দৃষ্টি	অন্তোরদৃশটি
অপরাহ্ণ	অপোরান্হো	অভিজ্ঞ	ওভিগ্ণো
অধ্যবসায়	ওদ্ধ্যোবশায়	অনভ্যাস	অনোবভ্যাশ্
অনন্যোপায়	অনোন্নোপায়	অনুষ্ঠান	অনুশ্ঠান্
অনুক্তি	অনুতুক্তি	অব্যক্ত	অব্যব্যাক্তো
অধিকন্তু	ওধিকোন্তুো	আহ্লাদ	আল্হাদ্
অনাত্ম	অনোত্মো	অনুভূতি	অনুভুতি
অধিকার	ওধিকার্	অজ্ঞাত	অগ্ণ্যাতো
অধীন	ওধিন্	অসভ্য	অশোব্ভো
অন্তস্থ	অন্তোস্থো	অধ্যাত্ম	অদ্ধ্যাত্মো
অক্ষাংশ	অক্ষ্যাংশো	অনূর্ধ্ব	অনুরধ্বো
অক্ষম্য	অক্ষ্যাগম্যো	অন্যূন	অন্যুনো
অজ্ঞান	অগ্ণ্যান্	অজ্ঞ	অগ্ণো
অক্ষয়	অক্ষ্যয়	অব্যয়	অব্বয়
অন্যায়	অন্যন্যায়	অকথ্য	অকোত্থো
অযুযিত	অদ্যুশিতো	অমসৃণ	অমোস্সৃন্
অতুল	অতুল্/অতুল্	অকস্মাৎ	অকোশ্শাত্
অগত্যা	অগোত্যো	অর্ঘ্য	অর্ঘো
অন্তঃসার	অন্তোশশার্	অপসৃত	অপোস্সৃতো
অনন্ত	অনোন্তো	অদ্বিতীয়	অদ্দিতিয়ো
অনেক্য	অনোইক্কো	অত্যুক্তি	অত্যুক্তি
অকালপক্ব	অকাল্পক্কো	অন্তঃশীলা	অন্তোশ্শিলা
অকৃতঘ্ন	অকৃতঘ্নো	অন্তরিক্ষ	অন্তোরিক্খো
অক্ষয়	অক্ষয়	অধ্যয়ন	অদ্ধয়ন্
অক্ষি	অক্খি	অনুরাগ	অনুরাগ্
অঘ্রাণ	অগ্ঘ্রান্	আকস্মিক	আকোশ্শিক
অচলায়তন	অচলায়োতন্	আহ্বায়ক	আওভায়োক্
অখ্যাত	অক্খ্যাতো	উদ্বন্ধন	উদ্বন্ধোন্
আশ্চর্য	আশ্চোরজো	উদ্বোধন	উদ্বোধোন্
আত্মশ্লাঘা	আতোশ্লাঘা	উন্মার্গ	উন্মারগো
ইতিহাস	ইতিহাশ্	ঈশান	ইশান্
ঈশ্বর	ইশ্শর্	ঋষি	রিশি
উদ্বেলিত	উদ্বেলিতো	ঋতু	রিতু
উচ্ছৃঙ্খল	উচ্ছ্রিঙ্খল্	উন্মত্ত	উন্মতো
উচ্চতর	উচ্চোতরো	উৎকৃষ্ট	উত্কৃশ্টো
উদ্যত	উদ্দতো	উন্নাসিক	উন্নাশিক্
উপাত্ত	উপাত্তো	উচ্চতম	উচ্চোতমো
উদ্যোক্তা	উদ্দোক্তা	উপগ্রহ	উপোগ্রোহো
উদ্বৃত্ত	উদ্বৃত্তো	একবিংশ	একোবিংশো
উৎকৃষ্ট	উত্কৃশ্টো	কল্যাণ	কোল্ল্যান্
উত্থান	উত্থান্	কায়স্থ	কায়োস্থো
ঊর্ধ্ব	উর্ধ্বো	ঊহ্য	উজ্ঝো
একতারা	অ্যাকতারা	কাশ্মীর	কাশ্মির্
একগুঁয়ে	অ্যাক্গুঁয়ে	একতা	এ্যাকোতা
ওতপ্রোত	ওতোপ্রোতো	কেমন	ক্যামোন্
কাষ্ঠ	কাশ্ঠো	কিংবদন্তি	কিঙ্বদোন্তি
কর্তব্য	করতোব্বো	কৃষিজীবী	কৃশিজিবি

শব্দ	উচ্চারণ	শব্দ	উচ্চারণ
কস্মিন	কোশ্মিন্	কস্মিনকালে	কোশ্মিনকালে
কৃষ্ণ	কৃশ্ণো	গণতন্ত্র	গনোতন্ত্রো
গণগ্রাম	গনগ্রাম	গ্রীষ্ম	গ্রিশ্মো
গুল্ম	গুল্মো	গ্রাহ্য	গ্রাজ্ঝো
গীতাঞ্জলি	গিতাঞ্জোলি	জ্ঞেয়	গ্যেও
ছন্ন	ছন্নো	জ্ঞান	গ্যান
জ্ঞাপক	গ্যাপক	জ্ঞাপিত	গ্যাপিতো
জ্ঞাতি	গ্যাতি	মনঃশ্রুতি	মনোশ্রুতি
চলচ্চিত্র	চলোচ্চিত্রো	দাহ্য	দাজ্ঝো
চৌদ্দ	চোদ্দো	চট্টগ্রাম	চটটোগ্রাম
চক্রবাক	চক্রোবাক্	চরিত্র	চোরিত্রো
জনসংখ্যা	জনোশোঙ্খ্যা	জ্যামিতি	জ্যামিতি
জয়ধ্বনি	জয়োদ্ধোনি	জ্যোৎস্না	জোত্স্না
জীবাশ্ম	জিবাশ্শো	জনশ্রুতি	জনোশ্রুতি
জ্যোতিষ্ক	জোতিশ্কো	তপস্বী	তপোশ্শি
তত্র	তত্রো	ত্যক্ত	ত্যাক্তো
তক্ষক	তোক্খক	তক্ষক	তোক্খক
তথাকথিত	তথাকোথিতো	ত্রিকালদর্শী	ত্রিকালদোর্শি
ততোধিক	ততোধিক্	তৃতীয়	তৃতিয়ো
ত্রস্ত	ত্রোস্তো	দুঃসাহস	দুশ্শাহোশ্
দ্রব্য	দ্রোব্বো	দ্রোহ	দ্রোহো
দুঃখ	দুক্খো	দুঃসময়	দুশ্শময়
দর্শনীয়	দর্শোনিয়ো	দন্ত্য	দন্তো
দ্বন্দ্ব	দন্দো	দ্বিত্ব	দিত্তো
দাসত্ব	দাশত্তো	দুরদৃষ্ট	দুরদৃশটো
দরিদ্র	দোরিদ্দ্রো	ধ্যান	ধ্যান্
ধৃত	ধৃতো	ধ্রুপদি	ধ্রুপোদি
নিশ্চিত	নিশ্চিতো	নিঃসন্তান	নিশ্শনতান্
নৈবেদ্য	নোইবেদ্দো	ন্যস্ত	নস্তো
নিঃসঙ্গ	নিশ্শংগো	নীলাম্বরি	নিলাম্বোরি
ন্যায়সঙ্গত	ন্যায়শংগতো	নম্র	নম্রো
নিকৃষ্ট	নিকৃশ্টো	নশ্বর	নশ্শর্
নিঃসম্বল	নিশ্শম্বল্	নৈঋত	নোইর্রিত্
নিভৃত	নিভৃতো	পথ্য	পোত্থো
নৃত্য	নৃত্তো	প্রত্যয়	প্রোত্তয়
প্রগতি	প্রোগোতি	পাষাণ	পাশান্
প্রাণপণ	প্রান্পোন্	প্রত্যঙ্গ	প্রোত্তঙ্গো
পরিতুষ্ট	পোরিতুশ্টো	প্রকৃষ্ট	প্রোকৃশ্টো
প্রিয়তম	প্রিয়োতমো	প্রবন্ধ	প্রোবন্ধো
প্রশস্তি	প্রোশোস্তি	প্রশস্ত	প্রোশস্তো
পথচারী	পথ্চোরী	পর্যন্ত	পোর্জোন্তো
পত্তন	পত্তোন্	প্রথম	প্রোথম্
প্রৌঢ়	প্রৌঢ়ো	প্রক্ষেপ	প্রোক্খেপ্
প্রশ্ন	প্রোস্নো	প্রমা	প্রোমা
প্রজ্বলিত	প্রোজ্জোলিতো	প্রতিজ্ঞা	প্রোতিগ্ণা
প্রশ্রয়	প্রোস্স্রয়	প্রণাম	প্রোনাম্
বিব্রত	বিব্ব্রোতো	বিশ্লেষণ	বিস্লেশন্
বাস্তবিক	বাস্তোবিক্	বিচ্ছেদ	বিচ্ছেদ্
বন্টন	বন্টোন্	ব্যতীত	বেতিতো
বন্য	বোন্নো	ব্রত	ব্রোতো
ব্যবসায়	ব্যাবোশায়	ব্যর্থ	ব্যার্থো

CamScanner

শব্দ	উচ্চারণ	শব্দ	উচ্চারণ
বিন্যাস	বিনন্যাশ্	বাস্তব	বাস্তোব্
বিষবৃক্ষ	বিশোবৃক্খো	বিপক্ষ	বিপোক্খো
বিখ্যাত	বিক্খ্যাতো	ব্যতিক্রম	বেতিক্রোম্
বনভোজন	বোনভোজোন্	বিন্যস্ত	বিন্যস্তো
বৃহত্তর	বৃহত্তরো	ব্রহ্মাণ্ড	ব্রোহ্মান্ডো
বংশজ	বঙ্শোজো	বিমিশ্র	বিমিশ্রো
বিস্তৃত	বিস্তৃতো	বাহ্যিক	বাজ্যিক্
ব্যয়	ব্যাপ্রো	ব্যবশা	ব্যাবশা
বিত্ত	বিত্তো	বৈশাখ	বোইশাখ্
বনস্পতি	বনোশ্পোতি	প্লাবন	প্লাবোন্
বাঞ্ছিত	বোন্ছিতো	বন্যা	বোন্না
বিশেষজ্ঞ	বিশেশগ্যো	বক্ষ	বোক্খো
বহুব্রীহি	বোহুব্রিহি	বিস্ময়	বিস্ময়
বুভুক্ষা	বুভুক্খা	ব্যাকুল	ব্যাকুল্
বশ্যতা	বোশ্শোতা	বাহ্য	বাজ্যো
ব্রহ্মপুত্র	ব্রোহ্মোপুত্রো	ব্যবচ্ছেদ	ব্যাবোচ্ছেদ
বিস্মরণ	বিস্শরোন্	ব্যাহত	ব্যাহতো
ব্যক্তি	বেক্তি	ব্যবস্থা	ব্যাবোস্থা
ব্যথিত	বেথিতো	ব্যক্ত	ব্যাক্তো
ব্যতিক্রম	বেতিক্রোম্	ব্যষ্টি	বেশ্টি
বিবস্ত্র	বিবস্ত্রো	বিধ্বস্ত	বিদ্ধস্তো
বিহ্বল	বিওব্বল্	ভর্তৃকি	ভোরতৃকি
ভয়ঙ্কর	ভয়োঙ্কর্	ভ্রষ্ট	ভ্রোশ্টো
ভবিষ্যৎ	ভোবিশ্যত্	ভাঙন	ভাঙ্গোন্
ভ্রাতুষ্পুত্র	ভ্রাতুশ্পুতোরো	মারাত্মক	মারাত্তোক্
মৌন	মোউনো	ব্যাপ্তি	ব্যাপ্তি
মন্ত্র	মন্ত্রো	মহত্ত্ব	মহোত্তো
মন্ত্রণালয়	মন্ত্রোনালয়	মঙ্গল	মঙ্গোল্
মৈনাক	মোইনাক্	যক্ষ	জোক্খো
যজ্ঞ	জোগ্গো	যকৃৎ	জক্কৃত্
যৌথ	জোউথো	যক্ষ্মা	জক্খা
যেমন	জ্যামোন্	রৈখিক	রোইখিক্
যখন	জখোন্	লভ্য	লোব্ভো
যাত্রা	জাত্রা	যন্ত্রণা	জন্ত্রোনা
রুক্মিণী	রুক্কিনি	লেহ্য	লেজ্ঝো
রঙিন	রোঙ্গিন্	রম্য	রোম্মো
রহস্য	রহোশ্শ্যো	রক্ষক	রোক্খোক্

শব্দ	উচ্চারণ	শব্দ	উচ্চারণ
লোচন	লোচন্	শৈল	শোইলো
লক্ষণ	লোক্খোন্	শ্রাবণ	শ্রাবোনো
লঙ্কা	লোঙ্কো	লক্ষ্মণ	লক্খোমোন্
লোকনীতি	লোকোনিতি	শল্য	শোল্লো
শ্রবণ	শ্রোবোন্	শনাক্ত	শনাক্তো
শুভক্ষণ	শুভোক্খোন্	শিক্ষক	শিক্খক
শুক্রবার	শুক্রোবার্	শেওলা	শ্যাওলা
শূর্পণখা	শুরপোনখা	শূন্য	সুন্যো
শ্রেষ্ঠ	শ্রেশ্ঠো	শ্রুতি	স্রুতি
শুশ্রূষ	শোশ্রুশ্রু	শ্লথ	স্লথো
শ্লেষ	শ্লেশ্	সক্রীয়	শক্রিয়
শ্রদ্ধা	শ্রোদ্ধা	সম্মান	শম্মান্
সম্প্রতি	শম্প্রোতি	সর্বত্র	শর্বোত্রো
সংক্ষিপ্ত	শোঙ্খিপ্তো	সর্বস্ব	শর্বোশ্শো
স্বর্গ	শর্গো	সঙ্কুচিত	শোঙ্কুচিতো
সম্পর্ক	শম্পর্কো	সহৃদয়	শহৃদয়
সমীক্ষণ	শোমিক্রন্	সমীক্ষা	শোমিক্খা
সমূহ	শোমুহো	সতী	শোতি
সমিতি	শোমিতি	সম্ভাষণ	শম্ভাশন্
সম্মিলিত	শম্মিলিতো	স্রষ্টা	স্রোশ্টা
সন্নিকট	শন্নিকট্	সন্ন্যাস	শোন্ন্যাশ্
সম্প্রীতি	শম্প্রিতি	সমুদ্র	শমুদ্দ্রো
সমুন্নত	শমুন্নতো	সমীচীন	শোমিচিন্
সমৃদ্ধি	সমৃদ্ধি	সম্পূর্ণ	শম্পুর্নো
সমুখিত	শমুত্থিতো	সম্পূরিত	শম্পুরিতো
সৌন্দর্য	শোউন্দোরজো	সংকীর্ণ	শংকির্নো
সর্বোত্তম	শর্বোত্তম্	স্রোতস্বতী	স্রোতোশ্শোতি
সদ্য	শোদ্যো	স্নিগ্ধ	স্নিগ্ধো
সবিনয়	শবিনয়	সংক্ষিপ্ত	শংখিপ্তো
স্মার্ত	শার্তো	সংবর্ত	শংবর্তো
স্বীকৃতি	শিক্কৃতি	সহ্য	শোজ্ঝো
স্বজন	শজোন্	স্মৃতিসৌধ	স্মৃতিশোউধো
সহস্র	শহোস্রো	স্বায়ত্তশাসন	শায়ত্তোশাশোন্
সংবর্ধনা	শংবর্ধোনা	স্নেহ	স্নেহো
ষড়ঋতু	শড়োরিতু	হ্রস্ব	রশ্শো

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র. উচ্চারণরীতি কাকে বলে? বাংলা উচ্চারণের তিনটি নিয়ম লেখ।

উত্তর : উচ্চারণরীতি : উচ্চারণ হলো একটি বাচনিক প্রক্রিয়া। অঞ্চল, সময়, ব্যক্তি ও ভৌগোলিক অবস্থানের ভিন্নতার কারণে উচ্চারণগত ভিন্নতাও দেখা যায়। পৃথিবীতে প্রচলিত ভাষাগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, শব্দের বানানের সাথে উচ্চারণের ধ্বনিগত পার্থক্য রয়েছে। অর্থাৎ বানান ও উচ্চারণ যে সর্বদা অভিন্ন হবে এমন কোনো কথা নেই। তাই পৃথিবীর প্রতিটি ভাষায় উচ্চারণের জন্য কতগুলো নিজস্ব নিয়ম বা সূত্র প্রণীত হয়েছে। উচ্চারণের এসব নিয়ম বা সূত্রকেই উচ্চারণরীতি বলে।

উচ্চারণের তিনটি নিয়ম নিচে বর্ণনা করা হলো :

ক. দুই অক্ষর বিশিষ্ট সর্বনাম বা অব্যয় পদে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ হয়। যেমন : এত (অ্যাতো), কেন (ক্যানো) ইত্যাদি।

খ. শব্দের গোড়ায় 'ব' ফলার কোনো উচ্চারণ নেই। যেমন : শ্বাস, শ্বাপদ। কিন্তু শব্দের মধ্যে 'ব' ফলা ব্যঞ্জনের দ্বিত্ব ঘটায়। যেমন : বিদ্বান (বিদ্দান্), স্বত্ব (শত্তো) ইত্যাদি।

গ. সংযুক্ত ব্যঞ্জনের সঙ্গে যুক্ত 'ম' ফলা উচ্চারিত হয় না, তবে সংযুক্ত ব্যঞ্জনে যুক্ত স্বরধ্বনিটি সানুনাসিক উচ্চারিত হয়। যেমন : সূক্ষ্ম (শুক্ষ্মো)।

প্র. 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো চারটি নিয়ম লেখ।

উত্তর : 'এ' ধ্বনি উচ্চারণের চারটি নিয়ম :

ক. শব্দের অন্তে 'এ' সংবৃত হয়। যেমন : পথে, ঘাটে, গুণে।

খ. একাক্ষর সর্বনাম পদের 'এ' সংবৃত হয়। যেমন : কে, সে, যে।

গ. 'ই' বা 'উ'-কার পরে থাকলে 'এ' সংবৃত হয়। যেমন : দেখি।

ঘ. দুই অক্ষর বিশিষ্ট সর্বনাম বা অব্যয় পদে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ হয়। যেমন : এত (অ্যাতো), কেন (ক্যানো) ইত্যাদি।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ MCQ

১. 'সুন্দর' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
ক শুন্দোর খ শুন্দর্ গ সুনদর ঘ শোনদর্ — উ: খ

২. 'অধ্যাপক' শব্দের প্রমিত উচ্চারণ–
ক অদ্‌ধ্যাপক খ অদ্‌ধ্যাপোক গ ওদ্‌ধ্যাপোক্ ঘ ওধ্‌ধ্যাপোক্ — উ: গ

৩. 'অনুশাসন' এর শুদ্ধ উচ্চারণ কোনটি?
ক শুনুশাশোন্ খ অনুশাসোন গ শুনুশাসোন ঘ অনুশাশোন — উ: ঘ

৪. 'আ' ধ্বনি উচ্চারণের সময়–
ক সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত হয়। খ কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত হয়।
গ পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত হয়। ঘ কেন্দ্রীয় ওষ্ঠাধর সংবৃত হয়। — উ: খ

৫. শুদ্ধ উচ্চারণ কোনটি?
ক তিতিক্‌খা খ তিতিখ্‌খা গ তিথিক্‌খা ঘ তিথিখ্‌খা — উ: ক

৬. 'বিস্মিত' এর শুদ্ধ উচ্চার–
ক বিশ্‌মিতো খ বিশ্‌শিত গ বিশমিত ঘ বিশ্‌শিতো — উ: ঘ

৭. 'অজ্ঞাত' শব্দটির প্রকৃত উচ্চারণ কোনটি?
ক অগ্‌গাত খ গ্‌গ্যাত গ অগ্‌গ্যাতো ঘ গ্যাত — উ: গ

৮. 'বিহ্বল' শব্দের ঠিক উচ্চারণ কোনটি?
ক বিহব্‌বল্ খ বিউভ্‌ল্
গ বিহভ্‌ভল্ ঘ বিওভ্‌বল্ — উ: খ

৯. কোন উচ্চারণটি প্রমিত নয়?
ক সমুদ্র – শোমুদ্‌দ্রো খ শ্রাবণ – স্রাবোন্
গ বাগ্মী – বাগ্‌মি ঘ আহ্বান – আহোবান্ — উ: খ

বাংলা দ্বিতীয় পত্র

বাংলা বানানের নিয়ম ও শব্দ শুদ্ধিকরণ

তৎসম শব্দ

১. তৎসম অর্থাৎ বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত শব্দের বানান যথাযথ ও অপরিবর্তিত থাকবে। কারণ এইসব শব্দের বানান ও ব্যাকরণগত প্রকরণ ও পদ্ধতি নির্দিষ্ট রয়েছে।

২. তবে যেসব তৎসম শব্দে ই ঈ বা উ ঊ উভয় শুদ্ধ সেইসব শব্দে কেবল ই বা উ এবং তার কারচিহ্ন (ি, ু) ব্যবহৃত হবে। যেমন : কিংবদন্তি, উষা।

৩. রেফ (র্) -এর পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : অর্চনা, অর্জন।

অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র শব্দ

১. **ই ঈ উ ঊ :** সকল অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র শব্দে কেবল ই এবং উ এবং এদের কারচিহ্ন (ি, ু) ব্যবহৃত হবে। এমনকি স্ত্রীবাচক ও জাতিবাচক ইত্যাদি শব্দের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। যেমন : গাড়ি, চুরি, দাড়ি, বাড়ি, ভারি (অত্যন্ত অর্থে), শাড়ি।

২. **ক্ষ :** ক্ষীর, ক্ষুর ও ক্ষেত শব্দ খির, খুর ও খেত না লিখে সংস্কৃত মূল অনুসরণে ক্ষীর, ক্ষুর ও ক্ষেত-ই লেখা হবে। তবে অ-তৎসম শব্দ খুদ, খুদে, খুর লেখা হবে।

৩. **মূর্ধন্য ণ, দন্ত্য ন :** তৎসম শব্দের বানানে ণ, ন-এর নিয়ম ও শুদ্ধতা রক্ষা করতে হবে। এ-ছাড়া তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র কোনো শব্দের বানানে ণত্ব-বিধি মানা হবে না অর্থাৎ ণ ব্যবহার করা হবে না। যেমন : অঘ্রান, ইরান।

৪. **রেফ (র্) ও দ্বিত্ব :** তৎসম শব্দের অনুরূপ বানানের ক্ষেত্রে যেমন পূর্বে বলা হয়েছে, অ-তৎসম সকল শব্দেও রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : কর্জ, কোর্তা, মর্দ, সর্দার।

৫. **বিসর্গ :** শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন : কার্যত, মূলত, প্রধানত, প্রয়াত, বস্তুত, ক্রমশ, প্রায়শ। পদমধ্যস্থ বিসর্গ থাকবে। তবে অভিধানসিদ্ধ হলে পদমধ্যস্থ বিসর্গ বর্জনীয়। যেমন : দুস্থ, নিস্পৃহ।

গুরুত্বপূর্ণ নিয়ম

❖ **রেফ (র্) সংক্রান্ত :** রেফের (র্) পরে ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হয় না। যেমন :

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
কার্য্যালয়	কার্যালয়	কর্ম্ম	কর্ম
সৌন্দর্য্য	সৌন্দর্য	কার্য্য	কার্য

❖ **অনুস্বার (ং) ও ঙ সংক্রান্ত :**

ক. ক-বর্গীয় বর্ণের আগে, অর্থাৎ ক, খ, গ, ঘ -এর আগে ং বসবে না, কেবল ঙ বসবে। যেমন :

ঙ + ক = ঙ্ক	অঙ্ক, নিরঙ্কুশ, বঙ্কিম, ত্রাসাঙ্ক, আশঙ্কা, পালঙ্ক।
ঙ + খ = ঙ্খ	অনুপুঙ্খ, পুঙ্খানুপুঙ্খ, শৃঙ্খলা, উচ্ছৃঙ্খল।
ঙ + গ = ঙ্গ	অঙ্গন, চতুরঙ্গ, সর্বাঙ্গীণ, অনুষঙ্গ, ফিরিঙ্গি।
ঙ + ঘ = ঙ্ঘ	অলঙ্ঘনীয়, কাঞ্চনজঙ্ঘা, দুর্লঙ্ঘ্য।

খ. ক-বর্গীয় বর্ণের আগে ং এবং ঙ দুটোই বসতে পারে, যদি শব্দটি সন্ধি দ্বারা গঠিত হয়। যেমন : অহংকার/অহঙ্কার, সংগীত/সঙ্গীত।

গ. কিছু কিছু শব্দ আছে যেখানে অবিকল্প ং বসবে। যেমন : সংকল্প, সংকীর্ণ।

❖ **ই/ঈ সংক্রান্ত :**

ক. দেশ, ভাষা, জাতিবাচক শব্দে ই-কার বসবে। যেমন : ইতালি, জার্মানি, ইংরেজি, আরবি, ফারসি, বাঙালি, ইত্যাদি। (ব্যতিক্রম– চীন, শ্রীলঙ্কা)।

খ. বস্তুবাচক শব্দে ই-কার বসবে। যেমন : বাড়ি, শাড়ি, কলসি, আলমারি।

গ. প্রাণিবাচক শব্দে ই-কার বসবে। যেমন : হাতি, মুরগি, জোনাকি ইত্যাদি।

ঘ. কর্ম ও পেশাবাচক শব্দে ই-কার বসবে। যেমন : মাস্টারি, দোকানদারি, ডাক্তারি, ডাকাতি, দালালি, জমিদারি, ওকালতি, চাকরি ইত্যাদি।

ঙ. সাধারণত তৎসম শব্দে ঈ-কার ব্যবহার হয়। যেমন : পক্ষী, হস্তী, কুম্ভীর।

❖ **সমাসবদ্ধ শব্দ ভেঙে লেখা :** সমাসবদ্ধ শব্দ ভেঙে লেখা হলে বানান অশুদ্ধ হবে। যেমন : 'জীবন ঘনিষ্ঠ' লিখলে বানান ভুল হবে। কারণ শব্দটি সমাসবদ্ধ। শুদ্ধ বানান হবে; 'জীবনঘনিষ্ঠ', ভেঙে লিখতে চাইলে লিখতে হবে; 'জীবনের সঙ্গে ঘনিষ্ঠ'। নতুবা বানান ভুল হবে। এমন অনেক শব্দ আছে, যেমন : 'কথা শিল্পী' নয়, 'কথাশিল্পী' 'বিলাত ফেরত' নয় 'বিলাতফেরত'। 'বাগান বাড়ি' নয়, 'বাগানবাড়ি', 'বীর পুরুষ' নয় হবে 'বীরপুরুষ'। এ বিষয়ে সতর্কতা বাঞ্ছনীয়। সতর্কভাবে বানানের নিয়ম এবং পাশাপাশি অভিধান দেখার অভ্যাস করলে এ জাতীয় ভুল কাটিয়ে ওঠা সম্ভব।

❖ **হাইফেনযুক্ত (-) সমাসবদ্ধ শব্দ :** আবশ্যিক ও বাঞ্ছিত ক্ষেত্রে সমাসবদ্ধ পদগুলোকে যুক্ত করার জন্যে হাইফেন বা পদসংযোগ চিহ্ন প্রয়োগ করা হয়। যেমন : চলতে-চলতে, এপাশ-ওপাশ, আইন-শৃঙ্খলা, কায়দা-কানুন।

❖ **ও-কার ব্যবহার :** ও-কারান্ত বিশেষণ পদে এবং ক্রিয়াপদে ও-কার ব্যবহার করতে হবে। নিচের তালিকা লক্ষণীয়–

বর্জনীয় বানান	শুদ্ধ বানান	বর্জনীয় বানান	শুদ্ধ বানান
ভাল	ভালো	বলব	বলবো
কাল	কালো	বলান	বলানো

❖ **'আনো' প্রত্যয়ান্ত শব্দের বানান :** 'আনো' প্রত্যয়ান্ত শব্দের শেষে ও-কার যুক্ত করা হবে। যেমন :

ওঠানো	জুতানো	বলানো	বেতানো
করানো	নামানো	খাওয়ানো	পাঠানো

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ বানান সতর্কতা

অ	অকালপক্ব, অকুতোভয়, অগ্রিম, অঙ্গীকার, অচিন্ত্য, অচিন্তনীয়।
আ	আত্মসাৎ, আদ্যোপান্ত, আন্তঃরাষ্ট্রীয়, আনুষঙ্গিক, আহ্নিক ।
ই	ইতঃপূর্বে, ইতোমধ্যে, ইতস্তত, ইদানীং, ইয়ত্তা, ইত্যাকার।
উ	উচ্চৈঃস্বরে, উজ্জ্বল (কিন্তু প্রজ্বলন), উত্তরসূরি, উদ্যত, উদীচী।
ঊ	ঊর্ধ্ব, ঊর্মি, ঊষর, ঊহ্য।
এ	একতা, একাকিত্ব, এক্ষুণি, এতদ্দ্বারা, এতদ্ব্যতীত, একাকী ।
ঐ	ঐকতান, ঐক্যবদ্ধ, ঐকমত্য, ঐক্য, ঐষীক, ঐকাত্ম্য, ঐহিক।
ঔ	ঔচিত্য, ঔদ্ধত্য, ঔদার্য, ঔরস, ঔদ্বাহিক।
ক	কখোপকথন, কনিষ্ঠ, করণিক, কর্মচারী, কল্যাণীয়াসু।
খ	খেলাধুলা, খাদ্যাভ্যাস, খর্জুর, খ্রিষ্টি, খ্রিষ্টাব্দ, খোশনবিশ।
গ	গণনা, গত্যন্তর, গর্ধভ, গৃহবধূ, গ্রন্থ,
ঘ	ঘটনাবলি, ঘ্রাণেন্দ্রিয়, ঘাঁটি, ঘূর্ণন, ঘনিষ্ঠ, ঘূর্ণ্যমান/ঘূর্ণায়মান।
চ	চিরুণ, চিরুনি, চূড়ান্ত, চূর্য, চূর্ণন, চূড়া, চিরায়ুষ্মান।
জ	জনপ্রতিনিধি, জনাব, জাজ্বল্যমান, জ্যেষ্ঠ।
ত	ত্বরিত, তড়িৎ, ততোধিক, তত্ত্বাবধায়ক, তদ্রূপ, তিতিক্ষা, ত্যাজ্য।
দ	দারুণ, দীর্ঘজীবী, দুরবস্থা, দুরূহ, দুর্গ, দুর্গা, দুর্নীতিগ্রস্ত, দূতাবাস।
ধ	ধূমপান, ধূলা/ধূলি, ধ্বজ, ধ্বংস, ধ্বন্যাত্মক।
ন	নস্যাৎ, নিক্কণ, নিরীহ, নির্বয়, নির্মাণ, নৃশংস, ন্যায়, ন্যূনতম।
প	পঙ্‌ক্তি, পড়শি, পথিকৃৎ, পিপীলিকা, পিশাচ, পুঙ্খানুপুঙ্খ, পূজা।
ফ	ফলপ্রসূ, ফলদ, ফণীন্দ্র, ফূর্তি (কিন্তু স্ফূর্তি)।
ব	বর্ণালি, বাঞ্ছনীয়, বিদুষী, বিদেশি, বিভীষিকা, বীভৎস, ব্যতিক্রম।
ভ	ভবিষ্যদ্বাণী, ভুজ, ভুয়া, ভুঁড়ি, ভূরিভোজন, ভ্রাম্যমাণ, ভূম্যধিকারী।
ম	মরীচিকা, মহীয়সী, মাহাত্ম্য, মধ্যাহ্ন, মন্বন্তর, মহেশ্বাস।
র	রাগিণী, রূপায়ণ, রৌদ্রোজ্জ্বল, রেস্তোরাঁ, রোরুদ্যমান, রশ্মি।
ল	লক্ষ করা, লক্ষ রাখা, লক্ষ্যমাত্রা, লোকান্তর, লুব্ধক, লাঞ্ছনা।
শ	শারীরিক, শিরশ্ছেদ, শুভাকাঙ্ক্ষী, শিরঃপীড়া, শুশ্রূষা, শ্বশুর।
ষ	ষড়যন্ত্র, ষাণ্মাসিক, ষড়ৈশ্বর্য, ষড়ানন, ষণ্মুখ।
স	সদ্যোজাত, সমীচীন, সন্ধ্যা, সন্ধেবেলা, সম্মানিত, সরকারি, সুধী, সৌন্দর্য, স্বচ্ছন্দ/স্বাচ্ছন্দ্য, স্বতঃসিদ্ধ, স্বাজাত্যবোধ, স্বায়ত্তশাসন।
হ	হৃৎপিণ্ড, হীনম্মন্যতা, হৃদরোগ, হরীতকী, হিরণ্ময়, হতোদ্যম।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : 'মাত্র' শব্দের অবস্থান সম্পর্কে লেখ।

উত্তর : 'মাত্র' শব্দটি প্রত্যেক, শুধু, পর্যন্ত, তখনই প্রভৃতি অর্থ বোঝালে এটি পূর্ববর্তী শব্দের সঙ্গে যুক্ত হয়ে বসে। যেমন : প্রাণীমাত্র, এইমাত্র, বলামাত্র, আসামাত্র। কিন্তু 'মাত্র' শব্দটি যদি কোনো শব্দের পূর্বে বসে তাহলে তা সর্বদাই পৃথক বসে। যেমন : সে আমাকে মাত্র পাঁচ টাকা দিয়েছে।

প্র : পিপিলিকা, নুন্যতম, মনিষী ও মহত্ব– শব্দগুলোর শুদ্ধ বানান লেখ।

উত্তর : প্রদত্ত শব্দগুলোর শুদ্ধ শব্দ নিম্নরূপ :

অশুদ্ধ শব্দ	শুদ্ধ শব্দ	অশুদ্ধ শব্দ	শুদ্ধ শব্দ
পিপিলিকা	পিপীলিকা	মহত্ব	মহত্ত্ব
মনিষী	মনীষী	নুন্যতম	ন্যূনতম

বর্ণনামূলক প্রশ্নোত্তর

প্র. বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

উত্তর : বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম নিম্নরূপ :

ক. বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত শব্দের বানান যথাযথ ও অপরিবর্তিত থাকবে। তবে যেসব তৎসম শব্দে ই, ঈ বা উ, ঊ উভয় শুদ্ধ সেই সব শব্দে কেবল ই বা উ এবং তার কার চিহ্ন (ি, ু) ব্যবহৃত হবে। যেমন : কিংবদন্তি, খঞ্জনি, চিৎকার, ধমনি, ধূলি, পঙ্‌ক্তি, পদবি, উর্ণা, উষা ইত্যাদি।

খ. সকল অ-তৎসম শব্দ অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র শব্দে কেবল ই বা উ এবং এদের কার চিহ্ন (ি, ু) ব্যবহৃত হবে। এমনকি স্ত্রীবাচক ও জাতিবাচক ইত্যাদি শব্দের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। যেমন : গাড়ি, চুরি, হিজরি, আরবি, শাড়ি, দাড়ি, বেশি, খুশি, হাতি, দাবি, বোমাবাজি ইত্যাদি।

গ. রেফ (র্) এর পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : অর্জ্জন, কর্ম্ম, কার্ত্তিক, কার্য্য, বার্দ্ধক্য, মূর্চ্ছা, সূর্য্য, উর্দ্ধ্ব ইত্যাদির পরিবর্তে অর্জন, কর্ম, কার্তিক, কার্য, বার্ধক্য, মূর্ছা, সূর্য, উর্ধ্ব ইত্যাদি ব্যবহার হবে।

ঘ. তৎসম শব্দে ট ঠ ড ঢ-এর পূর্বে যুক্ত নাসিক্যবর্ণ 'ণ' হয়। যেমন : কণ্টক, প্রচণ্ড, লুণ্ঠন। তবে অ-তৎসম শব্দের ক্ষেত্রে ট ঠ ড ঢ-এর পূর্বে কেবল 'ন' হবে। যেমন : গুন্ডা, ঝান্ডা, ঠান্ডা, ডান্ডা, লন্ঠন।

ঙ. এগারো থেকে আঠারো পর্যন্ত সংখ্যাবাচক শব্দে 'ও' কার বসে। যেমন : এগারো, বারো, তেরো, আঠারো।

গুরুত্বপূর্ণ MCQ

০১. কোন শব্দটি শুদ্ধ নয়?
ক সংখ্যা খ সংবর্ধনা গ উশৃঙ্খল ঘ অহংকার
উ: গ

০২. প্রমিত বাংলা বানানের নিয়মে কোনটি অশুদ্ধ?
ক বাঙালী খ বাড়ি গ কুমির ঘ হাতি
উ: ক

০৩. কোন বানানটি শুদ্ধ?
ক কাগয খ হাযার গ বাজার ঘ পুলিস
উ: গ

০৪. প্রমিত বাংলা বানানের নিয়মে কোনটি অশুদ্ধ?
ক কৃষ্টি খ স্টেশন গ গৃহস্থ ঘ ষ্টোর
উ: ঘ

০৫. কোন বানানটি ঠিক নয়?
ক অক্ষয় খ চৈতালী গ জাপানি ঘ রঙিন
উ: খ

০৬. কোনটি শুদ্ধ নয়?
ক প্রতিতি খ প্রকৃতি গ জ্যামিতি ঘ সমিতি
উ: ক

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক তৃনয়ণ খ ত্রিনয়ণ গ ত্রিনয়ন ঘ তৃনয়ন
উ: গ

০৮. কোনটি শুদ্ধ বানান?
ক শরিসৃপ খ শরীসৃপ গ সরিসৃপ ঘ সরীসৃপ
উ: ঘ

০৯. কোন শব্দের বানান অশুদ্ধ?
ক ঘনিষ্ঠ খ বৈশিষ্ট গ বৈদগ্ধ্য ঘ সশ্রদ্ধ
উ: খ

১০. কোনটি শুদ্ধ বানান?
ক মধুসুদন খ মধূসুদন গ মধূসূদন ঘ মধুসূদন
উ: ঘ

১১. কোন শব্দগুচ্ছ শুদ্ধ?
ক সমীচীন, কণ্ঠ, মাষ্টার খ অঙ্গুলি, দন্ডনীয়, কিংকর্তব্যবিমূঢ়
গ প্রতিযোগিতা, স্বাদেশীক, সন্তরণ ঘ সহযোগী, শিরশ্ছেদ, গুঞ্জরন
উ: ঘ

১২. নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক অন্তস্থল খ অন্তঃস্থল গ অন্তস্তল ঘ অন্ততল
উ: গ

১৩. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক সবিসেশ খ স্ববিশেস গ সবিশেষ ঘ শবিশেষ
উ: গ

১৪. কোন বানানগুলো শুদ্ধ?
ক উচ্চৃঙ্খল, চলচ্ছক্তি খ চলৎশক্তি, দুরূহ
গ উৎশৃঙ্খল, পুরাণ ঘ গরিব, নমষ্কার
উ: ক

১৫. কোন বানানটি শুদ্ধ?
ক ত্রিভূজ খ পরিপক্ক গ আকাঙ্খা ঘ পুণ্য
উ: ঘ

১৬. কোন বানানটি অশুদ্ধ?
ক সমীচীন খ প্রতীচী গ উদীচী ঘ অনাথীনী
উ: ঘ

১৭. কোন বানানটি শুদ্ধ নয়?
ক রুপালি খ অপরাহ্ন গ নীরদ ঘ অগ্রহায়ণ
উ: খ

CamScanner

বাংলা ভাষার ব্যাকরণিক শব্দশ্রেণি (পদ)

পদ : বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে। অর্থাৎ বিভক্তিযুক্ত শব্দকেই পদ বলা হয়। যেমন : এ বলমে (বলম + এ) লেখে ভালো।

পদের শ্রেণিবিভাগ

ব্যাকরণিক শব্দশ্রেণির (পদের) শ্রেণিবিভাগ : শব্দের ব্যাকরণগত অবস্থান তাদের বিভাজনকে ব্যাকরণিক শব্দশ্রেণি বলে। প্রচলিত ব্যাকরণে বাংলা ভাষার শব্দগুলোকে পাঁচটি শব্দশ্রেণিতে ভাগ করা হয়েছে। যথা : ১. বিশেষ্য ২. বিশেষণ ৩. সর্বনাম ৪. ক্রিয়া ও ৫. অব্যয়।

'প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ' গ্রন্থে মুখ্যত ব্যাকরণগত ভূমিকা অনুযায়ী বাংলা শব্দের শ্রেণিবিন্যাস করা হয়েছে। সে অনুযায়ী বাংলার শব্দশ্রেণিকে আট ভাগে ভাগ করা যায়। যথা : ১. বিশেষ্য ২. সর্বনাম ৩. বিশেষণ ৪. ক্রিয়া ৫. ক্রিয়াবিশেষণ ৬. যোজক ৭. অনুসর্গ ও ৮. আবেগ-শব্দ।

বিশেষ্য

বিশেষ্য : কোনো ব্যক্তি, বস্তু, স্থান বা প্রাণীর নামকে বিশেষ্য পদ বলে। বাক্যমধ্যে ব্যবহৃত যে সমস্ত পদ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয় তাদের বিশেষ্য পদ বলে।

প্রকারভেদ : বিশেষ্য পদ ছয় প্রকার। যথা : i. নাম বা সংজ্ঞাবাচক বিশেষ্য ii. জাতিবাচক বিশেষ্য iii. দ্রব্য বা বস্তুবাচক বিশেষ্য iv. সমষ্টিবাচক বিশেষ্য v. ভাববাচক বিশেষ্য ও vi. গুণবাচক বিশেষ্য।

সর্বনাম

সর্বনাম : বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। সর্বনাম সাধারণত বিশেষ্যের প্রতিনিধি স্থানীয় শব্দ। যেমন : হস্তী প্রাণিজগতের সর্ববৃহৎ প্রাণী। তার শরীরটি যেন বিরাট এক মাংসের স্তূপ।

দ্বিতীয় বাক্যে 'তার' শব্দটি প্রথম বাক্যের 'হস্তী' বিশেষ্য পদটির প্রতিনিধি স্থানীয় শব্দরূপে ব্যবহৃত হয়েছে। তাই 'তার' শব্দটি সর্বনাম পদ। বিশেষ্য পদ অনুক্ত থাকলে ও ক্ষেত্রবিশেষে বিশেষ্য পদের পরিবর্তে সর্বনাম পদ ব্যবহৃত হতে পারে। যেমন :

ক. যারা দেশের ডাকে সাড়া দিতে পারে, তারাই তো সত্যিকারের দেশপ্রেমিক।

খ. ধান ভানতে যারা শিবের গীত গায়, তারা স্থির লক্ষ্যে পৌঁছতে পারে না।

সর্বনামের শ্রেণিবিভাগ : বাংলা ভাষায় ব্যবহৃত সর্বনামসমূহ নানা প্রকারের হয়ে থাকে। যথা : ০১. ব্যক্তিবাচক বা পুরুষবাচক সর্বনাম, ০২. আত্মবাচক সর্বনাম, ০৩. সামীপ্যবাচক সর্বনাম, ০৪. দূরত্ববাচক সর্বনাম, ০৫. সাকল্যবাচক সর্বনাম, ০৬. প্রশ্নবাচক সর্বনাম, ০৭. অনির্দিষ্টতাজ্ঞাপক সর্বনাম, ০৮. সংযোগজ্ঞাপক সর্বনাম, ০৯. ব্যতিহারিক বা পারস্পরিক সর্বনাম, ১০. অন্যাদিবাচক সর্বনাম, ১১. যৌগিক সর্বনাম (অনিশ্চয়বাচক), ১২. সাপেক্ষ বা প্রতিনির্দেশক সর্বনাম।

বিশেষণ পদ

- **বিশেষণ :** যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন : করিম **ভালো** ফুটবল খেলে। **সুন্দর** বাগান। **চটপটে** ছেলে।
- **প্রকারভেদ :** বিশেষণ পদ প্রধানত দুই প্রকার। যথা : ১. নাম বিশেষণ ও ২. ভাব বিশেষণ।

১. **নাম বিশেষণ :** যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন :

ক. সর্বনামের বিশেষণ : সে **রূপবান** ও **গুণবান**।

খ. বিশেষ্যের বিশেষণ : **সুস্থ-সবল** দেহকে কে না ভালোবাসে?

নাম বিশেষণের প্রকারভেদ :

রূপবাচক	নীল আকাশ, সবুজ মাঠ, কালো মেঘ।
গুণবাচক	চৌকস লোক, দক্ষ কারিগর, ঠান্ডা হাওয়া।
অবস্থাবাচক	তাজা মাছ, রোগা ছেলে, খোঁড়া পা।
ক্রমবাচক	দশম শ্রেণি, সত্তর পৃষ্ঠা, প্রথমা কন্যা।
সংখ্যাবাচক	হাজার লোক, দশ দশা, শ টাকা।
পরিমাণবাচক	বিঘাটেক জমি, পাঁচ শতাংশ ভূমি, হাজার টনী জাহাজ, এক কেজি চাল, দু কিলোমিটার রাস্তা।
অংশবাচক	অর্ধেক সম্পত্তি, ষোলো আনা দখল, সিকি পথ।
উপাদানবাচক	বেলে মাটি, মেটে কলসি, পাথুরে মূর্তি।
প্রশ্নবাচক	কত দূর পথ? কেমন অবস্থা?
নির্দিষ্টতাজ্ঞাপক	এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ।

২. **ভাব বিশেষণ :** যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে, তাকে ভাব বিশেষণ বলে। যেমন : গাড়িটা **বেশ** জোরে চলছে।

প্রকারভেদ : ভাব বিশেষণ চার প্রকার। যথা : ক. ক্রিয়া বিশেষণের খ. বিশেষণের বিশেষণ গ. অব্যয়ের বিশেষণ ঘ. বাক্যের বিশেষণ।

নতুন ব্যাকরণ অনুযায়ী বিশেষণের প্রকারভেদ

প্রকারভেদ : বিশেষণকে নানা নামে উপস্থাপন করা যেতে পারে।

০১. **বর্ণবাচক বা রূপবাচক :** যে বিশেষণ দিয়ে রং নির্দেশ করা হয়, তাকে বর্ণবাচক বিশেষণ বলে। যেমন : **নীল** আকাশ, **সবুজ** মাঠ, **লাল** ফিতা, **কালো** মেঘ।

০২. **গুণবাচক :** যে বিশেষণ দিয়ে গুণ বা বৈশিষ্ট্য বোঝায়, তা-ই গুণবাচক বিশেষণ। যেমন : **চালাক** ছেলে, **ঠান্ডা** পানি, **চৌকস** লোক, **দক্ষ** কারিগর, **গরম** জল, **সৎ** লোক।

০৩. **অবস্থাবাচক :** যে বিশেষণ দিয়ে অবস্থা বোঝায়, তাকে অবস্থাবাচক বিশেষণ বলে। যেমন : **চলন্ত** ট্রেন, **তরল** পদার্থ, **তাজা** মাছ, **রোগা** ছেলে, **খোঁড়া** পা, **মুমূর্ষু** রোগী।

০৪. **ক্রমবাচক :** যে বিশেষণ দিয়ে ক্রমসংখ্যা বোঝায়, তাকে ক্রমবাচক বিশেষণ বলে। যেমন : **এক** টাকা, **আট** দিন, **সত্তর** পৃষ্ঠা, **হাজার** লোক, **দশ** দশা, **শ** টাকা।

০৫. **পূরণবাচক :** যে বিশেষণ দিয়ে পূরণসংখ্যা বোঝায়, তাকে পূরণবাচক বিশেষণ বলে। যেমন : **তৃতীয়** প্রজন্ম, **৩৪তম** অনুষ্ঠান, **সত্তরতম** পৃষ্ঠা, **প্রথমা** কন্যা।

০৬. **পরিমাণবাচক :** যে বিশেষণ দিয়ে পরিমাণ বা আয়তন বোঝায়, তাকে পরিমাণবাচক বিশেষণ বলে। যেমন : **আধা** কেজি চাল, **অনেক** লোক, **বিঘাটেক** জমি, **পাঁচ** শতাংশ ভূমি, **হাজার** টনী জাহাজ, **এক** কেজি চাল, **দু** কিলোমিটার রাস্তা, **অর্ধেক** সম্পত্তি, **ষোলো** আনা দখল, **সিকি** পথ।

০৭. **উপাদানবাচক :** যে বিশেষণ দিয়ে উপাদান নির্দেশ করে, তাকে উপাদানবাচক বিশেষণ বলে। যেমন : **বেলে** মাটি, **মেটে** কলসি, **পাথুরে** মূর্তি, **স্বর্ণময়** পাত্র।

০৮. **প্রশ্নবাচক :** যে বিশেষণ দিয়ে প্রশ্নবাচকতা নির্দেশিত হয়, তাকে প্রশ্নবাচক বিশেষণ বলে। যেমন : **কেমন** গান? **কতক্ষণ** সময়? **কত** দূর পথ? **কেমন** অবস্থা?

০৯. **নির্দিষ্টতাবাচক :** যে বিশেষণ দিয়ে বিশেষিত শব্দকে নির্দিষ্ট করা হয়, তাকে নির্দিষ্টতাবাচক বিশেষণ বলে। যেমন : **এই** দিনে, **সেই** সময়, **এই** লোক, **সেই** ছেলে, **ছাব্বিশে** মার্চ।

১০. **ভাববাচক বিশেষণ :** যেসব বিশেষণ বাক্যের অন্তর্গত অন্য বিশেষণকে বিশেষিত করে, সেসব বিশেষণকে ভাববাচক বিশেষণ বলে। এটাকে বিশেষণের বিশেষণও বলা হয়। যেমন : 'খুব ভালো খবর' ও 'গাড়িটা **বেশ** জোরে চলছে'।

১১. **বিধেয় বিশেষণ :** বাক্যের বিধেয় অংশে যেসব বিশেষণ বসে, সেসব বিশেষণকে বিধেয় বিশেষণ বলে। যেমন : 'লোকটা **পাগল**' বা 'এই পুকুরের পানি **ঘোলা**'।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ক্রিয়াপদ

- **ক্রিয়াপদ :** যে পদের দ্বারা কোনো কাজ করা বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। যেমন : ফুল ফুটেছিল। বৃষ্টি হবে।
- **ক্রিয়াপদের গঠন :** ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়াপদ গঠিত হয়। যেমন : 'পড়ি' = পড় + ই। এখানে 'পড়্' ধাতু ও 'ই' ক্রিয়াবিভক্তি।

➢ **ক্রিয়াপদের শ্রেণিবিভাগ :** ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে দু'ভাগে ভাগ করা হয়। যথা : ক. সমাপিকা ক্রিয়া খ. অসমাপিকা ক্রিয়া।

ক. সমাপিকা ক্রিয়া : যে ক্রিয়া দিয়ে বাক্যের (বা মনোভাবের) পরিসমাপ্তি ঘটে, তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন : নাদিয়া বই পড়ছে। ছেলেরা খেলা করছে।

সমাপিকা ক্রিয়ার গঠন : সমাপিকা ক্রিয়া সকর্মক, অকর্মক ও দ্বিকর্মক হতে পারে। ধাতুর সঙ্গে বর্তমান, অতীত বা ভবিষ্যৎ কালের ক্রিয়া বিভক্তি যুক্ত হয়ে সমাপিকা ক্রিয়া গঠিত হয়।

খ. অসমাপিকা ক্রিয়া : যে ক্রিয়া দিয়ে বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন : আমি কলেজে গিয়ে-। এখানে 'গিয়ে' ক্রিয়াপদ দ্বারা মনের ভাব শেষ হয়নি; মনের ভাব সম্পূর্ণ হতে আরও শব্দের প্রয়োজন। তাই 'গিয়ে' একটি অসমাপিকা ক্রিয়া।

ক্রিয়া বিশেষণ

- **ক্রিয়াবিশেষণ :** যে বিশেষণ পদ ক্রিয়ার বিশেষ অবস্থা বা ক্রিয়া কীরূপে সম্পন্ন হয়েছে তা জানিয়ে দেয়, তাকে ক্রিয়াবিশেষণ বলে। অর্থাৎ ক্রিয়াবিশেষণ (adverb) বাক্যের ক্রিয়াকে বিশেষিত করে থাকে। এটি ক্রিয়ার গুণ, প্রকৃতি, বৈশিষ্ট্য ও অর্থ প্রকাশক শব্দ হিসেবে কাজ করে এবং ক্রিয়ার সময়, স্থান, প্রকার, উৎস, তীব্রতা, উপকরণ ইত্যাদি প্রকৃতিগত অবস্থার অর্থগত ধারণা দেয় (ক্রিয়াবিশেষণ সাধারণত কর্ম ও ক্রিয়ার পূর্বে বসে)। যেমন : কারা যেন গুনগুনিয়ে গান গাচ্ছিল।
- **ক্রিয়াবিশেষণের প্রকারভেদ :** ক্রিয়াবিশেষণকে কয়েক ভাগে ভাগ করা যায়। যথা :

১. ধরনবাচক ক্রিয়াবিশেষণ	টিপ টিপ বৃষ্টি পড়ছে। ঠিকভাবে পথ চলো। কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।
২. কালবাচক ক্রিয়াবিশেষণ	আজকাল ফলের চেয়ে ফুলের দাম বেশি। বাবা এখনি বাড়ি ফিরবেন।
৩. স্থানবাচক ক্রিয়াবিশেষণ	মিছিলটি সামনে এগিয়ে যায়। সাপটা ওখানে লুকিয়েছে।
৪. নেতিবাচক ক্রিয়াবিশেষণ	আমি এখন যাব না। এমন কথা আমার জানা নেই। তিনি গতকাল ঢাকায় যান নি।
৫. পদাণু ক্রিয়াবিশেষণ	আমি কি যাব? খুব যে বলেছিলেন আসবেন! মরি তো মরব।
৬. সংযোজক ক্রিয়াবিশেষণ	তোমার কথা হয়তো সত্যি, অবশ্য আমি তা মানতে পারছি না। কাজে তার মন নেই, তাছাড়া সে কাজ পারেও না।

- **ক্রিয়াবিশেষণের গঠন :** বিভক্তি চিহ্ন ছাড়া কিংবা যোগে, অসমাপিকা ক্রিয়াপদ যোগে, শব্দদ্বৈত যোগে ক্রিয়াবিশেষণ গঠিত হয়। যেমন : অসমাপিকা ক্রিয়াপদ-যোগে ক্রিয়াবিশেষণ : ভালো করে (ইয়া > য়ে) হাঁটো।
শব্দদ্বৈত-যোগে ক্রিয়াবিশেষণ : ধীরে ধীরে ডুবছে।

যোজক

- **যোজক :** যে পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের কিংবা বাক্যের অন্তর্গত একটি পদের সঙ্গে অন্য পদের সংযোজন, বিয়োজন (পৃথককরণ) অথবা সংকোচন ঘটায়, তাকে যোজক বলে। যেমন : ফুলদানিটা ভালো করে ধরো, নইলে পড়ে যাবে।
- **যোজকের শ্রেণিবিভাগ :** যোজক শব্দকে কয়েক প্রকার হয়। যথা :

ক. **সাধারণ যোজক :** এ ধরনের শব্দশ্রেণি দুটি শব্দ কিংবা বাক্যকল্পকে জুড়ে দেয়। এবং, ও, আর সাধারণ যোজক শব্দ। যেমন :
দুটো শব্দের সংযোগ : সুখ ও সমৃদ্ধি কে না চায়?
দুটো বাক্যকল্পের সংযোগ : আমাদের সমাজ আর ওদের সমাজ একরকম নয়।

খ. **বৈকল্পিক যোজক (alternative connectives) :** এ ধরনের যোজক একাধিক শব্দ বা বাক্যকল্প বা বাক্যের মধ্যে বিকল্প নির্দেশ করে। যেমন : লাল বা নীল যে কোনো রং হলেই চলবে। সারাদিন খুঁজলাম, অথচ বইটা পেলাম না।

গ. **বিরোধমূলক যোজক (adversative contrasting connectives) :** এ ধরনের যোজক দুটি বাক্যের সংযোগ ঘটাতে দ্বিতীয়টির সাহায্যে প্রথম বাক্যের বক্তব্যের সংশোধন বা বিরোধ নির্দেশ করে। যেমন : এত পরিশ্রম করলাম, তবু ফল পেলাম না।

ঘ. **কারণবাচক যোজক (causal connectives) :** এটি দুটি বাক্যের মধ্যে সংযোগ ঘটায়, যার একটি অন্যটির কারণ। যেমন : যেহেতু ঠান্ডা লেগেছে, তাই আইসক্রিম খাচ্ছি না। এগুলোতে শর্তের অর্থও ফুটে ওঠে। যেমন : তুমি তাড়াতাড়ি রওনা দাও, নইলে ট্রেন ধরতে পারবে না।

ঙ. **সাপেক্ষ যোজক (correlative/conditional connectives) :** এ ধরনের যোজক একে অন্যের পরিপূরক হয়ে বাক্যে ব্যবহৃত হয়। প্রথাগত ব্যাকরণে এগুলো শর্তবাচক বা সাপেক্ষ বা নিত্যসম্বন্ধী অব্যয় নামে পরিচিত। কয়েকটি পরস্পর নির্ভরশীল যুগ্ম শব্দ (যদি.. তবে, যত... তত) পারস্পরিক যোজকরূপে ব্যবহৃত হয়। যেমন : যদি তুমি পরিশ্রম করো, তবে ভালো ফল পাবে। যত গর্জে তত বর্ষে না।

অনুসর্গ

- **অনুসর্গ :** 'অনুসর্গ' শব্দটির 'অনু' অর্থ- পরে বা পশ্চাতে, আর 'সর্গ' মানে সৃষ্টি বা ব্যবহার। বাংলা ভাষায় এক ধরনের সহায়ক শব্দ বাক্যে অন্য কোনো পদের পরে বসে পদটিকে বাক্যের সঙ্গে সম্পর্কিত করে কিংবা বিভক্তির মতো কাজ করে। এগুলো অনুসর্গ (post position) নামে পরিচিত। পদের পরে ব্যবহৃত হয় বলে এগুলোকে পরসর্গ বা কর্মপ্রবচনীয়ও বলা হয়ে থাকে।

➢ অনুসর্গ অব্যয়ের মতো। তাই এদের বিভিন্নভাবে ব্যবহার করলেও আকারের কোনো পরিবর্তন হয় না। যেমন : বিনি সুতায় গাঁথা মালা।

➢ **অনুসর্গের শ্রেণিবিভাগ :** গঠন ও ব্যুৎপত্তি অনুসারে অনুসর্গকে ভাগ করা চলে। ব্যুৎপত্তি অনুসারে অনুসর্গগুলোকে দুই ভাগে ভাগ করা যায়। যথা :
ক. নাম বা বিশেষ্য অনুসর্গ খ. ক্রিয়া অনুসর্গ

আবেগ শব্দ

- **আবেগ শব্দ :** আবেগ (interjection) শব্দের সাহায্যে মনের নানা ভাব বা আবেগকে প্রকাশ করা হয়। প্রথাগত ব্যাকরণে এগুলোকে অনন্বয়ী, মনোভাববাচক বা অন্তর্ভাবাত্মক অব্যয়ও বলা হয়। এ ধরনের শব্দ বাক্যের অন্য শব্দগুলোর সঙ্গে সম্পর্কিত না হয়ে স্বাধীনভাবে বাক্যে ব্যবহৃত হয়ে নানাবিধ ভাব প্রকাশে সাহায্য করে।

➢ **আবেগ- শব্দের শ্রেণিবিভাগ :**
মানুষের আবেগ বিচিত্র বলে আবেগ প্রকাশের সব শব্দ আকার পায় না। সাধারণত আবেগ-শব্দকে আট ভাগে ভাগ করা যায়। যেমন : ০১. সিদ্ধান্তবাচক আবেগ-শব্দ, ০২. প্রশংসাবাচক আবেগ-শব্দ,০৩. বিরক্তিসূচক আবেগ-শব্দ, ০৪. বিস্ময়সূচক আবেগ-শব্দ, ০৫. ভয় ও যন্ত্রণাবাচক আবেগ শব্দ, ০৬. সম্বোধনবাচক আবেগ-শব্দ, ০৭. করুণাবাচক আবেগ-শব্দ, ০৮. আলংকারিক আবেগ-শব্দ।

অব্যয় পদ

- **অব্যয় পদ :** ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয় না, অর্থাৎ যা অপরিবর্তনীয় শব্দ তাই অব্যয়। যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে।

➢ **অব্যয় পদের বৈশিষ্ট্য :**
i. অব্যয় পদের সঙ্গে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না।
ii. অব্যয় পদের একবচন বা বহুবচন হয় না।
iii. অব্যয় পদের স্ত্রী ও পুরুষবাচকতা নির্ণয় করা যায় না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

➤ **প্রকার :** বাংলা ভাষায় তিন প্রকার অব্যয় শব্দ রয়েছে। যথা : বাংলা অব্যয় শব্দ, তৎসম অব্যয় শব্দ এবং বিদেশি অব্যয় শব্দ।

১. **বাংলা অব্যয় শব্দ :** আর, আবার, ও, হ্যাঁ, না ইত্যাদি।

২. **বিদেশি অব্যয় শব্দ :** আলবত, বহুত, খুব, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।

৩. **তৎসম অব্যয় শব্দ :** যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত ইত্যাদি। 'এবং' ও 'সুতরাং' তৎসম শব্দ হলেও বাংলায় এগুলোর অর্থ পরিবর্তিত হয়েছে। সংস্কৃতে 'এবং' শব্দের অর্থ এমন, আর 'সুতরাং' অর্থ অত্যন্ত, অবশ্য। কিন্তু এবং = ও (বাংলা), সুতরাং = অতএব (বাংলা)।

➤ **অব্যয়ের প্রকারভেদ :**

অব্যয় পদ প্রধানত চার প্রকার। যথা : ১. সমুচ্চয়ী ২. অনন্বয়ী ৩. অনুসর্গ ৪. অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়।

কতিপয় পদ পরিবর্তন

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
অণু	আণবিক	আলাপ	আলাপি	চন্দ্র	চান্দ্র
অর্থ	আর্থিক	আকাশ	আকাশি	চীন	চৈনিক
অঙ্গ	আঙ্গিক	আনন্দ	আনন্দিত	বিষাদ	বিষণ্ন
অংশ	আংশিক	ইচ্ছা	ঐচ্ছিক	ভয়	ভীত
অগ্নি	আগ্নেয়	ইতিহাস	ঐতিহাসিক	শ্রম	শ্রান্ত
অধুনা	আধুনিক	ইন্দ্রজাল	ঐন্দ্রজালিক	আলোড়ন	আলোড়িত
অনুরাগ	অনুরক্ত	পুষ্প	পুষ্পিত	সামর্থ্য	সমর্থ
উত্তাপ	উত্তপ্ত	উত্তোলন	উত্তোলিত	উদ্দেশ	উদ্দিষ্ট
উদয়	উদিত	উদ্ধৃতি	উদ্ধৃত	উন্নয়ন	উন্নীত
প্রমাণ	প্রমাণিত	প্রকৃতি	প্রাকৃত	পঙ্ক	পঙ্কিল
পশ্চাৎ	পাশ্চাত্য	নুন	নোনতা	জটিলতা	জটিল
প্রসাদ	প্রসন্ন	পশম	পশমি	তারল্য	তরল
বপন/উপ্তি	উপ্ত	পরাভব	পরাভূত	ত্বরা	ত্বরিৎ
বিপদ	বিপন্ন	পাথর	পাথুরে	দুষ্টামি/দুষ্টুমি	দুষ্ট
ব্যবহার	ব্যবহারিক	পৃথিবী	পার্থিব	দারিদ্র্য	দরিদ্র
ফেন	ফেনিল	ব্যাকরণ	বৈয়াকরণ	আনুগত্য	অনুগত
বরণ	বরণীয়/বৃত	বসন্ত	বাসন্তী	আতিশয্য	অতিশয়
বিষয়	বৈষয়িক	বর্ষ	বার্ষিক	ইতরামি	ইতর
মন	মানসিক	বিলাত	বিলাতি	উন্নতি	উন্নত
মুখ	মৌখিক	ফুল	ফুলেল	ঔচিত্য	উচিত
মঙ্গল	মাঙ্গলিক	বধ	বধ্য/হত	ঔদ্ধত্য	উদ্ধত
মাংস	মাংসল	বস্তু	বাস্তব	ঋজুতা	ঋজু
মোহ	মুগ্ধ, মোহিত	মধু	মধুর/মধুময়	কারুণ্য	করুণ
মাস	মাসিক	মাঠ	মেঠো	কুঁড়েমি	কুঁড়ে
রুপা	রুপালি	মাছ	মেছো	কপটতা	কপট
রেশম	রেশমি	মাটি	মেটে	খেপামি	খেপা
সুতা	সুতি	মূল	মৌলিক	গৌরব	গুরু
সৌন্দর্য	সুন্দর	মরম	মরমি	গৌড়	গৌড়ীয়

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
সমর	সামরিক	মেয়ে	মেয়েলি	ঘর	ঘরোয়া
লোভ	লোভী	বিদ্যা	বিদ্বান	শ্যামলী	শ্যামল
শ্রদ্ধা	শ্রদ্ধেয়	শখ	শৌখিন	দৃঢ়তা	দৃঢ়
শ্রী	শ্রৈণ	শ্রী	শ্রীমান	দৈর্ঘ্য	দীর্ঘ
শৈত্য	শীত	শব্দ	শাব্দিক	ধৈর্য	ধীর
শৌর্য	শূর	শাঁস	শাঁসালো	নব্য	নব
হেম	হৈম	শীত	শীতল	লালিমা	লাল
হরণ	হৃত	সর্বনাশ	সর্বনাশা	সন্ধ্যা	সান্ধ্য
হুঁশ	হুঁশিয়ার	অভ্যন্তর	অভ্যন্তরীণ	অভিশাপ	অভিশপ্ত
ঈর্ষা	ঈর্ষু	উত্তোলন	উত্তোলিত	কৌতূহল	কৌতূহলী

বাক্যে পদের বিশিষ্ট প্রয়োগ

পুণ্য	বিশেষণ	তোমার এ পুণ্য প্রচেষ্টা সফল হোক।
	বিশেষ্য	পুণ্যে মতি হোক।
নিশীথ	বিশেষণ	নিশীথ রাতে বাজে বাঁশি।
	বিশেষ্য	গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত।
সত্য	বিশেষণ	সত্য পথে থেকে সত্য কথা বল।
	বিশেষ্য	এ এক বিরাট সত্য।
ভালো	বিশেষণ	ভালো লোক সবার প্রিয়।
		ভালো বাড়ি পাওয়া কঠিন।
	বিশেষ্য	আপন ভালো সবাই চায়।
		নিজের ভালো কে না চায়?
মন্দ	বিশেষণ	মন্দ লোককে শাস্তি পেতে হয় না।
		মন্দ কথা বলতে নাই।
	বিশেষ্য	মন্দকে মন্দ বলতে দোষ কী?
বড়	বিশেষণ	টাকা থাকলেই বড় লোক হয় না।
	বিশেষ্য	বড় ছোট ভেদাভেদ আমার নেই।
মূর্খ	বিশেষণ	মূর্খ লোকের মতো এসব কি বলছ?
	বিশেষ্য	মূর্খকে উপদেশ দিয়ে লাভ নেই।
আপন	সর্বনাম	আপন চেয়ে পর ভালো।
	বিশেষণ	আপন ভালো পাগলেও বোঝে।
চেনা	বিশেষণ	এ যে আমাদের চেনা লোক।
	বিশেষ্য	চেনাই অচেনা হয়ে যায়।
রাঁধা	বিশেষ্য	ভাত রাঁধাই মেয়েদের একমাত্র কাজ নয়।
	বিশেষণ	রাঁধা ভাত না খেয়ে চলে যেয়ো না।
ধরা	বিশেষ্য	মাছ ধরা জেলেদের পেশা।
	বিশেষণ	ধরা মাছ কি কেউ ছেড়ে দেয়?
অল্প	বিশেষণ	এত অল্প ভাতে পেট ভরবে না।
	বিশেষ্য	অল্পে সন্তুষ্ট থাকা ভালো।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

প্র. বাংলা সমাপিকা ক্রিয়া কালভেদে রূপান্তর হয়, কিন্তু লিঙ্গভেদে হয় না কেন? বুঝিয়ে লেখ।

উত্তর : যে ক্রিয়া দ্বারা বাক্যের বক্তব্য সমাপ্ত হয় এবং বাক্যটির অর্থ সম্পূর্ণরূপে বুঝতে পারা যায় তাকে সমাপিকা ক্রিয়া বলে। কিন্তু সমাপিকা ক্রিয়ার কালভেদে পরিবর্তন ঘটলেও লিঙ্গভেদে কোনো ধরনের পরিবর্তন ঘটে না। যেমন :

কাল	পুরুষলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
বর্তমান কাল	করিম বাজারে যাচ্ছে।	রহিমা বাজারে যাচ্ছে।
অতীত কাল	করিম বাজারে গিয়েছিল।	রহিমা বাজারে গিয়েছিল।
ভবিষ্যৎ কাল	করিম বাজারে যাবে।	রহিমা বাজারে যাবে।
উল্লেখ্য, এখানে 'যাওয়া' সমাপিকা ক্রিয়াটির রূপ কালভেদে পরিবর্তন ঘটেছে, কিন্তু লিঙ্গভেদে পরিবর্তন ঘটেনি।		

প্র. নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

ক. শাবাশ! দারুণ খেলেছে আমাদের ছেলেরা।

খ. চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে।

গ. সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।

ঘ. শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল।

ঙ. বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।

উত্তর : ক. আবেগ শব্দ

খ. ক্রিয়া বিশেষণ

গ. বিশেষণ

ঘ. বিশেষ্য ঙ. ক্রিয়া।

প্র. রেখাঙ্কিত শব্দগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় কর :

ক. বাহ, তুমি আবার কখন এলে!

খ. ফুল কি ফোটে নি শাখে?

গ. সীমার মাঝে অসীম তুমি।

ঘ. পুলকিত সচ্ছলতা।

ঙ. অধিক ভোজন অনুচিত।

উত্তর : ক. সর্বনাম খ. ক্রিয়া গ. অনুসর্গ ঘ. বিশেষণ ঙ. বিশেষ্য।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ MCQ

০১. যে ক্রিয়ার দুইটি কর্ম থাকে তাকে বলে–
ক যৌগিক ক্রিয়া খ দ্বিকর্ম ক্রিয়া পদ
গ বিজন্ত ক্রিয়া ঘ কোনোটিই নয় উঃ ঘ

০২. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।' বাক্যটিতে ব্যবহৃত ক্রিয়াপদটি–
ক মিশ্র ক্রিয়া খ যৌগিক ক্রিয়া
গ প্রযোজক ক্রিয়া ঘ অনুক্ত ক্রিয়া উঃ ঘ

০৩. 'ভালো মানুষ' এর 'ভালো' শব্দটি কোন ধরনের বিশেষণ?
ক আছাবাচক খ রূপবাচক
গ গুণবাচক ঘ নির্দিষ্টতাজ্ঞাপক উঃ গ

০৪. 'ব্যাঘাত' এর বিশেষণ–
ক বিঘ্ন খ ব্যাহত গ বিধেয় ঘ প্রতিঘাত উঃ খ

০৫. 'তুমি কিন্তু না বল না।' বাক্যে 'কিন্তু' এর ব্যবহার
ক নিশ্চয়তাসূচক খ সংশয়সূচক
গ অলঙ্কারবাচক ঘ পদপূরণবাচক উঃ ঘ

০৬. 'যত গর্জে তত বর্ষে না।' বাক্যে 'যত-তত' অব্যয়ের ব্যবহার কোন অর্থে?
ক তুলনা খ পরিণাম গ কার্যকারণ ঘ বৈপরীত্য উঃ ক

০৭. 'কী বিপদ! ভিখারি যে পিছু ছাড়ে না।' এ বাক্যে 'কী' অব্যয়ের দ্যোতনা–
ক বিরক্তি খ রাগ গ হতাশা ঘ দুঃখ উঃ ক

০৮. 'ধিক্ তারে, শত ধিক্, নির্লজ্জ যে জন' এ বাক্যে 'শত' কোন পদ?
ক সমষ্টিবাচক বিশেষ্য খ অব্যয়ের বিশেষণ
গ বাক্যের বিশেষণ ঘ বাক্যালংকার অব্যয় উঃ খ

০৯. 'ফুল কি ফোটে নি শাখে?' এখানে 'নি' হচ্ছে–
ক ক্রিয়া বিশেষণ খ বিশেষণ
গ অলঙ্কার ঘ ক্রিয়া বিশেষণের বিশেষণ উঃ ক

১০. অপরিবর্তনীয় শব্দকে কী বলে?
ক অনুক্ত ক্রিয়াপদ খ বিশেষ্য পদ গ অব্যয় পদ ঘ ক্রিয়াপদ উঃ গ

১১. 'পৃথিবী' শব্দের বিশেষণ–
ক জগৎ খ নিসর্গ গ পার্থিব ঘ নিখিল উঃ গ

১২. 'নির্ধারক বিশেষণ' এর উদাহরণ কোনটি?
ক অনেক দিন বাড়ি যাই না খ এক এক করে সবাই চলে গেল
গ রাশি রাশি ভারা ভারা ধান ঘ লাল কৃষ্ণচূড়া গাছ উঃ গ

বাংলা দ্বিতীয় পত্র

উপসর্গ

- **উপসর্গ :** যেসকল অব্যয়সূচক শব্দাংশ নামশব্দ বা কৃদন্ত শব্দের পূর্বে বসে নতুন অর্থবোধক শব্দ গঠন করে সেগুলোকে উপসর্গ বলে। উপসর্গকে (উপ+√সৃজ্+অ)।
- **প্রকারভেদ :** বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা :
১. বাংলা উপসর্গ ২. তৎসম (সংস্কৃত) উপসর্গ এবং ৩. বিদেশি উপসর্গ।

০১. **বাংলা উপসর্গ :** বাংলা উপসর্গ একুশটি। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হ্য।

বিভিন্ন অর্থে উপসর্গের প্রয়োগ :

বাংলা উপসর্গ, অর্থ-বৈচিত্র্য ও শব্দগঠন

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
অ	নিন্দিত	অকাজ, অকেজো, অপয়া, অকাট, অকাল, অগোছালো।
	অভাব/না	অচিন, অচেনা, অদেখা, অবাঙালি, অমিল, অথৈ।
	ক্রমাগত	অঝোর, অঝোরে, অঘোরে।
অঘা	বোকা	অঘারাম, অঘাচণ্ডী।
অজ	নিতান্ত (মন্দ)	অজপাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর।
অনা	অভাব	অনাবৃষ্টি, অনাদর, অনাদায়।
	ব্যতীত (ছাড়া)	অনাছিষ্টি, অনাচার।
	অশুভ	অনামুখো।
আ	অভাব (না)	আকাঁড়া, আলুনি, আচালা, আছাঁটা, আধোয়া।
	বাজে, নিকৃষ্ট	আকাঠা, আকথা, আকাম, আকাল, আঘাটা।
আড়	বক্র অর্থে	আড়চোখে, আড়নয়নে।
	আধা, প্রায়	আড়ক্ষ্যাপা, আড়মোড়া, আড়পাগলা।
	বিশিষ্ট	আড়কোলা, আড়গড়া, আড়কাঠি।
আন	না	আনকোরা।
	বিক্ষিপ্ত	আনচান, আনমনা।
আব	অস্পষ্টতা	আবছায়া, আবভাল।
ইতি	এ বা এর	ইতিকর্তব্য, ইতিপূর্বে।
	পুরনো	ইতিকথা, ইতিহাস।
উন	কম	উনপাঁজুরে, উনিশ (< ঊনবিংশ)।
কদ্	নিন্দিত	কদবেল, কদর্য, কদাকার।
কু	কুৎসিত	কুকথা, কুনজর, কুকাজ, কুপথ্য, কুকাম।
নি	নাই/নেতি	নিখুঁত, নিখোঁজ, নিলাজ, নিভাঁজ, নিরেট।
পাতি	ক্ষুদ্র	পাতিহাঁস, পাতিলেবু, পাতকুয়ো, পাতিকাক।
বি	ভিন্নতা	বিডুঁই, বিফল, বিপথ, বিকল, বিকাল।
ভর	পূর্ণতা	ভরপেট, ভরসাঁজ, ভরপুর, ভরসন্ধ্যে।
রাম	বড় বা উৎকৃষ্ট	রামছাগল, রামশিঙ্গা, রামদা, রামবোকা।
স	সঙ্গে বা সম্পূর্ণ	সলাজ, সরব, সঠিক, সপাট, সজোরে।
সা	উৎকৃষ্ট	সাজিরা, সাজোয়ান।
সু	উত্তম	সুনজর, সুখবর, সুনাম, সুদিন, সুভোল।
হ্য	অভাব	হ্যাপিত্যেশ, হ্যভাতে, হ্যাঘরে, হ্যহুতাশ

০২. **তৎসম (সংস্কৃত) উপসর্গ :** বাংলা ভাষায় বহু সংস্কৃত শব্দ হুবহু এসে গেছে। সেই সঙ্গে সংস্কৃত উপসর্গও তৎসম শব্দের আগে বসে শব্দের নতুন রূপে অর্থের সংকোচন-সম্প্রসারণ করে থাকে।

তৎসম উপসর্গ বিশটি : প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

সংস্কৃত উপসর্গযোগে অর্থ-বৈচিত্র্য ও শব্দগঠন :

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
প্র	প্রকৃষ্ট/সম্যক	প্রভাব, প্রজ্ঞা, প্রচলন, প্রস্ফুটিত।
	উৎকর্ষ	প্রকৃষ্ট, প্রদর্শন, প্রবাদ, প্রমূর্ত, প্রভাত।
	খ্যাতি	প্রসিদ্ধ, প্রতাপ, প্রকীর্তি, প্রখ্যাত, প্রশংসা।
	আধিক্য	প্রগাঢ়, প্রচার, প্রবল, প্রখর, প্রচণ্ড, প্রমত্ত।
	সম্মুখ	প্রগতি, প্রণতি, প্রণাম, প্রাগ্রসর।
	গতি/ক্রিয়া	প্রবেশ, প্রস্থান, প্রচার, প্রজনন, প্রদান।
	ধারা পরম্পরা	প্রপৌত্র, প্রশাখা, প্রশিষ্য, প্রজন্ম।
পরা	আতিশয্য	পরাকাষ্ঠা, পরায়ণ, পরাক্রম, পরাশক্তি।
	বিপরীত	পরাজয়, পরাধীন, পরাঙ্মুখ, পরাহত।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
অপ	বিপরীত	অপমান, অপকার, অপচয়, অপবাদ।
	অপকর্ষ	অপকর্ম, অপচেষ্টা, অপদেবতা, অপপ্রচার।
	নিকৃষ্ট	অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি, অপযশ।
	স্থানান্তর	অপসারণ, অপহরণ, অপনোদন।
	উৎকৃষ্ট	অপরূপ।
	বিকৃত	অপমৃত্যু, অপপাঠ, অপভাষা, অপভ্রংশ।
সম	সম্যকরূপে	সম্পূর্ণ, সমৃদ্ধ, সমাদর, সংবাদ, সংযম।
	আধিক্য	সংক্রম, সন্তাপ, সমুৎসুক, সমৃদ্ধ।
	মিলন	সম্বন্ধ, সম্মিলন, সংকলন, সংযোজন, সঞ্চয়।
	সম্মুখে	সমাগত, সম্মুখ, সমক্ষ, সমুপস্থিত।
নি	নিষেধ	নিবৃত্তি।
	সম্যকভাবে	নিগূঢ়, নিথর, নিপুণ, নিবেদন, নিমগ্ন।
	বাজে	নিকৃষ্ট।
	আতিশয্য	নিদাঘ, নিদারুণ, নিকষ, নিপীড়ন, নিবিড়, নিস্তব্ধ।
অব	হীনতা	অবজ্ঞা, অবমাননা, অবহেলা।
	সম্যকভাবে	অবরোধ, অবগাহন, অবদমন, অবলোকন।
	উৎকর্ষ	অবদান।
	নিশ্চয়তা	অবধান, অবধারণ।
	অধোমুখিতা	অবতরণ, অবরোহণ, অবতীর্ণ, অবনতি।
	অল্পতা	অবশেষ, অবসান, অবশিষ্ট।
অনু	পশ্চাৎ	অনুশোচনা, অনুচর, অনুতাপ, অনুকরণ।
	সাদৃশ্য	অনুবাদ, অনুরূপ, অনুকার, অনুদান।
	পৌনঃপুন	অনুক্ষণ, অনুদিন, অনুশীলন।
	সঙ্গে	অনুকূল, অনুকম্পা।
নির্ (নিঃ)	অভাব/নেই	নিরক্ষর, নির্জীব, নিরাশ্রয়, নির্ধন, নিরন্ন।
	অতিরিক্ত	নিরতিশয়।
	নিশ্চয়	নির্ধারণ, নির্ণয়, নিঃসংশয়, নিঃসন্দেহ, নিরুদ্ধ।
	বহির্মুখিতা	নির্গত, নিঃসরণ, নির্বাসন।
দুর্ (দুঃ)	মন্দ	দুর্ভাগ্য, দুর্দশা, দুর্নাম, দুর্জন, দুর্বৃত্ত, দুশ্চরিত্র।
	কষ্টসাধ্য	দুর্লভ, দুর্গম, দুরূহ, দুর্জয়, দুর্বোধ্য, দুর্ভেদ্য।
বি	বিশেষরূপে	বিধৃত, বিজ্ঞান, বিশুষ্ক, বিজ্ঞ, বিদগ্ধ
	অভাব	বিনিদ্র, বিফল, বিতৃষ্ণা, বিবস্ত্র, বিদেহ।
	বিপরীত ভাব	বিকর্ষণ, বিক্রয়, বিদেশ, বিরাগ।
	গতি	বিচরণ, বিক্ষেপ।
	অপ্রকৃতস্থ	বিকার, বিপর্যয়।
সু	উত্তম	সুকণ্ঠ, সুকৃতি, সুপ্রিয়, সুজন, সুপথ, সুফল।
	সহজ	সুগম, সুসাধ্য, সুলভ, সুপাচ্য, সুবোধ্য।
	আতিশয্য	সুচতুর, সুধীর, সুনিপুণ, সুতীক্ষ্ণ, সুদক্ষ।
উৎ	ঊর্ধ্বমুখিতা	উদ্যম, উৎক্ষিপ্ত, উদগ্রীব, উত্থিত, উদ্বাহু।
	আতিশয্য	উচ্ছেদ, উৎফুল্ল, উৎসুক, উৎপীড়ন।
	প্রাবল্য	উচ্ছ্বাস, উত্তপ্ত, উদগ্র, উত্তেজনা, উন্মত্ত।
	প্রস্তুতি/বিকাশ	উৎপাদন, উচ্চারণ, উত্তীর্ণ, উৎপন্ন।
	অপকর্ষ	উৎকোচ, উচ্ছৃঙ্খল, উচ্ছেদ, উদ্ধত, উৎপাত।
অধি	আধিপত্য	অধিকার, অধিপতি, অধিরাজ, অধীশ্বর।
	মধ্য বা আয়ত্ত	অধিকৃত, অধিগম্য, অধিবাসী, অধিভুক্ত।
	অতিরিক্ত	অধিকর্ম, অধিবর্ষ, অধিহার।
	উপরি	অধিরোহণ, অধিষ্ঠান, অধিত্যকা।
	ব্যাপ্তি	অধিকার, অধিবাস, অধিগত।
পরি	বিশেষরূপ	পরিপূর্ণ, পরিবর্তন, পরিত্যাগ, পরিচালনা, পরিপক্ব
	শেষ	পরিশেষ, পরিশোধ, পরিসমাপ্তি।
	সুন্দর	পরিচ্ছন্ন, পরিপাটি, পরিষ্কার, পরিশুদ্ধ

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
	বিরুদ্ধ	পরিত্যাগ, পরিপন্থী, পরিহার।
	সম্যকরূপে	পরিশ্রান্ত, পরীক্ষা, পরিমাণ।
	চতুর্দিক	পরিক্রমণ, পরিপার্শ্ব, পরিবৃত, পরিবার।
প্রতি	সদৃশ	প্রতিমূর্তি, প্রতিধ্বনি, প্রতিকৃতি, প্রতিমা।
	বিরোধ	প্রতিবাদ, প্রতিকার, প্রতিপক্ষ, প্রতিশোধ।
	সম্যক	প্রতীক্ষা, প্রতিষ্ঠা।
	বিপরীত	প্রত্যুপকার, প্রতিদান।
	পৌনঃপুন	প্রতিদিন, প্রতিগ্রাম, প্রতিঘর, প্রতিমুহূর্ত।
	অনুরূপ কাজ	প্রতিঘাত।
উপ	সামীপ্য	উপকূল, উপকণ্ঠ, উপনগর।
	সদৃশ	উপদ্বীপ, উপবন।
	মন্দ	উপদেবতা, উপপতি, উপপত্নী, উপজীবী।
	সম্যক	উপকরণ, উপক্রম, উপবেশন, উপযুক্ত, উপহার।
	ক্ষুদ্র	উপগ্রহ, উপসাগর, উপজাতি, উপদ্বীপ, উপজেলা।
	বিশেষ	উপনয়ন (পৈতা), উপভোগ।
অভি	সম্যক	অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিভূত, অভিনিবেশ।
	উৎকর্ষ	অভিজাত, অভিরাম।
	বিশেষ	অভিধান, অভিনেতা, অভিভাবক।
	গমন	অভিযান, অভিসার, অভিবাসন, অভিবাসী
	সম্মুখ বা দিক	অভিমুখ, অভিবাদন, অভিনন্দন।
অতি	আতিশয্য	অতিকায়, অত্যাচার, অতিশয়।
	অতিরিক্ত	অতিচালাক, অতিভক্তি, অতিবৃষ্টি।
	পার হওয়া	অতিক্রম, অতিক্রান্ত।
	অতিক্রম	অতিমানব, অতিপ্রাকৃত।
অপি	ব্যাকরণের সূত্র	অপিনিহিতি।
	আরও	অপিচ।
আ	পর্যন্ত	আকণ্ঠ, আমরণ, আসমুদ্র।
	ঈষৎ	আরক্ত, আভাস।
	বিপরীত	আদান, আগমন।

বিদেশি উপসর্গের অর্থ-বৈচিত্র্য ও শব্দগঠন

ফারসি উপসর্গ

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
কার্	কাজ	কারখানা, কারসাজি, কারবার, কারদানি, কারচুপি।
দর্	মধ্যস্থ, অধীন	দরপত্তনি, দরপাট্টা, দরদালান।
না	না	নাচার, নারাজ, নামঞ্জুর, নাখোশ, নাবালক।
নিম্	আধা	নিমরাজি, নিমমোল্লা, নিমখুন।
ফি	প্রতি	ফি হপ্তা, ফি বছর, ফি মাস, ফি সন, ফি লোক।
বদ্	মন্দ	বদমেজাজ, বজ্জাত, বদহাল, বদখত, বদমাশ।
বে	না	বেআদব, বেহায়া, বেকার, বেগতিক, বেতার।
বর্	বাইরে, মধ্যে	বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ, বরবাদ।
ব্	সহিত	বমাল, বনাম, বকলম।
কম্	স্বল্প	কমজোর, কম্‌বখ্‌ত্, কমপোখ্‌তো।

আরবি উপসর্গ

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
আম্	সাধারণ অর্থে	আমদরবার, আমমোক্তার।
খাস্	বিশেষ অর্থে	খাসমহল, খাসদখল, খাসকামরা, খাসদরবার।
লা	না অর্থে	লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ, লাপাত্তা।
গর্	অভাব অর্থে	গরমিল, গরহাজির, গররাজি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS

হক হাল আরবি উপসর্গ মনে রাখার কয়েকটি সহজ টেকনিক :

আরবি শব্দমূলের ইসারে পূর্বদিকে থাকলে প্রত্যয়কে লাটে উপসর্গ।

ইংরেজি উপসর্গ

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
ফুল	পূর্ণ অর্থে	ফুল-হাতা, ফুল-শার্ট, ফুল-প্যান্ট, ফুল-প্যান্ট
হাফ	অর্ধ	হাফ-হাতা, হাফ-টিকিট, হাফ-দেহা
হেড	প্রধান	হেড-মাস্টার, হেড-অফিস, হেড-পণ্ডিত
সাব	অধীন	সাব-অফিস, সাব-জজ, সাব-ইন্সপেক্টর

উর্দু-হিন্দি উপসর্গ

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
হর	প্রত্যেক অর্থে	হররোজ, হরকিসিম, হরমেশা, হরদিন
হরেক	বিবিধ অর্থে	হরেকরকম, হরেকপ্রকার

৬ বাংলা উপসর্গের মধ্যে চারটি উপসর্গ তৎসম উপসর্গের অন্তর্ভুক্ত। যথা : সেগুলো হলো- অ, নু, বি, নি।

৬ **কয়েকটি বাংলা বিশেষ উপসর্গের উদাহরণ :**

অ	অচেনা, অকাট্য, অসুখি, অপাত্র
নু	নুকিন, নুনতর, নুনাম, নুকাত
বি	বিপথ, বিফল, বিদুই
নি	নিলাজ, নিখোঁজ, নিখুঁত, নিরেট

৬ **কয়েকটি বিশেষ তৎসম (সংস্কৃত) উপসর্গের উদাহরণ :**

নু > নুতীক্ষ্ণ, নুকর্ণ, নুনিপুণ, নুকাত
বি > বিভক্ত, বিবর্ণ, বিজ্ঞান, বিপুল
নি > নিষ্কাম, নির্ঘৃণ, নিকাম, নিবৃত্তি

উপসর্গটি যে শব্দের সাথে যোগ হয় সেটি বাংলা হলে উপসর্গটি বাংলা শব্দটি তৎসম হলে উপসর্গটি তৎসম। যেমন : অকাল, নুকাত, বিনয়, নি বাংলা শব্দ। অতএব উপসর্গ- অ, নু, বি, নি বাংলা।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র: উপসর্গের চারটি কাজের বর্ণনা দাও।

উত্তর : i. নতুন শব্দ তৈরি করে। যেমন : হরা থেকে প্রহরা।
ii. শব্দের অর্থের সংকোচন করে। যেমন : বাড়ি থেকে নিমবাড়ি।
iii. শব্দের অর্থের সম্প্রসারণ করে। যেমন : তপ থেকে প্রতপ।
iv. শব্দের অর্থের পরিবর্তন করে। যেমন : কথা থেকে উপকথা।

প্র: অতি, নি, পরি ও সম উপসর্গের দুটি করে প্রয়োগ দেখাও।

উত্তর : অতি, নি, পরি ও সম উপসর্গের দুটি করে প্রয়োগ নিম্নরূপ:

অতি- অতিশয়, অতিবৃষ্টি	নি- নিবারণ, নিন্দা
পরি- পরিষদ, পরিমল	সম- সমৃদ্ধ, সমাচার

বর্ণনামূলক প্রশ্নোত্তর

প্র: বাংলা শব্দ গঠনে উপসর্গের প্রয়োজনীয়তা কী?

উত্তর : বাংলা শব্দ গঠনে উপসর্গ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কোনো উপসর্গ যুক্ত হলে একটি শব্দ সম্পূর্ণ নতুন রূপ ধারণ করে এবং অর্থের পরিবর্তন ঘটায়। যেমন : তপ + অর্ধ = তপার্ধ, তপ + রূপ = তপরূপ। উপসর্গ সবসময় কখনো কখনো শব্দের অর্থের সংকোচন বা সম্প্রসারণ ঘটিয়ে থাকে। যেমন : অ + আড় = অনাড় (সংকোচন), পরি + পূর্ণ = পরিপূর্ণ (সম্প্রসারণ)। উপসর্গ শব্দকে প্রত্যয় ও ধাতুগুলোর তুলনায় উপযুক্ত করে। যেমন : নু + আড় = নাড় (এখানে নু উপসর্গটি 'আড়' শব্দটিকে আরও প্রত্যয় করেছে)।

প্র: "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।" কথাটি ব্যাখ্যা করো।

উত্তর : বাংলা ভাষায় এমন কতগুলো ধ্বনিগুচ্ছ বা শব্দাংশ আছে যেগুলো স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না, কিন্তু অন্য শব্দের পূর্বে যুক্ত নতুন অর্থবোধক শব্দ গঠন করতে সহায়তা করে, এদের শব্দের অর্থের পূর্বে, সম্প্রসারণ অথবা অর্থের সংকোচন ঘটায়, তাদের এদের শব্দাংশের নাম উপসর্গ। যেমন : রস একটি শব্দ। এর আগে 'নু' উপসর্গ যুক্ত হলে হয় 'নুরস' যার অর্থ নিকৃষ্টমানের বা অপ্রয়োজনীয় রস। এখানে অর্থের সংকোচন হয়েছে।

উল্লিখিত সংজ্ঞার্থের আলোকে একথা স্পষ্ট যে, উপসর্গ নামে যে ধ্বনিগুচ্ছ শব্দের পূর্বে যুক্ত না হয়ে স্বাধীনভাবে থাকলে এর কোনো অর্থ থাকে না। যেমন : অ, নু, বি ইত্যাদি উপসর্গগুলোর কোনো অর্থবাচকতা নেই অর্থাৎ নিজস্ব কোনো অর্থ নেই কিন্তু অর্থদ্যোতনা আছে অর্থাৎ তারা শব্দের আগে যুক্ত হয়ে উপসর্গ অর্থদ্যোতকতার পরিচয় দেয়। যেমন : অ + হর = অহর (রাত্রি)।

উপসর্গ যুক্ত হলে সাধারণত শব্দ এগুলো পরিবর্তন ঘটে। যেমন : i. নতুন অর্থবোধক শব্দ তৈরি হয় ii. শব্দের অর্থ পরিপূর্ণ হয় iii. শব্দের অর্থ সম্প্রসারিত হয় iv. শব্দের অর্থের সংকোচন হয় v. শব্দের অর্থের পরিবর্তন হয়।

সিদ্ধান্ত : উপসর্গের উপযুক্ত সংজ্ঞার্থ, প্রকৃতি, ভূমিকা ইত্যাদি বিশ্লেষণ করলে যে বৈশিষ্ট্য পাওয়া যায়, তা হচ্ছে উপসর্গগুলো প্রত্যেকটি এক একটি ধ্বনিগুচ্ছ বা শব্দাংশ এদের নিজস্ব কোনো অর্থ নেই, স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে না, কেবল শব্দের আগে যুক্ত নতুন শব্দ গঠন এবং অর্থের বৈচিত্র্য সম্পাদনে ভূমিকা পালন করে।

গুরুত্বপূর্ণ MCQ

১১. 'হরেক, হরকিসিম' এ 'হর' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক পূর্ণ অর্থে খ অর্ধ অর্থে
গ প্রত্যেক অর্থে ঘ সমগ্র অর্থে **উ: গ**

১২. তৎসম উপসর্গ কোনটি?
ক না খ নু গ প্র ঘ অন **উ: গ**

১৩. কোনটি বিদেশি উপসর্গের দৃষ্টান্ত?
ক নু খ অঘ গ অত ঘ বদ **উ: ঘ**

১৪. খাঁটি বাংলা উপসর্গ কোনটি?
ক অন খ অনা গ প ঘ নির **উ: খ**

১৫. তৎসম উপসর্গ কোনটি?
ক অত খ পর গ পরি ঘ পাতি **উ: গ**

১৬. 'হর' কোন শ্রেণির উপসর্গ?
ক ইংরেজি খ তৎসম গ খাঁটি বাংলা ঘ আরবি **উ: ঘ**

১৭. 'অপ' উপসর্গটি 'অপকর্ম' শব্দে কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক নিকৃষ্ট খ বিকৃত গ বিপরীত ঘ মন্দ **উ: ক**

১৮. কোন শব্দাংশটি উপসর্গ ব্যবহৃত হয়নি?
ক সুখ খ সফল গ নিখুঁত ঘ সুখ **উ: ক**

১৯. 'পরীক্ষা' শব্দের 'পরি' উপসর্গের অর্থদ্যোতকতা কী?
ক সমাক খ বিশেষ গ শেষ ঘ চতুর্দিক **উ: খ**

২০. উপসর্গ যুক্ত হয় কখনও বা নাম শব্দের-
ক পূর্বে খ মধ্যে গ পরে ঘ পূর্বে ও পরে **উ: ক**

২১. দেশি উপসর্গ কোনটি?
ক গর খ নুক গ বাই ঘ অ **উ: খ**

EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS • EKUSHEY PUBLICATIONS

বাংলা দ্বিতীয় পত্র

সমাস

• **সমাস :** পরস্পর সম্পর্কযুক্ত দুই বা ততোধিক পদ একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

➢ **সমস্তপদ :** সমস্যমান পদগুলো মিলে যে একটি পদ হয়, তাকে সমস্তপদ বা সমাসবদ্ধ পদ বা সমাসনিষ্পন্ন পদ বলে।

➢ **সমস্যমান :** যে যে পদে সমাস হয় তাকে সমস্যমান পদ বলে।

➢ **ব্যাসবাক্য :** যে বাক্য সমস্যমান পদগুলোর পরস্পর সম্পর্ক নিরূপণ করে অথবা সমস্তপদকে ভাঙলে যে বাক্য পাওয়া যায়, তাকে ব্যাসবাক্য বা সমাসবাক্য বা বিগ্রহ বাক্য বলে।

➢ **পূর্বপদ ও পরপদ :** সমাসবদ্ধ পদের প্রথমটি পূর্বপদ ও পরেরটি উত্তরপদ বা পরপদ। যেমন : শোক দ্বারা আকুল = শোকাকুল। এখানে, শোক দ্বারা আকুল = ব্যাসবাক্য, শোক, আকুল = সমস্যমান পদ, শোকাকুল = সমস্তপদ, শোক = পূর্বপদ, আকুল = উত্তর বা পরপদ।

যে সমাসে যে পদ প্রধান :

সমাস	পদ	সমাস	পদ
কর্মধারয়, তৎপুরুষ, দ্বিগু	পরপদ	অব্যয়ীভাব	পূর্বপদ
বহুব্রীহি	কোনো পদ প্রধান নয়	দ্বন্দ্ব	উভয়পদ

➢ **সমাসের প্রকারভেদ :** সমাস প্রধানত ছয় প্রকার। যেমন : ১. দ্বন্দ্ব সমাস ২. কর্মধারয় সমাস ৩. তৎপুরুষ সমাস ৪. বহুব্রীহি সমাস ৫. দ্বিগু সমাস ও ৬. অব্যয়ীভাব সমাস। এছাড়াও প্রাদি সমাস, নিত্য সমাস, অলুক সমাস ইত্যাদি কয়েকটি অপ্রধান সমাস রয়েছে।

বি.দ্র. : নতুন ব্যাকরণ (২০২১ সাল থেকে পাঠ্য) অনুসারে সমাস মূলত চার প্রকার। যথা : দ্বন্দ্ব, কর্মধারয়, তৎপুরুষ ও বহুব্রীহি।

নিম্নে বিভিন্ন প্রকার সমাস আলোচনা করা হলো :

দ্বন্দ্ব সমাস

১. **দ্বন্দ্ব সমাস :** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন : তাল ও তমাল = তাল-তমাল, দোয়াত ও কলম = দোয়াত-কলম। এখানে তাল ও তমাল এবং দোয়াত ও কলম প্রতিটি পদেরই অর্থের প্রাধান্য সমস্তপদে রক্ষিত হয়েছে। দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বোঝানোর জন্য ব্যাসবাক্যে এবং, ও, আর– এ তিনটি অব্যয় পদ ব্যবহার করা হয়। যেমন : মাতা ও পিতা = মাতা-পিতা।

দ্বন্দ্ব সমাস কয়েক প্রকারে সাধিত হয়। যেমন :

মিলনার্থক শব্দযোগে	মা-বাপ, মাসি-পিসি, জ্বিন-পরি, চা-বিস্কুট।
বিরোধার্থক শব্দযোগে	দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক।
বিপরীতার্থক শব্দযোগে	আয়-ব্যয়, জমা-খরচ, লাভ-লোকসান।
অঙ্গবাচক শব্দযোগে	হাত-পা, বুক-পিঠ, মাথা-মুণ্ডু, নাক-মুখ।
সংখ্যাবাচক শব্দযোগে	সাত-পাঁচ, নয়-ছয়, উনিশ-বিশ।
সমার্থক শব্দযোগে	হাট-বাজার, ঘর-দুয়ার, খাতা-পত্র।
প্রায় সমার্থক	পোকা-মাকড়, কাপড়-চোপড়, ধুতি-চাদর।
দুটি সর্বনামযোগে	যা-তা, যে-সে, যথা-তথা, এখানে-সেখানে।
দুটি ক্রিয়াযোগে	দেখা-শোনা, যাওয়া-আসা, চলা-ফেরা।
দুটি ক্রিয়া বিশেষণযোগে	ধীরে-সুস্থে, আগে-পাছে, আকারে-ইঙ্গিতে।
দুটি বিশেষণযোগে	ভালো-মন্দ, কম-বেশি, আসল-নকল।

➢ **অলুক দ্বন্দ্ব :** যে দ্বন্দ্ব সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক দ্বন্দ্ব বলে। যেমন : দুধে-ভাতে, জলে-স্থলে, হাতে-কলমে।

➢ **বহুপদী দ্বন্দ্ব :** তিন বা বহু পদে দ্বন্দ্ব সমাস হলে তাকে বহুপদী দ্বন্দ্ব সমাস বলে। যেমন : সাহেব-বিবি-গোলাম, হাত-পা-নাক-মুখ-চোখ, তেল-নুন-লকড়ি ইত্যাদি।

➢ **একশেষ দ্বন্দ্ব :** যে দ্বন্দ্ব সমাসে প্রধান পদটি অবশিষ্ট থেকে অন্য পদগুলো লোপ পায় এবং শেষ পদ অনুসারে শব্দ নির্ধারিত হয়, তাকে একশেষ দ্বন্দ্ব বলে। যেমন : তুমি, সে ও আমি = আমরা। সে ও আপনি = আপনারা ইত্যাদি।

কর্মধারয় সমাস

২. **কর্মধারয় সমাস :** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ, যা কাঁচা তাই মিঠা = কাঁচামিঠা, গোলাপ নামের ফুল = গোলাপফুল।

মধ্যপদলোপী কর্মধারয় : যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, ঘরে আশ্রিত জামাই = ঘরজামাই।

উপমান কর্মধারয় : উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। যেমন : ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে 'ভ্রমর' উপমান এবং 'কেশ' উপমেয়। কৃষ্ণত্ব হলো সাধারণ ধর্ম। সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন : তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র, অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা।

উপমিত কর্মধারয় : সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়)। এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমন : মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র।

রূপক কর্মধারয় : উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়। এ সমাসে উপমেয় পদ পূর্বে বসে এবং উপমান পদ পরে বসে এবং সমস্যমান পদে 'রূপ' অথবা 'ই' যোগ করে ব্যাসবাক্য গঠন করা হয়। যেমন : ক্রোধ রূপ অনল = ক্রোধানল।

তৎপুরুষ সমাস

৩. **তৎপুরুষ সমাস :** পূর্বপদে বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায়, তাকে তৎপুরুষ সমাস বলে।

তৎপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যে কোনো বিভক্তি থাকতে পারে; আর পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ হয়। যেমন : বিপদকে আপন্ন = বিপদাপন্ন। এখানে দ্বিতীয়া বিভক্তি 'কে' লোপ পেয়েছে বলে এর নাম দ্বিতীয়া তৎপুরুষ।

তৎপুরুষ সমাস নয় প্রকার : দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, নঞ, উপপদ ও অলুক তৎপুরুষ সমাস।

➢ **দ্বিতীয়া তৎপুরুষ সমাস :** পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি (কে, রে) লোপ হয়ে যে সমাস হয়, তাকে দ্বিতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন : দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত, বিপদকে আপন্ন = বিপদাপন্ন, পরলোকে গত = পরলোকগত।

• ব্যাপ্তি অর্থেও দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন : চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী, চির ব্যাপ্ত করে কাল = চিরকাল।

➢ **তৃতীয়া তৎপুরুষ সমাস :** পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন : মন দিয়ে গড়া = মনগড়া, শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ।

• **ঊন, হীন, শূন্য :** ঊন, হীন, শূন্য প্রভৃতি শব্দ উত্তরপদ হলেও তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন : এক দ্বারা ঊন = একোন, বিদ্যা দ্বারা হীন = বিদ্যাহীন।

➢ **চতুর্থী তৎপুরুষ সমাস :** পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যেমন : গুরুকে ভক্তি = গুরুভক্তি, আরামের জন্য কেদারা = আরামকেদারা, শিশুদের জন্য সাহিত্য = শিশুসাহিত্য।

➢ **পঞ্চমী তৎপুরুষ সমাস :** পূর্বপদে পঞ্চমী বিভক্তি (হতে, থেকে ইত্যাদি) লোপে যে তৎপুরুষ সমাস হয়, তাকে পঞ্চমী তৎপুরুষ সমাস বলে। যেমন : খাঁচা থেকে ছাড়া = খাঁচাছাড়া, বিলাত থেকে ফেরত = বিলাতফেরত ইত্যাদি।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- **ষষ্ঠী তৎপুরুষ সমাস :** পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর, দের) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন : চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র, খেয়ার ঘাট = খেয়াঘাট।
- **অলুক ষষ্ঠী তৎপুরুষ সমাস :** ঘোড়ারডিম, মাটিরমানুষ, হাতেরপাঁচ, মামারবাড়ি, সাপেরপা, মনেরমানুষ, কলেরগান ইত্যাদি। **কিন্তু, ভ্রাতার পুত্র = ভ্রাতুষ্পুত্র (নিপাতনে সিদ্ধ)।**
- **সপ্তমী তৎপুরুষ সমাস :** পূর্বপদে সপ্তমী বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে সপ্তমী তৎপুরুষ সমাস বলে। যেমন : গাছে পাকা = গাছপাকা।
- **নঞ তৎপুরুষ সমাস :** না-বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ তৎপুরুষ সমাস বলে। যথা : ন আচার = অনাচার, ন কাতর = অকাতর।
- **উপপদ তৎপুরুষ সমাস :** যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে বলে উপপদ তৎপুরুষ সমাস। যেমন : পকেট মারে যে = পকেটমার, জলে চরে যা = জলচর, জল দেয় যে = জলদ । এখানে 'পকেট', 'জলে', 'জল' উপপদ এবং 'মারে', 'চরে' ও 'দেয়' কৃদন্ত পদ।
- **অলুক তৎপুরুষ সমাস :** যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন : গায়ে পড়া = গায়েপড়া। এরূপ : ঘিয়েভাজা, কলে ছাঁটা, কলের গান।

দ্বিগু সমাস

৪. **দ্বিগু সমাস :** সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে পূর্বপদে সংখ্যাবাচক শব্দ এবং উত্তর পদে বিশেষ্যপদ প্রযুক্ত হয় এবং এ সমাসের সমস্তপদটি বিশেষ্য হয়। যেমন : ত্রি কালের সমাহার- ত্রিকাল। এখানে 'ত্রি' সংখ্যাবাচক শব্দ এবং 'কাল' বিশেষ্য।

- দ্বিগু সমাস কখনো অ-কারান্ত হলে আ-কারান্ত বা ই-কারান্ত হয়। যেমন : শত অব্দের সমাহার- শতাব্দী, পঞ্চ বটের সমাহার- পঞ্চবটী, ত্রি (তিন) পদের সমাহার- ত্রিপদী, ত্রি (তিন) ফলের সমাহার- ত্রিফলা ইত্যাদি।

অব্যয়ীভাব সমাস

৫. **অব্যয়ীভাব সমাস :** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্যটি রচিত হয়। যেমন : জানু পর্যন্ত লম্বিত (পর্যন্ত শব্দের অব্যয় 'আ') = আজানুলম্বিত (বাহু), মরণ পর্যন্ত = আমরণ। নিচের উদাহরণগুলোতে অব্যয়ীভাব সমাসের অব্যয় পদটি দেখানো হলো :

উপ

সামীপ্য বা কাছে অর্থে	
উপকণ্ঠ : কণ্ঠের সমীপে	উপকূল : কূলের সমীপে
সাদৃশ্য অর্থে	
উপকথা : কথার সদৃশ	উপদ্বীপ : দ্বীপের সদৃশ
উপবন : বনের সদৃশ	উপলক্ষ : লক্ষ্যের সদৃশ
ক্ষুদ্র অর্থে	
উপগ্রহ : উপ [ক্ষুদ্র] যে গ্রহ	উপজাতি : উপ [ক্ষুদ্র] যে জাতি
উপনদী : উপ [ক্ষুদ্র] যে নদী	উপবিভাগ : উপ [ক্ষুদ্র] যে বিভাগ

প্রতি

ব্যাপ্তি বা বীপ্সা অর্থে	বৈপরীত্য অর্থে
প্রতিক্ষণ : ক্ষণ ক্ষণ	প্রতিকূল : প্রতি [বিপরীত] কূল
প্রতিদিন : দিন দিন	প্রতিদান : প্রতি [বিপরীত] দান
প্রতিবার : বার বার	প্রতিবাদ : প্রতি [বিপরীত] বাদ
প্রতিমুহূর্ত : মুহূর্ত মুহূর্ত	প্রত্যুত্তর : প্রতি [বিপরীত] উত্তর
সদৃশ অর্থে	
প্রতিকৃতি : প্রতি [সদৃশ] কৃতি	প্রতিমূর্তি : প্রতি [সদৃশ] মূর্তি
প্রতিধ্বনি : প্রতি [সদৃশ] ধ্বনি	প্রতিবিম্ব : প্রতি [সদৃশ] বিম্ব

যথা

উপযুক্ত বা নির্দিষ্ট অর্থে	অনতিক্রম্যতা বা অনুযায়ী অর্থে
যথাকালে : যথা কালে	যথাবিধি : বিধিকে অতিক্রম না করে
যথাসময়ে : যথা সময়ে	যথারীতি : রীতিকে অতিক্রম না করে
যথাস্থানে : যথা স্থানে	যথাসাধ্য : সাধ্যকে অতিক্রম না করে

আ

পর্যন্ত অর্থে	
আকণ্ঠ : আ [অবধি] কণ্ঠ	আজানু : আ [অবধি] জানু
আকর্ণ : আ [অবধি] কর্ণ	আমৃত্যু : আ [অবধি] মৃত্যু
ঈষৎ বা কম অর্থে	**অবধি (থেকে) অর্থে**
আনত : ঈষৎ নত	আকৈশোর : কৈশোর থেকে শুরু করে
আরক্তিম : ঈষৎ রক্তিম	আবাল্য : বাল্য থেকে শুরু করে
সমষ্টি অর্থে	
আবাল-বৃদ্ধ-বনিতা : বালবৃদ্ধ থেকে বনিতা সবাই।	

প্র, পর

দূরবর্তী অর্থে	
পরোক্ষ : অক্ষির অগোচরে	প্রপিতামহ : পিতামহের দূরবর্তী

নিঃ = নির

অভাব অর্থে	
নিরামিষ : আমিষের অভাব	নির্ভাবনা : ভাবনার অভাব
নিরুৎসাহ : উৎসাহের অভাব	নির্মক্ষিক : মক্ষিকার অভাব

আ, হ্য

অভাব অর্থে	
আলুনি : নুনের অভাব	হ্যভাত : ভাতের অভাব

বহুব্রীহি সমাস

৬. **বহুব্রীহি সমাস :** যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি। এখানে 'বহু' কিংবা 'ব্রীহি' কোনোটিরই অর্থের প্রাধান্য নেই, যার বহু ধান আছে এমন লোককে বোঝাচ্ছে।

৬. **বহুব্রীহি সমাসের প্রকার :** বহুব্রীহি সমাস ৮ প্রকার : সমানাধিকরণ, ব্যধিকরণ, ব্যতিহার, নঞ, মধ্যপদলোপী, প্রত্যয়ান্ত, অলুক ও সংখ্যাবাচক বহুব্রীহি।

- **সমানাধিকরণ বহুব্রীহি :** পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। যেমন : হত হয়েছে শ্রী যার = হতশ্রী।
- **ব্যধিকরণ বহুব্রীহি :** বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয়, তবে তাকে বলে ব্যধিকরণ বহুব্রীহি। যেমন : আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ, কথা সর্বস্ব যার = কথাসর্বস্ব।
- **ব্যতিহার বহুব্রীহি :** ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যেমন : হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি, কানে কানে যে কথা = কানাকানি।
- **নঞর্থক বহুব্রীহি সমাস :** পূর্বপদে নঞর্থক (না-অর্থবোধক) অব্যয় ও পরপদে বিশেষ্য মিলে যে তৃতীয় বিষয়ের ধারণা প্রকাশ পায় তাকেই নঞর্থক বহুব্রীহি সমাস বলে। যেমন : নেই আশ্রয় যার- অনাশ্রিত। নাই হুঁশ যার- বেহুঁশ।
- **মধ্যপদলোপী বহুব্রীহি :** বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায়, তবে তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমন : বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর = বিড়ালচোখী।
- **প্রত্যয়ান্ত বহুব্রীহি :** যে বহুব্রীহি সমাসের সমস্তপদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় প্রত্যয়ান্ত বহুব্রীহি। যেমন : এক দিকে চোখ (দৃষ্টি) যার = একচোখা (চোখ + আ), ঘরের দিকে মুখ যার = ঘরমুখো (মুখ + ও)।
- **অলুক বহুব্রীহি :** যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদের কোনো পরিবর্তন হয় না, তাকে অলুক বহুব্রীহি বলে। অলুক বহুব্রীহি সমাসে সমস্ত পদটি বিশেষণ হয়। যেমন : মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সংখ্যাবাচক বহুব্রীহি : পূর্বপদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য হলে এবং সমস্তপদটি বিশেষণ বোঝালে তাকে সংখ্যাবাচক বহুব্রীহি বলা হয়। যেমন : দশ গজ পরিমাণ যার = দশগজি, চৌ (চার) চাল যে ঘরের = চৌচালা।

নিপাতনে সিদ্ধ (কোনো নিয়মের অধীনে নয়) বহুব্রীহি : কোনো নিয়ম অনুসরণ না করেই গঠিত বহুব্রীহি সমাসকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। যেমন : দু দিকে অপ যার = দ্বীপ, অন্তর্গত অপ যার = অন্তরীপ।

সমাসের অন্যান্য প্রকারভেদ :

নিত্য সমাস : যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশদ করতে হয়। যেমন :

অন্য গ্রাম = গ্রামান্তর।	পূজার নিমিত্ত = পূজার্থ।
কেবল দর্শন = দর্শনমাত্র।	কাল তুল্য সাপ = কালসাপ।
অন্য গৃহ = গৃহান্তর।	তুমি, আমি ও সে = আমরা।

প্রাদি সমাস : প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয়, তাকে বলে প্রাদি সমাস। যেমন :

প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন।	প্র (প্রকৃষ্ট) গতি = প্রগতি।
পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ।	উদ্‌গত নিদ্রাকে = উন্নিদ্র।
অনুতে (পশ্চাতে) যে তাপ = অনুতাপ।	প্র (প্রকৃষ্ট) রূপে ভাত = প্রভাত।

সুপসুপা সমাস : এ সমাস বাংলা নয়, সংস্কৃতে আলোচ্য। সংস্কৃত ব্যাকরণে সু, ঔ, ভ্যস্ প্রভৃতি বিভক্তির নাম সুপ্। বিভক্তিযুক্ত পদকে সুবন্ত পদ বলে। একটি সুবন্ত পদের সঙ্গে আর একটি সুবন্ত পদের যে সমাস হয় অর্থাৎ বিভক্তিযুক্ত নামপদের সঙ্গে বিভক্তিযুক্ত অন্যপদের যে সমাস হয় তাকে সুপসুপা বা সহসুপা সমাস বলে। যেমন : পূর্বে ভূত = ভূতপূর্ব।

ছন্নবেশী সমাস : প্রথমেই বলে রাখা ভালো, 'ছন্নবেশী সমাস' বলে বাংলা ব্যাকরণে স্বীকৃত কিছু নেই। সমাসের কোনো কোনো সমস্তপদ অতি ব্যবহারে সংক্ষিপ্ততর হয়ে পড়ে। তখন তাদের চেনাই কষ্ট হয়। এ ধরনের সমস্তপদের সমাসকে ছন্নবেশী সমাস বলতে চেয়েছেন কেউ কেউ ('এগুলোকে ছন্নবেশী সমাস বলতে ইচ্ছে করে।'– জ্যোতিভূষণ চাকী)। উদাহরণ : অঘ্রান, বাসর, আমনি, পোলাও, ভাস্কর, আঁষটে।

সমাসের উদাহরণ

সমস্তপদ	ব্যাসবাক্য	সমাসের নাম
অস্থির	নয় স্থির	নঞ তৎপুরুষ
উর্ণনাভ	উর্ণা নাভিতে যার	ব্যধিকরণ বহুব্রীহি
ঐতিহাসিক	ইতিহাস সম্পর্কিত যা	বহুব্রীহি সমাস
ওষ্ঠাধর	ওষ্ঠ এবং অধর	দ্বন্দ্ব সমাস
কালসিন্ধু	কাল রূপ সিন্ধু	রূপক কর্মধারয়
খেয়াঘাট	খেয়ার ঘাট	ষষ্ঠী তৎপুরুষ
গণতন্ত্র	গণ নিয়ন্ত্রিত তন্ত্র	মধ্যপদলোপী কর্মধারয়
ঘিয়েভাজা	ঘিয়ে ভাজা	অলুক তৎপুরুষ
চাঁদমুখ	মুখ চাঁদের ন্যায়	উপমিত কর্মধারয়
ছাপোষা	ছা পোষে যে	ব্যধিকরণ বহুব্রীহি
ছেলেধরা	ছেলে ধরে যে	উপপদ তৎপুরুষ
জ্যোৎস্নারাত	জ্যোৎস্না শোভিত রাত	মধ্যপদলোপী কর্মধারয়
ঝরনাধারা	ঝরনার ধারা	ষষ্ঠী তৎপুরুষ সমাস
ঠোঁটকাটা	ঠোঁট কাটা যার	বহুব্রীহি সমাস
ডাকবাক্স	ডাক ফেলার বাক্স	মধ্যপদলোপী কর্মধারয়
ঢেঁকিছাঁটা	ঢেঁকি দিয়ে ছাঁটা	তৃতীয়া তৎপুরুষ
তীর্থযাত্রা	তীর্থের জন্য যাত্রা	চতুর্থী তৎপুরুষ
দশানন	দশ আনন আছে যার	বহুব্রীহি সমাস
ধর্মঘট	ধর্ম রক্ষার্থে যে ঘট	মধ্যপদলোপী কর্মধারয়
নবপৃথিবী	নব যে পৃথিবী	কর্মধারয় সমাস
নবযৌবন	নব যে যৌবন	কর্মধারয় সমাস
ন্যায়নিষ্ঠ	ন্যায়ে নিষ্ঠ	সপ্তমী তৎপুরুষ
পদ্মআঁখি	আঁখি পদ্মের ন্যায়	উপমিত কর্মধারয়
প্রভাকর	প্রভা করে যে	উপপদ তৎপুরুষ
প্রত্যুত্তর	উত্তরের বিপরীত	অব্যয়ীভাব সমাস
পোকায় কাটা	পোকায় কাটা	অলুক তৎপুরুষ

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : সমাস কাকে বলে?

উত্তর : পরস্পর সম্পর্কযুক্ত দুই বা ততোধিক পদ একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

প্র : নিপাতনে সিদ্ধ বহুব্রীহি বলতে কী বোঝ?

উত্তর : কোনো নিয়ম অনুসরণ না করেই গঠিত বহুব্রীহি সমাসকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। যেমন : দু দিকে অপ যার = দ্বীপ, অন্তর্গত অপ যার = অন্তরীপ, নরাকারের পশু যে = নরপশু।

প্র : উপপদ বলতে কী বোঝ?

উত্তর : উপপদ : কৃৎপ্রত্যয়ান্ত শব্দের আগে উপসর্গ ছাড়া অন্য পদ থাকলে, তাকে উপপদ বলে। যেমন : কুম্ভ করে যে = কুম্ভকার। কুম্ভ + √কৃ + অ = কুম্ভকার। এখানে 'কুম্ভ' উপপদ। অর্থাৎ কোনো পদ বিশ্লেষণ করলে যদি প্রথমে একটি পদ, তারপর একটি ধাতু এবং শেষে একটি প্রত্যয় পাওয়া যায়,তাহলে প্রথম পদটিকে উপপদ বলে।

বর্ণনামূলক প্রশ্নোত্তর

প্র : ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : প্রিয়ংবদা, রাষ্ট্রপতি, সৈন্যসামন্ত, রক্তলাল।

উত্তর : ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় :

সমাসবদ্ধ শব্দ	ব্যাসবাক্য	সমাসের নাম
প্রিয়ংবদা	প্রিয় কথা বলে যে	উপপদ তৎপুরুষ
রাষ্ট্রপতি	রাষ্ট্রের পতি	ষষ্ঠী তৎপুরুষ
সৈন্যসামন্ত	সৈন্য ও সামন্ত	দ্বন্দ্ব সমাস
রক্তলাল	রক্তের ন্যায় লাল	উপমান কর্মধারয়

প্র. সমাস কাকে বলে? বাংলা ভাষায় সমাসের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা কী? বুঝিয়ে লেখ।

উত্তর : পরস্পর সম্পর্কযুক্ত দুই বা ততোধিক পদ একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

বাংলা ভাষায় সমাসের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা :

ক. সমাস ভাষাকে শ্রুতিমধুর, প্রাঞ্জল ও গতিশীল করে।

খ. সমাসের মাধ্যমে সহজভাবে উচ্চারণ ও নতুন নতুন শব্দ গঠিত হয়।

গ. অল্প কথায় অধিক ভাবকে প্রকাশের জন্যেও সমাসের প্রয়োজন।

ঘ. পরিভাষা সৃষ্টির ক্ষেত্রেও সমাস বিশেষভাবে সাহায্য করে। যেমন : 'তিনটি বাহু দ্বারা রচিত ক্ষেত্র' না বলে 'ত্রিভুজ' বলা যায়। এখানে 'ত্রিভুজ' শব্দটি পারিভাষিক শব্দ।

প্র. উদাহরণসহ সন্ধি ও সমাসের পার্থক্য দেখাও।

উত্তর : সন্ধি ও সমাসের পার্থক্য নিম্নরূপ :

সন্ধি	সমাস
পাশাপাশি দুটি ধ্বনি বা বর্ণের মিলনকে সন্ধি বলে। যেমন : হিম + আলয় = হিমালয়।	পরস্পর সম্পর্কযুক্ত একাধিক পদের এক পদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : হিমের আলয় = হিমালয়।
সন্ধি উচ্চারণের দিকে লক্ষ রাখে।	সমাস অর্থের দিকে লক্ষ রাখে।
সন্ধি শব্দকে গতিশীল করে।	সমাস বাক্যকে গতিশীল করে।
সন্ধিতে বর্ণে বর্ণে মিলন ঘটে।	সমাসে পদে পদে মিলন ঘটে।
সন্ধি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।	সমাস রূপতত্ত্বের আলোচ্য বিষয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ MCQ

০১. অর্থসঙ্গতি বিশিষ্ট একাধিক পদের একপদে পরিণত হওয়ার নাম কী?
ক সমাস খ কারক গ বচন ঘ বাচ্য — উ: ক

০২. যে যে পদে সমাস হয়, তাদের প্রত্যেকটির নাম কী?
ক সমস্যমান পদ খ ব্যাসবাক্য গ সমাসবাক্য ঘ সমস্তপদ — উ: ক

০৩. 'খড়মপা' কোন সমাস?
ক রূপক কর্মধারয় সমাস খ দ্বন্দ্ব সমাস
গ নিত্য সমাস ঘ তৎপুরুষ সমাস — উ: ক

০৪. পূর্বপদে ষষ্ঠী বিভক্তি লোপের ফলে যে সমাস হয়, তার নাম কী?
ক তৃতীয়া তৎপুরুষ খ সপ্তমী তৎপুরুষ
গ ষষ্ঠী তৎপুরুষ ঘ অব্যয়ীভাব — উ: গ

০৫. সপ্তমী তৎপুরুষের উদাহরণ কোনটি?
ক মাতৃসেবা খ তালকানা গ মনগড়া ঘ শাপমুক্ত — উ: খ

০৬. 'সমাস' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক ধ্বনিতত্ত্বে খ রূপতত্ত্বে গ বাক্যতত্ত্বে ঘ অর্থতত্ত্বে — উ: খ

০৭. পরপদের অপর নাম কী?
ক উপপদ খ পূর্বপদ গ বিশেষ্য পদ ঘ উত্তরপদ — উ: ঘ

০৮. 'ইগলপাখি' কোন সমাস?
ক দ্বন্দ্ব খ কর্মধারয় গ তৎপুরুষ ঘ বহুব্রীহি — উ: খ

০৯. উপমান ও উপমেয়ের মধ্যে অভেদ কল্পনা করা বোঝায় কোন সমাসে?
ক মধ্যপদলোপী কর্মধারয় খ উপমিত কর্মধারয়
গ রূপক কর্মধারয় ঘ উপমান কর্মধারয় — উ: গ

১০. কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয়, তাকে কোন সমাস বলে?
ক উপমান তৎপুরুষ খ উপপদ তৎপুরুষ
গ ৪র্থী তৎপুরুষ ঘ নঞ তৎপুরুষ — উ: খ

১১. যে তৎপুরুষ সমাসে পূর্বপদে বিভক্তির লোপ পায় না, তাকে বলে–
ক উপপদ তৎপুরুষ খ নঞ তৎপুরুষ
গ অলুক তৎপুরুষ ঘ নিমিত্তার্থে তৎপুরুষ — উ: গ

১২. 'বহুব্রীহি' শব্দের অর্থ কী?
ক বহু গম খ বহু ধান গ বহু চাল ঘ বহু পাট — উ: খ

১৩. যে সমাসে সমস্যমান পদগুলোর অর্থ না বুঝিয়ে তৃতীয় পদকে বুঝায়, তাকে কী বলে?
ক দ্বিগু সমাস খ বহুব্রীহি সমাস
গ তৎপুরুষ সমাস ঘ ব্যতিহার বহুব্রীহি সমাস — উ: খ

১৪. 'অনুতাপ' কোন ধরনের সমাসের উদাহরণ?
ক নিত্য সমাস খ প্রাদি সমাস
গ উপপদ সমাস ঘ অলুক তৎপুরুষ সমাস — উ: খ

১৫. 'ঘরজামাই' কোন সমাস?
ক তৎপুরুষ খ উপমিত কর্মধারয়
গ রূপক কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় — উ: ঘ

বাংলা দ্বিতীয় পত্র

বাক্য প্রকরণ

- **বাক্য :** যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে। একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকা আবশ্যক। যথা : ক. আকাঙ্ক্ষা খ. আসত্তি ও গ. যোগ্যতা।

ক. **আকাঙ্ক্ষা :** বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তা-ই আকাঙ্ক্ষা । যেমন : 'চন্দ্র পৃথিবীর চারদিকে'– এটুকু বললে বাক্যটি সম্পূর্ণ মনোভাব বিজ্ঞাপিত করে না, আরও কিছু শোনবার ইচ্ছা হয়। বাক্যটি এভাবে পূর্ণাঙ্গ করা যায় : চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে। এখানে আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়েছে বলে এটি পূর্ণাঙ্গ বাক্য।

খ. **আসত্তি :** মনোভাব প্রকাশের জন্য বাক্যে শব্দগুলো এমনভাবে পর পর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশ বাধাগ্রস্ত না হয়। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। যেমন : কাল বিতরণী হরে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। লেখা হওয়াতে পদ সন্নিবেশ ঠিকভাবে না হওয়ায় শব্দগুলোর অন্তর্নিহিত ভাবটি যথাযথ প্রকাশিত হয়নি। তাই এটি একটি বাক্য হয় নি। মনোভাব পূর্ণভাবে প্রকাশ করার জন্য পদগুলোকে নিম্নলিখিতভাবে যথাস্থানে সন্নিবিষ্ট করতে হবে। যেমন : 'কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।' বাক্যটি আসত্তিসম্পন্ন।

গ. **যোগ্যতা :** বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মেলবন্ধনের নাম যোগ্যতা। যেমন : 'বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।' এটি একটি যোগ্যতাসম্পন্ন বাক্য। কারণ, বাক্যটিতে পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় রয়েছে। কিন্তু 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।' বললে বাক্যটি ভাবপ্রকাশের যোগ্যতা হারাবে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

গঠন অনুসারে বাক্য : তিন প্রকার। যথা : ১. সরল ২. জটিল বা মিশ্র ৩. যৌগিক।

১. **সরল বাক্য (Simple Sentence) :** কোনো বাক্য একটি উদ্দেশ্য ও একটিমাত্র ক্রিয়া সংবলিত হলে এবং অন্য কোনো বাক্যের সঙ্গে যুক্ত বা সম্পর্কিত না হলে তাকে সরল বাক্য বলে। উদাহরণ : রানা বই পড়ে।

২. **জটিল বাক্য (Complex Sentence) :** একাধিক খণ্ডবাক্য আপেক্ষিক স্বাধীনতা ও অধীনতার সম্পর্ক স্বীকার করে পরস্পরের সঙ্গে যুক্ত হয়ে কোনো বাক্য গঠিত হলে তাকে জটিল বাক্য বলে। যেমন : যদি পড় তবে পরীক্ষায় উত্তীর্ণ হবে।

৩. **যৌগিক বাক্য (Compound Sentence) :** একাধিক স্বাধীন ও অ-সাপেক্ষ বাক্য সংযোজক বা বিয়োজক অব্যয় দ্বারা যুক্ত হয়ে দীর্ঘতর বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যেমন : তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয় নি।

বাগ্‌ভঙ্গি বা অর্থানুসারে বাক্যের বাক্যের শ্রেণিবিভাগ : অর্থানুসারে বাক্যকে সাত ভাগে বিভক্ত। যথা : ১. বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য ২. প্রশ্নবোধক বা প্রশ্নাত্মক বাক্য ৩. অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য ৪. ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য ৫. কার্যকারণাত্মক বাক্য ৬. সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য ৭. বিস্ময় বা আবেগসূচক বাক্য।

১. **বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য :** যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্য সাধারণভাবে বিবৃত বা নির্দেশ করা হয়, তাকে বিবৃতিমূলক বাক্য বলে। যেমন : সূর্য পূর্বদিকে ওঠে। তার বয়স হলেও বুদ্ধি হয়নি।

➢ বিবৃতিমূলক বাক্য দুই প্রকার। যথা : ক. অস্তিবাচক বাক্য খ. নেতিবাচক বাক্য

ক. অস্তিবাচক বাক্য : যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্যের অস্তিত্ব বা হ্যাঁ-সূচক অর্থ প্রকাশ পায়, তাকে অস্তিবাচক বাক্য বলে। যেমন : প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে। মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে।

খ. নেতিবাচক বাক্য : যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্য অস্বীকৃতি, নিষেধ বা না-সূচক অর্থ বোঝায়, তাকে নেতিবাচক বাক্য বলে। যেমন : প্রিয়ংবদা অযথার্থ কহে নাই।

২. **প্রশ্নবোধক বাক্য :** যে বাক্যে কোনো ঘটনা বা ভাব সম্পর্কে জিজ্ঞাসা বা প্রশ্নসূচক অর্থ প্রকাশ পায়, তাকে প্রশ্নবোধক বাক্য বলে। যেমন : আপনি কেন ভূতে বিশ্বাস করেন? এ বাসটা কখন ছাড়বে?

৩. **অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য :** যে বাক্যে আদেশ, নিষেধ, অনুরোধ, উপদেশ ইত্যাদি অর্থ প্রকাশ পায়, তাকে অনুজ্ঞাসূচক বাক্য বলে। যেমন : সদা সত্য কথা বলবে। সময় নষ্ট করো না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য : যে বাক্যে ইচ্ছা, অভিপ্রায়, প্রার্থনা, কামনা, বাসনা ইত্যাদি প্রকাশিত হয়, তাকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য বলে। যেমন : আশীর্বাদ করি, মহারাজের জয় হোক।

কার্যকারণাত্মক বাক্য : যে বাক্যে ক্রিয়া নিষ্পত্তি কোনো বিশেষ শর্তের অধীনে প্রকাশ পেয়েছে, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন : মন দিয়ে না পড়লে পাশ করা যায় না। যদি বল, আসব।

সংশয়সূচক বাক্য : যে বর্ণনাত্মক বাক্যে বক্তব্য বিষয় সম্পর্কে সন্দেহ, সংশয়, অনুমান, অনিশ্চয়তা ইত্যাদি ভাব প্রকাশ পায়, তাকে সংশয়সূচক বাক্য বলে। এ ধরনের বাক্যে হয়তো, বুঝি, সম্ভবত, বোধ হয়, মাকি, নিশ্চয় প্রভৃতি সংশয়সূচক ক্রিয়া-বিশেষণ ব্যবহৃত হয়। যেমন : হয়তো তার আসা হবে না। বোধ হয় কাল তোমার সঙ্গে দেখা হবে।

বিস্ময় বা আবেগসূচক বাক্য : যে বাক্যে আনন্দ-বেদনা, বিস্ময়-কৌতূহল, ক্ষোভ, ক্রোধ-ঘৃণা, আবেগ-উচ্ছ্বাস ইত্যাদি ভাব প্রকাশ পায়, তাকে বিস্ময় সূচক বাক্য বলে। যেমন : ছি ছি! তুমি এত নীচ।

বাক্য রূপান্তরের গুরুত্বপূর্ণ উদাহরণ

সরল থেকে যৌগিক বাক্য

সরল বাক্য	যৌগিক বাক্য
পরিশ্রমী হলেও নির্ধন।	সে পরিশ্রমী অথচ নির্ধন।
ধনী হলেও সুখী নয়।	তিনি ধনী, কিন্তু সুখী নন।
বয়স হলেও বুদ্ধি হয়নি।	তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি।
গরিব হলেও তার মন ছোট নয়।	সে দরিদ্র, কিন্তু তার মন ছোট নয়।

যৌগিক থেকে জটিল বাক্য

যৌগিক বাক্য	জটিল বাক্য
লোকটি ধনী, কিন্তু কৃপণ।	যদিও লোকটি ধনী, তথাপি সে কৃপণ।
পরিশ্রম কর, তাহলে ফল পাবে।	যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে।
তিনি ধনী, কিন্তু অসুখী।	যদিও তিনি ধনী, তথাপি তিনি অসুখী।

অস্তিবাচক থেকে নেতিবাচক বাক্য

অস্তিবাচক বাক্য	নেতিবাচক বাক্য
সত্যটাই তার বিশ্বাস হয়।	কথাটায় তার অবিশ্বাস হয় না।
তুমি আবার এসো।	তুমি আবার না এলে হবে না।
কৈফিয়ৎ চুপ করিয়া রহিল।	কৈফিয়ৎ কোনো কথা বলিল না।
তিনি ধনী হয়েও অসুখী ছিলেন।	তিনি ধনী হয়েও সুখী ছিলেন না।
মানুষ মরণশীল।	মানুষ অমর নয়।

নেতিবাচক থেকে প্রশ্নবোধক বাক্য

নেতিবাচক বাক্য	প্রশ্নবাচক
তাদের গ্রামে ফিরে আসা চলে না।	তাদের গ্রামে ফিরে আসা চলে কি?
মানুষটা সমস্ত রাত খেতে পারে না।	মানুষটা সমস্ত রাত খেতে পারে কি?
সরস্বতী/লক্ষ্মী বর দেবেন না।	সরস্বতী/লক্ষ্মী বর দেবেন কি?
কেউই অঙ্কের সূত্র বুঝল না।	অঙ্কের সূত্র কেউ বুঝল কি?
সে আর ভিক্ষা করে না।	সে কি আর ভিক্ষা করে?
আর তো পথ নেই।	আর কি পথ আছে?

অস্তিবাচক থেকে প্রশ্নাত্মক বাক্য

অস্তিবাচক বাক্য	প্রশ্নবাচক বাক্য
তাঁর সম্বন্ধে জানা দরকার।	তাঁর সম্বন্ধে জানা দরকার নয় কি?
সুখ সকলেরই কাম্য।	সুখ কার না কাম্য?
ভুল সকলেই করে।	ভুল কি সকলেই করে না?

নির্দেশাত্মক থেকে বিস্ময়সূচক বাক্য

নির্দেশাত্মক বাক্য	বিস্ময়সূচক বাক্য
দৃশ্যটি বড়ই করুণ।	দৃশ্যটি কী করুণ!
এ তো ভয়ানক দুঃখের কথা।	কী ভয়ানক দুঃখের কথা!
অতি চমৎকার চিত্র।	কী চমৎকার চিত্র!

নির্দেশাত্মক থেকে প্রার্থনাসূচক বাক্য

নির্দেশাত্মক বাক্য	প্রার্থনাসূচক বাক্য
তোমার সুখ কামনা করি।	সুখী হও।
তোমার দীর্ঘজীবন কামনা করছি।	তুমি দীর্ঘজীবী হও।
প্রার্থনা করি সৎপথে যেন তোমার মতি হয়।	সৎপথে তোমার মতি হোক।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

এক কথায় প্রশ্নোত্তর

১. যে বাক্যের দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে কী বলে?
উত্তর : বাক্য।

২. ক্রিয়াপদে উপযুক্ত বিভক্তির না করলে বাক্য কী হয়ায়?
উত্তর : অসম্পূর্ণ।

৩. বাক্যের অংশগুলো কয়টি?
উত্তর : দুটি (উদ্দেশ্য ও বিধেয়)।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. অর্থানুসারে বাক্য কত প্রকার ও কী কী?
উত্তর : অর্থানুসারে বাক্যকে প্রধানত সাত ভাগে ভাগ করা যায়। যথা :
i. বিধিসূচক বা নির্দেশাত্মক বাক্য
ii. অনুজ্ঞা বা আবেদনসূচক বাক্য
iii. কার্যকারণাত্মক বাক্য
iv. বিস্ময় বা আবেগসূচক বাক্য
v. সংশয়সূচক বা সম্ভাব্যসূচক বাক্য
vi. ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য
vii. প্রশ্নবোধক বা প্রশ্নাত্মক বাক্য

গ. নির্দেশ অনুসারে বাক্য রূপান্তর কর :
ক. প্রকৃতির রাজ্যে নিয়ম ভঙ্গ হয় না। (জটিল)
খ. আমরা বাইরে আসলেও স্বাধীনতা পাইনি। (যৌগিক)
গ. বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা আবশ্যক ছিল না। (অস্তিবাচক)
ঘ. মনের চলাচল যতখানি মানুষ ততখানি বড়ো। (সরল)

উত্তর :	ক. প্রকৃতির রাজ্য এমনই, যেখানে নিয়ম ভঙ্গ হয় না। খ. আমরা বাইরে এসেছি কিন্তু স্বাধীনতা পাইনি। গ. বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা অনাবশ্যক ছিল। ঘ. মনের চলাচলের ওপরই মানুষের বড়োত্ব।

বর্ণনামূলক প্রশ্নোত্তর

গ. বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ দেখাও।
উত্তর : পরস্পর অন্বয়যুক্ত বিশিষ্ট যে পদসমূহের দ্বারা একটি সম্পূর্ণ মনোভাব প্রকাশ করে তাকে বাক্য বলে।
গঠন অনুসারে বাক্য : গঠনগত দিক থেকে বাক্য তিন প্রকার। যথা :
i. সরল বাক্য (Simple Sentence)
ii. জটিল বাক্য (Complex Sentence)
iii. যৌগিক বাক্য (Compound Sentence)

i. **সরল বাক্য (Simple Sentence) :** কোনো বাক্য একটি উদ্দেশ্য ও একটিমাত্র ক্রিয়া সংবলিত হলে এবং অন্য কোনো বাক্যের সঙ্গে যুক্ত বা সম্পর্কিত না হলে তাকে সরল বাক্য বলে। যেমন : রানা বই পড়ে।

ii. **জটিল বাক্য (Complex Sentence) :** একাধিক খণ্ডবাক্য আপেক্ষিক স্বাধীনতা ও অধীনতার সম্পর্ক স্বীকার করে পরস্পরের সঙ্গে যুক্ত হয়ে কোনো বাক্য গঠিত হলে তাকে জটিল বাক্য বলে। যেমন : যদি পড় তবে পরীক্ষায় উত্তীর্ণ হবে।

iii. **যৌগিক বাক্য (Compound Sentence) :** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বাক্য বা জটিল বাক্য যদি কোনো অব্যয় পদ যোগে সংযুক্ত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করে তবে তাকে যৌগিক বাক্য বলে। যেমন : তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি। তুমি অন্যায় করেছ সুতরাং তোমাকে শাস্তি পেতে হবে।

প্র. একটি সার্থক বাক্য গঠনের জন্য কী কী গুণাবলি বা বৈশিষ্ট্য থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ।

উত্তর : একটি সার্থক বাক্য গঠনে তিনটি গুণ থাকা আবশ্যক। যথা : ক. আকাঙ্ক্ষা খ. আসত্তি ও গ. যোগ্যতা।

আকাঙ্ক্ষা : বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তা-ই আকাঙ্ক্ষা। যেমন : 'চন্দ্র পৃথিবীর চারদিকে' এটুকু বললে বাক্যটিতে সম্পূর্ণ মনোভাব প্রকাশিত হয় না, আরও কিছু শোনার ইচ্ছা হয়। যখন বলা হয় 'চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে।' তাহলে আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়।

আসত্তি : বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। যেমন : কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। এভাবে লেখার কারণে পদ সন্নিবেশ ঠিকভাবে না হওয়ায় শব্দগুলোর অন্তর্নিহিত ভাবটি যথাযথ প্রকাশিত হয়নি। তাই এটি বাক্য হয়নি। মনোভাব পূর্ণভাবে প্রকাশ করার জন্য সবকয় পদগুলোকে যথাস্থানে সন্নিবিষ্ট করা। যেমন : 'কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।' বাক্যটি আসত্তিসম্পন্ন।

যোগ্যতা : বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মেলবন্ধনের নাম যোগ্যতা। যেমন : 'বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।' এটি যোগ্যতাসম্পন্ন বাক্য। কারণ, বাক্যটিতে পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় রয়েছে। যদি বলা হয় 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।' তাহলে বাক্যটি ভাবপ্রকাশের যোগ্যতা হারাবে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

গুরুত্বপূর্ণ MCQ

০১. পদ সংস্থাপন ক্রম অনুসারী বাক্য কোনটি?
ক মেঘ কালো আঁধার কালো — খ তোরা যাসনে ঘরের বাহিরে
গ হৃদয় আমার নাচেরে আজিকে — ঘ পাখি পাকা পেঁপে খায় — উ: ঘ

০২. 'না' শব্দটি বাক্যে কোথায় বসে?
ক বিশেষণের পরে — খ অসমাপিকা ক্রিয়ার পূর্বে
গ সমাপিকা ক্রিয়ার পূর্বে — ঘ অসমাপিকা ক্রিয়ার পরে — উ: খ

০৩. 'আ মরি বাংলা ভাষা' এ চরণে 'আ' দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ক আনন্দ — খ আনুগত্য — গ আবেগ — ঘ আশাবাদ — উ: ক

০৪. বাক্যের অংশ কয়টি?
ক ২টি — খ ৩টি — গ ৪টি — ঘ ৫টি — উ: ক

০৫. কতগুলো পদ একত্র হয়ে বক্তার মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করলে তাকে কী বলে?
ক উক্তি — খ সমাস — গ সন্ধি — ঘ বাক্য — উ: ঘ

০৬. 'বিবাহ সম্পর্কে আমার মত যাচাই করা অনাবশ্যক ছিল।' বাক্যটি–
ক নেতিবাচক — খ অস্তিবাচক — গ নঞর্থক — ঘ অনুজ্ঞা — উ: গ

০৭. 'গরু মানুষের গোসত খায়।' বাক্যটিতে কীসের অভাব আছে?
ক যোগ্যতা — খ আকাঙ্ক্ষা — গ আসত্তি — ঘ নৈকট্য — উ: খ

০৮. 'সকল আলেমগণ আজ উপস্থিত' এ বাক্যটি কোন দোষে দুষ্ট?
ক বাহুল্য দোষে — খ গুরুচণ্ডালী দোষে
গ দুর্বোধ্যতা দোষে — ঘ বিদেশি শব্দ দোষে — উ: ঘ

০৯. বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?
ক আকুতি — খ মিনতি — গ আসত্তি — ঘ আকাঙ্ক্ষা — উ: গ

১০. বাক্যে উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয় তাকে কী বলে?
ক বিধেয় — খ অভিপ্রেত — গ বিধান — ঘ লক্ষ্যবস্তু — উ: ক

বাংলা দ্বিতীয় পত্র

বাংলা ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ

অপপ্রয়োগ

- **অপপ্রয়োগ :** বাংলা ভাষায় ব্যবহৃত যেসব শব্দ ব্যাকরণের নিয়মে অশুদ্ধ হলেও বহুল প্রচলিত তাকে অপপ্রয়োগ বলে। যেমন : অশ্রুজল।
- **কারণ :** ৩টি কারণে ভাষার অপপ্রয়োগ ঘটে ; যথা :

ক. উচ্চারণজনিত খ. শব্দ গঠনজনিত ও গ. অর্থগত বিভ্রান্তিজনিত

ক. উচ্চারণজনিত : আঞ্চলিক ভাষার উচ্চারণ-প্রভাব থেকে মুক্ত হতে না পারা এবং শুদ্ধ উচ্চারণের প্রতি অসতর্কতায় বানানে অশুদ্ধি ঘটে। যেমন : অনাটন (হবে 'অনটন'), উক্ত্যাক্ত (হবে 'উত্যক্ত')।

খ. শব্দ গঠনজনিত : শব্দের গঠনরীতি সম্পর্কে অজ্ঞতার ফলে অপপ্রয়োগ ঘটে। যেমন : অপকর্ষতা, উৎকর্ষতা লিখিত হয় বিশেষ্য-বিশেষণকে যথাযথ চিহ্নিত না করার কারণে।

গ. অর্থগত বিভ্রান্তিজনিত : শব্দের অর্থ সম্পর্কে সম্যক জ্ঞান না থাকার কারণে প্রয়োগ বিভ্রান্তি ঘটে থাকে। এ বিভ্রান্তির ফলে বাক্যে ভুল শব্দ ব্যবহৃত হয়। যেমন : অবদান (কীর্তি), অবধান (মনোযোগ) ইত্যাদি।

বানানগত অশুদ্ধি : বানানরীতি সম্পর্কে অজ্ঞতা কিংবা অসতর্কতার ফলে শব্দের বানান বিভ্রান্তি ঘটে থাকে। 'বাংলা বানানের নিয়ম' অধ্যায়ে বানান রীতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। বানানগত অপপ্রয়োগের দৃষ্টান্ত :

অশুদ্ধ শব্দ	শুদ্ধ রূপ	অশুদ্ধ শব্দ	শুদ্ধ রূপ
অধগতি	অধোগতি	অহোরাত্রি	অহোরাত্র
মনোকষ্ট	মনঃকষ্ট	ছত্রছায়া	ছত্রচ্ছায়া
শিরচ্ছেদ	শিরশ্ছেদ	কৌতুহল	কৌতূহল
সমীচিন	সমীচীন	সম্বাদ	সংবাদ

সমাসঘটিত বানান : সংস্কৃত ইন্-ভাগান্ত শব্দের প্রথমার একবচনের রূপ হিসেবে বাংলায় ধনী, পাপী, গুণী ইত্যাদি শব্দ এসেছে। কিন্তু নিঃ (নির্) উপসর্গযোগে সমাসবদ্ধ হলে এগুলোর অন্তে ঈ-কার হওয়ার কথা নয়। কারণ, এসব ক্ষেত্রে ধনী, পাপী ইত্যাদি শব্দের সঙ্গে সমাস হয় না, সমাস হয় ধন, পাপ ইত্যাদি শব্দের সঙ্গে। যেমন : নেই ধন যার = নির্ধন, নেই পাপ যার = নিষ্পাপ। এ নিয়মে নির্ধনী, নিষ্পাপী ইত্যাদি শব্দ অশুদ্ধ। এরকম–

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
নিরহঙ্কারী	নিরহঙ্কার	নীরোগী	নীরোগ
নিরপরাধী	নিরপরাধ	নিরভিমানী	নিরভিমান

সমার্থক শব্দের বানান (শব্দের অতি ব্যবহারজনিত অশুদ্ধি) :

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অদ্যাপিও	অদ্যাপি	যদ্যাপিও	যদ্যপি/যদিও
আয়ত্তাধীন	আয়ত্ত/অধীন	সমূলসহ	সমূল/মূলসহ
বিবিধপ্রকার	বিবিধ	সুস্বাস্থ্য	স্বাস্থ্য

CamScanner

লক্ষণীয় : 'স্বাগত' শব্দটি গঠিত হয়েছে/সু-/উপসর্গযোগে (সু + আগত = স্বাগত)। এর সঙ্গে আবারও অনাবশ্যকভাবে /সু-/উপসর্গ যোগ করে সুস্বাগত শব্দটি তৈরি ব্যাকরণসম্মত বা প্রয়োগসিদ্ধ নয়।

৬ **উৎকর্ষবাচক -তর, -তম প্রত্যয়ের অপপ্রয়োগজনিত বানান :** বাংলায় উৎকর্ষের সর্বাধিক্য বোঝাতে গুণবাচক শব্দের সঙ্গে /-ইষ্ঠ/ প্রত্যয় যুক্ত হয়। যেমন : কনিষ্ঠ, গরিষ্ঠ, জ্যেষ্ঠ, লঘিষ্ঠ, শ্রেষ্ঠ ইত্যাদি। এসব শব্দের সঙ্গে ভুলবশত অনেকে ৎ-তর এবং বহুর মধ্যে একের উৎকর্ষবাচক ৎ-তম/প্রত্যয় যোগ করে থাকেন। যেমন : কনিষ্ঠতর/কনিষ্ঠতম, শ্রেষ্ঠতর/শ্রেষ্ঠতম ইত্যাদি। এ রকম প্রয়োগ অশুদ্ধ ও অনুচিত।

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
কনিষ্ঠতম	কনিষ্ঠ	বলিষ্ঠতম	বলিষ্ঠ
গরিষ্ঠতম	গরিষ্ঠ	শ্রেষ্ঠতম	শ্রেষ্ঠ

৭ **শব্দের গঠনগত অপপ্রয়োগ :** যেকোনো শব্দের গঠনরীতি সম্পর্কে অজ্ঞতার ফলে এর ব্যবহারে বিভ্রান্তি ঘটে থাকে। যেমন :

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অসহ্যনীয়	অসহ্য	অধীনস্থ	অধীন
অন্তমান	অস্তায়মান	অগ্রসরমান	অগ্রসর
অতলস্পর্শী	অতলস্পর্শ	অশ্রুজল	অশ্রু
একত্রিত	একত্র	ঐক্যতা	ঐক্য/একতা
কেবলমাত্র	কেবল/মাত্র	কার্পণ্যতা	কার্পণ্য
চাপল্যতা	চাপল্য/চপলতা	নিরহংকারী	নিরহংকার
ইতিপূর্বে	ইতঃপূর্বে	প্রাণপন	প্রাণপণ
সৌন্দর্যতা	সৌন্দর্য	সুস্বাগত	স্বাগত
সৌজন্যতা	সৌজন্য	সবিনয়পূর্বক	সবিনয়ে

৮ **প্রায় সমোচ্চারিত শব্দের বানানজনিত অপপ্রয়োগ :** ভাষায় ব্যবহৃত শব্দের ঠিক অর্থ সম্পর্কে ধারণা না থাকার কারণেও প্রয়োগে বিভ্রান্তি ঘটে থাকে। এ ধরনের বিভ্রান্তির জন্য বাক্যে ভুল শব্দ ব্যবহার হয়। দৃষ্টান্তস্বরূপ–

যতি– বিরাম যতী– সন্ন্যাসী	ঈশ– ঈশ্বর ঈষ– লাঙল দণ্ড	আসক্তি– অনুরাগ আসত্তি– নৈকট্য	শুচি– পবিত্র সূচি– তালিকা
কাঁদা– কান্না কাদা– কর্দম	দিন– দিবস দীন–দরিদ্র	গিরিশ– মহাদেব গিরীশ– হিমালয়	পরভৃত–কোকিল পরভৃৎ– কাক

৯ **অপপ্রয়োগের গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত :**

অপপ্রয়োগের গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত	
অত্র-তত্র-যত্র	'অত্র' শব্দের অর্থ এখানে; 'তত্র' শব্দের অর্থ 'সেখানে'; এবং 'যত্র' শব্দের অর্থ 'যেখানে'। 'এই' অর্থে 'অত্র' ব্যবহার অশুদ্ধ।
আকণ্ঠ পর্যন্ত	'আকণ্ঠ' দ্বারা কণ্ঠ পর্যন্ত বোঝায়। তাই এর সাথে 'পর্যন্ত' যোগ করা অপপ্রয়োগ।
অশ্রুজল	'চোখের জল' বোঝাতে 'অশ্রুজল' শব্দটির ব্যবহার অপপ্রয়োগ। 'অশ্রু' শব্দ দ্বারাই চোখের জল বোঝায়।
অন্তরীণ	Interned বা বন্দি অর্থে 'অন্তরিন' শব্দটি প্রচলিত। যেহেতু শব্দটি সংস্কৃত নয়। কিংবা সংস্কৃত ব্যাকরণের নিয়মে গঠিত নয়, তাই এ শব্দে দীর্ঘ- 'ঈ' কার যেমন খাটে না, তেমনি মূর্ধন্য-'ণ' ও খাটে না।
অপেক্ষমাণ/ অপেক্ষমান	ক্ষ অর্থাৎ ক-য়ে মূর্ধন্য-ষ আগে আছে বলে ণ-ত্ব বিধান অনুযায়ী 'অপেক্ষমাণ' হবে, 'অপেক্ষমান' নয়। 'অপেক্ষমান' শব্দের ব্যবহার অপপ্রয়োগ।
ইদানীংকাল	'ইদানীং' বলতে বর্তমান কাল বোঝায়। অর্থাৎ 'ইদানীং' শব্দের সাথে 'কাল' যুক্ত। তাই 'ইদানীংকাল' লিখলে বাহুল্যজনিত অপপ্রয়োগ হবে।
আঙ্গিক	'আঙ্গিক' শব্দটির অর্থ : অঙ্গ সম্বন্ধীয়। তাই 'কলাকৌশল' অর্থে 'আঙ্গিক' শব্দের ব্যবহার অশুদ্ধ।
উর্বরা শক্তি/ উর্বরতা শক্তি	'উর্বরা শক্তি' কথাটার ব্যবহার প্রায়ই দেখা যায়। ভূমিই 'উর্বরা শক্তি' নয়। তাই 'উর্বরা শক্তি'র পরিবর্তে 'উর্বরতা শক্তি' কথাটার প্রয়োগই যথার্থ।

অপপ্রয়োগের গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত	
দাহ্যশক্তি/ দাহিকা/শক্তি	দহন বা দাহন করার শক্তি বোঝাতে 'দাহ্যশক্তি' লেখা ভুল প্রয়োগ। 'দাহ্য' শব্দের অর্থ : যা সহজে দগ্ধ হয় বা দহনযোগ্য। তাই 'দাহ্যশক্তি'র স্থলে লিখতে হবে 'দাহিকা শক্তি'।
অতিপ্রথম/ সর্বপ্রথম	'প্রথম' শব্দের সঙ্গে কোনো তুলনামূলক শব্দ বা প্রত্যয় যুক্ত হয় না। এজন্য শব্দটি থেকে 'অতি' ও 'সর্ব' বাদ যাবে।
বাধ্যগত	'বাধ্য' বিশেষণবাচক শব্দের অর্থ : 'অনুগত', এক্ষেত্রে 'গত' শব্দ যোগ করে 'বাধ্যগত' ব্যবহার অশুদ্ধ। 'আপনার বাধ্যগত' এর পরিবর্তে লিখতে হবে 'আপনার অনুগত'।
সহসা	'সহসা' শব্দের অর্থ : হঠাৎ, অকস্মাৎ, অতর্কিত। তাই 'শিগগির' অর্থে 'সহসা' শব্দের ব্যবহার অশুদ্ধ।
কৃচ্ছ্র/কৃচ্ছ্রতা	'কৃচ্ছ্র' শব্দের অর্থ : শারীরিক ক্লেশ, কষ্টসাধ্য ব্রত। 'কৃচ্ছ্র' শব্দের সাথে 'তা' প্রত্যয়যোগে 'কৃচ্ছ্রতা' শব্দের ব্যবহার অপপ্রয়োগ।
পদক্ষেপ	'পদক্ষেপ' শব্দের অর্থ : পদার্পণ বা পা ফেলা। ব্যবস্থা গ্রহণ অর্থে 'পদক্ষেপ' শব্দটির ব্যবহার অপপ্রয়োগ।
প্রস্তাব/ প্রস্তাবনা	'প্রস্তাব' ও 'প্রস্তাবনা' শব্দের অর্থ যথাক্রমে 'আলোচ্য বিষয়' ও 'ভূমিকা'। তাই 'প্রস্তাব' অর্থে 'প্রস্তাবনা' শব্দের ব্যবহার অশুদ্ধ।
বৈদেহী/ বিদেহী	'বিদেহ' শব্দ দ্বারা দেহশূন্য বা অশরীরী বোঝায়। 'বিদেহ' বিশেষণবাচক শব্দের সাথে ঈ- প্রত্যয়যোগে পুনরায় বিশেষণ করা হয়েছে। দুটো শব্দের ব্যবহারই অপপ্রয়োগ।
বিষাক্ত/ বিষধর	'বিষাক্ত' সাপ নয়, 'বিষধর' সাপ। 'বিষাক্ত' শব্দের অর্থ : 'বিষমিশ্রিত', 'বিষলিপ্ত'। বিষাক্ত খাদ্য হতে পারে, 'বিষাক্ত' অশোভন– শব্দটি হবে 'বিষধর' সাপ।
মধুমাস/ মধুফল	'মধুমাস' শব্দের অর্থ : চৈত্র মাস। বর্তমানে জ্যৈষ্ঠের আম, জাম, লিচু ও অন্যান্য ফলকে বলা হচ্ছে মধুফল। এ প্রয়োগও শুদ্ধ নয়। মধুফল বলে প্রকৃতপক্ষে কোনো মাস নেই।
ফলশ্রুতি	'ফলশ্রুতি' শব্দটি দ্বারা পুণ্যকর্ম করলে যে ফল হয় তার বিবরণ বা তা শোনা। ফল বা ফলাফল অর্থে 'ফলশ্রুতি' শব্দের ব্যবহার অশুদ্ধ।
ভাষাভাষী	ভাষা ব্যবহারকারী বোঝাতে ভাষীই যথেষ্ট। তবে 'ভাষী' অর্থে 'ভাষাভাষী' শব্দটির ব্যবহার অশুদ্ধ।
পূর্বাহ্নে	'পূর্বাহ্ন' শব্দের অর্থ : দিনের প্রথম ভাগ। অনেকেই পূর্বে বা আগে অর্থে 'পূর্বাহ্ন' শব্দটির ব্যবহার করে যা অপপ্রয়োগ।
সাম্প্রতিককাল	'সাম্প্রতিক' বা 'সম্প্রতি' দ্বারা কাল বোঝায়। অর্থাৎ সাম্প্রতিক বা সম্প্রতি শব্দের সাথে 'কাল' যুক্ত। 'সাম্প্রতিককাল' লিখলে বাহুল্যজনিত অপপ্রয়োগ হবে।
সঠিক	'সঠিক' শব্দটি দ্বারা বোঝায় ঠিকের সাথে। আমরা ঠিক অর্থে সঠিক শব্দটির ব্যবহার করি। যদি 'ঠিক' দ্বারা প্রকৃত অর্থ বোঝা যায় তাহলে 'সঠিক' শব্দ ব্যবহারের প্রয়োজন নেই।
তাপদাহ	'তাপ' শব্দটির অর্থ : উষ্ণতা, উত্তাপ বা দাহ। 'তাপদাহ' শব্দটির অর্থ দাঁড়ায় 'দাহদাহ'। তাপদাহ শব্দটির বহুল ব্যবহার থাকলেও শব্দটির শুদ্ধ রূপ হলো 'দাবদাহ'। যার অর্থ- দাবানলের তাপ।
কেবলমাত্র/ শুধুমাত্র	যেখানে 'কেবল' লেখাই যথেষ্ট কিংবা 'শুধু' লিখলেই যেখানে চলে সেখানে 'কেবলমাত্র' বা 'শুধুমাত্র' লিখলে বাহুল্য দোষ ঘটে।
উপর্যুক্ত/ উপরোক্ত	'উপর' সংস্কৃত শব্দ নয়, বাংলা শব্দ এবং এর সঙ্গে 'উক্ত' শব্দের সন্ধির ফলে 'উপরোক্ত' শব্দটির সৃষ্টি হয়েছে। কিন্তু 'উক্ত' (বচ্ + ত) শব্দটি তৎসম শব্দ। একটি অতৎসম শব্দের সাথে একটি তৎসম শব্দের সন্ধি অবিধেয়। তাই 'উপর' শব্দের সাথে 'উক্ত' শব্দের সন্ধি না করে 'উপরি' (উপরি + উক্ত = উপর্যুক্ত) শব্দের সাথে 'উক্ত' শব্দের সন্ধি করাই উচিত।
উল্লেখ/ উল্লিখিত	সংস্কৃতে (এবং বাংলায়ও) মূল ধাতুটি 'লিখ্' হলেও লেখা, লেখন, লেখনী প্রভৃতি শব্দে 'লে' আসে। কিন্তু লিখিত, অলিখিত। একই কারণে উল্লেখ (উৎ + লেখ) হলেও উল্লেখিত নয়, উল্লিখিত লিখতে হবে। এ সম্পর্কে সতর্কতা প্রয়োজন।

CamScanner

বাংলা দ্বিতীয় পত্র

পারিভাষিক শব্দ

- **সংজ্ঞা :** বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। অর্থাৎ ইংরেজি শব্দের বাংলা প্রতিশব্দই হচ্ছে পরিভাষা। যেমন : Oxygen- অম্লজান, File- নথি।

➢ **শব্দ ও পরিভাষা :** শব্দ ও পরিভাষার মধ্যে সূক্ষ্ম পার্থক্য বিদ্যমান। পরিভাষা কোনো জ্ঞান-ক্ষেত্রের বৈশিষ্ট্যজ্ঞাপক ধারণার সংজ্ঞার্থ বা নাম। কিন্তু শব্দ (Word) হচ্ছে ভাষায় ব্যবহৃত যে-কোনো অর্থবোধক ধ্বনি বা ধ্বনিসমষ্টি। বস্তুত পারিভাষিক শব্দগুলো জ্ঞান-বিজ্ঞানের সুনির্দিষ্ট ক্ষেত্রে সুনির্দিষ্ট অর্থে ব্যবহৃত হয়ে থাকে। সকল পরিভাষাই মূলত শব্দ, কিন্তু সকল শব্দই পরিভাষা নয়।

কতিপয় পারিভাষিক শব্দের উদাহরণ

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Article	অনুচ্ছেদ	Agenda	আলোচ্যসূচি
Attestation	সত্যায়ন	Allotment	বরাদ্দ
Air-mail	বিমানডাক	Ad-hoc	অনানুষ্ঠানিক
Affidavit	শপথনামা, হলফনামা	Anatomy	শারীরবিদ্যা
Academic year	শিক্ষাবর্ষ	Aid	সাহায্য
Author	লেখক	Acting	ভারপ্রাপ্ত
Autonomy	স্বায়ত্তশাসন	Ancestor	পূর্বপুরুষ
Broadcast	সম্প্রচার করা	Booklet	পুস্তিকা
Blue print	প্রতিচিত্র	Bribe	ঘুষ
Ballad	গীতিকা	Bloc	শক্তিজোট
Bio-data	জীবনবৃত্তান্ত	Book-post	খোলা ডাক
Ballot	ভোট	Bureau	ব্যুরো, দপ্তর
Bail	জামিন	Boycott	বর্জন
Cartoon	ব্যঙ্গচিত্র	Census	আদমশুমারি
Civil war	গৃহযুদ্ধ	Catalogue	তালিকা
Copyright	লেখস্বত্ব	Consignor	প্রেরক
Copy	প্রতিলিপি	Colony	উপনিবেশ
Cable	তার	Crown	মুকুট
Care-taker	তত্ত্বাবধায়ক	Cabinet	মন্ত্রিপরিষদ
Coldwar	স্নায়ুযুদ্ধ	Chancellor	আচার্য
Diplomacy	কূটনীতি	Donor	দাতা
Defence	প্রতিরক্ষা	Data	উপাত্ত
Dialect	উপভাষা	Deputation	প্রেষণ
Deposit	আমানত	Discharge	বরখাস্ত
Dynamic	গতিশীল	Diagram	নকশা, রেখাচিত্র
Editorial	সম্পাদকীয়	Embargo	অবরোধ
Executive	নির্বাহী	Forecast	পূর্বাভাস
Episode	উপাখ্যান	Excise duty	আবগারি শুল্ক
Forfeit	বাজেয়াপ্ত করা	Existence	অস্তিত্ব
Farce	প্রহসন	Foreword	পূর্বকথা
File	নথি	Fiction	কথাসাহিত্য
Famine	দুর্ভিক্ষ	Feudal	সামন্ততান্ত্রিক
Geology	ভূতত্ত্ব	Gypsy	বেদে
Hostage	জিম্মি	Gazetted	ঘোষিত
Handout	জ্ঞাপনপত্র	Hospitality	আতিথেয়তা
Hand-bill	প্রচারপত্র	Hydrogen	উদ্‌যান
Invoice	চালান	Interpreter	দোভাষী
Idealism	ভাববাদ	Indigenous	দেশজ/স্বদেশীয়
Inflation	মুদ্রাস্ফীতি	Inspection	পরিদর্শন
Jobber	দালাল	Juggler	ভোজবাজিকর
Judge	বিচারক	Jury	নির্ণায়ক বর্গ
Key note	মূলভাব	Key Word	মূল শব্দ
Legend	কিংবদন্তি	Livestock	পশুসম্পদ
Lyric	গীতিকবিতা	Lien	পূর্বস্বত্ব
Leftist	বামপন্থি	Limited	সীমাবদ্ধ
Mythology	পুরাণতত্ত্ব	Milky Way	ছায়াপথ
Manuscript	পাণ্ডুলিপি	Manifesto	ইশতেহার
Mail	ডাক	Memo	স্মারক
Navy	নৌবাহিনী	Notice	বিজ্ঞপ্তি
Proforma	ছক	Poetics	সাহিত্যতত্ত্ব
Poultry	হাঁস-মুরগি	Pathology	রোগবিদ্যা
Parasite	পরজীবী	Preamble	প্রস্তাবনা
Plebiscite	গণভোট	Payee	প্রাপক
Plaintiff	ফরিয়াদি	Pseudonym	ছদ্মনাম
Postage	ডাকমাশুল	Pottery	মৃৎ শিল্প
Printer	মুদ্রক	Petrology	শিলাতত্ত্ব
Quack	হাতুড়ে	Robot	যন্ত্রমানব
Revenue	রাজস্ব	Realm	প্রদেশ
Referendum	গণভোট	Rotation	আবর্তন
Radical	মৌলিক	Rebate	বাট্টা
Reform	সংস্কার	Regret	দুঃখ
Remedy	প্রতিকার	Resignation	পদত্যাগ
Revival	পুনরুজ্জীবন	Release	মুক্তি
Rank	পদমর্যাদা	Recruitment	নিযুক্তি
Retirement	অবসর	Retired	অবসরপ্রাপ্ত
Republic	প্রজাতন্ত্র	Regiment	সৈন্যদল
Sanction	অনুমোদন	Suggestion	দিক-নির্দেশনা
Salary	বেতন	Specialist	বিশেষজ্ঞ
Sabotage	অন্তর্ঘাত	Scale	নিক্তি
Similitude	সাম্য	Sublet	উপভাড়া
Syllabus	পাঠ্যসূচি	Satellite	উপগ্রহ

CamScanner

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Sewerage	পয়ঃপ্রণালি	Successor	উত্তরাধিকারী
Skull	মাথার খুলি	Surplus	উদ্বৃত্ত
Subjudice	বিচারাধীন	Subsidy	ভর্তুকি
Terminal	প্রান্তিক	Token	প্রতীক
Tripod	টিপাই	Terminology	পরিভাষা
Transfer	বদলি/হস্তান্তর	Termination	অবসান
Up-to-date	হালনাগাদ	Vocabulary	শব্দকোষ
Vacancy	খালি	Voucher	রসিদ
Volcano	আগ্নেয়গিরি	Volunteer	স্বেচ্ছাসেবী
Waste land	পতিত জমি	Warehouse	গুদাম
White paper	শ্বেতপত্র	X-Ray	রঞ্জন রশ্মি
X-mas day	বড়দিন	Yolk	কুসুম
Year-Book	বর্ষপঞ্জি	Zodiac	রাশিচক্র
Zeal	সতেজতা	Zone	অঞ্চল

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : পরিভাষা কী?

উত্তর : বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। অর্থাৎ ইংরেজি শব্দের বাংলা প্রতিশব্দই হচ্ছে পরিভাষা। যেমন : Oxygen– অম্লজান, File– নথি,

প্র : পারিভাষিক শব্দ লেখ :

Agenda, Blueprint, Manifesto, Revenue.

উত্তর : প্রদত্ত শব্দগুলোর বাংলা পরিভাষা :

প্রদত্ত শব্দ	পরিভাষা	প্রদত্ত শব্দ	পরিভাষা
Agenda	আলোচ্যসূচি	Blueprint	প্রতিচিত্র, পরিকল্পনা
Manifesto	ইশতেহার	Revenue	রাজস্ব

প্র : শব্দ ও পরিভাষার পার্থক্যগুলো লেখ।

উত্তর : শব্দ ও পরিভাষার মধ্যে সূক্ষ্ম পার্থক্যগুলো নিম্নে দেওয়া হলো :

শব্দ	পরিভাষা
শব্দ (Word) হচ্ছে ভাষায় ব্যবহৃত যে কোনো অর্থবোধক ধ্বনি বা ধ্বনিসমষ্টি।	পরিভাষা কোনো জ্ঞান-ক্ষেত্রের বৈশিষ্ট্যজ্ঞাপক ধারণার সংজ্ঞার্থ বা নাম। বস্তুত পারিভাষিক শব্দগুলো জ্ঞান-বিজ্ঞানের সুনির্দিষ্ট ক্ষেত্রে সুনির্দিষ্ট অর্থে ব্যবহৃত হয়ে থাকে।
সকল শব্দই পরিভাষা নয়।	সকল পরিভাষাই মূলত শব্দ।

বর্ণনামূলক প্রশ্নোত্তর

প্র : ভাষার উৎকর্ষ সাধনে পরিভাষার গুরুত্ব আলোচনা কর।

উত্তর : পৃথিবীর কোনো ভাষাই স্বয়ংসম্পূর্ণ নয়। মানুষ তার জ্ঞান-বিজ্ঞানের সাথে সাথে ভাষারও প্রসার ঘটিয়েছে। স্বাভাবিক অবস্থায় সভ্যতা ও সংস্কৃতির সঙ্গে সঙ্গে মানুষের চিন্তা-চেতনা, বিচার-বিবেচনা এবং ভৌতিক বিষয়ে জ্ঞানের পরিধিও বৃদ্ধি পায়। এমতাবস্থায় অনিবার্যভাবে নতুন শব্দ আবিষ্কার ও ব্যবহারের আবশ্যকতা দেখা দেয়।

নিচে পারিভাষিক শব্দের প্রয়োজনের কয়েকটি দিক তুলে ধরা হলো:

ক. জ্ঞান-বিজ্ঞানের গুরুত্বপূর্ণ বিষয়গুলোর যথাযথ অনুবাদ করতে হলে অবশ্যই পরিভাষা ব্যবহার করতে হবে।

খ. পরিভাষা ব্যবহারের মাধ্যমে অপরাপর ভাষার শব্দভান্ডারের সঙ্গে পরিচিত হওয়া যায়। এ ছাড়া একটি ভাষার শব্দ অন্য একটি ভাষায় কীভাবে ব্যবহৃত হয় সে সম্পর্কেও জ্ঞান লাভ করা যায়।

গ. পরিভাষার মাধ্যমে ভাষার শব্দভান্ডার সমৃদ্ধ হয়।

ঘ. পরিভাষা যেহেতু ভাষার শব্দসংখ্যা বৃদ্ধি করে সেহেতু এর মাধ্যমে ভাষার প্রকাশ ক্ষমতার উৎকর্ষ সাধিত হয়।

ঙ. পরিভাষার ব্যবহার ভাষার গতিশীলতা বৃদ্ধি করে। ফলে ভাষার সৌন্দর্য অনেকগুণ বেড়ে যায়।

প্র : বাংলা ভাষায় পারিভাষিক শব্দের প্রয়োজনীয়তা আলোচনা কর।

উত্তর : জ্ঞান-বিজ্ঞানের চর্চারের ক্ষেত্রে এবং আন্তর্জাতিক ভাব-ভাষা ও চিন্তা-চেতনার মেল-বন্ধন রচনায় পারিভাষিক শব্দের ভূমিকা অনবদ্য।

বাংলাদেশে অফিস-আদালতে এবং জাতীয় প্রয়োজনে বা প্রশাসনে স্বচ্ছতা ও বোধগম্যতা সৃষ্টিতে পরিভাষা সৃষ্টি ও প্রয়োগের বিকল্প নেই। জাতি হিসেবে বাঙালি ও ভাষা হিসেবে বাংলা ভাষার উত্তরাধিকারী হওয়ায় আমরা গর্ববোধ করি। এ গর্বকে সমুন্নত রাখার একটা অতি গুরুত্বপূর্ণ মাধ্যম হচ্ছে পরিভাষা প্রণয়ন। এর মাধ্যমে আমরা উন্নত ভাষার জ্ঞান-বিজ্ঞানকে আমাদের ভাষায় রূপান্তর করতে পারি। উচ্চশিক্ষার ক্ষেত্রে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষাদানে পরিভাষার ভূমিকা অপরিসীম। জ্ঞান নির্ভর বই-পুস্তক রচনার ক্ষেত্রে এর বহুল প্রয়োগ অনিবার্য। বিদেশি বহু শব্দ আমরা সরাসরি ব্যবহার করি যা আমাদের দৈনন্দিন জীবনাচরণে, কথাবার্তায়, ভাব বিনিময়ে পরিভাষা উন্নত মান প্রদানে সক্ষম।

গুরুত্বপূর্ণ MCQ

০১. 'Canvas' শব্দের অর্থ–
ক প্রচার খ ক্যাম্বিস কাপড় গ ভোট চাওয়া ঘ বিক্রি করা **উ: খ**

০২. 'Housing' এর পরিভাষা–
ক আবাস খ আবাসন গ বাস ঘ নিবাস **উ: খ**

০৩. 'Adam's Apple' এর পরিভাষা–
ক কণ্ঠধ্বনি খ কণ্ঠমণি গ আদমের আপেল ঘ নিষিদ্ধ ফল **উ: খ**

০৪. 'Blocade' এর পরিভাষা–
ক অবলোপ খ প্রতিরোধ গ প্রতিবন্ধক ঘ অবরোধ **উ: ঘ**

০৫. 'Hypothesis' এর পরিভাষা–
ক দিগন্ত খ অনুমান গ প্রান্তিক ঘ গবেষণা **উ: খ**

০৬. 'Context' এর অর্থ–
ক সংসর্গ খ মূল পাঠ গ উপসংহার ঘ প্রসঙ্গ **উ: ঘ**

০৭. 'Coating' এর পরিভাষা–
ক চিহ্নায়ন খ নিয়োগপত্র গ মামলাবাজ ঘ আবরণ **উ: ঘ**

০৮. 'Migratory bird' এর পরিভাষা–
ক পোষা পাখি খ দ্রুতগামী
গ অতিথি পাখি ঘ তোতাপাখি **উ: গ**

০৯. 'Trilogy' এর পরিভাষা–
ক দিগন্ত খ ত্রয়ী গ প্রান্তিক ঘ সমান্তরাল **উ: খ**

১০. 'Surgeon' এর পরিভাষা–
ক ভেষজ চিকিৎসক খ শল্য চিকিৎসক
গ অস্থি চিকিৎসক ঘ দন্ত চিকিৎসক **উ: খ**

১১. 'Null and void' এর বাংলা অনুবাদ–
ক নিরপেক্ষ খ মামুলি গ পালা বদল ঘ বাতিল **উ: ঘ**

১২. 'Indigenous' কী?
ক চালাক খ মেধাবী গ স্বদেশি ঘ বিদেশি **উ: গ**

১৩. 'Populous' এর পরিভাষা–
ক জনবহুল খ জনপ্রিয় গ জনসংখ্যা ঘ জনসাধারণ **উ: ক**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলা দ্বিতীয় পত্র

অনুবাদ

- **সংজ্ঞা :** ভাষান্তর বা ভাষান্তরকরণকে অনুবাদ বলে। অর্থাৎ অনুবাদ হলো এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর।
- **প্রকারভেদ :** অনুবাদ প্রধানত দুই প্রকার। যথা : ক. আক্ষরিক অনুবাদ (Literal Translation), খ. ভাবানুবাদ (Faithful Rendering)
- **অনুবাদের বৈশিষ্ট্য :**
  ১. অনুবাদের পারদর্শিতা ভাষান্তরের ওপর নির্ভরশীল।
  ২. ক্রিয়ার কাল অনুবাদের ক্ষেত্রে পরিবর্তন করা যায় না।
  ৩. অনুবাদ জ্ঞানচর্চার সহায়ক।
  ৪. পরিভাষার অনুপস্থিতিতে অনুবাদে ইংরেজি শব্দ ব্যবহার করা যায়।
  ৫. অনুবাদ কোন ধরনের হবে তা ভাবের ওপর নির্ভর করে।

কতিপয় অনুবাদের দৃষ্টান্ত

After death comes the doctor	চোর পালালে বুদ্ধি বাড়ে।
After meat comes mustard	নুন আনতে পান্তা ফুরায়।
All cover, all lost	অতি লোভে তাঁতি নষ্ট।
All's well that ends well	সব ভালো তার, শেষ ভালো যার।
As you so, so you reap	যেমনি কর্ম তেমনি ফল।
Art is long, life is short	বিদ্যা অনন্ত, জীবন সংক্ষিপ্ত।
Beggars must not be choosers	ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া।
Barking dogs seldom bite	যত গর্জে তত বর্ষে না।
Blood is thicker than water	রক্তের টান বড় টান।
Brevity is the soul of wit	মানিকের ধনিক ভালো।
Care killed the cat	অতি যত্নে মরকাঁদ।
Charity begins at home	আগে ঘর, তবে তো পর।
Every man is for himself	চাচা আপন প্রাণ বাঁচা।
Example is better than precept	উপদেশ অপেক্ষা দৃষ্টান্ত ভালো।
Familiarity breeds contempt	অধিক মাখামাখিতে মান নষ্ট।
Great talkers are little doers	মুখে বুলি লম্বা, কাজে অষ্টরম্ভা।
Give the devil his due	যার প্রাপ্য তাকে তা দাও।
Habit is second nature	অভ্যাসই স্বভাবে দাঁড়ায়।
Irony of fate	অদৃষ্টের পরিহাস।
It takes two to make a quarrel	এক হাতে তালি বাজে না।
Like cures like	কাঁটা দিয়ে কাঁটা তোলা।
Many a little makes a mickle	রাই কুড়িয়ে বেল।
Necessity knows no law	অভাবে স্বভাব নষ্ট।
No pains, no gains	কষ্ট ছাড়া কেষ্ট মেলে না।
Out of sight, out of mind	চোখের আড়াল হলেই মনের আড়াল হয়।
Penny wise, pound foolish	বল্ল আঁটুনি ফসকা গেরো।
Rumour is a great traveller	গুজব খুব দ্রুত ছড়ায়।
Riches have wings	টাকা আছে পাখা উড়াতে কতক্ষণ।
Tit for tat	ইটটি মারলে পাটকেলটি খেতে হয়।
To carry coals to Newcastle	তেলা মাথায় তেল দেওয়া।
To do or die	মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
To rob Peter to pay Paul	গরু মেরে জুতো দান।
The more, the merrier	যত গুড় তত মিষ্টি।
The pot calls the kettle black	চালুনি বলে, ছুঁচ, তোর তলায় ছেঁদা।
Virtue thrives best in adversity	বিপদের মধ্যেই গুণের পরীক্ষা হয়।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

এক কথায় প্রশ্নোত্তর

প্র : 'A bolt from the blue' এর সমার্থক বাংলা প্রবাদ হলো?
উত্তর : বিনা মেঘে বজ্রপাত।

প্র : 'Everybody cried up her beauty.' বাক্যটির বঙ্গানুবাদ?
উত্তর : প্রত্যেকে তার সৌন্দর্যের ভূয়সী প্রশংসা করল।

প্র : 'The poorman did not know what to do.' এ বাক্যের অনুবাদ?
উত্তর : গরিব লোকটি দিশেহারা হয়ে গেল।

প্র : 'To speak ill of others is a sin.' এ বাক্যের ঠিক অনুবাদ কোনটি?
উত্তর : অপরের নিন্দা করা পাপ।

প্র : 'It culminated into failure.' এ বাক্যটির ঠিক অনুবাদ কী?
উত্তর : এটা ব্যর্থতায় পর্যবসিত হলো।

প্র : 'A garden is also a source of income to men.' এর অনুবাদ কী?
উত্তর : বাগান মানুষের আয়েরও উৎস।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : অনুবাদ কাকে বলে? কত প্রকার ও কী কী? লেখ।
উত্তর : ইংরেজি শব্দ Translation এর বাংলা প্রতিশব্দ অনুবাদ। অপর পরিভাষা হিসেবে 'তরজমা' শব্দটিও বহুল প্রচলিত। ভাষান্তর বা ভাষান্তরকরণকে অনুবাদ বলে। অর্থাৎ অনুবাদ হলো এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর।
প্রকারভেদ : অনুবাদ প্রধানত দুই প্রকার। যথা :
ক. আক্ষরিক অনুবাদ (Literal Translation) খ. ভাবানুবাদ (Faithful Rendering)

প্র : অনুবাদের বৈশিষ্ট্যগুলো লেখ।
উত্তর : অনুবাদের বৈশিষ্ট্য :
১. অনুবাদের পারদর্শিতা ভাষান্তরের ওপর নির্ভরশীল।
২. ক্রিয়ার কাল অনুবাদের ক্ষেত্রে পরিবর্তন করা যায় না।
৩. অনুবাদ জ্ঞানচর্চার সহায়ক।
৪. পরিভাষার অনুপস্থিতিতে অনুবাদে ইংরেজি শব্দ ব্যবহার করা যায়।
৫. অনুবাদ কোন ধরনের হবে তা ভাবের ওপর নির্ভর করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

গুরুত্বপূর্ণ MCQ

০১. 'Smack went the whip' এর অর্থ–
ক সপাং করে চাবুক পড়ল খ চাবুকটি চালানো হল
গ স্ম্যাক চাবুক মারল ঘ চাবুকটি পড়ে গেল

০২. 'The girl is possessed.' বাক্যটির যথাযথ অনুবাদ কোনটি? উ: ক
ক মেয়েটি দুঃখিত খ মেয়েটি দোষী
গ মেয়েটির বিপদ ঘ মেয়েটি ভূতাবিষ্ট

০৩. 'He has messed up everything' নিচের কোনটির অনুবাদ শুদ্ধ? উ: ঘ
ক সে সব কিছু নষ্ট করেছে খ সে সব কিছু গুছিয়ে রেখেছে
গ সে সব কিছু গুলিয়ে ফেলেছে ঘ সে সব মেসে রেখেছে

০৪. 'The rains have set in' বাক্যটির বাংলা অনুবাদ নিচের কোনটি? উ: গ
ক বৃষ্টি পড়া শুরু হয়েছে। খ বৃষ্টি পড়ছে।
গ বৃষ্টি আরম্ভ হয়েছে। ঘ বর্ষা আরম্ভ হয়েছে।

০৫. 'পেয়ালাটির গরম যেন আগুন।' বাক্যটির যথাযথ অনুবাদ কোনটি? উ: ক
ক The cup is as hot as fire. খ The cup is so hot as fire.
গ The cup is hot like fire. ঘ The cup is hot as fire.

০৬. 'To break the ice.' বাক্যটির সর্বোত্তম অনুবাদ কোনটি? উ: গ
ক বরফ গলল। খ বরফ পানি হলো।
গ সম্পর্ক ভালো হলো। ঘ বরফ খণ্ড হলো।

০৭. 'He has strong pen' বাক্যটির যথার্থ বঙ্গানুবাদ– উ: ক
ক তার লেখার হাত ভালো। খ তার কলমটি মজবুত।
গ তিনি একজন মজবুত কলমধারী। ঘ কোনোটিই নয়।

০৮. অনুবাদ কত প্রকার? উ: ক
ক ২ খ ৪ গ ৩ ঘ ৫

০৯. 'স্পেসিফিক' শব্দের সবচেয়ে বেশি গ্রহণযোগ্য অনুবাদ কোনটি? উ: খ
ক বিশেষ খ সুনির্দিষ্ট
গ এককথায় ঘ যেন তেন

১০. Let bygones be bygones. বাক্যটির অনুবাদ কোনটি? উ: ঘ
ক অতীত সর্বদা জাগ্রত খ যে যাওয়ার সে যায়
গ চলে যাওয়াই নিয়তি ঘ অতীতকে মুছে ফেলো

১১. Please make room for her. শুদ্ধ অনুবাদ নির্ণয় কর :
ক ওকে বসার জায়গা দাও খ ওর কক্ষটি গুছিয়ে দাও
গ দয়া করে ওকে যেতে দাও ঘ ওর জন্য রুমের ব্যবস্থা কর উ: ক

১২. 'To speak ill of others is a sin.' এ বাক্যের ঠিক অনুবাদ কোনটি?
ক অপরের নিন্দা নিজের নিন্দা খ কারো নিন্দা করতে হয় না
গ অপরের নিন্দা করা পাপ ঘ কারো নিন্দা করলে পাপ হয় উ: গ

বাংলা দ্বিতীয় পত্র

ভাব-সম্প্রসারণ

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র. ভাব-সম্প্রসারণ বলতে কী বোঝ?

উত্তর : ইংরেজি 'Amplification' বোঝাতে বাংলায় ভাব-সম্প্রসারণ কথাটি ব্যবহৃত হয়। ভাবের শিল্পসম্মত প্রসারণই ভাব-সম্প্রসারণ। মূল ভাবটি বিস্তারের মাধ্যমে প্রকাশ করা এবং তাকে পূর্ণভাবে ব্যক্ত করা অর্থাৎ নানা তথ্যে, ভাব তাৎপর্যে ও ইঙ্গিতের মধ্য দিয়ে লুকায়িত কোনো বিষয় বিস্তৃতভাবে সহজবোধ্য করে প্রকাশ করা এবং যুক্তি ও বিশ্লেষণের মাধ্যমে মূল ভাবটিকে শিল্প সৌকর্যময় ভাষার সাহায্যে উপস্থাপন করাই ভাব-সম্প্রসারণের প্রধান উদ্দেশ্য।

প্র. ভাব সম্প্রসারণের প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে লেখ।

উত্তর : ভাব সম্প্রসারণের প্রয়োজনীয়তা নিম্নরূপ :

i. ভাবপ্রকাশের ক্ষেত্রে ভাষা চর্চার যে আবশ্যকতা রয়েছে তা অনুধাবন করা যায়।
ii. অপেক্ষাকৃত কঠিন কথাকে সহজ-সরল করে বলা ও লেখার যোগ্যতা অর্জিত হয়।
iii. যেকোনো সংক্ষিপ্ত, যুক্তিপূর্ণ বক্তব্যকে ব্যাখ্যা-বিশ্লেষণ করার যোগ্যতা নিরূপিত হয়।
iv. কোনো বিশেষ বক্তব্য থেকে সিদ্ধান্ত নেওয়ার কৌশল আয়ত্তে আনা সম্ভব হয়।
v. যেকোনো সংক্ষিপ্ত বিষয় থেকে গুরুত্বপূর্ণ তথ্যাদি পাওয়া যায়।

বর্ণনামূলক প্রশ্নোত্তর

প্র. ভাব-সম্প্রসারণ লেখার নিয়ম বা পদ্ধতি সম্পর্কে বর্ণনা কর।

উত্তর : ভাব-সম্প্রসারণ লেখার নিয়ম বা পদ্ধতি নিম্নরূপ :

i. উদ্ধৃত অংশ বা প্রদত্ত বাক্য বা চরণগুলো গভীর মনোযোগ দিয়ে বারবার পড়ে তার অন্তর্নিহিত ভাবটি বুঝে নিতে হবে।
ii. মূলভাবের অন্তর্নিহিত বক্তব্যকে প্রাঞ্জল করার প্রয়োজনে উপমা, দৃষ্টান্ত, যুক্তি এবং প্রাসঙ্গিক যেকোনো ঐতিহাসিক, পৌরাণিক, লৌকিক অথবা বৈজ্ঞানিক তথ্য উল্লেখ করা যায়।
iii. ভাব-সম্প্রসারণে মূল ভাবের সূত্রটি অবলম্বন করে তার অন্তর্নিহিত যুক্তিগুলোকে আনুষঙ্গিক তথ্য, উদাহরণ প্রভৃতির সাহায্যে ভাবের পরম্পরা অনুসারে বক্তব্যকে সাজানো ও প্রসারিত করতে হবে।
iv. ভাব-সম্প্রসারণে প্রদত্ত গদ্য, কবিতা বা পদ্য অংশের লেখকের নাম উল্লেখ করার প্রয়োজন নেই।
v. একই বক্তব্যের পুনরাবৃত্তি যেন না ঘটে অথবা অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা না থাকে সেদিকে বিশেষ নজর দিতে হবে।

প্র. স্বদেশের উপকারে নাই যার মন/ কে বলে মানুষ তারে? পশু সেই জন।

ভাব-সম্প্রসারণ : মানবজীবনের মহিমা প্রকাশিত হয় দেশপ্রেমে। স্বদেশ ও স্বজাতির কল্যাণ সাধন মানুষের প্রধানতম কর্তব্য।

মানবজীবনের প্রধান কর্তব্য দেশপ্রেম। যে যে-দেশে জন্মগ্রহণ করে, সে সেই দেশকেই মায়ের মতো ভালোবাসে। আর এ ভালোবাসা প্রকাশ পায় মাতৃভূমির কল্যাণ কামনায়। নিজের জন্মভূমিকে যারা ভালোবাসে না, তারা নরাধম, তাদের তুলনা চলে কেবল পশুর সঙ্গে। মানুষ নিজের মাতৃভূমিকে অন্য যেকোনো দেশের চেয়ে প্রিয় ও শ্রেষ্ঠ বিবেচনা করে। তাই সে মাতৃভূমির জন্য জীবন দিতেও কুণ্ঠাবোধ করে না। দেশপ্রেমিক মানুষের প্রধান কাজ নিজের কল্যাণের পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে নিজেকে নিয়োজিত রাখা। তাঁরা দেশ ও জাতির মঙ্গলের জন্য নিবেদিতপ্রাণ। দেশাত্মবোধহীন মানুষ পশুর মতো বিবেকহীন। তাই তাকে পশুর সঙ্গে তুলনা করা চলে। পক্ষান্তরে, দেশপ্রেমিক ব্যক্তিরা মহান। তারা দেশের প্রতি উদারচিত্ত। দেশের মানুষের কল্যাণের জন্য নিজের স্বার্থকে জলাঞ্জলি দিতে তাঁরা কখনো পিছপা হন না। আর এরই মাঝে জীবনের চরম সার্থকতা নিহিত।

CamScanner

বাংলা দ্বিতীয় পত্র

সারাংশ ও সারমর্ম

সংজ্ঞা : সারাংশ ও সারমর্ম : ইংরেজিতে Precis, Summary, Substance ইত্যাদি বোঝাতে বাংলায় সারাংশ, সারমর্ম বা সারসংক্ষেপ পরিভাষাসমূহ ব্যবহৃত হয়। Precis একটি ফরাসি শব্দ। ইংরেজিতে এর সমার্থবোধক শব্দ হচ্ছে Summary (সারাংশ)। Precis শব্দটির মূল ল্যাটিন ভাষা থেকে আগত, যার অর্থ : কোনো কিছু সংক্ষেপ করা। ইংরেজিতে Precis বলতে বোঝায় লিখিত, মুদ্রিত বা উক্ত কোনো বিষয়ের সারসংক্ষেপ। সাধারণত সারাংশ ও সারমর্ম বলতে বোঝায় কোনো প্রবন্ধ বা কবিতার অনুচ্ছেদের অন্তর্নিহিত মৌলভাববস্তুকে সংক্ষেপে ব্যক্ত করা।

সারাংশ ও সারমর্মের মধ্যে পার্থক্য : সারাংশ ও সারমর্মের মধ্যে সূক্ষ্ম পার্থক্য বিদ্যমান। সারাংশ বলতে বক্তব্যের সংক্ষিপ্ত মূল অংশকে বোঝায়। পক্ষান্তরে, সারমর্ম বলতে বক্তব্যের বা ভাবের সংক্ষিপ্ত মূল অংশের (সারাংশ) মর্ম বা তাৎপর্যকে বোঝায়। অর্থাৎ সারাংশ অপেক্ষা সারমর্ম ক্ষুদ্রায়তনবিশিষ্ট।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

বর্ণনামূলক প্রশ্নোত্তর

প্র. সারাংশ ও সারমর্মের প্রয়োজনীয়তা কতটুকু? আলোচনা কর।

উত্তর : সারাংশ ও সারমর্মের প্রয়োজনীয়তা নিম্নরূপ :

i. সারাংশ ও সারমর্ম লেখার পদ্ধতি আয়ত্ত করার মধ্য দিয়ে বিভিন্ন বিষয়কে সংক্ষেপে ও সূত্রাকারে উপস্থাপন করে স্পষ্ট ও সার্থকভাবে প্রকাশ করা যায়।

ii. কবি সাহিত্যিকগণ সাহিত্যে নানাবিধ প্রসঙ্গ, উপমা, অলঙ্কার ব্যবহার করেন। এক্ষেত্রে অনেক ভাষা ও বিষয় পাঠকের কাছে আলো-আঁধারি হয়ে ওঠে। আর এর থেকে মুক্তির অন্যতম পথ হলো সারাংশ বা সারমর্ম।

iii. সারমর্ম উপলব্ধির মধ্য দিয়ে চুম্বক অংশগুলোর সহজেই প্রয়োগ ঘটানো বা উপস্থাপন করা সম্ভব।

iv. শিল্প, সাহিত্য, বিজ্ঞান, দর্শন ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে সব জিনিস এক সঙ্গে জানা কারো পক্ষে সম্ভব না। এক্ষেত্রে বিভিন্ন বিষয়ের সার কথাগুলোর সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পেলে যে কেউ লাভবান হতে পারে।

প্র. সারাংশ ও সারমর্ম লেখার নিয়ম বা কৌশলগুলো কী কী? সংক্ষেপে লেখ।

উত্তর : সারাংশ ও সারমর্ম লেখার নিয়ম বা কৌশল নিম্নরূপ :

i. সারাংশ লেখার প্রাথমিক শর্ত হলো প্রদত্ত অংশ বা বিষয়টি একাধিকবার পড়ে মূলভাবটি অনুধাবন করা।

ii. নির্বাচিত অংশটি পড়ার সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ বাক্য বা বাক্যাংশটি খুঁজে বের করার চেষ্টা করতে হবে।

iii. কোনো ব্যক্তিগত মতামত এখানে লেখা সমীচীন নয়।

iv. বক্তব্যে মূল বিষয়টি যেন বাদ না পড়ে সেদিকে খেয়াল রাখতে হবে।

v. সারাংশ লেখার সময় খেয়াল রাখতে হবে যাতে বিভিন্ন বাক্যের মধ্যে পারম্পর্য বা ভাবগত যোগসূত্র বজায় থাকে।

vi. উপমা, নমুনা এবং অনুচ্ছেদের কোনো বাক্য সরাসরি গ্রহণ করা যাবে না।

vii. সর্বোপরি বিষয়ানুসারে মূল রচনার এক-তৃতীয়াংশের মধ্যে সারাংশ লেখা শেষ করা বাঞ্ছনীয়।

গুরুত্বপূর্ণ MCQ

০১. কোনো পদ্যের অন্তর্নিহিত ভাবকে সংক্ষেপে উপস্থাপন করার নাম কী?
ক বাক্য-সংকোচন খ ভাব-সম্প্রসারণ
গ সারমর্ম ঘ সারাংশ
উ: গ

০২. 'সারবস্তু থেকে মূল অংশ কখনো ——— হবে না?
ক মাঝারি খ ছোটো
গ বেশি ঘ বড়ো
উ: ঘ

০৩. কীসে ব্যক্তিগত মন্তব্য প্রকাশ করা যায় না?
ক ভাষণে খ সারমর্মে
গ ভাব-সম্প্রসারণে ঘ চিঠিতে
উ: খ

০৪. সারাংশ লেখার ক্ষেত্রে বর্জনীয় বিষয় হলো ——— ।
ক সারবস্তু খ সংলাপ
গ মূলভাব ঘ প্রাসঙ্গিক বক্তব্য
উ: খ

০৫. অনুচ্ছেদে প্রত্যক্ষ উক্তি থাকলে সারাংশ লিখতে হবে ——— ।
ক প্রত্যক্ষ উক্তিতে খ পরোক্ষ উক্তিতে
গ ক + খ ঘ কোনোটিই নয়
উ: খ

০৬. সারাংশের ভাষা হবে?
ক সহজ-সরল ও সাবলীল খ কঠিন
গ দুর্বোধ্য ঘ এলোমেলো
উ: ক

০৭. সারমর্মে ব্যবহার করা যাবে না ——— ।
ক উপমা খ সংলাপ
গ ছন্দ ঘ সবকয়টি
উ: ঘ

০৮. সারাংশের প্রতিশব্দ হতে পারে ——— ।
i. সমার্থ ii. ভাবার্থ iii. ভাব-সংক্ষেপ
ক i. ও ii. খ i. ও iii.
গ ii. ও iii. ঘ i. ii. ও iii.
উ: ক

০৯. কোনো গদ্য রচনা বা গদ্যাংশের মূল বক্তব্যকে সংক্ষেপে তুলে ধরার নাম কী?
ক এক কথায় প্রকাশ খ সারমর্ম
গ সারাংশ ঘ সারবস্তু
উ: গ

১০. সারাংশ ও সারমর্ম শব্দ দুটি কোন ধরনের শব্দ?
ক ভিন্নার্থক খ বিরোধার্থক
গ বিপরীতার্থক ঘ সমার্থক
উ: ঘ

CamScanner

ENGLISH

Parts of Speech

ইংরেজি বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দ তার অবস্থান অনুযায়ী বাক্যের অর্থ প্রকাশে ভিন্ন ভিন্ন কার্য সম্পাদন করে। বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দের ভিন্ন ভিন্ন কার্য সম্পাদনের শ্রেণিভাগকে parts of speech বলে। বাক্যে কার্য সম্পাদনের শ্রেণিভাগ অনুযায়ী **parts of speech** আট প্রকার।

1. Noun: Noun শব্দের অর্থ নাম, তাই যে কোন নামবাচক পদকে Noun বলে। Noun সাধারণত দুই ধরনের:

Ⓐ **Concrete : যা দেখা যায়, Ex :** Clock, Shirt, Book, Dhaka etc.

Ⓑ **Abstract : যা অনুভূত হয়, Ex :** Brevity, Courage, Modesty etc.

2. Pronoun: Noun-এর পরিবর্তে ব্যবহৃত শব্দই Pronoun, Common Pronoun-গুলো হচ্ছে: I, we, he, she, they, you, mine, yours, ours, his, her, hers, theirs, myself, ourselves, yourself, yourselves, himself, this, that, those, these, any, one, some, nobody, anybody, many, everyone, all, who, whom, whose, which, that, what, each, either, neither, each other, one another.

Ex : Sumon is a good student. He reads regularly.

3. Adjective: Noun এবং Pronoun-কে qualify এবং modify করার জন্য ব্যবহৃত শব্দই হচ্ছে adjective।

Ex: He is a good boy.
adjective noun

এখানে good শব্দটি adjective হিসেবে boy (noun) কে qualify করেছে।

Ex: He is very boy এখানে very শব্দটি boy এর সাথে মিলে অর্থ সৃষ্টি করতে পারছে না, তাই এটি boy-এর qualifier হতে পারে না।

4. Verb: যে word দ্বারা কোন কাজ করা বোঝায় তাকে Verb বলে।

Ex : 1. Ratul wrote a letter to his father.
2. Sachin played very well yesterday.

[উপরোক্ত Sentence দুটিতে wrote (write) ও played (play) শব্দ দুটি দ্বারা কাজ করা বোঝায়, তাই এরা Verb।]

5. Adverb: Noun বা Pronoun ব্যতীত অন্য কোন Parts of Speech-কে (especially verb-কে) qualify বা modify-কারী শব্দই হচ্ছে Adverb। কিছু দৃষ্টান্তমূলক (typical) Adverb হলো : always, often, almost, just, quite, also, only, never, rarely, hardly, usually, generally, probably, even, ago, again, here, there, now, then, once, soon, sometimes, yesterday, tomorrow, twice, thrice, seldom, today, thus, etc.

Ex: Rasel runs quickly.
verb adverb

[এখানে quickly শব্দটি run (verb)-কে modify করেছে।]

Note: Adverb; Phrase, clause কিংবা পুরো sentence-কেও modify করতে পারে।

Ex: Certainly, she will come.
Adverb Sentence

6. Preposition: যে শব্দসমূহ noun বা pronoun এর পূর্বে বসে অন্য word-এর সাথে তাদের সম্পর্ক স্থাপন করে, তাদের Preposition বলা হয়। যেমন: at, across, around, among, along, after, above, about, by, but, beyond, between, beside, beneath, below, behind, before, down, for, from, in, inside, of, into, off, on, through, throughout, till, to, towards, under, upon, up, until, with, within, without, against etc.

Ex : Punam sat beside me.
preposition pronoun

7. Conjunction: একাধিক Sentence বা Clause-কে যুক্তকারী শব্দই হচ্ছে Conjunction। Conjunction গুলো হচ্ছে - and, as, if, but, or, both, because, else, lest, before, after, however, still, till, until, so, either.....or, neither.....nor, though/although, unless etc.

Ex : The man is poor. The man is happy.
⇒ The man is poor but happy.
conjunction

8. Interjection: হর্ষ, বিষাদ, বিস্ময় প্রভৃতি আবেগ প্রকাশকারী শব্দই হচ্ছে Interjection।

Ex : Hurrah! we have won the game. (কী মজা! আমরা খেলায় জিতেছি)

Identification of Parts of Speech

Rule-01: কোনো word এর শেষে-ness, tion, ty, sure, sion, er, or, ment, th, ance, ence, ism, ness, age, ure, ief, hood, ism, dom, ship, cy, sy, ar, ock, kin, let ইত্যাদি থাকলে noun হয়।

Able = ability	Enthusiastic = Enthusiasm
Advertise = advertisement	Free = freedom
Accurate = accuracy	Hard = hardship
Agricultural = agriculture	Honest = honesty
Amuse = amusement	Important = importance
Beg = beggar	Jealous = jealousy
Believe = belief	Multi = multitude
Bull = bullock	Submit = submission
Child = childhood	True = truth
Create= Creation	Useful = usefulness
Cut = cutlet	Waste = wastage
Empire = emperor	Write = writer

Ex:

01. The noun of 'please' is ——.
Ⓐ pleasure Ⓑ pleasance Ⓒ pleasant Ⓓ pleasing **Ans Ⓐ**

Rule-02: কোনো word-এর শেষে ate, en, te, ise, ize, er, ce, ify প্রভৃতি Suffix থাকলে সেই শব্দগুলি সাধারণত verb হয়। যেমন:
ate → moderate er → consider te → write ify → glorify
ize → organize ce → commence en → lighten

Ex:

01. The word "substantiate" is a/an ——.
Ⓐ verb Ⓑ adjective Ⓒ noun Ⓓ adverb **Ans Ⓐ**

02. Verb of the word 'justification' is ——.
Ⓐ justice Ⓑ justify Ⓒ justifiable Ⓓ justifiably **Ans Ⓑ**

Rule-03: কোনো কাজ করা/হওয়া বুঝালে verb হিসেবে গণ্য হয়।

Ex: Which of the following is a verb?
Ⓐ Dance Ⓑ Some Ⓒ Roses Ⓓ Little **Ans Ⓐ**

Rule-04: শব্দের পূর্বে Em, En, De ইত্যাদি prefix যোগে verb গঠন করা যায়।

Ex: Which is the verb form of 'Able'?
Ⓐ Unable Ⓑ Enable Ⓒ Disable Ⓓ Ability **Ans Ⓑ**

Rule-05: কোনো word / noun-র শেষে ous, tive, able, ar, tory, enful, ible, ing, ic, ed, less, ar, ary, ant, ent, al, some, y, ish, ian, ate ইত্যাদি থাকলে Adjective হয়।

Awe = Awesome	Help = Helpful
Beauty = Beautiful	India = Indian
Book = Bookish	Interest=Interesting/interested
Create = Creative	Necessity = Necessary
Danger = Dangerous	Temperature = Temperate
Educate =Educated/Educative	Use = Useful/ Useless
Health = Healthy	Wealth = Wealthy

Ex:

01. The adjective of the word 'mountain' is ——.
Ⓐ mounting Ⓑ mountainous Ⓒ mountic Ⓓ mountainly **Ans Ⓑ**

02. Adjective of 'circle' is ——.
Ⓐ Circular Ⓑ Circulation Ⓒ Encircle Ⓓ Circulate **Ans Ⓐ**

Rule-06: একটি word ব্যবহার ভেদে ভিন্ন ভিন্ন parts of speech হিসেবে ব্যবহৃত হতে পারে। যেমন:

01. The word 'oil' has been used as a verb in——.
Ⓐ I bought an oil painting Ⓑ I need some kerosene oil
Ⓒ Oil your own machine Ⓓ There is no oil in the lamp **Ans Ⓒ**

02. What is the function of the underlined word? "You should honor your betters."
Ⓐ Noun Ⓑ Adjective Ⓒ Verb Ⓓ Adverb **Ans Ⓐ**

03. The word 'massacre' is ——.
Ⓐ noun Ⓑ verb
Ⓒ both noun and verb Ⓓ adjective **Ans Ⓒ**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

➡ **The following are some of the examples of the same words used as different parts of speech in the sentences:**

About	The children were rushing **about.** (adverb) There were books lying **about** on the floor. (adverb) Don't drop cigarette ash **about.** (adverb) Tell me all **about** it. (preposition) Children are fond of hearing **about** beasts. (preposition) I have a comforter **about** my neck. (preposition)
Above	The beggar looks for help from **above,** (noun) The sun rose **above** the horizon, (preposition) Look at the **above** sentences. (adjective)
After	She arrived soon **after,** (adverb) Look **after** your parents, (preposition) My **after-life** seems to be miserable, (adjective) The doctor died **after** the patient had come, (conjunction)
All	**All** men must die. (adjective) I have lost my **all.** (noun) She was **all** alone in the street, (adverb) **All** of us should know it. (pronoun)
Any	Do you have **any** bread? (adjective) Give me some bread if there be **any**. (noun) No one can bear such an insult **any** longer, (adverb) Does **any** of you know what is wrong with her? (pronoun)
As	He drove the car **as** fast **as** she could, (adverb) He trembled **as** he spoke, (conjunction) I like the same colour **as** she does.(pronoun)
Before	I came here **before** the appointed time. (preposition) She saw me once **before** (adverb) Look **before** you leap. (Conjunction)
Better	My pen is **better** than that of yours, (adjective) The boy is working **better** today. (adverb) You should try to **better** your lot. (verb)
Both	**Both** the boys are guilty. (adjective) **Both** of them were killed. (pronoun) The boy is **both** a fool and a knave. (conjunction) The woman is **both** dead and buried. (adverb)
But	None **but** (except) the brave deserves the fair. (preposition) **But** me no buts. (verb) But me no **buts.** (noun) The man is poor **but** honest. (conjunction)
Down	The sun went **down** when we reached there. (adverb) The children ran **down** the hill. (preposition) He could not catch the **down**-train.(adjective) We have ups and **downs** in life. (noun)
Enough	She did not have money **enough** to buy a suitable gift. (adjective) I am still strong **enough** to do it. (adverb) They have had **enough** of everything. (noun)
Except	Everyone **except** me went there. (preposition) I will not let you go **except** (unless) you forgive me. (conjunction)
Fast	Nazrul is my **fast** friend. (adjective) Some women **fast** every Thursday (verb) Some break her **fast** in the evening. (noun) The horse can run **fast**. (adverb)
Few	A **few** of my friends attended the class. (noun) There are **few** children here.(adjective) **Few** knew where the culprit was. (pronoun)
Less	She pays **less** attention to her studies (adjective) I cannot take **less.** (adverb) This soil is **less** fertile than that soil (adverb) Pay him the price **less** the usual discount. (preposition) I won't sell it for **less** than taka fifty. (noun)
Like	Some old people **like** sweets. (verb) You should not talk **like** that. (preposition) **Like** forces repel each other. (adjective) I have never seen the **like** of her anywhere. (noun)
Little	Sometimes a **little** blow may give much pain. (adjective) The women of our country eat very **little.** (adverb) I want but **little.** (noun)
Long	She will come before **long.** (noun) It is a **long** story. (adjective) The students always **long** for holidays. (verb) I shall not wait **long.** (adverb)
Many	**Many** might have seen the sight. (pronoun) I have **many** friends. (adjective)
More	We want **more** men like Karim. (adjective) Everyone should talk less and work **more.** (adverb) Do you have **more** of it ? (pronoun)
Much	The news gave the widow **much** pleasure. (adjective) Too **much** of anything is not good. (pronoun) I am **much** better today. (adverb)
Near	She is a **near** relation of mine. (adjective) The puja is **nearing** quickly. (verb) Come **near.** (adverb) I found her **near** the launch ghat. (preposition)
Need	I am in **need** of some money. (noun) She **needs** your help. (verb)
Next	Who comes **next**. (adverb) The woman came the **next** day. (adjective) She was sitting **next** me in the class. (preposition)
Once	She visits her old father **once** every six months. (adverb) Please help me for **once.** (noun) **Once** you learn it, you will never forget. (conjunction)
One	**One** should obey one's parents. (pronoun) The little **ones** are playing. (pronoun) Give me **one** taka. (adjective)
Only	**I only** found a boy there (adverb) He is the **only** son of his parents. (adjective) Take what I have **only** (but) let me go. (conjunction)
Past	She cannot forget the **past.** (noun) Her **past** life was miserable. (adjective) I found the man hasten **past.** adverb) It is half **past** eight now. (preposition)
Right	She has no **right** to claim my property. (noun) Let me touch your **right** hand. (adjective) I must **right** the wrong. (verb) We walked **right** across the field. (adverb)
Round	A square thing does not fit into a **round** hole. (adjective) Draw a circle **round** this centre. (preposition) The butterflies are flying **round** and **round.** (adverb) Vascoda Gama was the first to **round** the Cape of Good Hope. (verb) One should go one's daily **round** of duty. (noun)
Since	The man died three months **since.** (adverb) **Since** she was ill, she could not come. (conjunction) I have not seen him **since** Tuesday last. (preposition)
Some	**Some** of them were absent. (pronoun) Give me **some** biscuits. (adjective)
Still	**Still** waters run deep. (adjective) I am **still** in business. (adverb) Parvati came to Devdas in the **still** of night. (noun) She was weak, **still** she went to school. (conjunction) **Still** the child. (verb)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

Up	Let us go **up** the hill. (preposition) The sun is **up.** (adverb) The **up**-train is coming. (adjective) There are **ups** and downs in life. (noun)
Well	The **well** ran dry (noun) She is quite **well** now. (adjective) Your son has done **well** in the examination. (adverb)
What	**What** is your name? (pronoun) This is **what** I want. (pronoun) **What** evidence do you have? (adjective) **What**! you don't to say so? (interjection) **What** with illness and **what** with losses, the man is almost ruined. (adverb)
While	She waited for a **while.** (noun) We should not **while** away our time. (verb) **While** Santu was reading, he fell asleep. (conjunction)
Wrong	He has done no **wrong.** (noun) You have taken the **wrong** side. (adjective) The man has **wronged** the boy. (verb) He led me **wrong.** (adverb)

Important Questions with Explanation

01. The word category of Foment' is –
Ⓐ adjective Ⓑ verb Ⓒ noun Ⓓ adverb
Ans B Explanation Foment (verb)- সেক দেওয়া, উদ্দীপিত করা।

02. The verb form of the noun 'Humanity' is –
Ⓐ Human Ⓑ Humane Ⓒ Humanitarian Ⓓ Humanize
Ans D Explanation Humanity (noun) এর verb হলো humanize (মনুষ্যত্বপূর্ণ হওয়া)।

03. Which word is not used as a verb?
Ⓐ Lose Ⓑ Rise Ⓒ Loose Ⓓ Flood
Ans C Explanation Loose - (আলগা বা ঢিলা) যা adjective হিসেবে ব্যবহৃত হয়। বাকি সবগুলো verb।

04. The noun of 'predict' is ——.
Ⓐ predictable Ⓑ predicting Ⓒ prediction Ⓓ predicted
Ans C Explanation Predict শব্দটি verb এবং এর noun হচ্ছে prediction।

05. The word 'reproduction' is ——.
Ⓐ an adjective Ⓑ a verb Ⓒ an adverb Ⓓ a noun
Ans D Explanation Word এর শেষে tion, sion, hood, th, ture, or, er, ty, ness, ent, ief etc থাকলে তা noun হয়, যেমন: pollution।

06. The word 'productivity' is a/an ——.
Ⓐ adjective Ⓑ adverb Ⓒ verb Ⓓ noun
Ans D Explanation কোনো word এর শেষে ty, tion, th, er, ief ইত্যাদি থাকলে noun হয়, যেমন- ability, creation, honesty, writer, belief।

07. The word 'idolize' is ——.
Ⓐ a noun Ⓑ a verb Ⓒ an adverb Ⓓ an adjective
Ans B Explanation Word এর শেষে 'ize' থাকলে তা verb হয়, যেমন: Realize।

08. The noun of 'deter' is ——.
Ⓐ deterrence Ⓑ deterrential Ⓒ detention Ⓓ detour
Ans A Explanation Deter অর্থ বাধাগ্রস্ত করা। এর noun হলো deterrence যার অর্থ প্রতিবন্ধকতা, বাধা, যা কোনো একটি কিছুর নাম বুঝাচ্ছে। noun-এর শেষে, hood, sion, tion, th, ness, nce, sm, er, or প্রভৃতি suffix যুক্ত থাকে।

09. What is the Noun form of the word 'defer'?
Ⓐ deference Ⓑ deferment Ⓒ difference Ⓓ deferrant
Ans B Explanation Defer অর্থ স্থগিত করা, বিলম্বিত করা; deferment-স্থগিতকরণ, বিলম্ব।

10. The verb of the word 'response' is ——.
Ⓐ responsible Ⓑ responsibility Ⓒ respond Ⓓ respondent
Ans C Explanation Response অর্থ 'সাড়া' যা একটি noun। আর Respond অর্থ 'সাড়া দেওয়া' যা একটি verb।

Noun

Kinds of Noun

Noun শব্দের অর্থ নাম। তাই যে কোন নাম বাচক পদকে Noun বলে। Noun কে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়। যথা- Concrete Noun & Abstract Noun। Concrete Noun Noun কে আবার চার ভাগে ভাগ করা হয়।

01. Proper noun (বিশেষ নাম): একটি নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, প্রাণি এবং স্থানের নাম কে Proper noun বলে।
Ex: Kamal, Dhaka, Madaripur, etc.

02. Common noun (জাতিবাচক নাম): নির্দিষ্ট নাম না বুঝিয়ে সমজাতীয় নাম (একটি না বুঝিয়ে অনেকজন) কে বুঝালে Common noun হয়।
যেমন: city, river, boy, girl etc.
এখানে **city** বলতে একটি শহর বুঝায় না বরং সব শহরকে বুঝায়।
Ex: (1) What kind of noun is 'Girl'?
Ⓐ Proper Ⓑ Common Ⓒ Collective Ⓓ Material **Ans B**
(2)Which one is a common noun?
Ⓐ Salt Ⓑ Army Ⓒ Studentship Ⓓ Infant **Ans D**

→ **পরীক্ষায় বেশি আসে এরকম কিছু Common noun এর ছন্দ নিচে দেওয়া হল:**
আমি student, তাই pen, book নিয়ে table এ chair নিয়ে বসলাম grammar পড়ব কিন্তু teacher আমাকে fish, bee, cow, sheep, river, elephant, city এবং country সম্পর্কে পড়তে বললেন। হঠাৎ public, people আর soldier রাস্তায় বের হল, কারণ capital এ robber, king এর ring চুরি করেছিল। তাই সব pupils, boy, girl, dog, doctor-ও বের হল। কারণ চোরটি fashion করে flute বাজিয়ে infant নিয়ে river এর দিকে যাচ্ছিল।

→ **Common noun এর অপর নাম হল Class noun.**

Dhaka	transport	river	bank
green	library	swimming	pool

→ **একাধিক Noun যুক্ত থাকলে তাকে Compound Noun বলে।**

→ Blackboard, Afternoon, Headache, Sunrise, Sweetheart, Shorthand, Income, Haircut etc.

03. Collective noun (সমষ্টিবাচক নাম): যে Word দ্বারা সমষ্টি বা দল বুঝায় তাকে Collective noun বলে। যেমন: Team, Army, Cattle, Covey etc.
এখানে **Team** দ্বারা একজনকে বুঝায় না, যেখানে একটি **Team** গঠনের জন্য অনেকজন দরকার হয়।
নিচের ছন্দটির ইংরেজি Word গুলো Collective noun:
আমাদের school, class, committee, library তে হঠাৎ army, police, team, infantry নিয়ে হাজির কারণ Jury এবং audience আমার family কে বলেছে আমি cattle, flock, herd আর pack চুরি করেছি এবং আমার gang আছে। আমি group, meeting করি এবং navy, party আমার কাছে crowd করে।

04. Material Noun (বস্তুবাচক নাম): যে Word দ্বারা বস্তুর নাম বুঝায় তাকে Material Noun বলে। যেমন: Oil, water, milk etc.
তরল জাতীয় পদার্থ, (Oil, water, milk, kerosene, petrol, ink) any metal (gold, diamond, silver, iron etc.) Object like (Wood, ice, sugar, nail, brick, salt, paper etc.) হচ্ছে Material Noun।

05. Abstract Noun (গুণ বা ভাববাচক নাম): যা অনুভব করা যায় কিন্তু স্পর্শ করা যায় না সেই Word গুলোকে Abstract Noun বলে।
→ Love, truthfulness, kindness, childhood, honesty, strength, happiness, judgement, bravery, beauty, agency, discipline etc.
→ কোন word এর শেষে ment, ness, hood, ship, dom, tion, sion, ce, cy, th, ty, ism, ry, age, al, ure থাকলে Abstract noun হয়। যেমন- height, humility, unity, development, health etc. **Ex:**

01. What kind of noun is 'Discipline'?
Ⓐ proper Ⓑ collective Ⓒ abstract Ⓓ common **Ans C**

02. What type of noun is 'kindness'
Ⓐ proper Ⓑ common Ⓒ abstract Ⓓ material **Ans C**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Countable and Uncountable Noun

❑ গণনার দিক থেকে Noun কে দুই ভাগে ভাগ করা হয়। যথা:

01. **Countable Noun:** যে Noun কে গণনা করা যায় তাকে Countable Noun বলা হয়।
Ex : Chair, Table, Mobile, Book etc.

02. **Uncountable Noun :** যে Noun কে গণনা না করে পরিমাপ করা হয় তাকে Uncountable Noun/non-count noun বলা হয়।
Ex : Milk, Honesty, Love, Hate etc.

❑ **Countable Noun এর বৈশিষ্ট্য:**

i. এদের পূর্বে Article বসে। ii. এদের সাথে s/es যুক্ত হয়।
iii. এদেরকে singular বা plural দুটি form-ই করা যায়।
iv. a an the বা কোন possessive form ছাড়া এরা বাক্য গঠন করে না।

❑ **Non-countable/Uncountable Noun এর বৈশিষ্ট্য:**

i. এদের শুধু singular form হয়। ii. এদের সাথে s/es যুক্ত হয় না।
iii. এদের পূর্বে Article বসে না।

Rule-01: নিম্নলিখিত শ্রেণিভুক্ত noun গুলো সাধারণত uncountable, এরা সবসময় singular, এদের কোন plural রূপ নেই। যেমন-

Advice, scenery, homework, money, poetry, anger, ignorance, music, courage, information, news, progress, damage, knowledge, patience, equipment, leisure, permission, fun, luck Bread, oil, ash, furniture, ignorance, learning, meat, tea, oxygen, luggage, peace, shopping, butter, milk, rice, honesty, working, wood, stream, sand, Japanese, poverty, iron, water, sugar, happiness, grass, vegetables etc.

Ex:— is not only thing that tourist want to see.
Ⓐ A scenery Ⓑ Sceneries Ⓒ The sceneries Ⓓ Scenery **Ans Ⓓ**

তবে এদের সঙ্গে কিছু measure words (পরিমাপ করা যায় এমন শব্দ) যোগ করে countable করা যায়। যেমন-

a piece of advice	two pieces of advice
a piece of bread	two pieces of bread
a piece of equipment	two pieces of equipment
a piece of furniture	two pieces of furniture
a piece of information	two pieces of information
a piece of jewellery	two pieces of jewellery
a piece of luggage	two pieces of luggage
a piece of mail	two pieces of mail
a piece of music	two pieces of music
a piece of news	two pieces of news
a piece of toast	two pieces of toast
a loaf of bread	two loafs of bread
a slice of bread	two slices of bread
an ear of corn	two ears of corn
a bar of soap	two bars of soap
a bolt of lightning	two bolts of lightning
a clap of thunder	two claps of thunder
a gust of wind	two gusts of wind

Ex:

01. **Hybrids have one more —— per plant than the other varieties.**
Ⓐ corms Ⓑ ear of corn Ⓒ corn ears Ⓓ corn's ears **Ans Ⓑ**

02. **I need —— soap to wash my dress with.**
Ⓐ any Ⓑ a piece of Ⓒ a Ⓓ much **Ans Ⓑ**

Rule-02: কিছু জোড়া Noun আছে যাদের অর্থ অনেকটা একই রকম; কিন্তু তাদের, একটি Count এবং অন্যটি Non-count noun হিসেবে ব্যবহৃত হয়। নিম্নে noun গুলো উল্লেখ করা হলো-

Count noun	Non-count noun
climate, climates	weather
a human being, human beings	humanity
a job, jobs	work
a machine, machines	machinery
a man, men	mankind; man
a person, persons	people
a snowflake, snowflakes	snow
a sunbeam, sunbeams	sunlight; sunshine
a traffic jam, traffic jams	traffic

Ex : California has good weather. / California has a good climate.
Ex: In order to improve farming methods, we need-
Ⓐ machine Ⓑ machinery Ⓒ a machinery Ⓓ machineries **Ans Ⓑ**

Rule-03: People, children, cattle, police, public, aristocracy, gentry, nobility, peasantry (কৃষক সম্প্রদায়), poultry, perfumery (সুগন্ধি দ্রব্য), artillery, vermin (ক্ষতিকারক পোকামাকড়), clergy etc. **Noun-এর সাথে 's/es' না থাকা সত্ত্বেও এরা Plural Countable noun হিসেবে ব্যবহৃত হয় (এদের পর plural verb হয়-**

Ex : The people **are** generally considered to be ignorant fellows.

Rule-04: Sheep, deer, dozen, score, canon, salmon, gross- **Noun যারা Singular এবং Plural-এ অপরিবর্তিত form-এ থাকে। অর্থাৎ Plural হলেও এদের সাথে কখনোই s হয় না।**

Ex : I saw ten sheep and five deer.
He bought five dozen oranges from Nagpur.

Rule-05: Brace, dozen, fathom, gross, head, pair, yoke, score, hundred, thousand etc. **Noun এর পূর্বে যদি নির্দিষ্ট সংখ্যাবাচক বিশেষণ থাকে তাহলে এদের সাথে "s/es" যুক্ত হয় না। কিন্তু এদের পূর্বে যদি অনির্দিষ্ট সংখ্যা থাকে (যেমন: some, several etc.) অথবা কোন সংখ্যা না থাকে তাহলে এদের সাথে "s/es" যুক্ত হয়।**

Ex : I've done it —— of times.
Ⓐ hundreds Ⓑ hundred Ⓒ a hundred Ⓓ hundredth **Ans Ⓐ**

Important Questions with Explanation

01. **'A herd of cattle is passing.' The underlined word is a/an–**
Ⓐ adverb Ⓑ adjective Ⓒ collective noun Ⓓ abstract noun
Ans Ⓒ Explanation যে সকল noun সমষ্টিবাচক অর্থ প্রদান করে তাদেরকে collective noun বলে। যেমন: herd (গবাদি পশুর দল), team (দল), class (শ্রেণি), cattle (গবাদি পশু) ইত্যাদি। উল্লেখ্য, collective noun-এর পর সাধারণত singular verb বসে।

02. **Identify the word that remains same in plural form :**
Ⓐ deer Ⓑ horse Ⓒ elephant Ⓓ tiger
Ans Ⓐ Explanation Sheep, deer, salmon, canon etc শব্দগুলি Singular এবং plural – এ একই থাকে অর্থাৎ এদের পরে কোনো অবস্থায় যুক্ত s/es হয় না।

03. **Identify the determiner in the sentence "Bring me that book"**
Ⓐ bring Ⓑ me Ⓒ that Ⓓ book
Ans Ⓒ Explanation যে সকল শব্দ/শব্দগুচ্ছ noun -এর পূর্বে বসে noun -এর নির্দিষ্টতা/অনির্দিষ্টতা বোঝায় তাদের determiner বলে। যেমন- this, that, such, some, a lot of etc. উল্লেখ্য, determiner বাক্যে adjective -এর কাজ করে।

04. **I still have —— money.**
Ⓐ A few Ⓑ quite a few Ⓒ many Ⓓ a little
Ans Ⓓ Explanation Uncountable noun (money, water, milk প্রভৃতি) এর আগে amount, little / a little ব্যবহার হয়। বাক্যে Still থাকায় বোঝাচ্ছে, এখনও কিছু টাকা (a little money) রয়েছে।

05. **'Among' is a preposition that is used when —— people are involved.**
Ⓐ two Ⓑ more than two
Ⓒ two or more than two Ⓓ four only
Ans Ⓑ Explanation Between অর্থ between two people আর Among অর্থ among more than two people।

06. **'Mutton' is a/an–**
Ⓐ Common noun Ⓑ Abstract noun Ⓒ Material noun Ⓓ Proper noun
Ans Ⓒ Explanation Mutton অর্থ ভেড়ার মাংস। এটি নিঃসন্দেহে Material noun।

07. **I am in the process of collecting material for my story. The underlined word is a / an ——.**
Ⓐ Verb Ⓑ Adjective Ⓒ Adverb Ⓓ Noun
Ans Ⓓ Explanation আমি আমার গল্পের জন্য বিষয়বস্তু সংগ্রহের কাজ করছি। Material শব্দটির অর্থ বিষয়বস্তু/ উপাদান। এটি একটি Noun.

08. **Which word is the determiner in the sentence "Will it take much time?"**
Ⓐ will Ⓑ take Ⓒ much Ⓓ time
Ans Ⓒ Explanation Determiner হচ্ছে noun বা pronoun এর নির্দিষ্টতা, অনির্দিষ্টতা, সংখ্যা বা পরিমাণ নির্দেশক। Option গুলোর মধ্যে 'much' শব্দটি সময়ের নির্দেশক হিসেবে sentence এ ব্যবহার হয়েছে।

09. **Rafiq always has —— problems with his tools.**
Ⓐ many Ⓑ much Ⓒ more Ⓓ little
Ans Ⓐ Explanation Problem, countable noun তাই তার পূর্বে countable determiner, many হবে।

10. **'They have little money' means-**
Ⓐ They have no money at all Ⓑ They have almost no money
Ⓒ They have yet some money Ⓓ They have quite some money
Ans Ⓑ Explanation Little, few এগুলো negative অর্থ দেয়। তাদের প্রায় কোনো টাকা নেই।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

Number & Gender

Number : Countable Noun সাধারণত Singular ও Plural উভয় form এ পঠিত হয়, একে Number বলা হয়।

Number দুই প্রকার। যথা- 1. Singular, 2. Plural.

শুধুমাত্র Countable Noun এর Number পরিবর্তন অর্থাৎ Singular ও Plural form হয়ে থাকে। Uncountable Noun এর Number পরিবর্তন হয় না বা Plural হয় না।

Note : Common Noun ও Collective Noun এর Number পরিবর্তন হয়। Proper Noun, Material Noun ও Abstract Noun এর কোনো Number পরিবর্তন হয় না।

Rule-01: Word এর শেষে 'o' থাকলে এবং তার পূর্বে Vowel থাকলে 's' যুক্ত করে Plural করতে হয় কিন্তু Consonant থাকলে 'es' যুক্ত করে Plural করতে হয়।

Singular	Plural	Singular	Plural
Bamboo	Bamboos	Cuckoo	Cuckoos
Mango	Mangoes	Volcano	Volcanoes

Ex: Echo এর সঠিক plural -
Ⓐ Echos Ⓑ Echoes Ⓒ Echoistic Ⓓ Echoed (Ans Ⓑ)

Rule-02: Word এর শেষে 'y' থাকলে এবং তার পূর্বে vowel থাকলে শুধু 's' যুক্ত হবে। তবে 'y' এর পূর্বে Consonant থাকলে 'y' এর স্থলে 'i' এবং তারপর 'es' যুক্ত করে Plural করতে হয়।

Singular	Plural	Singular	Plural
Boy	Boys	Baby	Babies
Key	Keys	City	Cities

Rule-03: কোনো Noun এর শেষে যদি f বা fe থাকে তাহলে Plural করার সময় f / fe এর স্থলে ves হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Knife (ছুরি)	Knives	Wife (স্ত্রী)	Wives
Half (অর্ধেক)	Halves	Leaf (পাতা)	Leaves

Ex: Calf-এর সঠিক Plural -
Ⓐ Calfs Ⓑ Calves Ⓒ Caff Ⓓ Calfes (Ans Ⓑ)

⇨ কিন্তু যে সকল Noun এর শেষে ief, off, oof, erf, rife, iff, arf, urf, ulf, afe ইত্যাদি থাকে তাদের শেষে 'ves' না হয়ে শুধু 'S' বসে। যেমন:

Singular	Plural	Singular	Plural
grief (দুঃখ)	griefs	scoff (উপহাস, ব্যঙ্গ)	scoffs
hoof (প্রাণীর খুর)	hoofs	roof (ছাদ)	roofs

Rule-04: এমন কতগুলো Noun আছে, যাদের মধ্যকার Vowel পরিবর্তন করে Plural করা হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
man (মানুষ)	men	foot (পায়ের পাতা)	feet
tooth (দাঁত)	teeth	woman (মহিলা)	women

Ex:
01. Which one is the plural form of 'Louse'?
Ⓐ Loise Ⓑ Lise Ⓒ Lice Ⓓ Louses (Ans Ⓒ)

Rule-05: নিচে কতগুলো জোড়া শব্দের singular ও plural form দেওয়া হলো।

Singular	Plural
Man-servant	Men-servant
Woman- servant	Women- servant

Rule-06: নিচে তিন word বিশিষ্ট শব্দের singular ও plural form দেওয়া হলো।

Singular	Plural
Brother-in-law	Brothers-in-law
Father-in-law	Fathers-in-law

Ex:
- সবচেয়ে ছোট হাওড় - বুরবুক হাওড় (সিলেট)।
- টাঙ্গুয়ার হাওড় অবস্থিত - সুনামগঞ্জে।
- বাংলাদেশের বৃহত্তম বাঁওড় - পোড়াপাড়া বাঁওড় (মহেশপুর, ঝিনাইদহ)।

বাংলাদেশের লেক/হ্রদ

- হ্রদ বা লেক - প্রাকৃতিক কারণে যদি বিস্তীর্ণ পানিরাশি ভূ-ভাগে আবদ্ধ হয়ে একটা স্থায়ী জলাশয় সৃষ্টি করে তাহলে সেই জলাশয়কে হ্রদ বা লেক বলে।
- লেক এর জেলা হিসেবে পরিচিত - রাঙ্গামাটি।
- বগা লেক অবস্থিত - বান্দরবান। বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক লেক।
- ১৯২৪ সালে চট্টগ্রামের পাহাড়তলীতে নির্মিত কৃত্রিম লেক - 'ফয়েজ লেক'।
- কাপ্তাই হ্রদ অবস্থিত - রাঙ্গামাটি জেলায়।
- জাফলং লেক অবস্থিত - সিলেটে।
- ক্রিসেন্ট লেক অবস্থিত - ঢাকায় (জাতীয় সংসদ ভবনের পাশে)।
- মাধবপুর হ্রদ অবস্থিত - মৌলভীবাজারে।
- ধানমন্ডি লেক অবস্থিত - ঢাকার ধানমন্ডিতে।
- প্রান্তিক লেক অবস্থিত - বান্দরবান।
- মহামায়া লেক অবস্থিত - চট্টগ্রাম।

বঙ্গোপসাগর

- বঙ্গোপসাগরের অবস্থান – ভারত মহাসাগরের উত্তর অংশে।
- পৃথিবীর সবচেয়ে বড় Bay – বঙ্গোপসাগর।
- বঙ্গোপসাগরের ভৌগোলিক অবস্থান - পশ্চিম দিকে ভারত ও শ্রীলঙ্কা, উত্তরে বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গ, পূর্বে আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ এবং দক্ষিণে মিয়ানমার, সুমাত্রা ও ভারত মহাসাগর।
- বঙ্গোপসাগরের ভৌগোলিক আয়তন - সর্বমোট প্রায় ২২ লক্ষ বর্গকিলোমিটার।

বাংলাদেশের সমুদ্র সৈকত

- বিশ্বের দীর্ঘতম সমুদ্র সৈকত - কক্সবাজার সমুদ্র সৈকত, বাংলাদেশ।
- কক্সবাজার সমুদ্র সৈকতের দৈর্ঘ্য - ১২০ কিলোমিটার (সূত্র-বাংলাপিডিয়া)।
- 'সাগর কন্যা' বলা হয় - কুয়াকাটা সমুদ্র সৈকতকে (পটুয়াখালী জেলা)।
- কুয়াকাটা সমুদ্র সৈকত অবস্থিত - পটুয়াখালী।
- কুয়াকাটা সমুদ্র সৈকতের দৈর্ঘ্য - ১৮ কিলোমিটার।
- সূর্যোদয় এবং সূর্যাস্ত দেখা যায় - কুয়াকাটা সমুদ্র সৈকত থেকে।
- 'পর্যটন হলিডে হোমস' অবস্থিত - কুয়াকাটায়।
- বাংলাদেশের পর্যটন রাজধানী - কক্সবাজার।

সমুদ্র সৈকতের নাম	অবস্থান
টেকনাফ, হিমছড়ি, ইনানি	কক্সবাজার
কটকা	সুন্দরবন
পতেঙ্গা, পার্কি ও গুলিয়াখালি	চট্টগ্রাম

বাংলাদেশের ইকো ও সাফারি পার্ক

- ইকো ও সাফারি পার্ক - জীববৈচিত্র্য সংরক্ষণে প্রাণিকুলের অভয়ারণ্য গড়ে তোলা পার্ক– সাফারি পার্ক এবং চিত্তবিনোদনের জন্য নির্মিত পার্ক– ইকোপার্ক।
- বাংলাদেশের প্রথম ইকোপার্ক অবস্থিত - চট্টগ্রামের সীতাকুণ্ডের চন্দ্রনাথের পাহাড়ে। ২০০১ সালে প্রতিষ্ঠিত। এটি এশিয়ার বৃহত্তম ইকোপার্ক।
- বাংলাদেশের প্রথম এভিয়ারি পার্ক বা পক্ষীশালা - শেখ রাসেল এভিয়ারি অ্যান্ড রিক্রিয়েশন পার্ক। এটি চট্টগ্রামের রাঙ্গুনিয়ার নিশ্চিন্তপুর বন বিভাগে তৈরি করা হয়েছে।
- বাংলাদেশের দ্বিতীয় ইকোপার্ক অবস্থিত - মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার মাধবকুণ্ডের মুরাইছড়িতে।
- বাংলাদেশের ১৬তম ইকোপার্ক - মিঠাপুকুর ইকোপার্ক।
- বাংলাদেশের প্রথম সাফারি পার্ক - বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক (২০০১)। সাফারি পার্কটি কক্সবাজারের চকোরিয়া উপজেলার ডুলাহাজরায় অবস্থিত।
- বাংলাদেশের দ্বিতীয় সাফারি পার্ক - দ্বিতীয় বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক (গাজীপুরের কালিয়াকৈর)।
- বাংলাদেশের প্রথম ভ্রাম্যমাণ শিশু পার্কের নাম - আনন্দঘূর্ণী।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলাদেশের ঝরনা

- **বাংলাদেশের একমাত্র গরম পানির ঝরনা অবস্থিত** - চট্টগ্রামের সীতাকুণ্ডের চন্দ্রনাথ পাহাড়ে।
- **বাংলাদেশের শীতল পানির ঝরনা অবস্থিত** - হিমছড়ি পাহাড়, কক্সবাজার।
- **চিতা ঝরনা অবস্থিত** - মৌলভীবাজার জেলায়।
- **শুভলং ঝরনা অবস্থিত** - রাঙামাটি জেলায়।
- **জাদিপাই, নাফাখুম ও খাজুক ঝরনা অবস্থিত** - বান্দরবানে।

বাংলাদেশের জলপ্রপাত

- **জলপ্রপাত** - জলপ্রপাত হলো একটি নির্দিষ্ট উচ্চতা থেকে প্রাকৃতিকভাবে বহমান জলের পতন। সাধারণত প্রাকৃতিকভাবে খাড়া বা লম্বভাবে পতিত জলরাশিকে জলপ্রপাত বলা হয়।
- **মাধবকুণ্ড জলপ্রপাতটি অবস্থিত** - বড়লেখা, মৌলভীবাজারে।
- **মাধবকুণ্ড জলপ্রপাতের উৎপত্তিস্থল** - বড়লেখা উপজেলার পাথারিয়া পাহাড় থেকে।
- **হামহাম জলপ্রপাত অবস্থিত** - মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার রাজকান্দি বনাঞ্চলে। এই জলপ্রপাতটি ২০১০ সালে পর্যটন গাইড শ্যামল দেববর্মার সাথে দুর্গম জঙ্গলে ঘেরা একদল পর্যটক আবিষ্কার করেন।
- **বাকলাই জলপ্রপাতটি অবস্থিত** - বান্দরবানে।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোন রেখাটি বাংলাদেশকে অতিক্রম করে?
Ⓐ বিষুব রেখা Ⓑ কর্কট ক্রান্তি
Ⓒ মকর ক্রান্তি Ⓓ ৩৮° সমাক্ষরেখা **Ans B**

02. হিউমাস কী?
Ⓐ জলবায়ু Ⓑ ভূমির উপরিভাগ
Ⓒ মাটির উর্বরতা বৃদ্ধিকারী উপাদান Ⓓ দূষণ **Ans C**

03. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?
Ⓐ ভোলা Ⓑ সন্দ্বীপ
Ⓒ মহেশখালী Ⓓ সেন্টমার্টিন **Ans A**

04. চলনবিল কোথায়?
Ⓐ রাজশাহী Ⓑ নওগাঁ
Ⓒ পাবনা ও নাটোর Ⓓ নাটোর ও নওগাঁ **Ans C**

05. বাংলাদেশের সর্ব দক্ষিণের দ্বীপ কোনটি?
Ⓐ সন্দ্বীপ Ⓑ নিঝুমদ্বীপ
Ⓒ সেন্টমার্টিন Ⓓ দক্ষিণ তালপট্টি **Ans C**

06. বাংলাদেশের পাহাড়ী এলাকার গড় উচ্চতা কত ফুট?
Ⓐ ২০০০ Ⓑ ২০৫০ Ⓒ ৩০০০ Ⓓ ১৫০০ **Ans B**

07. বাংলাদেশের সর্ববৃহৎ হাওড় কোনটি?
Ⓐ হাতিয়া Ⓑ শনির Ⓒ টাঙ্গুয়ার Ⓓ হাকালুকি **Ans D**

8. সাজেক উপত্যকা কোথায় অবস্থিত?
Ⓐ খাগড়াছড়ি Ⓑ বান্দরবান
Ⓒ রাঙ্গামাটি Ⓓ কক্সবাজার **Ans C**

. বাংলাদেশের একমাত্র 'পাহাড়'-বিশিষ্ট দ্বীপ
Ⓐ পাহাড়পুর Ⓑ কুতুবদিয়া
Ⓒ নিঝুমদ্বী Ⓓ মহেশখালি **Ans D**

পার্বত্য চট্টগ্রাম ও সিলেটের পাহাড় কোন যুগে সৃষ্ট?
Ⓐ টারশিয়ারি যুগে Ⓑ প্লাইস্টোসিন যুগে
Ⓒ সাম্প্রতিক যুগে Ⓓ জুরাসিক যুগে **Ans A**

বাংলাদেশ ৩

প্রাচীন বাংলার ইতিহাস

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'ইতিহাসের জনক' বলে খ্যাত - হেরোডোটাস (গ্রিস)।
- 'ইতিহাস' শব্দের উৎপত্তি - গ্রিক শব্দ 'Historia' থেকে।
- সুপ্রাচীন বঙ্গদেশের সীমা উল্লেখ আছে - ড. নীহাররঞ্জন রায়ের 'বাঙালীর ইতিহাস' গ্রন্থে।
- বাংলা শব্দটির উৎপত্তি - 'বঙ্গ' শব্দ থেকে (বঙ্গ এই অঞ্চলে প্রাচীনকালে বসবাসকারী একটি জনগোষ্ঠীর নাম)।
- সর্বপ্রথম 'বঙ্গ' শব্দটি পাওয়া যায় - ৩০০০ বছর পূর্বের ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।
- সর্বপ্রথম দেশবাচক 'বাংলা' শব্দের ব্যবহার হয় - আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে।
- বাংলার আদিম অধিবাসী - কোল, ভিল, সাঁওতাল, মুন্ডা প্রভৃতি জাতি।
- প্রাচীন বাংলার আর্থসামাজিক ইতিহাস পাওয়া যায় - সংস্কৃত সাহিত্যের দুটি সংকলনে। এগুলো হলো বিদ্যাকর সংকলিত 'সুভাষিত-রত্নকোষ' এবং শ্রীধরদাস সংকলিত 'সদুক্তি-কর্ণামৃত'।
- বাংলার বাইরে রচিত বাংলা সম্পর্কিত তথ্য সংবলিত ইতিহাস গ্রন্থগুলোর মধ্যে রয়েছে - কাজী মিনহাজ-ই-সিরাজের 'তবকাত ই-নাসিরী', খাজা আবদুল মালিক ইসামীর 'ফুতুহ-উস-সালাতীন', জিয়াউদ্দিন বারানীর 'তারিখ-ই-ফিরোজশাহী' প্রভৃতি।
- বাংলার আদি জনগোষ্ঠীর ভাষা ছিল - অস্ট্রিক।
- উপমহাদেশের নাম সর্বপ্রথম 'ইন্ডিয়া' দেন - গ্রিকগণ।
- নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত যে নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত - আদি অস্ট্রেলীয়।
- প্রাচীন সাহিত্যে যারা 'নিষাদ' নামে পরিচিত ছিল - অস্ট্রোলয়েড বা আদি অস্ট্রেলীয়।
- বাংলাদেশের প্রাচীন জাতি - দ্রাবিড়।
- সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে ভাগ করা যায় - ২ ভাগে - ১. প্রাক-আর্য বা অনার্য জনগোষ্ঠী ও ২. আর্য জনগোষ্ঠী।
- নেগ্রিটোদের উৎখাত করে - অস্ট্রিক জাতি।
- বাঙালি জাতি গড়ে ওঠেছে - অস্ট্রিক, দ্রাবিড় ও আর্য জাতির সংমিশ্রণে।
- বর্তমানে বাঙালি জাতির পরিচয় - সংকর জাতি হিসেবে।
- আর্যদের আদি নিবাস - ইউরাল পর্বতের দক্ষিণ কিরগিজ তৃণভূমি অঞ্চলে।
- আর্যদের প্রভাব স্থাপনের পরে বঙ্গদেশে আগমন করে - মঙ্গোলীয় বা ভোটচীনীয় জাতি।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. প্রাচীন বাংলায় নিম্নের কোন অঞ্চল বাংলাদেশের পূর্বাংশে অবস্থিত ছিল?
Ⓐ হরিকেল Ⓑ সমতট Ⓒ বরেন্দ্র Ⓓ রাঢ় **Ans A**

02. ঢাকা প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্গত?
Ⓐ বঙ্গ Ⓑ রাঢ় Ⓒ বরেন্দ্র Ⓓ হরিকেল **Ans A**

03. বর্তমান বাংলাদেশের কোন অংশকে 'সমতট' বলা হতো?
Ⓐ কুমিল্লা ও নোয়াখালী Ⓑ রাজশাহী ও বগুড়া
Ⓒ চট্টগ্রাম Ⓓ দিনাজপুর ও রংপুর **Ans A**

04. বাংলাদেশের একটি প্রাচীন জনপদ-
Ⓐ সোনারগাঁও Ⓑ হরিকেল Ⓒ ভুলুয়া Ⓓ পঞ্চগড় **Ans B**

05. নিচের যেটি বাংলার প্রাচীন জনপদ-
Ⓐ চন্দ্রদ্বীপ Ⓑ ময়নামতি Ⓒ পুণ্ড্র Ⓓ পাটালীপুত্র **Ans C**

06. কোনটি প্রাচীনতম?
Ⓐ মহাস্থান ব্রাহ্মীলিপি Ⓑ চর্যাপদ Ⓒ রামচরিতম Ⓓ গীতগোবিন্দ **Ans A**

07. বাংলার প্রাচীনতম বন্দরের নাম কী?
Ⓐ তাম্রলিপি Ⓑ চন্দ্রকেতুগাড় Ⓒ গঙ্গারিডাই Ⓓ সমন্দর **Ans D**

08. বাংলার প্রাচীন নগর 'কর্ণসুবর্ণ'-এর অবস্থান ছিল -
Ⓐ কুমিল্লায় Ⓑ মুর্শিদাবাদে Ⓒ বগুড়ায় Ⓓ রাজশাহীতে **Ans B**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলাদেশ 8

প্রাচীন ভারতের সাম্রাজ্য

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মৌর্য বংশের প্রতিষ্ঠাতা - চন্দ্রগুপ্ত মৌর্য। ৩২১ খ্রিষ্টপূর্বাব্দে চন্দ্রগুপ্ত এই সাম্রাজ্যের গোড়াপত্তন করেন।
- প্রাচীন ভারতের সর্বপ্রথম ভারতীয় সম্রাট- চন্দ্রগুপ্ত মৌর্য।
- 'মুদ্রারাক্ষস' - বিশাখা দত্ত রচিত একটি নাটক যেখানে চন্দ্রগুপ্তের সাথে মগধের রাজা নন্দের যুদ্ধকাহিনি বিবৃত রয়েছে।
- চন্দ্রগুপ্ত মৌর্য জন্মগ্রহণ করেন - পাটালিপুত্র নগরে।
- চন্দ্রগুপ্তের রাজদরবারে সেলিউকাসের পাঠানো রাষ্ট্রদূতের নাম ছিল - মেগাস্থিনিস।
- মেগাস্থিনিস তৎকালীন ভারতীয় উপমহাদেশের আর্থসামাজিক অবস্থার বর্ণনা দেন - ইন্ডিকা নামক গ্রন্থে।
- কৌটিল্য/চাণক্য বা বিষ্ণুগুপ্ত রচিত গ্রন্থের নাম - অর্থশাস্ত্র।
- কৌটিল্য/চাণক্য ছিলেন- চন্দ্রগুপ্তের মন্ত্রী ও রাজ উপদেষ্টা।
- অর্থশাস্ত্র হলো - রাজনীতি, অর্থনীতি ও কূটনীতিবিষয়ক গ্রন্থ।
- ভারতীয় উপমহাদেশে ছয় বোর্ডের রূপকার ছিলেন - চন্দ্রগুপ্ত মৌর্য।
- চন্দ্রগুপ্তের পর সিংহাসনে বসেন - বিন্দুসার (৩০০-২৭৩ খ্রিষ্টপূর্ব)।
- ইতিহাসে 'অমিত্রাঘাত' বা 'শত্রুহন্তা' নামে পরিচিত ছিলেন - বিন্দুসার।
- বিন্দুসারের পুত্রের নাম ছিল - সম্রাট অশোক।
- সম্রাট অশোক সিংহাসনে আরোহণ করেন ও শাসন করেন - ২৭২ থেকে ২৩২ খ্রিষ্টপূর্ব পর্যন্ত। মতান্তরে, ২৬৯-২৩২ খ্রিষ্টপূর্বাব্দ।
- ইতিহাসে 'চণ্ডাশোক' নামে পরিচিত ছিলেন - সম্রাট অশোক। উত্তরাধিকার যুদ্ধে তার ভ্রাতাদের নির্মমভাবে হত্যা করার জন্য এই উপাধি লাভ করেন।
- অশোকের শিলালিপি - তিন ভাগে বিভক্ত (পর্বতগাত্রে খোদিত শিলালিপি, ক্ষুদ্র শিলালিপি এবং স্তম্ভলিপি)।
- সম্রাট অশোক সিংহাসন লাভ করে গ্রহণ করেন - দেবানম্-প্রিয়-পিয়াদর্শী/দেবতাদের প্রিয়-প্রিয়দর্শী উপাধি।
- কলিঙ্গ যুদ্ধ সংঘটিত হয় - ২৬০ খ্রিষ্টপূর্বাব্দে (মতান্তরে ২৬১ খ্রিষ্টপূর্বাব্দে)।
- যে যুদ্ধের ভয়াবহতা দেখে সম্রাট অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন - কলিঙ্গ যুদ্ধ।
- সম্রাট অশোকের প্রচেষ্টায় বৌদ্ধ ধর্ম - বিশ্ব ধর্মের মর্যাদা লাভ করে।
- বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন বলা হয় - মহামতী সম্রাট অশোককে।
- উপমহাদেশে বৌদ্ধ ধর্মের প্রসার ঘটে - সম্রাট অশোকের আমলে।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'মাৎস্যন্যায়' ধারণাটি কিসের সঙ্গে সম্পর্কিত?
Ⓐ মাছবাজার Ⓑ ন্যায়-বিচার প্রতিষ্ঠা
Ⓒ মাছ ধরার নৌকা Ⓓ আইন-শৃঙ্খলাহীন অরাজক অবস্থা **Ans D**

02. বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন-
Ⓐ শশাঙ্ক Ⓑ বখতিয়ার খিলজি Ⓒ বিজয় সেন Ⓓ গোপাল **Ans D**

03. প্রাচীন বাংলার কোন এলাকা কর্ণসুবর্ণ নামে কথিত হত?
Ⓐ মুর্শিদাবাদ Ⓑ রাজশাহী Ⓒ চট্টগ্রাম Ⓓ মেদিনীপুর **Ans A**

04. বঙ্গ ও গৌড় দুটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটে কত শতকে?
Ⓐ ষষ্ঠ Ⓑ অষ্টম Ⓒ দশম Ⓓ একাদশ **Ans A**

05. কোন বাঙালি ৭ম শতাব্দীতে নালন্দা বিশ্ববিদ্যালয়ে সর্বাধ্যক্ষের পদ অলংকৃত করেন?
Ⓐ শীলভদ্র Ⓑ অতীশ দীপংকর Ⓒ কাঙ্গাপা Ⓓ জীমূতবাহন **Ans A**

06. চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন বাংলায় আসেন যার সময়ে-
Ⓐ দ্বিতীয় চন্দ্রগুপ্ত Ⓑ আলাউদ্দিন হুসাইন শাহ্
Ⓒ প্রথম চন্দ্রগুপ্ত Ⓓ হর্ষবর্ধন **Ans A**

07. সম্রাট অশোক কোন বংশের শাসক ছিলেন?
Ⓐ গুপ্ত Ⓑ মৌর্য Ⓒ পাল Ⓓ পাঠান **Ans B**

08. পাটালিপুত্র রাজধানী ছিল-
Ⓐ গুপ্তদের Ⓑ সেনদের Ⓒ পালদের Ⓓ মৌর্যদের **Ans D**

বাংলাদেশ ৫

মধ্যযুগে উপমহাদেশ/ বাংলার রাজনৈতিক ইতিহাস

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আরবদের সিন্ধু জয়ের সময় রাজা ছিলেন - দাহির।
- গজনীর শাসনকর্তা সুলতান মাহমুদ ভারতবর্ষ আক্রমণ করেন - ১০০০ খ্রিষ্টাব্দ থেকে ১০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত মোট ১৭ বার।
- সুলতান মাহমুদ বাগদাদের খলিফা কর্তৃক গ্রহণ করেন - 'আমিন-উল-মিল্লাত' খেতাব।
- সুলতান মাহমুদের ভারত আক্রমণের উদ্দেশ্য ছিল - ধনসম্পদ লুণ্ঠন।
- সুলতান মাহমুদের রাজসভার কবি ছিলেন - ফেরদৌসি।
- সুলতান মাহমুদ সোমনাথ মন্দির আক্রমণ করেন - ১০২৬ খ্রিষ্টাব্দে ।
- সুলতান মাহমুদ গজনীতে যে বৃহৎ মসজিদ নির্মাণ করেন তার নাম - 'স্বর্গীয় বধূ'।
- ফেরদৌসি রচিত গ্রন্থের নাম - শাহনামা।
- ইতিহাসে ময়েজউদ্দিন মুহাম্মদ বিন সাম পরিচিত ছিলেন - মুহম্মদ ঘুরী নামে।
- মুহম্মদ ঘুরী গজনীর সিংহাসনে আরোহণ করেন - ১১৭৩ সালে।
- তরাইনের প্রথম যুদ্ধ ও দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয় - যথাক্রমে ১১৯১ এবং ১১৯২ সালে।
- তরাইনের এই দুটি যুদ্ধ সংঘটিত হয় - মুহম্মদ ঘুরী এবং পৃথ্বীরাজ চৌহানের মধ্যে।
- প্রাচীন বাংলার ইতিহাসের সমাপ্তি ঘটে - সেন বংশের রাজা লক্ষ্মণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে।
- বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠার সূচনা করেন/ প্রথম মুসলিম বিজেতা - ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি (লক্ষ্মণ সেনকে পরাজিত করার মাধ্যমে)।
- বখতিয়ার খিলজি অধিবাসী ছিলেন - আফগানিস্তানের গরমশিরের।
- বখতিয়ার খিলজি ছিলেন - একজন তুর্কি বীর।
- ভারতের প্রথম মুসলিম রাজ্য স্থাপিত হয় - সিন্ধু ও মুলতানে।
- বখতিয়ার খিলজি নদীয়ায় প্রবেশ করেন - ১৭/১৮ জন সৈন্য নিয়ে।
- বখতিয়ার খিলজি বিহার জয় করেন - ১২০৩ খ্রিষ্টাব্দে।
- বখতিয়ার খিলজি যাকে পরাজিত করে বাংলা জয় করেন - লক্ষ্মণ সেনকে (১২০৪ সালে)।
- বখতিয়ার খিলজি তাঁর রাজধানী স্থাপন করেন - দিনাজপুরের দেবকোটে।
- বখতিয়ার খিলজি মৃত্যুবরণ করেন - ১২০৬ সালে; দেবকোটে (আলী মর্দানের হাতে)।
- বাংলায় মুসলিম আধিপত্য প্রতিষ্ঠিত হয় - ত্রয়োদশ শতাব্দীতে।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. বাংলা নববর্ষ 'পহেলা বৈশাখ' চালু করেছিলেন-
Ⓐ লক্ষ্মণ সেন Ⓑ বিজয় সেন
Ⓒ সম্রাট আকবর Ⓓ সম্রাট শাহজাহান **Ans C**

02. পানিপথের তৃতীয় যুদ্ধ হয়-
Ⓐ ১৫২৬ সালে Ⓑ ১৫৫৬ সালে Ⓒ ১৭৬১ সালে Ⓓ ১৭৬৫ সালে **Ans C**

03. সম্রাট শাহজাহান মুঘল বংশের কততম শাসক?
Ⓐ তৃতীয় Ⓑ চতুর্থ Ⓒ পঞ্চম Ⓓ ষষ্ঠ **Ans C**

04. বুলবুল ই-হিন্দ কাকে বলে?
Ⓐ তানসেনকে Ⓑ আমীর খসরুকে Ⓒ আবুল ফজলকে Ⓓ গালিবকে **Ans A**

05. যে বিদেশি রাজা ভারতের কোহিনুর মণি ও ময়ূর সিংহাসন লুট করেন-
Ⓐ আহমদ শাহ আবদালি Ⓑ নাদির শাহ
Ⓒ দ্বিতীয় শাহ আব্বাস Ⓓ সুলতান মাহমুদ **Ans B**

06. দিল্লির কোন সম্রাট বাংলা থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন?
Ⓐ শেরশাহ Ⓑ আকবর Ⓒ জাহাঙ্গীর Ⓓ আওরঙ্গজেব **Ans A**

07. কোন সুলতানের রাজত্বকালে ইবনে বতুতা বাংলায় সফর করেন?
Ⓐ ফখরুদ্দিন মুবারক শাহ Ⓑ শামসুদ্দীন ইলিয়াস শাহ্
Ⓒ আলাউদ্দীন হুসেন Ⓓ নুসরত শাহ **Ans A**

08. বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর পত্তন কে করেন?
Ⓐ সম্রাট আকবর Ⓑ ঈশা খাঁ
Ⓒ সুবেদার ইসলাম খান Ⓓ শাহজাদা আজম **Ans B**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলাদেশ ৬

উপমহাদেশে ঔপনিবেশিক শাসনের সূচনাপর্ব

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম ভারতবর্ষে আসে - পর্তুগিজরা।
- বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম সাম্রাজ্য স্থাপনের চেষ্টা করে - ফরাসিরা।
- ইউরোপ থেকে আফ্রিকার 'উত্তমাশা অন্তরীপ' হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কৃত হয় - ১৪৮৭ সালে (বার্থোলোমিউ দিয়াজ কর্তৃক)।
- 'ভাস্কো-দা-গামা' ভারতবর্ষে প্রথম আসেন - ১৪৯৮ সালে (কালিকট বন্দরে)।
- পর্তুগিজরা বাংলায় ব্যবসা বাণিজ্য আরম্ভ করে - ১৫৮০ সাল থেকে।
- ভারতবর্ষে বাণিজ্যের উদ্দেশ্যে আসা বণিকদের শাসন করেছিল - ইংরেজরা।
- ইংরেজরা প্রথম উপমহাদেশে কুঠি স্থাপন করে - সুরাটে (১৬১২ সালে)।
- মুঘল সম্রাটের সাথে ইংরেজদের সন্ধি হয় - ১৬৬০ সালে।
- বাংলায় ইংরেজদের সাথে মুঘলদের সংঘর্ষ বাঁধে - ১৬৮৬ সালে।
- বাংলার শেষ স্বাধীন নবাব - নবাব সিরাজ-উদ-দৌলা।
- সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে আরোহণ করেন - ১৭৫৬ সালে।
- সিরাজ-উদ-দৌলা কলকাতার নাম পরিবর্তন করে রাখেন - আলীনগর।
- নবাব সিরাজ-উদ-দৌলা ফোর্ট উইলিয়াম দুর্গ দখল করেন - ১৭৫৬ সালের ২০ জুন।
- পলাশির যুদ্ধ সংঘটিত হয় - ২৩ জুন ১৭৫৭।
- বক্সারের যুদ্ধ সংঘটিত হয় - ১৭৬৪ সালে (ইংরেজ ও মীর কাশিমের মধ্যে এই যুদ্ধ সংঘটিত হয়)।
- বাংলায় 'বর্গী' নামে পরিচিত ছিল - মারাঠারা।
- ব্রিটিশ ভারতে দাস প্রথা বন্ধ করতে অবদান সবচেয়ে বেশি - লর্ড এডেনবরোর।
- ভারতে পর্তুগিজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন - আল বুকার্ক।
- ভারতে সর্বশেষ পর্তুগিজ ভাইসরয় - ফ্রান্সিসকো আলমিডা।
- অন্ধকূপ হত্যা কাহিনিটি রচিত হয় - ১৭৫৬ সালে (কলকাতার ফোর্ট উইলিয়ামে)।
- ইংরেজরা কলকাতা অধিকার করে - ১৭৫৭ সালের ২ জানুয়ারি।
- ইংরেজ বণিকরা বঙ্গদেশে বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন - সম্রাট শাহজাহানের আমলে।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা কত সালে ভারতে পৌঁছান?
Ⓐ ১৪৫৩ Ⓑ ১৪৭৬ Ⓒ ১৪৯২ Ⓓ ১৪৯৮ **Ans D**

02. বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম কাদের আগমন ঘটে?
Ⓐ ওলন্দাজ Ⓑ ইংরেজ Ⓒ পর্তুগিজ Ⓓ ফরাসি **Ans C**

03. সতীদাহ প্রথা বিলোপ করেন-
Ⓐ বিদ্যাসাগর Ⓑ রামমোহন Ⓒ বেন্টিংক Ⓓ হান্টার **Ans C**

04. ফরায়েজী আন্দোলনের নেতা কে ছিলেন?
Ⓐ হাজী শরীয়তউল্লাহ Ⓑ সৈয়দ আহমদ শহীদ
Ⓒ তিতুমীর Ⓓ ফকির মজনু শাহ **Ans A**

05. ব্রিটিশ শাসনামলে কোন সালে ঢাকাকে প্রাদেশিক রাজধানী করা হয়?
Ⓐ ১৭৫৭ Ⓑ ১৯০৫ Ⓒ ১৮৫৭ Ⓓ ১৯১১ **Ans B**

06. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা হলেন-
Ⓐ রাজা রামমোহন রায় Ⓑ কেশবচন্দ্র সেন
Ⓒ দেবেন্দ্রনাথ ঠাকুর Ⓓ স্বামী বিবেকানন্দ **Ans A**

07. ইলা মিত্র অংশগ্রহণ করেন-
Ⓐ ওয়াহাবী আন্দোলনে Ⓑ নীল বিদ্রোহে
Ⓒ তেভাগা আন্দোলনে Ⓓ সিপাহী বিদ্রোহে **Ans C**

08. ফোর্ট উইলিয়াম কলেজ কখন প্রতিষ্ঠিত হয়?
Ⓐ ১৭৭০ Ⓑ ১৭৯৩ Ⓒ ১৮০০ Ⓓ ১৮১২ **Ans C**

09. চন্দননগর (পশ্চিমবঙ্গ) একসময় --- এর উপনিবেশ ছিল।
Ⓐ হল্যান্ড Ⓑ ফ্রান্স Ⓒ ইংল্যান্ড Ⓓ পর্তুগাল **Ans B**

10. চিরস্থায়ী বন্দোবস্ত কে প্রবর্তন করেন?
Ⓐ লর্ড বেন্টিক Ⓑ লর্ড কার্জন
Ⓒ লর্ড মাউন্ট ব্যাটন Ⓓ লর্ড কর্নওয়ালিস **Ans D**

বাংলাদেশ ৭

ব্রিটিশ শাসনামলে উপমহাদেশের রাজনৈতিক বিবর্তন

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ইন্ডিয়ান এসোসিয়েশন

- ইন্ডিয়ান এসোসিয়েশন প্রতিষ্ঠিত হয় - ১৮৭৬ সালে (সুরেন্দ্রনাথ ব্যানার্জি প্রতিষ্ঠা করেন)।
- যে আইনের মাধ্যমে ভারতীয় বিচারকদের ইউরোপীয়দের বিচার করার ক্ষমতা প্রদান করা হয়েছিল - ইলবার্ট বিলের মাধ্যমে।

কংগ্রেস

- ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় - ২৮ ডিসেম্বর ১৮৮৫।
- কংগ্রেসের প্রতিষ্ঠাতা - অবসরপ্রাপ্ত ইংরেজ সিভিলিয়ান অ্যালান অক্টেভিয়ান হিউম।
- কংগ্রেসের প্রথম অধিবেশন বসে - ২৮-৩১ ডিসেম্বর ১৮৮৫, মুম্বাইয়ে (সভাপতিত্ব করেন বাঙালি ব্যারিস্টার উমেশ বন্দ্যোপাধ্যায়/ব্যানার্জি)।
- কংগ্রেস যে নীতিতে ব্রিটিশ বিরোধী আন্দোলন করেছিল - অখণ্ড ভারত নীতি।

বঙ্গভঙ্গ

- বেঙ্গল প্রেসিডেন্সিকে ভেঙে দুইটি আলাদা প্রদেশ সৃষ্টি করা হয় - ১৬ অক্টোবর ১৯০৫
- বঙ্গভঙ্গের ফলে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও আসামকে নিয়ে সৃষ্টি করা প্রদেশ - পূর্ববঙ্গ ও আসাম।
- 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশের রাজধানী করা হয় – ঢাকাকে।
- পশ্চিম বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে সৃষ্টি করা হয় - বাংলা প্রদেশ। এই প্রদেশের রাজধানী কলকাতা।
- বঙ্গভঙ্গ করেন – লর্ড কার্জন।
- বঙ্গভঙ্গ রদে 'রাখীবন্ধন' অনুষ্ঠান পরিকল্পনার পরামর্শ দেন – রবীন্দ্রনাথ ঠাকুর।
- বঙ্গভঙ্গের বিরোধিতা করে - সন্ধ্যা, নবশক্তি, যুগান্তর পত্রিকা।
- 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় – মুসলিম।
- বঙ্গভঙ্গের ফলে সৃষ্ট বাংলার গভর্নর হন - স্যার ব্যামফিল্ড ফুলার।
- উপমহাদেশের নারীরা সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করে - স্বদেশি আন্দোলনের মধ্য দিয়ে।
- বঙ্গভঙ্গের প্রতিবাদে গড়ে ওঠে - স্বদেশি আন্দোলন (১৯০৬ সালে)।

মুসলিম লীগ

- মুসলিম লীগ গঠিত হয় – ৩০ ডিসেম্বর ১৯০৬।
- মুসলিম লীগের প্রকৃত নাম – নিখিল ভারত মুসলিম লীগ।
- মুসলিম লীগের প্রতিষ্ঠাতা – নবাব সলিমুল্লাহ।
- মুসলিম লীগের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন – নবাব ভিখার-উল-মুলক।
- মুসলিম লীগ গঠিত হয় – ঢাকায়।
- সর্বভারতীয় মুসলিম লীগের প্রথম সভাপতি ছিলেন - আগা খান।

জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড

- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটেছিল - পাঞ্জাবের অমৃতসরে (১৩ এপ্রিল ১৯১৯)।
- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটানো হয়েছিল - জেনারেল ডায়ারের নির্দেশে।
- 'জালিয়ানওয়ালাবাগ' হত্যাকাণ্ডের প্রতিবাদে ব্রিটিশ সরকার প্রদত্ত 'নাইট' উপাধি ত্যাগ করেন - রবীন্দ্রনাথ ঠাকুর।

খিলাফত আন্দোলন

- খিলাফত আন্দোলনের সময়সীমা - ১৯১৯ থেকে ১৯২৪ সাল পর্যন্ত। এটি ভারতীয় জাতীয়তাবাদের প্রভাবে উদ্ভূত একটি প্যান ইসলামি আন্দোলন।
- তুরস্কের সমর্থনে বিশ্বের বিভিন্ন স্থানে শুরু হয়েছিল - খিলাফত আন্দোলন।
- মুসলিমদের ঐক্যবদ্ধ ব্রিটিশ বিরোধী আন্দোলন - খিলাফত আন্দোলন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

- খিলাফত আন্দোলনের অন্যতম প্রধান নেতা ছিলেন - মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী ও মাওলানা আবুল কালাম আজাদ।
- খিলাফত দিবস পালিত হয় - ১৭ অক্টোবর।

অসহযোগ আন্দোলন

- অহিংসা ও অসহযোগ আন্দোলনের জনক - মহাত্মা গান্ধী (প্রকৃত নাম মোহনদাস করমচাঁদ গান্ধী)।
- দক্ষিণ আফ্রিকায় সত্যাগ্রহ আন্দোলন পরিচালনা করেন - মহাত্মা গান্ধী।
- ভারতের রাজনীতিতে গান্ধী প্রবেশ করেন - ১৯১৭ সালে।
- অসহযোগ আন্দোলনের সময়কাল ছিল - ১৯২০ থেকে ১৯২২ সাল।
- অসহযোগ আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল - অহিংস আন্দোলনের মাধ্যমে ব্রিটিশ সরকারের কাছ থেকে জনসাধারণের অধিকার আদায় করা।
- অসহযোগ আন্দোলন বন্ধ করে দেন - মহাত্মা গান্ধী।
- বিশ্ব অহিংসা দিবস - ২ অক্টোবর (মহাত্মা গান্ধীর জন্মদিন)।

ছেচল্লিশের দুর্ভিক্ষ/পঞ্চাশের মন্বন্তর

- পঞ্চাশের মন্বন্তর নামে পরিচিত - ১৯৪৩ সালের দুর্ভিক্ষ।
- পঞ্চাশের এই মন্বন্তর সংঘটিত হয় বাংলা - ১৩৫০ সালে।
- ১৯৪৩ এর দুর্ভিক্ষে মৃতের সংখ্যা ছিল - ৩৫ থেকে ৩৮ লক্ষ লোক।
- পঞ্চাশের মন্বন্তরের অন্যতম কারণ ছিল - দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং তার ফলশ্রুতিতে চাল আমদানি বন্ধ।
- পঞ্চাশের মন্বন্তর নিয়ে শিল্পাচার্য জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম - মাতৃত্বোধ।

ভারত বিভাগপূর্ব রাজনীতির গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ক্ষুদিরামের ফাঁসি হয়েছিল - কিংস ফোর্ডকে হত্যা প্রচেষ্টার জন্য(১৯০৮ সালে)।
- ১৯০৯ সালের ভারত সংস্কার আইন পরিচিত ছিল - মর্লি-মিন্টো সংস্কার আইন নামে। এই আইন দ্বারা মুসলমানদের পৃথক প্রতিনিধিত্বের অধিকার স্বীকৃত হয়।
- বাংলায় সশস্ত্র আন্দোলনের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা - চট্টগ্রামে অস্ত্রাগার লুণ্ঠন (১৯৩০ সালে)।
- গোল টেবিল বৈঠক অনুষ্ঠিত হয় - লন্ডনে (১৯৩১)।
- নিখিল ভারত মুসলিম কনফেডারেশন গঠনের প্রস্তাব করেন - নবাব সলিমুল্লাহ (১৯০৬ সালে)।
- হিন্দু-মুসলমানদের মধ্যে ঐক্য প্রতিষ্ঠিত হয় - লক্ষ্ণৌ চুক্তির মাধ্যমে।
- লক্ষ্ণৌ চুক্তি স্বাক্ষরিত হয় - ১৯১৬ সালে।
- লক্ষ্ণৌ চুক্তিতে মুসলমানদের পক্ষে স্বাক্ষর করেন - এ কে ফজলুল হক।
- ১৯১৯ সালের ভারত শাসন আইন পরিচিত ছিল - মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইন নামে।
- ব্রিটিশ সরকার রাওলাট আইন পাশ করে - ১৯১৯ সালে। এই আইনের প্রতিবাদে ভারতের সর্বস্তরের জনগণ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বিক্ষুব্ধ হয়ে ওঠে।
- চট্টগ্রাম পাহাড়তলী রেলওয়ে ক্লাব আক্রমণ হয়েছিল - প্রীতিলতা ওয়াদ্দেদারের নেতৃত্বে।
- সাইমন কমিশনের রিপোর্ট প্রকাশিত হয় - ১৯৩০ সালে (১৯২৭ সালে গঠিত এই কমিশনের সদস্য ছিলেন ৮ জন)।
- ভারতবর্ষে অফিস আদালত ও শিক্ষায় ইংরেজি চালু হয় - ১৯৩৫ সালে।
- ভারত শাসন আইন পাশ হয় - ১৯৩৫ সালে।
- ভারত শাসন আইনের মুখ্য উদ্দেশ্য - প্রদেশগুলোকে স্বায়ত্তশাসন প্রদান।
- ব্রিটিশ ভারতে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় - ১৯৩৭ সালে।
- ১৯৩৭ সালের নির্বাচনে ফজলুল হকের নির্বাচনি প্রতীক ছিল - হরুফ।
- ১৯৩৭ সালের নির্বাচনে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হয় - কৃষক প্রজা পার্টি ও মুসলিম লীগের মধ্যে।
- ১৯৩৭ সালের নির্বাচনে মুসলিম লীগের প্রাপ্ত আসন সংখ্যা - ৪০টি।
- অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন - এ কে ফজলুল হক।
- এ কে ফজলুল হক নেতা ছিলেন - কৃষক প্রজা পার্টির।
- কৃষক প্রজা পার্টির মূল দাবি ছিল - বিনা ক্ষতিপূরণে জমিদারি প্রথার অবসান।
- এ কে ফজলুল হকের নেতৃত্বে গঠিত কোয়ালিশন মন্ত্রিসভার সদস্য সদস্য ছিল - ১১ জন (৬ জন মুসলিম ও ৫ জন হিন্দু)।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী-
(A) খাজা নাজিমুদ্দিন (B) এ কে ফজলুল হক
(C) মোহাম্মদ আলী (D) হোসেন শহীদ সোহরাওয়ার্দী **Ans(B)**

02. অবিভক্ত বাংলার সর্বশেষ গভর্নর ছিলেন-
(A) স্যার জন হার্বার্ট (B) এন্ড্রুজ
(C) স্যার এফ বারোজ (D) স্যার জি কেসি **Ans(C)**

03. ইংরেজি কোন সনের দুর্ভিক্ষ 'পঞ্চাশের মন্বন্তর' নামে পরিচিত?
(A) ১৭৭০ সনের (B) ১৮৬৬ সনের
(C) ১৮৯৯ সনের (D) ১৯৪৩ সনের **Ans(D)**

04. বঙ্গভঙ্গ কোন সনে রদ করা হয়?
(A) ১৯০৫ সালে (B) ১৯০৬ সালে
(C) ১৯১১ সালে (D) ১৯১৯ সালে **Ans(C)**

05. বঙ্গভঙ্গের বছর কোনটি?
(A) ১৯১১ (B) ১৯০৫ (C) ১৯০৬ (D) ১৯৩৫ **Ans(B)**

06. ১৯০৫ সালে বঙ্গভঙ্গের সময় আইসরয় কে ছিলেন?
(A) লর্ড ক্লাইভ (B) লর্ড কর্নওয়ালিশ
(C) লর্ড কার্জন (D) লর্ড মাউন্টব্যাটেন **Ans(C)**

07. অবিভক্ত বাংলার প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
(A) হোসেন শহীদ সোহরাওয়ার্দী (B) এ. কে. ফজলুল হক
(C) বিধান চন্দ্র রায় (D) খাজা নাজিমউদ্দিন **Ans(B)**

08. অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন-
(A) এ কে ফজলুল হক (B) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
(C) আবুল হাশিম (D) খাজা নাজিমুদ্দিন **Ans(B)**

09. প্রথম কত সালে লাহোর প্রস্তাব হয়?
(A) ১৭৫৭ (B) ১৮৫৭ (C) ১৯৪০ (D) ১৯৪৭ **Ans(C)**

10. অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী-
(A) আবুল হাসেম (B) এ.কে. ফজলুল হক
(C) শহীদ সোহরাওয়ার্দী (D) খাজা নাজিমুদ্দীন **Ans(D)**

বাংলাদেশ ৮ পাকিস্তান আমল (১৯৪৭-১৯৭১)

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

পূর্ব বাংলার প্রাদেশিক শাসন

- আওয়ামী মুসলিম লীগ গঠিত হয় - ২৩ জুন ১৯৪৯ (ঢাকার রোজগার্ডেনে এক রাজনৈতিক কর্মী সম্মেলনে)।
- আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ও সাধারণ সম্পাদক – মওলানা আবদুল হামিদ খান ভাসানী ও শামসুল হক।
- পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট - ইস্কান্দার মির্জা।
- পাকিস্তান শব্দটি প্রথম ব্যবহার করেন - চৌধুরী রহমত আলী।
- খাজা নাজিমউদ্দীনের পর পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী – নূরুল আমীন (১৪ সেপ্টেম্বর ১৯৪৮-৩ এপ্রিল ১৯৫৪ পর্যন্ত)।
- যুক্তফ্রন্ট ক্ষমতাসীন থাকাকালীন পূর্ব বঙ্গের গভর্নর ছিলেন – চৌধুরী খালিকুজ্জামান।
- পাকিস্তানের শেষ গভর্নর জেনারেল – কেন্দ্রীয় দেশরক্ষা সচিব ইস্কান্দার মির্জা।
- এ কে ফজলুল হকের পর পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী হন – আবু হোসেন সরকার।
- আইয়ুব খানের সহচর ও পূর্ব পাকিস্তানের দীর্ঘকালীন গভর্নর ছিলেন – মোনায়েম খান।
- পূর্ব বাংলার প্রথম চিফ সেক্রেটারি ছিলেন – আজিজ আহমদ।

গণপরিষদ ও শাসনতন্ত্র

- পাকিস্তানের প্রথম গণপরিষদের প্রথম অধিবেশন বসে – করাচিতে (২৩ ফেব্রুয়ারি ১৯৪৮)।
- পাকিস্তান গণপরিষদে বাংলা ভাষা সংক্রান্ত সংশোধনী প্রস্তাব আনেন – ধীরেন্দ্রনাথ দত্ত।
- পাকিস্তান গণপরিষদ বাতিল করা হয় – ২৪ অক্টোবর ১৯৫৪।
- গণপরিষদ বাতিল করার সময় গণপরিষদের সভাপতি ছিলেন – তমিজউদ্দীন খান।
- মুসলিম লীগ ও যুক্তফ্রন্ট কেন্দ্রীয় সরকার গঠন করে– ১১ আগস্ট ১৯৫৫।
- সাংবিধানিকভাবে পূর্ব বাংলার নাম পূর্ব পাকিস্তান করা হয় – ১৯৫৬ সালের ২৩ মার্চ।
- ফজলুল হক পূর্ব পাকিস্তানের গভর্নর নিযুক্ত হন – ১৯৫৬ সালে।
- ১৯৫৬ সালের সংবিধানে বাংলা রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে – ২১৪ নং অনুচ্ছেদে।
- দ্বিতীয় গণপরিষদের উল্লেখযোগ্য কাজ – পাকিস্তানের শাসনতন্ত্র প্রণয়ন।
- পাকিস্তান জাতীয় পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় – ঢাকায়।
- পাকিস্তানের প্রথম শাসনতন্ত্রকে বাতিল করেন – ইস্কান্দার মির্জা (৭ অক্টোবর ১৯৫৮)।
- পাকিস্তানের দ্বিতীয় শাসনতন্ত্রের ঘোষণা দেন – প্রেসিডেন্ট আইয়ুব খান (মার্চ ১৯৬২)।
- পাকিস্তানের প্রথম রাজধানী ছিল – করাচি।
- গণপরিষদ বাতিল করেছিলেন – গোলাম মুহাম্মদ।
- পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন প্রণীত হয় – ১৯৫০ সালে।

ভাষা আন্দোলন

- তমদ্দুন মজলিস – একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান (প্রতিষ্ঠিত হয় ২ সেপ্টেম্বর ১৯৪৭)।
- তমদ্দুন মজলিস গঠনে নেতৃত্ব দেন – ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক আবুল কাশেম।
- ভাষা আন্দোলনের মুখপত্র – সাপ্তাহিক সৈনিক (১৯৪৮ সালের ১৪ নভেম্বর অধ্যাপক আবুল কাশেমের প্রচেষ্টায়)।
- তমদ্দুন মজলিসের উদ্যোগে ঢাকা কলেজে অনুষ্ঠিত 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' শীর্ষক সেমিনার আয়োজন করা হয় – ১৫ সেপ্টেম্বর ১৯৪৭ (ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র সভাপতিত্বে)।
- ভাষা আন্দোলনের প্রথম পুস্তিকা 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' – অধ্যাপক আবুল কাসেম, কাজী মোতাহের হোসেন এবং আবুল মনসুর আহমদ।
- উর্দুকে রাষ্ট্রভাষা করার প্রস্তাব প্রথম গৃহীত হয় – ১৯৪৭ এর ডিসেম্বরে করাচিতে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে।
- পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনে রাষ্ট্রভাষা বাংলার দাবি জানান – কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত (২৫ ফেব্রুয়ারি ১৯৪৮)।
- পূর্ব বাংলা সরকার বাংলা ভাষা সংস্কারের নামে 'পূর্ব বাংলা ভাষা কমিটি' গঠন করে – ৯ মার্চ ১৯৪৯, সভাপতি ছিলেন মাওলানা আকরাম খাঁ।
- 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা' ঘোষণা দেন – মোহাম্মদ আলী জিন্নাহ্‌ (২১ মার্চ ১৯৪৮ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে)।
- প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান 'উর্দু পাকিস্তানের জাতীয় ভাষা হবে' ঘোষণা করেন – ১৯৫০ সালে।
- পাকিস্তানের প্রধানমন্ত্রী নাজিমউদ্দীন 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা' ঘোষণা দেন – ২৬ জানুয়ারি ১৯৫২ (ঢাকায় এক জনসভায়)।
- ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল – বৃহস্পতিবার।
- ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সন – ৮ ফাল্গুন ১৩৫৮।
- তৎকালীন পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীর মাতৃভাষা ছিল – বাংলা (৫৬%), উর্দু ছিল ৩.২৭%।
- পাকিস্তান গণপরিষদ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় – ৯ মে ১৯৫৪।
- পাকিস্তান জাতীয় পরিষদ উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষার স্বীকৃতি দেয় – ১৬ ফেব্রুয়ারি ১৯৫৬।
- ভাষা আন্দোলনে সর্বকনিষ্ঠ শহিদ - কিশোর অহিউল্লাহ (বয়স ৮/৯ বছর)।
- প্রথম শহিদ মিনার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় – ২৩ ফেব্রুয়ারি ১৯৫২। উচ্চতা ১২ ফুট ও নকশাকার বদরুল আলম।
- প্রথম তৈরি 'শহিদ মিনার' উন্মোচন করেন – শহিদ শফিউরের পিতা মাহবুবুর রহমান।
- প্রথম শহিদ মিনার পুলিশ ভেঙে দেয় – ২৪ ফেব্রুয়ারি ১৯৫২।
- শহিদ মিনার নিয়ে 'স্মৃতিস্তম্ভ' কবিতাটির রচয়িতা – আলাউদ্দিন আল আজাদ।
- 'কবর' নাটকটি প্রথম মঞ্চস্থ হয় – ২১ ফেব্রুয়ারি ১৯৫৩ (ঢাকা কেন্দ্রীয় কারাগারে)।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বাংলায় বক্তৃতা দেন – অধ্যাপক আবুল কাশেম।

১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন

- যুক্তফ্রন্ট গঠিত হয় – ৪ ডিসেম্বর ১৯৫৩।
- ১৯৫৪ সালের নির্বাচন অনুষ্ঠিত হয় – ৮- ১২ মার্চ ১৯৫৪।
- যুক্তফ্রন্টের নির্বাচনি ইশতাহার – ঐতিহাসিক ২১ দফা।
- যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক ছিল – নৌকা।
- যুক্তফ্রন্টের নির্বাচনে প্রধান বিরোধী দল – মুসলিম লীগ।
- যুক্তফ্রন্ট নির্বাচনে রাজনৈতিক মৃত্যু ঘটে – মুসলিম লীগের।
- যুক্তফ্রন্ট সরকার গঠন হয় – শেরে বাংলার নেতৃত্বে।
- যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয় - ৩ এপ্রিল ১৯৫৪।
- পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল গোলাম মোহাম্মদ ফজলুল হক যুক্তফ্রন্ট মন্ত্রিসভা ভেঙে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রীয় শাসন জারি করেন - ৩০ মে ১৯৫৪।
- ১৯৫৪ সালে নির্বাচনে পরিলক্ষিত হয় – মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণির প্রভাব।
- যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী ছিলেন - শেরে বাংলা এ কে ফজলুল হক।
- বর্ধমান হাউজকে বাংলা একাডেমি করার প্রস্তাব অনুমোদন করে – যুক্তফ্রন্ট মন্ত্রিসভা।
- যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় কৃষি, বন, সমবায় ও পল্লি উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন - শেখ মুজিবুর রহমান।

১৯৫৬ সালের সংবিধান

- গণপরিষদে 'পাকিস্তান শাসনতন্ত্র বিল' উত্থাপিত হয় – ৮ জানুয়ারি ১৯৫৬ (তৎকালীন আইনমন্ত্রী আই আই চন্দ্রীগড় কর্তৃক)।
- পাকিস্তান শাসনতন্ত্র বিলটি গণপরিষদে পাশ হয় – ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬।
- পাকিস্তানের প্রথম এ শাসনতন্ত্রটির নাম – ইসলামি প্রজাতন্ত্র সংবিধান।
- ইসলামি প্রজাতন্ত্র সংবিধান কার্যকর হয় – ২৩ মার্চ ১৯৫৬।
- ইসলামি প্রজাতন্ত্র সংবিধান বাতিল হয় – ৭ অক্টোবর ১৯৫৮।
- পূর্ব বাংলার নাম পূর্ব পাকিস্তান হয় - ১৯৫৬ সালে।
- পাকিস্তান 'ইসলামি প্রজাতন্ত্র' নাম ধারণ করে - ১৯৫৬ সালে।

ছয় দফা আন্দোলন (১৯৬৬)

- ছয় দফা রচিত – ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে।
- ছয় দফার নায়ক – বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- আনুষ্ঠানিকভাবে ছয় দফা উত্থাপিত হয় - ২৩ মার্চ ১৯৬৬।
- ছয় দফা দাবিকে শেখ মুজিবুর রহমান অভিহিত করেছেন - 'আমাদের বাঁচার দাবি' বলে।
- বাঙালির মুক্তির সনদ/ 'ম্যাগনাকার্টা' – ৬ দফা।
- ছয় দফা দিবস পালিত হয় – ৭ জুন।
- ছয় দফা অন্দোলনে প্রথম শহিদ হন - শ্রমিক নেতা মনু মিয়া।
- লাহোরে অনুষ্ঠিত 'সর্বদলীয় জাতীয় সংহতি সম্মেলনে' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা পেশ করেন – ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি।
- ঐতিহাসিক ছয় দফায় প্রতিফলিত হয় – জনগণের আশা-আকাঙ্ক্ষা।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আগরতলা ষড়যন্ত্র মামলা (১৯৬৮)

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় – ৩ জানুয়ারি ১৯৬৮।
- আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি ছিলেন – বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি ছিল – বঙ্গবন্ধুসহ ৩৫ জন।
- অভিযোগ আনা হয় - পাকিস্তান দণ্ডবিধি-১২১-ক ও ১৩১ ধারায়।
- মামলার শুনানি শুরু হয় – ১৯ জুন ১৯৬৮, কুর্মিটোলা ক্যানটনমেন্টে।
- সাক্ষীর সংখ্যা ছিল – সরকারের পক্ষে ১১ জন, রাজসাক্ষীসহ ২২৭ জন।
- আগরতলা ষড়যন্ত্র মামলা বিচারের জন্য গঠিত বিশেষ আদালতের নেতৃত্ব দেন – পাকিস্তানের সাবেক প্রধান বিচারপতি এস এ রহমান। অপর দুজন বিচারপতি হলেন মজিবুর রহমান খান ও মকসুদুল হাকিম (বাঙালি)।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আইনজীবী ছিলেন – ব্রিটেনের এমপি স্যার টমাস উইলিয়াম।
- আগরতলা ষড়যন্ত্র মামলার (১৭নং ও অন্যতম) আসামি সার্জেন্ট জহুরুল হককে হত্যা করা হয় – ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯।
- আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় – ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান জহুরুল হক হলের পূর্বনাম ছিল – ইকবাল হল।

'৬৯-এর গণঅভ্যুত্থান

- গণঅভ্যুত্থান দিবস – ২৪ জানুয়ারি।
- ১৯৬৯ সালের ২০ জানুয়ারি পুলিশের গুলিতে নিহত হন – ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র আসাদ।
- বর্তমান আসাদ গেটের পূর্ব নাম – আইয়ুব গেট।
- ১৯৬৯ সালের ২৪ জানুয়ারি পুলিশের গুলিতে নিহত হন – ঢাকার বকশিবাজারের নবকুমার ইনস্টিটিউটের ছাত্র মতিউর রহমান।
- ১৯৬৯ সালের গণআন্দোলনের সময় পশ্চিম পাকিস্তানের নেতৃত্ব দেন – জুলফিকার আলী ভুট্টো।
- সর্বদলীয় 'ছাত্রসংগ্রাম পরিষদ' গঠন – ৪ জানুয়ারি ১৯৬৯।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ড. শামসুজ্জোহাকে হত্যা করা হয় – ১৮ ফেব্রুয়ারি ১৯৬৯ (স্বাধীনতাপূর্ব প্রথম শহিদ বুদ্ধিজীবী)।
- ৬৯ এর গণঅভ্যুত্থান হয় – ৬ দফা, ৮ দফা ও ১১ দফার ভিত্তিতে।
- শেখ মুজিবসহ জেলে আটক রাজবন্দিরা মুক্তি লাভ করেন - ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।
- ফিল্ড মার্শাল আইয়ুব খান পদত্যাগ করেন – ২৫ মার্চ ১৯৬৯।
- আগা মোহাম্মদ ইয়াহিয়া খান ক্ষমতায় আসেন – ২৫ মার্চ ১৯৬৯।
- পাকিস্তানে দ্বিতীয়বার সামরিক শাসন জারি হয় – ২৫ মার্চ ১৯৬৯ (আগা মোহাম্মদ ইয়াহিয়া খান কর্তৃক)।
- শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানকে 'বাংলাদেশ' নামকরণ করেন – ৫ ডিসেম্বর ১৯৬৯।

'৭০-এর সাধারণ নির্বাচন

- ১৯৭০ সালের নির্বাচন অনুষ্ঠিত হয় - সতেরো দফা কর্মসূচির ভিত্তিতে (৬ দফা + ১১ দফা)।
- ১৯৭০ সালে পাকিস্তানের জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় – ৭ ডিসেম্বর।
- পাকিস্তান জাতীয় পরিষদের মোট আসন ছিল – ৩১৩টি (এর মধ্যে সংরক্ষিত ছিল ১৩টি)।
- পূর্ব পাকিস্তানে জাতীয় পরিষদের আসন ছিল – ১৬৯টি (এর মধ্যে সংরক্ষিত ৭টি)।
- পশ্চিম পাকিস্তানে জাতীয় পরিষদের আসন ছিল - ১৪৪টি (এর মধ্যে ৬টি সংরক্ষিত)।
- জাতীয় পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ লাভ করে - ১৬৭টি আসন।
- পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় – ১৭ ডিসেম্বর ১৯৭০।
- পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে আসন সংখ্যা ছিল – ৩১০টি (সংরক্ষিত আসন ১০টি)।
- পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচনে আওয়ামী লীগ লাভ করে - ২৯৮টি আসন (সংরক্ষিত ১০টি আসনসহ)
- যে দুটি আসনে আওয়ামী লীগ জয়লাভ করতে পারেনি – পার্বত্য রাঙামাটির চাকমা রাজা ত্রিদিব রায় জয় এবং ময়মনসিংহের নুরুল ইসলাম।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়-
Ⓐ ১৯৫৪ সালে Ⓑ ১৯৫৬ সালে
Ⓒ ১৯৫৭ সালে Ⓓ ১৯৬১ সালে **Ans C**

02. কোন সালে বাংলা ভাষাকে পাকিস্তানের একটি রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?
Ⓐ ১৯৫২ Ⓑ ১৯৫৩ Ⓒ ১৯৫৬ Ⓓ ১৯৬১ **Ans C**

03. ছয়-দফা কর্মসূচি ঘোষণা করেন–
Ⓐ মওলানা ভাসানী Ⓑ কমরেড মুজাফ্ফর আহমদ
Ⓒ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Ⓓ হোসেন শহীদ সোহরাওয়ার্দি **Ans C**

04. ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের নির্বাচনের পর পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী হয়েছিলেন-
Ⓐ এইচ এস সোহারাওয়ার্দী Ⓑ মওলানা ভাসানী
Ⓒ নুরুল আমিন Ⓓ এ কে ফজলুল হক **Ans D**

05. ছয় দফা ঘোষণা করা হয়-
Ⓐ কাগমারীতে Ⓑ লাহোরে Ⓒ মেহেরপুরে Ⓓ ঢাকায় **Ans B**

06. বাংলা ভাষাকে দেশের দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়েছে-
Ⓐ সাইবেরিয়া Ⓑ নামিবিয়া Ⓒ হাইতি Ⓓ সিয়েরা লিয়ন **Ans D**

07. ছয় দফা দাবি উত্থাপন করা হয়-
Ⓐ ঢাকায় Ⓑ লাহোরে Ⓒ করাচীতে Ⓓ চট্টগ্রাম **Ans B**

08. প্রাক্তন পাকিস্তানকে বিদায় জানাতে "আসসালামুআলাইকুম" জানিয়েছিলেন কে?
Ⓐ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
Ⓑ হোসেন শহীদ সোহারাওয়ার্দী
Ⓒ শেখ মুজিবুর রহমান
Ⓓ শের-এ বাংলা এ.কে. ফজলুল হক **Ans A**

09. কোন রাষ্ট্রটি 'বাংলা'কে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?
Ⓐ রুয়ান্ডা Ⓑ ইরিত্রিয়া Ⓒ সিয়েরা লিয়ন Ⓓ লাইবেরিয়া **Ans C**

10. "আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো..." গানটির সুরকার-
Ⓐ আবদুল লতিফ Ⓑ আবদুল আহাদ
Ⓒ আলতাফ মাহমুদ Ⓓ আবদুল গাফফার চৌধুরী **Ans C**

বাংলাদেশ ৯

বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা অর্জন

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

স্বাধীনতার ঘোষণা

- চট্টগ্রামের কালুরঘাট বেতারকেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা প্রচার করেন - ২৬ মার্চ ১৯৭১, (আওয়ামী লীগ নেতা এম.এ হান্নান)।
- আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা প্রচার করেন - মেজর জিয়াউর রহমান (বঙ্গবন্ধুর পক্ষে ২৭ মার্চ ১৯৭১ কালুরঘাট বেতারকেন্দ্র থেকে)।
- ২৬ মার্চকে 'জাতীয় দিবস বা স্বাধীনতা দিবস' ঘোষণা করা হয় - ১৯৮০ সালে।
- বঙ্গবন্ধুকে গ্রেফতার করে ঐ রাতে রাখা হয় - আদমজি ক্যান্টনমেন্ট স্কুলে।

স্বাধীন বাংলা বেতারকেন্দ্র

- 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতারকেন্দ্র' স্থাপন করা হয় - ২৬ মার্চ ১৯৭১।
- 'স্বাধীন বাংলা বেতারকেন্দ্র' বন্ধ হয়ে যায় - ৩০ মার্চ ১৯৭১।
- পরবর্তীতে ২৫ মে ১৯৭১ স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের সম্প্রচার শুরু হয় - কলকাতার বালিগঞ্জ থেকে।
- কলকাতায় স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের পরিচালক ছিলেন - শামসুল হুদা চৌধুরী।
- স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের প্রচারিত প্রধান দুটি অনুষ্ঠান ছিল - 'চরমপত্র' এবং 'জল্লাদের দরবার'। এই দুটির পাঠক ছিলেন এম আর আখতার মুকুল।
- 'স্বাধীন বাংলা বেতারকেন্দ্র' আহ্বায়ক কমিটির সভাপতি ছিলেন - কামাল লোহানী

CamScanner

মুজিবনগর সরকার

- মুজিবনগরে স্বাধীনতা ঘোষণা করা হয়েছিল - ১০ এপ্রিল ১৯৭১, বাংলাদেশের প্রথম স্বাধীন সরকার গঠনের মাধ্যমে। এই দিন বাংলাদেশ গণপ্রজাতন্ত্র ঘোষিত হয়।
- মুজিবনগর সরকার শপথ নেয় - ১৭ এপ্রিল ১৯৭১।
- বাংলাদেশের অস্থায়ী সরকারের রাজধানী এবং এর পুরাতন নাম ছিল - মেহেরপুরের মুজিবনগর। এর পুরাতন নাম ছিল ভবেরপাড়া বৈদ্যনাথতলা। বৈদ্যনাথতলার নাম মুজিবনগর রাখেন তাজউদ্দীন আহমদ।
- মুজিবনগর পূর্বে ছিল - কুষ্টিয়ার অধীনে।
- অস্থায়ী সরকারের সদস্য সংখ্যা ছিল - ৬ জন।
- মুজিবনগর অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান - অধ্যাপক ইউসুফ আলী।
- শপথ অনুষ্ঠান পরিচালনা করেন - জনাব আব্দুল মান্নান, এমএনএ।
- মুজিবনগর অস্থায়ী সরকারের রাষ্ট্রপ্রধান ছিলেন - শেখ মুজিবুর রহমান।
- মুজিবনগর অস্থায়ী সরকারের শপথ অনুষ্ঠানে গার্ড অব অনারে নেতৃত্ব দেন - ঝিনাইদহের তৎকালীন সাব ডিভিশন পুলিশ অফিসার মাহবুব উদ্দিন বীর বিক্রম।
- মুক্তিযুদ্ধের সময় অস্থায়ী সরকারের সচিবালয় ছিল - ৮ নং থিয়েটার রোড, কলকাতা।
- মুজিবনগর সরকারের মন্ত্রণালয়/বিভাগ ছিল - ১২টি।
- মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের সভাপতি - মওলানা ভাসানী।
- মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদ গঠিত হয় - ৮ সেপ্টেম্বর ১৯৭১।
- মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা ছিল - ৮জন।
- জেনারেল ওসমানী সেনাপ্রধান হিসেবে নিযুক্ত হন - ১৭ এপ্রিল ১৯৭১।

মুক্তিযুদ্ধে রণাঙ্গনের সেক্টর

- মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ভাগ করা হয়েছিল - ১১টি সেক্টরে (এছাড়াও সাবসেক্টর ছিল ৬৪টি)।
- নৌ-বাহিনীর অধীনে ছিল - ১০নং সেক্টর।
- নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না - ১০ নং সেক্টরে (মুক্তিযুদ্ধের ব্যতিক্রমধর্মী সেক্টর বলা হয়)।
- মুক্তিযুদ্ধের সময় ১নং সেক্টরের অধীনে ছিল - চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রাম।
- মুক্তিযুদ্ধের সময় ঢাকা ছিল - ২নং সেক্টরের অধীন।
- মুক্তিযুদ্ধের সময় সুন্দরবন ছিল - ৯নং সেক্টরে।
- মুক্তিযুদ্ধের ব্রাদার্স প্রাটুন বলা হয় - ১১নং সেক্টরকে।

বুদ্ধিজীবী হত্যাকাণ্ড

- বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের প্রধান পরিকল্পনাকারী ছিলেন - মেজর জেনারেল রাও ফরমান আলী।
- বুদ্ধিজীবীদের তালিকা প্রস্তুতে সহযোগিতা এবং হত্যাকাণ্ড বাস্তবায়নের পেছনে ছিল - জামায়াতে ইসলামি কর্তৃক গঠিত কুখ্যাত আল বদর বাহিনী।
- বুদ্ধিজীবীদের হত্যা করা হয় - রায়েরবাজার বধ্যভূমিতে।
- একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি - ১৯৯২ সালের ১৯ জানুয়ারি ঘাতক দালাল নির্মূল কমিটি গঠিত হয়। এই কমিটির আহ্বায়ক ছিলেন জাহানারা ইমাম। কমিটির উদ্দেশ্য '৭১-এর যুদ্ধাপরাধীদের বিচার করা।

পাকিস্তান বাহিনীর আত্মসমর্পণ ও চূড়ান্ত বিজয়

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- পাকিস্তানের আত্মসমর্পণ দলিলে যৌথবাহিনী ও পাকিস্তানের পক্ষে স্বাক্ষর করেন- যৌথবাহিনীর পক্ষে জেনারেল জগজিৎ সিং অরোরা এবং পাকিস্তানের পক্ষে আমীর আবদুল্লাহ খান নিয়াজী (এ.কে নিয়াজী)।

পাকিস্তানের আত্মসমর্পণের সময়- বিকাল ৪টা ৩১ মিনিট (রেসকোর্স ময়দানে)।

আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন - এয়ার কমোডর আব্দুল করিম (এ.কে) খন্দকার।

পাকিস্তানের আত্মসমর্পণ দলিল তৈরি করেন - লে. জেনারেল রাফায়েল জ্যাকব (পূর্বাঞ্চলীয় কমান্ডের চিফ অব স্টাফ)।

- যৌথবাহিনীর কাছে আত্মসমর্পণ করে - ৯৩ হাজার পাকিস্তানি সৈন্য।
- নিহত মুক্তিযোদ্ধাদের সম্মানে 'জাতীয় শোক দিবস' পালিত হয় - ১৬ জানুয়ারি ১৯৭২।
- 'অপারেশন ক্লোজডোর' - ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পর সকল প্রকার অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য পরিচালিত বিশেষ অভিযান।

মুক্তিযুদ্ধে বিদেশিদের অবদান

- মুক্তিযুদ্ধের সময় যে দুটি দেশ বিরোধিতা করেছিল – চীন ও যুক্তরাষ্ট্র।
- মুক্তিযুদ্ধের সময় যে দুটি দেশ বাংলাদেশকে সাহায্য করেছিল – ভারত ও সাবেক সোভিয়েত ইউনিয়ন।
- মুক্তিযুদ্ধের বিপক্ষে যুক্তরাষ্ট্র যে নৌবহর প্রেরণ করেছিল – সপ্তম নৌবহর।
- সপ্তম নৌবহর বঙ্গোপসাগরের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিল – ভিয়েতনামের টংকিং উপসাগর থেকে।

মুক্তিযুদ্ধে অবদানের খেতাব

- সাতজন বীরশ্রেষ্ঠের নামে সাতটি পুকুর খনন করা হয়েছে - সুন্দরবনে।
- সাহিত্যিক হিসেবে মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' খেতাব লাভ করেন - আব্দুস সাত্তার।
- মুক্তিযুদ্ধে প্রথম বীরউত্তম খেতাবপ্রাপ্ত ব্যক্তি - লে. কর্নেল আবদুর রব (চিফ অব স্টাফ)।
- মুক্তিযুদ্ধে প্রথম বীরবিক্রম খেতাবপ্রাপ্ত ব্যক্তি - মেজর খন্দকার নাজমুল হুদা।
- মুক্তিযুদ্ধে প্রথম বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত ব্যক্তি - মোহাম্মদ আবদুল মতিন।
- বাংলাদেশের সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার নাম - শহীদুল ইসলাম লালু। মাত্র ১২ বছর বয়সে তিনি 'বীরপ্রতীক' উপাধিতে ভূষিত হন।
- মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক - ডব্লিউ এস ওডারল্যান্ড।
- মুক্তিযুদ্ধে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী থেকে একমাত্র খেতাবপ্রাপ্ত (বীরবিক্রম) মুক্তিযোদ্ধা - ইউ কে চিং মারমা (৬নং সেক্টর)।
- বর্তমানে বীরউত্তম খেতাবপ্রাপ্ত মোট সদস্য - ৬৭ জন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে রক্ষা করতে গিয়ে জীবন উৎসর্গ করা তার সামরিক সচিব ব্রিগেডিয়ার জেনারেল জামিল উদ্দিনকে ২০১০ সালে মরণোত্তর 'বীর উত্তম' খেতাব দেওয়া হয়। তবে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় এখনো গেজেট প্রকাশ করে নি।
- ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে ছিলেন - সেনাবাহিনীর ৩ জন, ইপিআর-এর ২ জন, নৌবাহিনীর ১ জন এবং বিমানবাহিনীর ১ জন।
- বর্তমানে বীরঙ্গনা খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধার সংখ্যা - ৪৪৮ জন।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যা মামলায় দণ্ডিত ৪ খুনির মুক্তিযুদ্ধে পাওয়া রাষ্ট্রীয় খেতাব হাইকোর্ট স্থগিতের নির্দেশ প্রদান করে - ১৫ ডিসেম্বর ২০২০।
- মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় দণ্ডিত ৪ খুনির খেতাব বাতিল করে গেজেট প্রকাশ করে - ৬ জুন ২০২১।

একনজরে খেতাবপ্রাপ্ত ব্যক্তিদের বর্তমান পদমান ও সংখ্যা

পদমান	খেতাবের নাম	বর্তমান সংখ্যা	পূর্বের সংখ্যা
প্রথম	বীরশ্রেষ্ঠ	০৭ জন	০৭ জন
দ্বিতীয়	বীরউত্তম	৬৭ জন	৬৮ জন
তৃতীয়	বীরবিক্রম	১৭৪ জন	১৭৫ জন
চতুর্থ	বীরপ্রতীক	৪২৪ জন	৪২৬ জন
সর্বমোট		৬৭২ জন	৬৭৬ জন

মুক্তিযুদ্ধ পরবর্তী রাজনৈতিক অবস্থা (বঙ্গবন্ধু হত্যা ও সামরিক শাসন)

- স্বাধীনতার পর বঙ্গবন্ধু প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন - ১২ জানুয়ারি ১৯৭২।
- বঙ্গবন্ধু শেখ মুজিবের আদেশে বাংলাদেশের প্রথম সংবিধান কার্যকর হয় - ১৬ ডিসেম্বর ১৯৭২।
- শেখ মুজিবের নেতৃত্বে 'বাংলাদেশ কৃষক-শ্রমিক আওয়ামী লীগ (বাকশাল)' গঠিত হয় - ২৪ জানুয়ারি ১৯৭৫।
- একদলীয় শাসনব্যবস্থার প্রবর্তন ঘটে - বাকশালের মাধ্যমে।
- সংসদে দাঁড়িয়ে শেখ মুজিব দ্বিতীয় বিপ্লবের ডাক দেন - ২৫ জানুয়ারি ১৯৭৫।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয় - ১৫ আগস্ট ১৯৭৫।

বঙ্গবন্ধুর হত্যার পর দেশের শাসনভার গ্রহণ করেন - খন্দকার মোশতাক আহমেদ।

খালেদ মোশাররফ সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করেন - ৩ নভেম্বর ১৯৭৫।

জাতীয় চার নেতাদের (তাজউদ্দীন আহমদ, সৈয়দ নজরুল ইসলাম, এম মনসুর আলী ও এএইচএম কামারুজ্জামান) জেলহাজতে হত্যা করা হয় - ৩ নভেম্বর ১৯৭৫।

কর্নেল তাহেরের নেতৃত্বে পাল্টা সামরিক অভ্যুত্থান ঘটে - ৭ নভেম্বর ১৯৭৫।

কর্নেল তাহেরের সামরিক অভ্যুত্থানের পর দেশের সামরিক শাসক হন - মেজর জিয়াউর রহমান।

কর্নেল তাহেরকে সামরিক আদালতে মৃত্যুদণ্ড প্রদান করা হয় - ২১ জুলাই ১৯৭৬।

মেজর জিয়াউর রহমান বাংলাদেশের প্রথম নির্বাচিত প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন - ৩ জুন ১৯৭৮।

মেজর জিয়াউর রহমানের নেতৃত্বে 'বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)' প্রতিষ্ঠিত হয় - ১ সেপ্টেম্বর ১৯৭৮।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান সেনা অভ্যুত্থানের মাধ্যমে চট্টগ্রাম সার্কিট হাউজে নিহত হন - ৩০ মে ১৯৮১।

১৯৯০-এর গণঅভ্যুত্থান এবং গণতন্ত্রের মুক্তি

এরশাদ সরকারের পদত্যাগ এবং নির্দলীয় ও নিরপেক্ষ সরকারের অধীনে সংসদ নির্বাচনের দাবিতে ঢাকা অবরোধ কর্মসূচি পালিত হয়- ১০ নভেম্বর ১৯৮৭।

'গণতন্ত্র মুক্তিপাক, স্বৈরাচার নিপাত যাক' স্লোগান লিখে পুলিশের গুলিতে নিহত হন- নূর হোসেন।

এরশাদ বিরোধী আন্দোলনের নেতা ড. শামসুল আলম মিলন নিহত হন- ২৭ নভেম্বর ১৯৯০।

স্বৈরাচার এরশাদ সরকারের পতন ঘটে- ৬ ডিসেম্বর ১৯৯০।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

. মুক্তিযুদ্ধের উপর রচিত কবিতা 'সেপ্টেম্বর অন যশোর রোড'-এর রচয়িতা কে?
Ⓐ খলিল জিবরান Ⓑ রবার্ট ফ্রস্ট
Ⓒ ওয়াল্ট হোয়াইটম্যান Ⓓ অ্যালেন গিন্সবার্গ Ans Ⓓ

. 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি মুক্তিযোদ্ধা–
Ⓐ ডব্লিউ এ.এস ওডারল্যান্ড Ⓑ মার্ক টালি
Ⓒ আঁদ্রে মারলো Ⓓ এডওয়ার্ড কেনেডি Ans Ⓐ

. যে আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছিল-
Ⓐ সৌদি আবর Ⓑ সিরিয়া Ⓒ জর্ডান Ⓓ ইরাক Ans Ⓓ

. কোনটি স্ক্যান্ডিনেভিয়ান রাষ্ট্র নয়?
Ⓐ নরওয়ে Ⓑ সুইডেন Ⓒ ডেনমার্ক Ⓓ পোল্যান্ড Ans Ⓓ

. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কতজন নারীকে 'বীর প্রতীক' উপাধিতে ভূষিত করা হয়?
Ⓐ দুই জন Ⓑ তিন জন Ⓒ চার জন Ⓓ পাঁচ জন Ans Ⓐ

. মুক্তিযুদ্ধের সময় রাজশাহী কোন সেক্টরের অধীন ছিল?
Ⓐ সেক্টর-৩ Ⓑ সেক্টর-৫ Ⓒ সেক্টর-৭ Ⓓ সেক্টর-৯ Ans Ⓒ

. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী ছিলেন–
Ⓐ অধ্যাপক ইউসুফ আলী Ⓑ কামারুজ্জামান
Ⓒ তাজউদ্দীন আহমদ Ⓓ ক্যাপ্টেন মনসুর আলী Ans Ⓓ

. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ-
Ⓐ ভূটান Ⓑ সৌদি আরব
Ⓒ ভারত Ⓓ সংযুক্ত আরব আমিরাত Ans Ⓐ

. বাংলাদেশের মুক্তিযুদ্ধে নৌ-কমান্ডো সেক্টর-
Ⓐ সেক্টর ১ Ⓑ সেক্টর ২ Ⓒ সেক্টর ১০ Ⓓ সেক্টর ১১ Ans Ⓒ

. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক-
Ⓐ সাইমন ড্রিং Ⓑ উইলিয়াম ডালরিম্পল
Ⓒ ডব্লিউ এ এস ওডারল্যান্ড Ⓓ আর্চার ব-াড Ans Ⓒ

বাংলাদেশ ১০ বাংলাদেশের জাতীয় বিষয়াবলি

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন দিবস - ২ মার্চ।
- বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত - ১০ ঃ ৬ / ৫ ঃ ৩ (৪ ভাগ গাঢ় সবুজ ও এর মাঝে ১ ভাগ লাল বৃত্ত)।
- জাতীয় পতাকার সবুজ আয়তক্ষেত্র - বাংলাদেশের সবুজ প্রকৃতির প্রতীক।
- জাতীয় পতাকার লালবৃত্ত - মুক্তিযুদ্ধে শহিদদের রক্তের প্রতীক।
- জাতীয় পতাকার কথা বর্ণিত রয়েছে - বাংলাদেশের সংবিধানের ৪নং অনুচ্ছেদে।
- বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করা হয় - ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় এক ছাত্রসভায়, ২ মার্চ ১৯৭১। আ স ম আব্দুর রব কর্তৃক।
- বাংলাদেশের পতাকা জাতীয় সংগীত গাওয়ার সাথে সাথে প্রথম উত্তোলন করা হয় - ৩ মার্চ ১৯৭১ পল্টন ময়দানে বঙ্গবন্ধুর উপস্থিতিতে শাহজাহান সিরাজ কর্তৃক।
- জাতীয় পতাকা সর্বপ্রথম আনুষ্ঠানিকভাবে উত্তোলিত হয় - ২৩ মার্চ ১৯৭১।
- বাংলাদেশের বাইরে সর্বপ্রথম জাতীয় পতাকা উত্তোলন করে - ১৮ এপ্রিল ১৯৭১; কলকাতাস্থ ডেপুটি হাইকমিশনের প্রধান জনাব এম. হোসেন আলী।
- মানচিত্রখচিত বাংলাদেশের প্রথম পতাকার ডিজাইনার - শিব নারায়ণ দাস।
- শিব নারায়ণ দাস মানচিত্রখচিত পতাকার নকশা করেন - ৬ জুন ১৯৭০ (জহুরুল হক হলের ১১৮ নং কক্ষে)।
- জাতীয় পতাকা থেকে মানচিত্র বাদ দেওয়া সংক্রান্ত অধ্যাদেশ জারি হয় - ৪ জানুয়ারি ১৯৭২।
- বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় - ১৭ জানুয়ারি ১৯৭২।
- বাংলাদেশের জাতীয় পতাকার মিল রয়েছে - জাপান ও পালাউ-এর জাতীয় পতাকার সাথে।
- সংবিধানে জাতীয় প্রতীক সম্পর্কে বর্ণনা হয়েছে - ৪ (৩) নং অনুচ্ছেদে।
- জাতীয় প্রতীক মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদন লাভ করে - ২৮ ফেব্রুয়ারি ১৯৭২।
- জাতীয় সংগীত সর্বপ্রথম প্রকাশিত হয় - বঙ্গদর্শন পত্রিকায় (১৩১২ বাংলা ও ইংরেজি ১৯০৫ সালে প্রকাশিত হয়)।
- 'আমার সোনার বাংলা' রবীন্দ্রনাথ ঠাকুরের - স্বরবিতান-৪৬ এর গীতবিতান কাব্যের অন্তর্ভুক্ত।
- বাংলাদেশের জাতীয় সংগীতের সুরকার ও গীতিকার - রবীন্দ্রনাথ ঠাকুর।
- আমার সোনার বাংলা রচিত হয় - বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে পূর্ব ও পশ্চিম উভয় বঙ্গকে একত্র করার উদ্দেশ্যে। ১৯০৫ সালে এটি রচিত হয়।
- গানটিতে বিশেষভাবে প্রাধান্য পায় - বাংলার প্রকৃতির কথা।
- জাতীয় সংগীতের কথা সংবিধানে বর্ণিত আছে - ৪(১) নং অনুচ্ছেদে।
- 'আমার সোনার বাংলা' কবিতার চরণ - ২৫টি (জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়েছে ১০ লাইন)।
- প্রথম ১০ লাইন - কণ্ঠ সংগীত।
- প্রথম ৪ লাইন - যন্ত্র সংগীত (রাষ্ট্রীয় অনুষ্ঠানে প্রথম চার চরণ বাজানো হয়)।
- 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটি বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে ঘোষণা করা হয় - ৩ মার্চ ১৯৭১ বাংলাদেশের স্বাধীনতার ইশতাহারে পল্টন ময়দানে।
- 'আমার সোনার বাংলা' গানটি জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয় - ১৩ জানুয়ারি ১৯৭২।
- আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত গাওয়া হয় - ৭ মার্চ ১৯৭১।
- বাংলাদেশের রণসংগীত "চল্ চল্ চল্" - কাজী নজরুল ইসলামের 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্গত।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- বাংলাদেশ রণসংগীতের গীতিকার ও সুরকার - জাতীয় ও বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম।
- বাংলাদেশের রণসংগীতটি প্রথম প্রকাশিত হয় - শিখা পত্রিকায় (ইংরেজি ১৯২৮ খ্রি. বাংলা ১৩৩৫)।
- যেকোনো অনুষ্ঠানে রণসংগীত বাজানো হয় - ২১ লাইন।
- প্রথম প্রকাশের সময় বাংলাদেশ রণসংগীতের নাম ছিল - নতুনের গান।
- বাংলাদেশ ক্রীড়া সংগীতের রচয়িতা - সেলিমা রহমান।
- বাংলাদেশ ক্রীড়া সংগীতের সুরকার - খন্দকার নূরুল আলম।
- বাংলাদেশ ক্রীড়া সংগীত - ১০ লাইন বিশিষ্ট।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. জয় বাংলা জাতীয় স্লোগান হিসেবে ঘোষিত হয়?
Ⓐ ২ মার্চ ২০২২ Ⓑ ১ মার্চ ২০২২
Ⓒ ৭ মার্চ ২০২২ Ⓓ ২৬ মার্চ ২০২২ Ans Ⓐ

02. স্বাধীনতার পর প্রকাশিত প্রথম স্মারক ডাকটিকেটে কিসের ছবি ছিল?
Ⓐ কেন্দ্রীয় শহীদ মিনার Ⓑ দোয়েল পাখি
Ⓒ শাপলা ফুল Ⓓ ষাট গম্বুজ মসজিদ Ans Ⓐ

03. বাংলাদেশের জাতীয় প্রতীকে নিচের যেগুলো রয়েছে–
Ⓐ ধান, পান, শাপলা Ⓑ ধান, পাট, শাপলা
Ⓒ ধান, পান, পাট Ⓓ পাট, পান, শাপলা Ans Ⓑ

04. নিচের কোনটি বাংলাদেশের 'জাতীয় জরুরি সেবা' প্রদান করে থাকে?
Ⓐ ৯১১ Ⓑ ২২২ Ⓒ ৯৯৯ Ⓓ ১১১ Ans Ⓒ

05. সাভারে জাতীয় স্মৃতি সৌধের স্থপতি কে?
Ⓐ সৈয়দ মাইনুল হোসেন Ⓑ এফ আর খান
Ⓒ নিতুন কুণ্ডু Ⓓ হামিদুর রহমান Ans Ⓐ

06. বাংলাদেশে 'কৃষি দিবস' পালিত হয় যে তারিখে-
Ⓐ ১লা আষাঢ় Ⓑ ১লা বৈশাখ
Ⓒ ১লা অগ্রহায়ণ Ⓓ ১লা পৌষ Ans Ⓒ

07. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক কে?
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ সৈয়দ আলী আহসান
Ⓒ কবীর চৌধুরী Ⓓ হাসান হাফিজুর রহমান Ans Ⓑ

বাংলাদেশ ১১ বাংলাদেশের জনসংখ্যা, শিক্ষা, স্বাস্থ্যব্যবস্থা ও নৃ-গোষ্ঠী

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের অবস্থান বিশ্বে - অষ্টম।
- জনসংখ্যায় এশিয়ায় বাংলাদেশের অবস্থান - পঞ্চম।
- জনসংখ্যায় মুসলিম বিশ্বে বাংলাদেশের অবস্থান - চতুর্থ।
- জনসংখ্যায় বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় - তৃতীয়।
- জনসংখ্যায় সার্কভুক্ত দেশে বাংলাদেশের অবস্থান - তৃতীয়।
- উপমহাদেশের প্রথম আদমশুমারি হয় - ১৮৭২ সালে।
- বাংলাদেশে এযাবৎ আদমশুমারি হয় - ৬টি। যথা- ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১ এবং ২০২২ সালে।
- বাংলাদেশে ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা হয় - ২০২২ সালে (প্রতি দশ বছর পরপর জনশুমারি অনুষ্ঠিত হয়)।
- বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় - ১৯৭৪ সালে।
- বাংলায় প্রথম দশ বছরভিত্তিক আদমশুমারি অনুষ্ঠিত হয় - ১৮৭২ সালে।
- মেটাসিটি - ২ কোটি বা ২০ মিলিয়নের অধিক জনসংখ্যা অধ্যুষিত মেট্রোপলিটন এলাকা।
- মেগাসিটি - যেখানকার মোট জনসংখ্যা এক কোটি বা তার ওপরে।
- ঢাকা বর্তমান বিশ্বের - নবম মেগাসিটি।
- জনসংখ্যার আধিক্য রোধকল্পে বাংলাদেশে জাতীয় জনসংখ্যা নীতি প্রণীত হয় - ১৯৭৬ সালে।
- বাংলাদেশে কিশোর অপরাধের বয়সসীমা - ৭ থেকে ১৬ বছর।
- বাংলাদেশের নাগরিকদের ভোটার হওয়ার জন্য সর্বনিম্ন বয়স - ১৮ বছর।
- ম্যালথাসের মতে জনসংখ্যা বাড়ে - জ্যামিতিক হারে, যেমন- ১,২,৪,৮,১৬।
- জনসংখ্যাবিষয়ক গবেষণা প্রতিষ্ঠান National Institute of Population Research and Training (NIPORT)-এর অবস্থান - আজিমপুর, ঢাকা (১৯৭৭)।
- বাংলাদেশে সবচেয়ে কম দারিদ্র্য সীমার নিচে বাস করে - নারায়ণগঞ্জ জেলার লোক।
- বাংলাদেশে সবচেয়ে বেশি দারিদ্র্য সীমার নিচে বাস করে - কুড়িগ্রাম জেলার লোক।
- পার্বত্য চট্টগ্রামের আদিবাসীদের প্রধান উৎসব - বৈসাবি।
- পাঙন উপজাতিদের ধর্ম - ইসলাম।
- রাখাইনরা সবচেয়ে বেশি বাস করে - পটুয়াখালীতে।
- বাংলাদেশে প্রতিষ্ঠিত প্রথম উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র - উপজাতীয় সাংস্কৃতিক একাডেমি; বিরিশিরি।
- বিরিশিরি- ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয় নেত্রকোণা জেলায়। এটি সোমেশ্বরী নদীর তীরে অবস্থিত।
- পার্বত্য চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলায় বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা - ১১টি মতান্তরে ১৩টি।
- বাংলাদেশে সবচেয়ে শিক্ষিত এবং বৃহত্তম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী - চাকমা।
- মণিপুরিদের পূর্বপুরুষের নাম - মাইতে।
- মণিপুরি নৃত্য - সিলেট অঞ্চলের।
- বাংলাদেশে বাস করে না - মাউরি, মুর (মুসলিম উপজাতি), জুলু, নিগ্রো, দ্রাবিড়, নাগা, পিগমি, কুলু, কুর্দি, আফ্রিদি, টোডা, শেরপা প্রভৃতি উপজাতি।
- ব্রিটিশ বণিকদের বিরুদ্ধে নৃগোষ্ঠী নেতা বিদ্রোহ করেছিলেন - জোয়ান বক্স খাঁ।
- উপজাতিদের জীবনধারা নিয়ে সর্বাধিক বই লেখেন - আবদুস সাত্তার; আরণ্য জনপদে ও আরণ্য সংস্কৃতি।
- জুম চাষের বিকল্প পদ্ধতি - সল্ট।
- সাঁওতাল বিদ্রোহ সংঘটিত হয় - ১৮৫৫-৫৬ সালে (ভারতের পশ্চিমবঙ্গের ভগনাডিহি গ্রামে সাঁওতাল বীর সিধু-কানুর নেতৃত্বে)।
- মেষপালন ও পশম উৎপাদনে শীর্ষে অবস্থান করছে - অস্ট্রেলিয়া।
- বিশ্বের শ্রেষ্ঠ গোচারণ তৃণভূমির নাম - ক্যাম্পোস তৃণভূমি।
- মৌমাছির চোখ - ৫টি।
- পৃথিবীর সর্ববৃহৎ সামুদ্রিক প্রাণী - নীল তিমি (এটি পৃথিবীর বৃহত্তম স্তন্যপায়ী প্রাণিও বটে)।
- পৃথিবীর সবচেয়ে ছোট ও বৃহত্তম পাখি - যথাক্রমে হামিং বার্ড ও উটপাখি।
- পৃথিবীর বৃহত্তম সামুদ্রিক পাখি - অ্যালবাট্রস (অ্যান্টার্কটিকায় বেশি দেখতে পাওয়া যায়)।
- মরুভূমির জাহাজ বলা হয় - উটকে।
- পৃথিবীর সবচেয়ে বৃহৎ স্থলচর প্রাণি - আফ্রিকান হাতি।
- পৃথিবীর সবচেয়ে বিষাক্ত সাপ - কিং কোব্রা।
- পৃথিবীর উচ্চতম প্রাণি - জিরাফ।
- পশুপালনের দেশ বলা হয় - তুর্কমেনিস্তানকে।
- পৃথিবীর সবচেয়ে লম্বা সাপ - দক্ষিণ আমেরিকার অ্যানাকোন্ডা।
- পৃথিবীর সবচেয়ে বুদ্ধিমান ও দামি প্রাণি - শিম্পাঞ্জি।
- পৃথিবীর সবচেয়ে দ্রুততম পাখি - সুইফট বার্ড।
- পেঙ্গুইন বাস করে - দক্ষিণ মেরু অঞ্চলে।
- পৃথিবীর সর্বাধিক বিষাক্ততম প্রাণি - বক্স জেলিফিশ।
- ডাইনোসরদের উদ্ভব হয়েছিল - প্রায় ২৩ কোটি বছর আগে।
- প্লাটিপাসের বায়ুথলি থাকে - ফুসফুসের সাথে।
- বুকে হাঁটা প্রাণিদের মাঝে বৃহত্তম প্রাণি - কুমির।
- যে প্রাণির তিনটি হৃৎপিণ্ড আছে - ক্যাটল ফিশ।
- যে সাপ বাসা বাঁধতে পারে - কিং কোবরা।
- পৃথিবীর ধীরতম প্রাণী - Three-Toed Sloth.
- পৃথিবীর দ্রুততম প্রাণী - চিতাবাঘ।
- পাখির রাজা - ঈগল।
- যে প্রাণির পুরুষ জাতিরা বাচ্চা দেয় - সি হর্স।
- যে প্রাণির আয়ুষ্কাল সবচেয়ে বেশি - কচ্ছপ (প্রায় ৩০০ বছর)।
- যে পাখি কখনো বাসা তৈরি করতে পারে না - কোকিল।
- বিশ্বের সবচেয়ে দীর্ঘ লম্ফ প্রাণি - ক্যাঙারু।
- বেশিক্ষণ উড়তে পারে - পায়রা।
- ডিম সবচেয়ে বড় - উট পাখির।
- মাংসভোজী পাখি বলা হয় - কাক ও শকুনকে।
- পিছন দিকে উড়তে পারে - হামিং বার্ড।
- যে মাছ ইলেকট্রিক শক দেয় - ইল মাছ।
- পৃথিবীর সবচেয়ে দ্রুততম সাপ - আফ্রিকার কালো মাম্বা ।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. নিচের কোন দেশটি আমাজন বনাঞ্চলের অন্তর্ভুক্ত নয়?
Ⓐ ব্রাজিল Ⓑ পেরু Ⓒ আর্জেন্টিনা Ⓓ বলিভিয়া **Ans C**

02. মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উচ্চকক্ষের নাম কী?
Ⓐ হাউজ অফ কমন্স Ⓑ সিনেট
Ⓒ হাউজ অফ লর্ডস Ⓓ হাউজ অফ রিপ্রেজেন্টেটিভস্ **Ans B**

03. ভারতের জাতীয় পাখি-
Ⓐ রাজহাঁস Ⓑ ময়ূর Ⓒ ঈগল Ⓓ গরু **Ans B**

04. 'চা' এর আদিবাস-
Ⓐ ভারত Ⓑ শ্রীলঙ্কা Ⓒ চীন Ⓓ জাপান **Ans C**

05. পৃথিবীর সবচেয়ে বেশি স্বর্ণ উত্তোলিত হয় কোথায়?
Ⓐ নাইজেরিয়া Ⓑ দক্ষিণ আফ্রিকা Ⓒ মিসর Ⓓ ইন্দোনেশিয়া **Ans B**

06. আন্তর্জাতিক পাট সংস্থার সচিবালয় কোথায় অবস্থিত?
Ⓐ নয়াদিল্লি Ⓑ ডাক্তি Ⓒ বেইজিং Ⓓ ঢাকা **Ans D**

আন্তর্জাতিক ১৬ বিশ্বের বিখ্যাত ও দর্শনীয় স্থান

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

এশিয়া মহাদেশ

এশিয়া মহাদেশের বিখ্যাত ও দর্শনীয় স্থানসমূহ

- **স্ট্যাচু অব ডেমোক্রেসি :** ১৯৮৯ সালে গণতন্ত্রকামী চীনের হাজার হাজার ছাত্র-ছাত্রীদের ওপর সরকারি বাহিনীর হত্যাযজ্ঞের স্মরণে বেইজিং এর তিয়েন-আনমেন স্কয়ারে নির্মিত ভাস্কর্য।
- **পানমুনজাম :** উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যে একটি বেসামরিক পল্লি। ১৯৫৩ সালে কোরিয়া যুদ্ধের পর থেকে এই বেসামরিক এলাকাটি গঠন করা হয়। বর্তমানে জাতিসংঘের তত্ত্বাবধানে এটি নিয়ন্ত্রিত হয়।
- **আজমির শরিফ :** ভারতের রাজস্থানে অবস্থিত মুসলমানদের পবিত্র স্থান। খাজা মঈনউদ্দিন চিশতীর সমাধি ক্ষেত্র এখানে অবস্থিত।
- **ফালুজা :** ইরাকে সুন্নি সম্প্রদায় বসবাসকারী একটি শহর।
- **জাফনা :** শ্রীলঙ্কার উত্তরাঞ্চলীয় তামিল প্রধান একটি দ্বীপ। সশস্ত্র তামিলদের প্রধান ঘাঁটি ও স্ব-ঘোষিত রাজধানী ছিল। তামিল গেরিলারা এ অঞ্চলে স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রাম করেছে।
- **হিরোশিমা :** জাপানের হনসুতে অবস্থিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪৫ সালের ৬ আগস্ট যুক্তরাষ্ট্র এ স্থানে প্রথম পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটায়।
- **নাগাসাকি :** জাপানের অন্যতম শিল্প শহর। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় (৯ আগস্ট ১৯৪৫) এ শহরে যুক্তরাষ্ট্র দ্বিতীয় পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটায়।
- **ইস্তাম্বুল :** তুরস্কের অন্যতম গুরুত্বপূর্ণ শহর। এর পুরাতন নাম কনস্ট্যান্টিনোপল। এই শহরটি বসফরাস প্রণালির উভয় তীরে অবস্থিত। সোফিয়া মসজিদের জন্য বিখ্যাত। এটি ইউরোপ ও এশিয়া দুই মহাদেশে বিস্তৃত।
- **চেরাপুঞ্জি :** ভারতের মেঘালয় রাজ্যে অবস্থিত একটি শহর। এই স্থানটি বিশ্বের ২য় সর্বাপেক্ষা বৃষ্টিবহুল অঞ্চল।
- **জেরুজালেম :** ইহুদি, খ্রিষ্টান ও মুসলিম সম্প্রদায়ের পবিত্র স্থান। ১৯৬৭ সালে আরব ইসরায়েলের যুদ্ধে ইসরায়েল সম্পূর্ণ জেরুজালেম নিজ দখলে নিয়ে যায়। ১৯৮০ সালে জেরুজালেমকে তাদের রাজধানী হিসেবে ঘোষণা করে।
- **ট্রয় :** তুরস্কের এশিয়া অংশে অর্থাৎ এশিয়া মাইনরের একটি শহর। পৌরাণিক কাহিনি এই নগরীকে রহস্যময় নগরীর খ্যাতি দিয়েছে।
- **তক্ষশীলা :** পাকিস্তানের রাওয়ালপিন্ডির অদূরে অবস্থিত। এখানে প্রাচ্যের অন্যতম বৃহত্তম শিক্ষা প্রতিষ্ঠান তক্ষশীলা বৌদ্ধ বিশ্ববিদ্যালয় অবস্থিত ছিল।
- **কারাকোরাম :** উত্তর কাশ্মীরে অবস্থিত পর্বতমালা। এখানে ২৮,২৫০ ফুট উচ্চতাবিশিষ্ট কে-2 শৃঙ্গ অবস্থিত। পাকিস্তান থেকে চীনের সিকিয়াং যাওয়ার গুরুত্বপূর্ণ সড়ক পথ এটি।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- **গোল্ডেন হর্ন :** তুরস্কের এশিয় অংশে অবস্থিত। কৃষ্ণ সাগর এবং মর্মর সাগরকে সংযোগকারী বসফরাস প্রণালিতে প্রবেশের পথ।
- **সিমলা :** উত্তর ভারতের হিমাচল রাজ্যের রাজধানী এবং ভারতের অন্যতম শহর। এখানে ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের শেষে ভারত-পাকিস্তানের মধ্যে ১৯৭২ সালের ২ জুলাই ঐতিহাসিক 'সিমলা চুক্তি' স্বাক্ষরিত হয়।
- **মদিনা :** সৌদি আরবে অবস্থিত। মসজিদে নববী ও বিশ্বনবি (স) এর রওজা মোবারক এখানে অবস্থিত।
- **কারবালা :** ইরাকের ফোরাত নদীর তীরে অবস্থিত। এটি ইমাম হোসাইন (রা.) এর স্মৃতি বিজড়িত শহর।
- **বালি :** ইন্দোনেশিয়ার একটি দ্বীপ। হিন্দু মন্দির ও স্মৃতিসৌধের জন্য বিখ্যাত।
- **বসরা :** শাত-ইল-আরব নদীর তীরে অবস্থিত ইরাকের একটি বন্দর। হজরত রাবেয়া বসরী এখানে জন্মগ্রহণ করেন। শহরটি খেজুর ও গোলাপের জন্য বিখ্যাত।
- **ব্যাবিলন :** দক্ষিণ-পশ্চিম আরবে ইউফ্রেটিস নদীর তীরে ইরাকের দোয়াব অঞ্চলে অবস্থিত ইতিহাস বিখ্যাত প্রাচীন নগরী। ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান এখানে অবস্থিত।
- **মহেঞ্জোদারো :** পাকিস্তানের সিন্ধু প্রদেশে অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। এটি সিন্ধু নদীর তীরে অবস্থিত। সিন্ধু সভ্যতার নিদর্শন এখানে পাওয়া গেছে।
- **তিয়েন আনমেন স্কয়ার :** চীনে অবস্থিত। ১৯৪৯ সালে চীনা বিপ্লবের পর মহানায়ক মাও সে তুং এখানে বিপ্লবের পতাকা উড়িয়েছিলেন। এখানে দাঁড়িয়ে তিনি চীনকে সমাজতান্ত্রিক রাষ্ট্র হিসেবে ঘোষণা করেন।
- **নালন্দা :** ভারতের বিহারে অবস্থিত এ স্থানে বৌদ্ধ যুগের তথা বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয় নালন্দা বিশ্ববিদ্যালয় অবস্থিত। এ বিশ্ববিদ্যালয়ে আইন ও দর্শনশাস্ত্রে জ্ঞানলাভের জন্য চীন, জাপান, জাভা প্রভৃতি দেশ হতে বৌদ্ধ পণ্ডিতগণ আসতেন।
- **বেথেলহেম :** প্যালেস্টাইনে অবস্থিত। জেরুজালেমের প্রায় ১০ কিলোমিটার দক্ষিণে যিশুখ্রিষ্ট ও রাজা ডেভিডের জন্মস্থান।
- **মক্কা :** সৌদি আরবের জেদ্দার প্রায় ৭২ কিলোমিটার পূর্বে অবস্থিত মুসলমানদের পবিত্র স্থান। এ স্থানে হযরত মুহাম্মদ (সা.) জন্মগ্রহণ করেন। প্রতি বছর লক্ষ লক্ষ ধর্মপ্রাণ মুসলমান হজ পালনের জন্য এ স্থানে আগমন করেন।
- **থিয়েটার রোড :** কলকাতায় অবস্থিত। ১৯৭১ সালে বাংলাদেশ সরকারের বৈদেশিক বা অস্থায়ী কার্যালয় ছিল।
- **কুবে :** ওসাকার নিকট অবস্থিত জাপানের একটি প্রসিদ্ধ শিল্পসমৃদ্ধ শহর। শহরটি জাপানের দ্বিতীয় বন্দর হিসেবে পরিচিত।

ইউরোপ মহাদেশ

একনজরে

স্থাপনা	অবস্থান	স্থাপনা	অবস্থান
রেড স্কয়ার	মস্কো, রাশিয়া	লন্ডন ব্রিজ	লন্ডন, ইংল্যান্ড
ক্রেমলিন	মস্কো, রাশিয়া	ওভাল	লন্ডন, ইংল্যান্ড
হোয়াইট হল	লন্ডন, ইংল্যান্ড	ইন্ডিয়া হাউজ	লন্ডন, ইংল্যান্ড
গ্রিনিচ মান মন্দির	লন্ডন, ইংল্যান্ড	বাংলা টাউন	ব্রিকলেন, লন্ডন
ট্রাফালগার স্কয়ার	লন্ডন, ইংল্যান্ড	অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়	ইংল্যান্ড
১১ নং ডাউনিং স্ট্রিট	লন্ডন, ইংল্যান্ড	কলোসিয়াম	রোম, ইতালি
১০ নং ডাউনিং স্ট্রিট	লন্ডন, ইংল্যান্ড	আইফেল টাওয়ার	প্যারিস, ফ্রান্স
বাকিংহাম প্যালেস	লন্ডন, ইংল্যান্ড	ড্যান্ডি	স্কটল্যান্ড

ইউরোপ মহাদেশের বিখ্যাত ও দর্শনীয় স্থানসমূহ

- **ভার্সাই :** ফ্রান্সের বিখ্যাত নগরী। এটি মাইকেল মধুসূদন দত্তের স্মৃতি বিজড়িত। এখানে ১৭৮৩ সালে ব্রিটেন ও আমেরিকার মধ্যে প্যারিস শান্তি চুক্তি এবং ১৯১৯ সালে জার্মানি ও মিত্র শক্তির মধ্যে ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয়।
- **ভিয়েতনাম ওয়াল :** ভিয়েতনাম যুদ্ধে নিহত ফরাসি যোদ্ধাদের স্মরণে ফ্রান্স কর্তৃক ১৯৯৬ সালে নির্মিত ফ্রান্সের তুলোন শহরে অবস্থিত স্মৃতিস্তম্ভ।
- **মাদাম তুসো :** জাদুঘরটি লন্ডনে অবস্থিত। পৃথিবীর বিখ্যাত রাজনীতিক, কবি, সাহিত্যিকসহ বিশিষ্ট ব্যক্তিদের মোমের মূর্তি এখানে সংরক্ষিত রয়েছে।
- **চেচনিয়া :** চেচনিয়া রুশ ফেডারেশনের অন্তর্গত একটি স্বাধীনতাকামী মুসলিম স্বায়ত্তশাসিত অঞ্চল। ককেশীয় অঞ্চলের ১,৩৩,০০০ বর্গকিলোমিটার আয়তনের দেশ চেচনিয়া। লোক সংখ্যা ১৪ লক্ষ। রাজধানীর নাম গ্রজনি।
- **আমস্টারডাম :** নেদারল্যান্ডের রাজধানী। প্রায় ১০০টি দ্বীপকে সেতুর সাহায্যে সংযুক্ত করে এ শহর গঠন করা হয়েছে।
- **ওয়াটার লু :** বেলজিয়ামে অবস্থিত একটি গ্রাম। এখানে নেপোলিয়ন ও ডিউক অব ওয়েলিংটনের মধ্যে ১৮১৫ সালে বিখ্যাত 'ওয়াটার লু' যুদ্ধ হয়। এ যুদ্ধে নেপোলিয়ন পরাজয় বরণ করেন।
- **সেন্ট হেলেনা :** আটলান্টিক মহাসাগরে অবস্থিত একটি ক্ষুদ্র দ্বীপ। এই দ্বীপের রাজধানী জেমস টাউন। এটি একটি ব্রিটিশ উপনিবেশ দ্বীপ। ওয়াটার লু যুদ্ধে হেরে যাওয়ার পর সম্রাট নেপোলিয়ন বোনাপার্টকে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত করা হয়েছিল এবং এখানে ১৮২১ সালে তাঁর মৃত্যু হয়।
- **আইফেল টাওয়ার :** ফ্রান্সের প্যারিসে অবস্থিত ৯৮৫ ফুট উচ্চতাবিশিষ্ট টাওয়ার। ১৮৮৯ সালে ফরাসি ইঞ্জিনিয়ার গুস্তাফ আইফেল এটি নির্মাণ করেন। বর্তমানে এটি ওয়্যারলেস স্টেশন হিসেবে ব্যবহৃত হচ্ছে।।
- **জিব্রাল্টার :** স্পেনের দক্ষিণ প্রান্তে অবস্থিত জিব্রাল্টার একটি গুরুত্বপূর্ণ সামুদ্রিক বন্দর। এই বন্দরটি ব্রিটিশ অধিকারভুক্ত এবং একটি পার্বত্য দুর্গের দ্বারা সুরক্ষিত। এই বন্দরকে 'ভূ-মধ্যসাগরের চাবি' বলা হয়।
- **কর্ডোভা :** স্পেনের প্রাচীন শহর। এখানে মুর নামক মুসলিম উপজাতিদের আমলের একটি মসজিদ রয়েছে।
- **ন্যুরেমবার্গ :** জার্মানির ব্যাভেরিয়া প্রদেশের একটি শহর। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে এখানে ২১ জন যুদ্ধাপরাধীদের মধ্যে ১৯ জনের বিচার অনুষ্ঠিত হয়।
- **জেনেভা :** সুইজারল্যান্ডের একটি বিখ্যাত শহর। জেনেভাকে সম্মেলনের শহর বলা হয়। ঘড়ি শিল্পের জন্য বিখ্যাত শহর।
- **ড্যান্ডি :** স্কটল্যান্ডে অবস্থিত। পাট ও লিনেন শিল্পের জন্য বিখ্যাত।
- **ভেনিস :** ইতালির একটি সুন্দর শহর। একে দ্বীপের শহর বলা হয়। এটি ১২৩টি দ্বীপ নিয়ে গঠিত।
- **এথেন্স :** গ্রিসের রাজধানী। প্রায় ৩ হাজার বছর পূর্বের গ্রিক স্থাপত্য ও সভ্যতার অনেক নিদর্শন এ শহরে দেখতে পাওয়া যায়।
- **ব্রাসেল্‌স :** বেলজিয়ামের রাজধানী। খালের দ্বারা সমুদ্রের সঙ্গে যুক্ত। কার্পাস ও পশম শিল্পের জন্য বিখ্যাত। এর দক্ষিণে প্রসিদ্ধ ওয়াটার লু যুদ্ধক্ষেত্র।
- **মিউনিখ :** জার্মানির বিখ্যাত নগরী। এখানকার বিশ্ববিদ্যালয় বিশ্ব বিখ্যাত।


আফ্রিকা মহাদেশ

একনজরে

স্থাপনা	অবস্থান	স্থাপনা	অবস্থান
পিরামিড	মিশর	তাহরির স্কয়ার	কায়রো, মিশর
কুবে প্যালেস	কায়রো, মিশর	আলেকজান্দ্রিয়া বাতিঘর	মিশর
আল আমিন মসজিদ	মিশর	কিম্বার্লি	দক্ষিণ আফ্রিকা
ভ্যালি অব দ্য কিংস	মিশর	ভাসমান মসজিদ	কাসাব্লাংকা, মরক্কো

আফ্রিকা মহাদেশের বিখ্যাত ও দর্শনীয় স্থানসমূহ

- **বায়াফা :** নাইজেরিয়ার একটি বিক্ষুব্ধ অঞ্চল।
- **আলজিয়ার্স :** আলজেরিয়ার রাজধানী ও বৃহ
- **লায়লা দ্বীপ :** ভূমধ্যসাগরের জিব্রাল্টার প্রণ এর অপর নাম পেরিজিল দ্বীপ। জনবসতিহী ও স্পেনের মধ্যে তীব্র বিরোধ রয়েছে।
- **কাম্পালা :** ভিক্টোরিয়া হ্রদের নিকট অবস্থিত উগান্ডা রেলপথের ওপর অবস্থিত।
- **খার্তুম :** ব্লু নীল ও হোয়াইট নীল নদীর রাজধানী ও প্রধান শহর।



JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOL

- **কাসাব্লাঙ্কা :** কাসাব্লাঙ্কা মরক্কোতে অবস্থিত উত্তর-পশ্চিম আফ্রিকার বৃহত্তম শহর ও বন্দর। এ বন্দর হতে প্রচুর ফল রপ্তানি করা হয়। ভাসমান মসজিদের জন্য বিখ্যাত।
- **নাইরোবি :** সুউচ্চ মালভূমির ওপর অবস্থিত কেনিয়ার রাজধানী ও প্রধান শহর। নাইরোবি একটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পর্যটন কেন্দ্র।
- **ফেজ :** মরক্কোর ঐতিহাসিক শহর। এটি সংস্কৃতি ও জ্ঞান বিজ্ঞান চর্চার জন্য বিখ্যাত। প্রায় ১২শ বছর পূর্বে বাদশাহ ইদ্রিস এ নগরীর গোড়াপত্তন করেন। সেসময় এ নগরীকে কেন্দ্র করে উত্তর আফ্রিকায় এক বিরাট মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। এটি ফেজ টুপির জন্য বিখ্যাত।
- **মরিশাস :** ভারত মহাসাগরে অবস্থিত আফ্রিকার একটি মনোরম দ্বীপ। এটি ১৯৬৮ সালের ১২ মার্চ ব্রিটিশদের নিকট হতে স্বাধীনতা লাভ করে। এর রাজধানী পোর্ট লুইস। এটি হিন্দু সংখ্যাগরিষ্ঠ রাষ্ট্র।

উত্তর আমেরিকা মহাদেশ

একনজরে

স্থাপনা	অবস্থান	স্থাপনা	অবস্থান
হোয়াইট হাউজ	ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র	হলিউড	লস অ্যাঞ্জেলস, যুক্তরাষ্ট্র
অ্যাম্পায়ার স্টেট বিল্ডিং	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র	পেন্টাগন ভবন	ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র
বাইক অব ম্যানহাটান	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র	ইনডিপেনডেন্স হল	ফিলাডেলফিয়া যুক্তরাষ্ট্র
লাইব্রেরি স্কয়ার টাওয়ার	লস অ্যাঞ্জেলস, যুক্তরাষ্ট্র	ওয়াল স্ট্রিট	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
উলওয়ার্থ বিল্ডিং	শিকাগো, যুক্তরাষ্ট্র	সি এন টাওয়ার	কানাডা

উত্তর আমেরিকা মহাদেশের বিখ্যাত ও দর্শনীয় স্থানসমূহ

- **ওয়াল স্ট্রিট :** নিউইয়র্কে অবস্থিত যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক ও ব্যবসা-বাণিজ্যের স্নায়ুকেন্দ্র। শেয়ার বাজার, ব্যাংক, বিমা ও অন্যান্য বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য পৃথিবী বিখ্যাত।
- **লস এঞ্জেলস :** যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরের উপকূলে অবস্থিত। এখানে চলচ্চিত্রের বৃহত্তম প্রতিষ্ঠান 'হলিউড' অবস্থিত। এটি ক্যালিফোর্নিয়ার অন্যতম প্রধান বন্দর ও শহর।
- **সিয়াটল :** মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরের তীরে দৃষ্টি নন্দন নগরী সিয়াটল অবস্থিত। লেক, ছোট ছোট নদী, পাহাড় বেষ্টিত নগরীতে ধনাঢ্য ব্যক্তি বিল গেটসের অবকাশ যাপন কেন্দ্র অবস্থিত।
- **ডেট্রয়েট :** ইরি নদীর তীরে অবস্থিত যুক্তরাষ্ট্রের একটি শিল্পনগরী। মোটর গাড়ি, ট্রাক ও উড়োজাহাজ নির্মাণ এবং কৃত্রিম হীরক প্রস্তুত কেন্দ্র।
- **কুইবেক :** কানাডার একটি প্রধান বন্দর। সেন্ট লরেন্স নদীর সঙ্গমস্থলে অবস্থিত। এখানকার অধিকাংশ অধিবাসীরা ফরাসি ভাষায় কথা বলে।
- **ব্রডওয়ে :** নিউইয়র্কে অবস্থিত। নাট্যশালা, সিনেমা হল ও প্রশস্ততম রাস্তার জন্য বিখ্যাত।
- **পিটস্‌বার্গ :** যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়ার একটি বিখ্যাত শহর। ওহাইও নদীর তীরে অবস্থিত। কয়লা ও তৈল খনির জন্য বিখ্যাত।
- **ফিলাডেলফিয়া :** যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান বন্দর ও শিল্প কেন্দ্র। জাহাজ নির্মাণ এখানকার উল্লেখযোগ্য শিল্প।
- **ওয়াশিংটন :** মার্কিন যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূলের নিকট পটোম্যাক নদীর তীরে অবস্থিত। মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী ও বাণিজ্য শহর।
- **অটোয়া :** অন্টারিও প্রদেশে অবস্থিত কানাডার রাজধানী অটোয়া একটি বিখ্যাত শহর ও শিল্প বাণিজ্যকেন্দ্র।
- **মন্ট্রিল :** সেন্ট লরেন্স নদীর একটি দ্বীপের ওপর অবস্থিত কানাডার বৃহত্তম শহর, সর্বপ্রধান বন্দর ও শিল্পকেন্দ্র।

ওশেনিয়া মহাদেশ

একনজরে

স্থাপনা	অবস্থান	স্থাপনা	অবস্থান
সিডনি হারবার	সিডনি, অস্ট্রেলিয়া	পার্থ বন্দর	অস্ট্রেলিয়া
ব্রিসবেন	অস্ট্রেলিয়া	অপেরা হাউজ	সিডনি, অস্ট্রেলিয়া

ওশেনিয়ার বিখ্যাত ও দর্শনীয় স্থানসমূহ

- **কুইন্সল্যান্ড :** পূর্ব অস্ট্রেলিয়ায় অবস্থিত অস্ট্রেলিয়ার অন্যতম অঙ্গরাজ্য। এই অঙ্গরাজ্যটির রাজধানী ব্রিসবেন। এটি পশুপালনের জন্য বিখ্যাত।
- **নিউই :** দক্ষিণ প্রশান্ত মহাসাগরে অবস্থিত একটি দ্বীপ। এটি বিশ্বের বৃহত্তম প্রবাল দ্বীপ। ১৯০১ সালে এটি নিউজিল্যান্ড শাসনের আওতায় আসে।
- **অ্যাডিলেড :** দক্ষিণ অস্ট্রেলিয়ার রাজধানী। বিশ্বের অন্যতম সুন্দর শহর।
- **পোর্ট মোর্সবি :** দক্ষিণ-পূর্ব পাপুয়া নিউগিনিতে অবস্থিত একটি সামুদ্রিক বন্দর এবং অন্যতম শহর।
- **পোর্ট ফিলিপ বে :** দক্ষিণ-পূর্ব অস্ট্রেলিয়ায় অবস্থিত মেলবোর্নের অন্যতম পোতাশ্রয়।
- **সিডনি :** অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস প্রদেশের রাজধানী ও অস্ট্রেলিয়ার সবচেয়ে বড় নগর। সৌন্দর্যের জন্য দক্ষিণের রানি নামে খ্যাত। বিশ্বের সর্বশ্রেষ্ঠ পশম বিক্রয় কেন্দ্র। ২০০০ সালে ২৭তম অলিম্পিক গেমস এখানে অনুষ্ঠিত হয়।
- **ব্রিসবেন :** পূর্ব অস্ট্রেলিয়ায় অবস্থিত অস্ট্রেলিয়ার অন্যতম প্রধান অঙ্গরাজ্য, কুইন্সল্যান্ডের রাজধানী এবং বৃহত্তম শহর।

বিভিন্ন দেশের বিখ্যাত বাসভবন

- **মালকানাং প্রাসাদ :** ফিলিপাইনের ম্যানিলায় অবস্থিত। এটি ফিলিপাইনের প্রেসিডেন্টের সরকারি বাসভবন।
- **হোয়াইট হাউজ :** ওয়াশিংটন ডিসিতে অবস্থিত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সরকারি বাসভবন।
- **১০ নং ডাউনিং স্ট্রিট :** যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর বর্তমান বাসভবন।
- **১১ নং ডাউনিং স্ট্রিট :** যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর বর্তমান বাসভবন।
- **এলিসি প্রাসাদ :** প্যারিসে অবস্থিত ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবন।
- **হোয়াইট হল :** লন্ডনে অবস্থিত ব্রিটেনের রানির সাবেক সরকারি বাসভবন। বর্তমানে এটি ব্রিটিশ সরকারের কার্যালয়।
- **বাকিংহাম প্যালেস :** লন্ডনে অবস্থিত ব্রিটেনের রানির বাসভবন।
- **প্যালেসিও দ্য নারিনো :** কলম্বিয়ার প্রেসিডেন্ট প্রাসাদ। এটি বোগোতায় অবস্থিত।
- **ক্রেমলিন :** রাশিয়ার প্রাক্তন জারদের বাসভবন। এটি মস্কোতে অবস্থিত। বর্তমানে এটি রাশিয়ার সরকারের সচিবালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে।
- **ব্লু হাউজ :** দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবন। এটি সিউলে অবস্থিত।
- **ভ্যাটিকান প্রাসাদ :** ইতালির রোমে অবস্থিত মহামান্য পোপের বাসভবন ও প্রধান কার্যালয়।

বিভিন্ন দেশের সচিবালয়

- **পেন্টাগন :** যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় অবস্থিত মার্কিন প্রতিরক্ষা বিভাগের সদর দপ্তর। এটি বিশ্বের সবচেয়ে বড় অফিস ভবন। এর আয়তন ৬৫ লক্ষ বর্গফুট। এ ভবন নির্মাণ করা হয় ১৯৪৩ সালে। পেন্টাগন অর্থ পঞ্চভুজ। এ ভবনে বিমান হামলা হয় ১১ সেপ্টেম্বর ২০০১।
- **ওভাল অফিস :** ওয়াশিংটন ডিসিতে হোয়াইট হাউজের অভ্যন্তরে অবস্থিত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের অফিস।
- **ক্রেমলিন :** মস্কোতে অবস্থিত রাশিয়া সরকারের সচিবালয়।
- **হোয়াইট হল :** লন্ডনে অবস্থিত ব্রিটিশ সরকারের কার্যালয়।
- **গ্রেট হল :** চীনের রাজধানী বেইজিং এ অবস্থিত। চীনের গুরুত্বপূর্ণ আলোচনা সভা এখানে অনুষ্ঠিত হয়।
- **ওয়াটার গেট :** ওয়াশিংটনে অবস্থিত ডেমোক্রেটিক দলের প্রধান কার্যালয় ছিল। বর্তমানে এটি একটি বাণিজ্যিক ভবন।
- **ক্যাপিটল হিল :** মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবন। এটি ওয়াশিংটন ডিসিতে অবস্থিত।

বিভিন্ন যুগের সপ্তাশ্চর্যসমূহ

❖ প্রাচীন যুগ	❖ মধ্যযুগ
১. মিশরের পিরামিড	১. আগ্রার তাজমহল (ভারত)
২. ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান (ইরাক)	২. আলেকজান্দ্রিয়ার ভূ-গর্ভস্থ সমাধি (মিশর)
৩. অলিম্পিয়ার জুপিটারের মূর্তি (গ্রিস)	৩. ইংল্যান্ডের স্টোনহেঞ্জ
৪. রোডস দ্বীপের প্রকাণ্ড মূর্তি (গ্রিস)	৪. চীনের মহাপ্রাচীর
৫. পিসার হেলানো টাওয়ার (ইতালি)	৫. নানজিংয়ের চীনা মাটির মিনার (চীন)
৬. ডায়নার মন্দির (তুরস্ক)	৬. রোমের বৃত্তাকার মঞ্চ (ইতালি)
৭. আলেকজান্দ্রিয়ার বাতিঘর (মিশর)	৭. আয়া সোফিয়ার মসজিদ (তুরস্ক)

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

❖ নতুন সপ্তাশ্চর্য

১. মেক্সিকোর চিচেন ইৎজা
২. ব্রাজিলের স্ট্যাচু অব ক্রাইস্ট দ্য রিডিমার
৩. চীনের মহাপ্রাচীর
৪. পেরুর মাচুপিচু
৫. জর্ডানের পেত্রা নগরীর ধ্বংসাবশেষ
৬. রোমের কলোসিয়াম
৭. ভারতের আগ্রার তাজমহল

❖ প্রাকৃতিক সপ্তাশ্চর্য

১. আমাজন বন (দক্ষিণ আমেরিকা)
২. পুয়ের্তো প্রিন্সিয়া ভূগর্ভস্থ নদী (ফিলিপাইন)
৩. হ্যালং বে (ভিয়েতনাম)
৪. ইগুয়াজু জলপ্রপাত (ব্রাজিল ও আর্জেন্টিনা)
৫. জেজু দ্বীপ (দক্ষিণ কোরিয়া)
৬. ট্যাবল মাউন্টেন (দক্ষিণ আফ্রিকা)
৭. কমোডো ন্যাশনাল পার্ক (ইন্দোনেশিয়া)

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'নহর-ই-সুবাইদা' যেখানে অবস্থিত-
Ⓐ মক্কা Ⓑ মদিনা Ⓒ বাগদাদ Ⓓ দামেস্ক **Ans A**

02. ঐতিহাসিক স্থান 'কারবালা' অবস্থিত -
Ⓐ কাতার Ⓑ ইরান Ⓒ কুয়েত Ⓓ ইরাক **Ans D**

03. 'গুডিয়া হাউজ' কোথায়?
Ⓐ ভারত Ⓑ নেপাল Ⓒ বাংলাদেশ Ⓓ যুক্তরাজ্য **Ans D**

04. 'তাহরির স্কয়ার' কোথায় অবস্থিত?
Ⓐ আম্মান Ⓑ তেহরান Ⓒ বাগদাদ Ⓓ কায়রো **Ans D**

05. ফ্রাঙ্কফুর্ট শহরটি যে জন্য বিখ্যাত-
Ⓐ আইস হকি Ⓑ বইমেলা Ⓒ ওষুধ পণ্য Ⓓ কৃষি পণ্য **Ans B**

06. ক্যানবেরায় অস্ট্রেলীয় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম কী?
Ⓐ ইয়ুরালা Ⓑ অপেরা হাউস Ⓒ দি লজ Ⓓ মানুকা **Ans C**

07. বস্ত্রশিল্পের জন্য বিখ্যাত-
Ⓐ ড্যান্ডি Ⓑ এডিনবরা Ⓒ ম্যানচেস্টার Ⓓ শেফিল্ড **Ans C**

08. লন্ডনের ১১নং ডাউনিং স্ট্রিটে কে বাস করেন?
Ⓐ ব্রিটিশ প্রধানমন্ত্রী Ⓑ ব্রিটিশ বিরোধী দলীয় নেতা
Ⓒ ব্রিটিশ চ্যান্সেলর অব দ্য এক্সচেকার Ⓓ ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী **Ans C**

আন্তর্জাতিক ১৭

বিশ্বের বৃহত্তম, ক্ষুদ্রতম, উচ্চতম, দীর্ঘতম, দ্রুততম ও আন্তর্জাতিক দিবসসমূহ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

বিশ্বের বৃহত্তম

শিরোনাম	বৃহত্তম	শিরোনাম	বৃহত্তম
দেশ	এশিয়া	জনসংখ্যায় মুসলিম দেশ	ইন্দোনেশিয়া
সাগর	প্রশান্ত মহাসাগর	আয়তনে মুসলিম দেশ	কাজাখস্তান
দেশ (আয়তনে)	রাশিয়া	মরুভূমি	সাহারা
সাগর	দক্ষিণ চীন সাগর	আয়তনে বৃহত্তম শহর	নিউইয়র্ক
দ	কাস্পিয়ান সাগর	জনসংখ্যায় বৃহত্তম শহর	টোকিও
প্রপাত (আয়তনে)	নায়াগ্রা	ঘড়ি	মক্কা (সৌদি আরব)
াইব্রেরি	ইউনাইটেড স্টেটস লাইব্রেরি অব কংগ্রেস (ওয়াশিংটন)	গ্রহ	বৃহস্পতি
ত	২২ ডিসেম্বর (উত্তর গোলার্ধে)	ঘণ্টা	মস্কোর ঘণ্টা

বিশ্বের ক্ষুদ্রতম

শিরোনাম	ক্ষুদ্রতম	শিরোনাম	ক্ষুদ্রতম
দেশ	প্রশেনিয়া	মহাসাগর	আর্কটিক মহাসাগর
শ	ভ্যাটিকান সিটি	গির্জা	চ্যাপেল্স অব সান্তা-ইসাবেল (ভ্যাটিকান সিটি)
দেশ	মালদ্বীপ	নদী	ডি রিভার (যুক্তরাষ্ট্র)
	২২ ডিসেম্বর (উত্তর গোলার্ধে)	পাখি	হামিং বার্ড
	২১ জুন (উত্তর গোলার্ধে)	ফুল	পিলিয়া মাইক্রোফেলিয়া

☆ বিশ্বের দীর্ঘতম

বিষয়	দীর্ঘতম	বিষয়	দীর্ঘতম
নদী	নীল নদ	রেলপথ	ট্রান্স সাইবেরিয়ান রেলপথ
উড়াল সড়কসেতু	বাং না এক্সপ্রেসওয়ে (থাইল্যান্ড)	সাঁতারের পথ	ইংলিশ চ্যানেল
নদী অববাহিকা	আমাজন অববাহিকা	দীর্ঘজীবী প্রাণি	কচ্ছপ
খাল	গ্র্যান্ড খাল	পর্বতমালা	আন্দিজ পর্বতমালা
প্রাচীর	চীনের মহাপ্রাচীর	সমুদ্র সৈকত	কক্সবাজার (বাংলাদেশ)

☆ বিশ্বের উচ্চতম

বিষয়	উচ্চতম	বিষয়	উচ্চতম
দেশ	তিব্বত	মালভূমি	পামীর (মধ্য এশিয়ায়)
রাজধানী/ স্থান	লাপাজ (বলিভিয়া)	পর্বতমালা	হিমালয়
পর্বতশৃঙ্গ	এভারেস্ট (তিব্বত ও নেপাল)	জলপ্রপাত	অ্যাঞ্জেল (ভেনিজুয়েলা)
ভবন	বুর্জ খলিফা (সংযুক্ত আরব আমিরাত)	হ্রদ	টিটিকাকা (বলিভিয়া)


☆ বিশ্বের দ্রুততম

বিষয়	দ্রুততম	বিষয়	দ্রুততম
প্রাণি	চিতা বাঘ	মাছ	টুনা মাছ
পাখি	পিরিগ্রিন ফেলকন	যাত্রীবাহী বিমান	কনকর্ড (বর্তমানে বিলুপ্ত)


আন্তর্জাতিক দিবসসমূহ

তারিখ	দিবসের নাম	তারিখ	দিবসের নাম
২ জানুয়ারি	বিশ্ব জনসংখ্যা নিয়ন্ত্রণ দিবস	২৩ জুন	বিশ্ব অলিম্পিক দিবস
২৬ জানুয়ারি	আন্তর্জাতিক শুল্ক দিবস	১১ জুলাই	বিশ্ব জনসংখ্যা দিবস
২ ফেব্রুয়ারি	বিশ্ব জলাভূমি দিবস	২৮ জুলাই	বিশ্ব হেপাটাইটিস দিবস
৪ ফেব্রুয়ারি	বিশ্ব ক্যানসার দিবস	২৯ জুলাই	বিশ্ব বাঘ দিবস
১৩ ফেব্রুয়ারি	বিশ্ব বেতার দিবস	৬ আগস্ট	হিরোশিমা দিবস (জাপান)
২১ ফেব্রুয়ারি	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	৯ আগস্ট	নাগাসাকি দিবস (জাপান)
২২ ফেব্রুয়ারি	বিশ্ব স্কাউট দিবস	৯ আগস্ট	বিশ্ব আদিবাসী দিবস
৮ মার্চ	আন্তর্জাতিক নারী দিবস	১২ আগস্ট	আন্তর্জাতিক যুব দিবস
১৪ মার্চ	আন্তর্জাতিক নদীরক্ষা দিবস	৮ সেপ্টেম্বর	বিশ্ব সাক্ষরতা দিবস
২১ মার্চ	কবিতা দিবস/বিশ্ব বন দিবস	১৫ সেপ্টেম্বর	আন্তর্জাতিক গণতন্ত্র দিবস
২২ মার্চ	বিশ্ব পানি দিবস	১৬ সেপ্টেম্বর	ওজোনস্তর রক্ষা দিবস
২৪ মার্চ	বিশ্ব যক্ষ্মা দিবস	২৪ সেপ্টেম্বর	মীনা দিবস
২৭ মার্চ	বিশ্ব নাট্য দিবস	২৭ সেপ্টেম্বর	বিশ্ব পর্যটন দিবস
২ এপ্রিল	বিশ্ব অটিজম সচেতনতা দিবস	২৮ সেপ্টেম্বর	আন্তর্জাতিক তথ্য দিবস
৭ এপ্রিল	বিশ্ব স্বাস্থ্য দিবস	১ অক্টোবর	বিশ্ব প্রবীণ দিবস
২২ এপ্রিল	বিশ্ব ধরিত্রী দিবস	২ অক্টোবর	আন্তর্জাতিক অহিংস দিবস
২৬ এপ্রিল	বিশ্ব মেধা সম্পদ দিবস	৪ অক্টোবর	বিশ্ব প্রাণী দিবস
১ মে	মে দিবস (আন্তর্জাতিক শ্রমিক দিবস)	৫ অক্টোবর	বিশ্ব শিক্ষক দিবস
৩ মে	বিশ্ব সংবাদপত্র স্বাধীনতা দিবস	৯ অক্টোবর	বিশ্ব ডাক দিবস
৮ মে	বিশ্ব রেডক্রস দিবস	১১ অক্টোবর	আন্তর্জাতিক কন্যা শিশু দিবস

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



CamScanner



CamScanner

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. আলফ্রেড নোবেল কী আবিষ্কার করেছিলেন?
Ⓐ Electricity Ⓑ Radio Ⓒ Television Ⓓ Dynamite Ans D

02. নোবেল পুরস্কার কোন দেশ থেকে দেয়া হয়?
Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ যুক্তরাজ্য Ⓒ সুইডেন Ⓓ বেলজিয়াম Ans C

03. নোবেল (NOBEL) পুরস্কার কবে থেকে চালু হয়?
Ⓐ 1896 Ⓑ 1901 Ⓒ 1876 Ⓓ 1900 Ans B

04. মোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়?
Ⓐ 6 Ⓑ 5 Ⓒ 7 Ⓓ 8 Ans A

05. পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার বিজয়ী আব্দুস সালাম ছিলেন কোন দেশের বিজ্ঞানী?
Ⓐ বাংলাদেশ Ⓑ ভারত Ⓒ পাকিস্তান Ⓓ মিশর Ans C

06. অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?
Ⓐ মাইক্রোক্রেডিট Ⓑ দুর্ভিক্ষ ও দারিদ্র্য
Ⓒ উন্নয়নের গতিধারা Ⓓ বৈদেশিক সাহায্য Ans B

07. কোন মুসলিম নারী সর্বপ্রথম নোবেল শান্তি পুরস্কার পান?
Ⓐ Benazir Bhutto Ⓑ Monika Ali
Ⓒ Shirin Ebadi Ⓓ Mother Teresa Ans C

08. কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?
Ⓐ ইয়াসির আরাফাত Ⓑ নাগিব মাহফুজ
Ⓒ আনোয়ার সাদাত Ⓓ প্রফেসর আব্দুস সালাম Ans C

09. নিচের কোন বিজ্ঞানী পদার্থ ও রসায়ন শাস্ত্রে মোট দুবার নোবেল পুরস্কার লাভ করেন?
Ⓐ জন বার্ডেন Ⓑ লিনাস পাউলিং
Ⓒ ফ্রেডরিক স্যাঙ্গার Ⓓ মাদাম কুরি Ans D

আন্তর্জাতিক ২০

খেলাধুলা

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আন্তর্জাতিক অলিম্পিক কমিটি হয়– ২৩ জুন ১৮৯৪ সালে (প্যারিস, ফ্রান্স)।
- IOC- এর সদর দপ্তর অবস্থিত– লুজান, সুইজারল্যান্ড।
- অলিম্পিক জাদুঘর অবস্থিত– লুজান, সুইজারল্যান্ড।
- IOC- এর বর্তমান সদস্য সংখ্যা– ২০৬টি।
- বিশ্ব ফুটবলের প্রধান সংস্থার নাম– ফিফা (FIFA)।
- FIFA- এর পূর্ণরূপ– Federation of International Football Association.
- FIFA জন্মলাভ করে– ২১ মে ১৯০৪, ফ্রান্সের রাজধানী প্যারিসে।
- ফিফার সদর দপ্তর অবস্থিত– জুরিখ, সুইজারল্যান্ড।
- ফিফার সভাপতির মেয়াদকাল– ৪ বছর।
- ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থার নাম– আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC)।
- ICC প্রতিষ্ঠিত হয়– ১৫ জুন ১৯০৯।
- বর্তমানে ICC- এর মোট সদস্য– ১০৮টি।
- ICC-এর বর্তমান সদর দপ্তর– দুবাই, সংযুক্ত আরব আমিরাত (পূর্বে ছিল লন্ডনে)।
- অলিম্পিক গেমসের সূচনা হয় কোথায়– খ্রিষ্টপূর্ব চতুর্দশ শতাব্দীতে, গ্রিসে।
- প্রাচীন অলিম্পিক প্রতিযোগিতা প্রথম অনুষ্ঠিত হয়– খ্রিষ্টপূর্ব ৭৭৬ সালে।
- আধুনিক অলিম্পিকের জন্ম– ১৮৯৬ সালে।
- প্রথম আধুনিক অলিম্পিক অনুষ্ঠিত হয়েছিল– এথেন্স, গ্রিস।
- আধুনিক অলিম্পিকের প্রবর্তক– ব্যারন পিয়ারে দ্য কুবার্তো (ফ্রান্স)।
- আধুনিক অলিম্পিক অনুষ্ঠিত হয়– ৪ বছর পরপর।
- অলিম্পিকে প্রথম নারী অংশগ্রহণ করে– ১৯০০ সালে।
- এশিয়ার সর্বপ্রথম অলিম্পিক অনুষ্ঠিত হয় কোথায়– ১৯৬৪ সালে, জাপানের টোকিওতে।
- শীতকালীন অলিম্পিক শুরু হয়– ১৯২৪ সাল (ফ্রান্সের চ্যামোনিক্সে)।
- ফুটবল খেলার জন্ম যে দেশে– চীনে।
- ব্যালন ডি'অর অ্যাওয়ার্ড চালু হয়– ১৯৫৬ সালে।
- বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয়– ১৯৩০ সালে।
- বিশ্বকাপ ফুটবলের বর্তমান ট্রফির নাম– ফিফা ট্রফি। সরকারি নাম 'ফিফা ওয়ার্ল্ড কাপ'।
- বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় – ৪ বছর পরপর।
- জুলে রিমে কাপ তৈরি করা হয়– ১৯৩০ সালে।
- ফিফা কনফেডারেশন কাপে অংশগ্রহণকারী দল– ৮টি।
- ক্রিকেট খেলার জন্ম– ইংল্যান্ডে।
- ক্রিকেট খেলায় প্রতি দলে খেলোয়াড় থাকে– ১১ জন।
- টেস্ট ক্রিকেটে সর্বাধিক সেঞ্চুরিয়ান– শচীন টেন্ডুলকার (ভারত)।
- টেস্ট ইতিহাসের প্রথম ম্যাচে যে দেশ জয়ী হয়– অস্ট্রেলিয়া।
- ওয়ানডে ও টেস্টে সর্বাধিক রান সংগ্রাহক– শচীন টেন্ডুলকার (ভারত)।
- একদিনের ক্রিকেটে এক ম্যাচে সর্বোচ্চ রান সংগ্রাহক– রোহিত শর্মা, ভারত (২৬৪ রান)।
- আইসিসি অ্যাওয়ার্ড প্রদান শুরু হয় – ২০০৪ সালে।
- প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয়– কাঠমান্ডু (নেপাল): ১৯৮৪ সালে।
- বিশ্বের সবচেয়ে প্রাচীন খেলা – হকি (উৎপত্তি গ্রিসে)।
- টেনিস খেলার জন্ম – ইংল্যান্ডে।
- ব্যাডমিন্টন খেলার জন্ম – ১৮৬০ সালে।
- দাবা খেলার উৎপত্তি – ভারতে।
- ভলিবল খেলার উৎপত্তি হয় – যুক্তরাষ্ট্রে।
- ভলিবল খেলায় প্রতি দলে খেলোয়াড় থাকে – ৬ জন।
- কাবাডি খেলা সর্বপ্রথম শুরু হয় – ভারতে।
- কাবাডি খেলায় প্রতিদলে খেলোয়াড় – ১২ জন (খেলতে পারে ৭ জন)।
- বাংলাদেশের জাতীয় খেলার নাম – কাবাডি।
- বক্সিংয়ের উদ্ভাবক – থিসিয়াস।
- বক্সিংয়ে 'দ্য গ্রেটেস্ট' বলা হয়– মোহাম্মদ আলীকে।

খেলা সম্পর্কিত কাপ	খেলার নাম	খেলা সম্পর্কিত কাপ	খেলার নাম
এশিয়া কাপ	ফুটবল, ক্রিকেট	প্রেসিডেন্ট কাপ	ফুটবল (বাংলাদেশ)
ডার্বি	ঘোড়দৌড় (ইংল্যান্ড)	সাহারা কাপ	ক্রিকেট (কানাডা)
ডুরান্ড কাপ	ফুটবল (ভারত)	কিংস কাপ	এক্কার রেস (ইংল্যান্ড)
থমাস কাপ	বিশ্ব ব্যাডমিন্টন (পুরুষ)	জুলেরিমে ট্রফি	বিশ্বকাপ ফুটবল
উইম্বলডন ট্রফি	বিশ্ব লন টেনিস	অ্যাশেজ	ক্রিকেট (অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড)
চ্যাম্পিয়ন্স ট্রফি	আন্তর্জাতিক হকি	ফেডারেশন কাপ	ভলিবল (বিশ্বকাপ)।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. ফিফার কার্যালয় কোথায় অবস্থিত?
Ⓐ সুইজারল্যান্ড Ⓑ ইংল্যান্ড Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ ব্রাজিল Ans A

02. ক্রিকেট খেলার নিয়মাবলি প্রথম বিধিবদ্ধ হয়–
Ⓐ ১৭৭৪ সালে Ⓑ ১৮৭৫ সালে Ⓒ ১৭৫০ সালে Ⓓ ১৯০০ সালে Ans A

03. ক্রিকেট ব্যাট তৈরি করা হয় কোন গাছের কাঠ থেকে?
Ⓐ পাইন গাছ Ⓑ উইলো গাছ
Ⓒ সেগুন গাছ Ⓓ ইউক্যালিপটাস গাছ Ans B

04. ক্রিকেট খেলায় একটি নো-বলে নিচের কোন আউটটি হয়?
Ⓐ বোল্ড আউট Ⓑ ক্যাচ আউট Ⓒ রান আউট Ⓓ স্ট্যাম্প আউট Ans C

05. কতটি দেশ টেস্ট খেলার সদস্য?
Ⓐ ৮ Ⓑ ৯ Ⓒ ১২ Ⓓ ১৩ Ans C

06. টেস্ট ক্রিকেট শুরু হয় কত সালে?
Ⓐ ১৮৭২ সালে Ⓑ ১৮৯৩ সালে
Ⓒ ১৮৮৭ সালে Ⓓ ১৮৭৭ সালে Ans D

07. টেস্টে এক ইনিংসে সর্বোচ্চ রানের অধিকারী কে?
Ⓐ হানিফ মোহাম্মদ Ⓑ ম্যাথু হেইডেন
Ⓒ ব্রায়ান লারা Ⓓ গ্যারি সোবার্স Ans C

08. ২০২২ সালে এশিয়া কাপে রানার্স-আপ হয় কোন দেশ?
Ⓐ ভারত Ⓑ পাকিস্তান Ⓒ বাংলাদেশ Ⓓ শ্রীলঙ্কা Ans B

09. ২০২২ সালে এশিয়া কাপে চ্যাম্পিয়ন হয় কোন দেশ-
Ⓐ পাকিস্তান Ⓑ শ্রীলঙ্কা Ⓒ বাংলাদেশ Ⓓ ভারত Ans B

10. 'রিচার্ড হ্যাডলি' বিখ্যাত-
Ⓐ ফুটবলার হিসেবে Ⓑ টেনিস খেলোয়াড় হিসেবে
Ⓒ দৌড়বিদ হিসেবে Ⓓ ক্রিকেটার হিসেবে Ans D

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

বাংলাদেশ বিষয়াবলি

প্রশ্ন : বাংলাদেশের ভৌগোলিক অবস্থান বর্ণনা করুন।

উত্তর : এশিয়া মহাদেশের দক্ষিণাংশে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান। বাংলাদেশ একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। এদেশ ২০°৩৪′ উত্তর অক্ষরেখা থেকে ২৬°৩৮′ উত্তর অক্ষরেখার মধ্যে এবং ৮৮°০১′ পূর্ব দ্রাঘিমারেখা থেকে ৯২°৪১′ পূর্ব দ্রাঘিমারেখার মধ্যে অবস্থিত। বাংলাদেশের মাঝামাঝি স্থান দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে।

প্রশ্ন : ২০২৪ সালে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলন সম্পর্কে আলোচনা করুন।

উত্তর : চাকরী ক্ষেত্রে বৈষম্য দূর করতে কোটা সংস্কার আন্দোলন থেকে গণঅভ্যুত্থানে রূপ নেই। সরকারী চাকরীতে ৫৬% কোটা বিদ্যমান ছিল। ২০১৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদের আন্দোলনের চাপে নির্বাহী আদেশে কোটা বাতিল করা হয়। কিন্তু ২০২৪ সালে এই রায়ের বিরুদ্ধে আপিল করলে আদালত থেকে নির্বাহী আদেশ বাতিল করা হয় এবং পুনরায় কোটা বহাল হয়ে যায়। যার প্রেক্ষিতে সারা দেশে ছাত্ররা তীব্র আন্দোলন গড়ে তোলে। আইন শৃঙ্খলা বাহিনীর গুলিতে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদ নিহত হলে দাবানলের মত আন্দোলন ছড়িয়ে পড়ে এবং ছাত্রদের এই আন্দোলনের সর্বস্তরের সাধারণ মানুষ একাত্মতা ঘোষণা করে রাজপথে নামে। ৫ আগস্ট তীব্র আন্দোলনের মুখে তৎকালীন শেখ হাসিনা সরকারের পতন ঘটে।

প্রশ্ন : 'রেডজুলাই ডট লাইভ' কী?

জাহাঙ্গীরগনর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের উদ্যোগে বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত,আহত ও নিখোঁজ ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য খোলা ওয়েব পোর্টাল।

প্রশ্ন : 'দ্যা আর্ট অব ট্রায়াফ' কী?

বাংলাদেশে জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে এবং পরে রাজধানী ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা চিত্র বা গ্রাফিতি।

প্রশ্ন : '৩৬ জুলাই' কী?

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীরা ৬ জুলাই বলতে নির্দেশ করে ৫ আগস্টকে। দাবি আদায় না হওয়া পর্যন্ত জুলাই মাসের গণনা করার ঘোষণা করে বৈষম্যবিরোধী আন্দোলনকারীরা। ১ আগস্টকে গণনা করা হয় ৩২ জুলাই। ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের দিনটাকে গণনা করা হয় ৩৬ জুলাই।

প্রশ্ন : ড. মুহাম্মদ ইউনূসের 'তিন শূন্য নীতি' কী?

ড. মুহাম্মদ ইউনূস আলোচিত 'তিন শূন্য তত্ত্ব' ধারণা প্রদান করেন। তিন শূন্য তত্ত্ব হচ্ছে পৃথিবীতে দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা। তার লেখা '*A World of Three Zeros*' গ্রন্থটি ২২ টি ভাষায় অনূদিত হয়েছে।

প্রশ্ন : স্পারসো সম্পর্কে টিকা লিখুন।

উত্তর : SPARRSO - এর পুরো নাম Space Research and Remote Sensing Organization অর্থাৎ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন সংস্থা। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন এ কেন্দ্র ঢাকার আগারগাঁও এ অবস্থিত। ১৯৮০ সালে প্রতিষ্ঠিত স্পারসো কৃত্রিম স্যাটেলাইটের মাধ্যমে আবহাওয়া প্রজেকশন তৈরি করে। স্পারসো'র 'ল্যান্ড স্যাট' ও 'নোয়া' নামের কৃত্রিম উপগ্রহ ভূমি জরিপ কাজে নিয়োজিত।

প্রশ্ন : নদী কাকে বলে? বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ কোনটি? বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ কোনটি?

উত্তর : উঁচু পর্বত, মালভূমি বা উঁচু কোনো স্থান থেকে বৃষ্টি, প্রস্রবণ, হিমবাহ বা বরফ গলা পানির ক্ষুদ্র ক্ষুদ্র স্রোতধারার মিলিত প্রবাহ যখন মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে নির্দিষ্ট খাতে প্রবাহিত হয়ে সমভূমি বা নিম্নভূমির ওপর দিয়ে কোনো বিশাল জলাশয় বা হ্রদ অথবা সমুদ্রের সঙ্গে মিলিত হয়, তখন তাকে নদী বলে। বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ সুন্দরবন।

প্রশ্ন: ইকোপার্ক ও সাফারি পার্ক কি তা লিখ।

উত্তর: জীববৈচিত্র্য সংরক্ষণে প্রাণিকুলের অভয়ারণ্য গড়ে তোলার জন্য নির্মিত পার্ক সাফারি পার্ক এবং চিত্তবিনোদনের জন্য নির্মিত পার্ক ইকোপার্ক। বাংলাদেশের প্রথম ইকোপার্ক সীতাকুণ্ড, চট্টগ্রামে অবস্থিত। সাফারি পার্ক এক প্রকারের অভয়ারণ্য। তবে এটি প্রাকৃতিকভাবে গড়ে ওঠা জঙ্গলকে কেন্দ্র করে গড়ে তোলা হয়। বাংলাদেশের প্রথম বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক চকোরিয়া, কক্সবাজার অবস্থিত।

প্রশ্ন : "বাঙালি একটি সংকর জাতি"-ব্যাখ্যা করুন।

উত্তর : বর্তমান বাঙালি জাতি অস্ট্রিক, দ্রাবিড়, আর্য, মঙ্গোলীয়, সেমীয়, নিগ্রো ইত্যাদি জাতির রক্ত ধারায় এক বিচিত্র জনগোষ্ঠীরূপে যুগ যুগ ধরে গড়ে ওঠায় বাঙালি জাতিকে সংকর জাতি বলা যায়। বাঙালি জনগোষ্ঠীকে দুভাগে ভাগ করা যায়-প্রাক্ আর্য বা অনার্য নরগোষ্ঠী এবং আর্য নরগোষ্ঠী। আর্যপূর্ব জনগোষ্ঠী মূলত চার শাখায় বিভক্ত- নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনীয়। অস্ট্রো এশিয়াটিক বা অস্ট্রিক গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে বলে ধারণা করা হয়।

প্রশ্ন : পুণ্ড্রনগরীর বর্তমান নাম কী এবং কোন জেলায় অবস্থিত?

উত্তর : পুণ্ড্রনগরীর বর্তমান নাম মহাস্থানগড়, এটি বগুড়া জেলায় অবস্থিত।

প্রশ্ন : উয়ারী-বটেশ্বর এর প্রত্নতাত্ত্বিক গুরুত্ব আলোচনা কর।

উত্তর : উয়ারী-বটেশ্বর বাংলাদেশের গুরুত্বপূর্ণ প্রত্নস্থল। নরসিংদী জেলার বেলাব উপজেলা থেকে প্রায় তিন কিলোমিটার পশ্চিমে অবস্থিত উয়ারী এবং বটেশ্বর গ্রাম দুটি ছাপাঙ্কিত রৌপ্যমুদ্রার প্রাপ্তিস্থান হিসেবে দীর্ঘদিন থেকে পরিচিত। প্লাইস্টোসিন যুগে গঠিত মধুপুর গড়ের পূর্ব সীমান্তে অবস্থিত এ গ্রাম দুটিতেই নিবিড় অনুসন্ধান ও সীমিত প্রত্নতাত্ত্বিক খননে আবিষ্কৃত হয়েছে প্রায় আড়াই হাজার বছরের প্রাচীন দুর্গ। প্রত্নতাত্ত্বিক খননে উয়ারী প্রত্নস্থলে আবিষ্কৃত হয়েছে ৬০০ মি.আয়তনের চারটি মাটির দুর্গ-প্রাচীর। দুর্গ প্রাচীরের ৫-৭ ফুট উঁচু ধ্বংসপ্রাপ্ত কিছু অংশ এখনো টিকে আছে। দুর্গের পশ্চিম, দক্ষিণ-পশ্চিম ও দক্ষিণ-পূর্ব দিকে প্রায় ৫.৮ কি.মি. দীর্ঘ, ২০মি. প্রশস্ত ও ১০ মি. উঁচু অসম রাজার গড় নামে একটি মাটির বাঁধ রয়েছে। সম্ভবত এটি দ্বিতীয় দুর্গ প্রাচীর হিসেবে উয়ারী দুর্গনগরের প্রতিরক্ষার কাজ করত।

প্রশ্ন : কোন মুসলিম সর্বপ্রথম সমগ্র বাংলাদেশের অধিপতি হন?

উত্তর : সমগ্র বাংলাদেশের সর্বপ্রথম মুসলিম অধিপতি হন সুলতান শামসুদ্দিন ইলিয়াস শাহ।

প্রশ্ন : মুঘল সাম্রাজের প্রতিষ্ঠাতা কে?

উত্তর : মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা সম্রাট জহির উদ্দিন মুহম্মদ বাবর । তিনি ছিলেন জাতিতে তুর্কি (মুসলমান)। তিনি মাত্র ১২ বছর বয়সে ফারগানার সিংহাসনে আরোহণ করেন। মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয় ১৫২৬ সালে।

প্রশ্ন : বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ছয় দফার প্রভাব সম্পর্কে লিখুন ।

উত্তর : ১৮-২০ মার্চ ১৯৬৬ আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটিতে ছয় দফা গৃহীত হওয়ার পর বঙ্গবন্ধু ছয় দফার পক্ষে জনমত গড়ে তোলার জন্য বিভিন্ন স্থানে ২০ মার্চ থেকে ৮ মে পর্যন্ত ৩২টি জনসভায় বক্তব্য দেন। তিনি ছয় দফাকে 'আমাদের বাঁচার দাবি' আখ্যায়িত করেন। ফলে ছয় দফার পক্ষে দ্রুত ব্যাপক জনমত গড়ে ওঠে। ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে ছয় দফা কর্মসূচি ছিল নির্বাচনের মূল ইশতেহার। এ নির্বাচনে ছয় দফার পক্ষে নিরঙ্কুশ বিজয় অর্জিত হয়। তথাপি ছয় দফা কর্মসূচি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ১৯৭১ সালের পঁচিশে মার্চ পাকিস্তান হানাদার বাহিনী হত্যাযজ্ঞ শুরু করলে বঙ্গবন্ধুর নির্দেশে মহান মুক্তিযুদ্ধ শুরু হয়। দীর্ঘ নয় মাস এক রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্রশ্ন : পলাশির যুদ্ধ কবে সংঘটিত হয়?

উত্তর : ১৭৫৭ সালের ২৩ জুন পলাশির যুদ্ধ সংঘটিত হয়। পলাশির যুদ্ধ ভারতের ইতিহাসে নতুন যুগের সূচনা করে। এই যুদ্ধ সংঘটিত হয় নবাব সিরাজউদ্দৌলা ও ইংরেজদের মধ্যে।

প্রশ্ন : ১৯৭০ সালের পাকিস্তানের সাধারণ নির্বাচন সম্পর্কে লিখুন।

উত্তর : ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে ১৬২টি আসনের মধ্যে ১৬০টি আসন লাভ করে। সংরক্ষিত মহিলা আসনসহ আওয়ামী লীগ মোট ১৬৭টি আসন লাভ করে জাতীয় পরিষদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। আবার পূর্ব পাকিস্তানে প্রাদেশিক পরিষদের সংরক্ষিত মহিলা আসনসহ ৩১০টি আসনের মধ্যে আওয়ামী লীগ মোট ২৯৮টি আসন পেয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। ভোটের ফলাফল মূল্যায়নে দেখা যায়, মোট প্রদত্ত ভোটের মধ্যে আওয়ামী লীগ পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে ৭৫.১০% এবং প্রাদেশিক পরিষদে ৭০.৪৮% ভোট পায়।

প্রশ্ন : ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান সম্পর্কে সংক্ষেপে লিখুন।

উত্তর : ১৯৬৮ সালের নভেম্বর মাসে ছাত্র অসন্তোষকে কেন্দ্র করে যে আন্দোলন দানা বাঁধে তা একসময় ছড়িয়ে পড়ে শহর ও গ্রামের শ্রমিক-কৃষক ও সাধারণ মানুষের মাঝে। পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খানের স্বৈরশাসনের বিরুদ্ধে গড়ে ওঠে এক দুর্বার আন্দোলন, যা উনসত্তরের গণঅভ্যুত্থান হিসেবে পরিচিত। আইয়ুব খানের পতনকে কেন্দ্র করে পাকিস্তানের দুই অংশের মানুষ প্রথমবারের মতো একসাথে আন্দোলনে নামে। পাকিস্তান রাষ্ট্রের জন্মের পর থেকেই পূর্ব পাকিস্তানের প্রতি জাতিগত নিপীড়ন, বঞ্চনা ও বৈষম্যের বিরুদ্ধে জাতীয়তাবাদী আন্দোলন গড়ে ওঠে। উনসত্তরের গণঅভ্যুত্থান সৃষ্টিতে সেগুলো প্রত্যক্ষ প্রভাব রেখেছিল। উনসত্তরের গণঅভ্যুত্থান ছিল পাকিস্তান প্রতিষ্ঠার পরবর্তীকালের সবচেয়ে বড় আন্দোলন।

প্রশ্ন : শহিদ দিবস সম্পর্কে তোমার অনুভূতি দশ বাক্যে লেখ।

উত্তর : বাংলাদেশে ভাষা আন্দোলন হিসাবে ২১ ফেব্রুয়ারি একটি গৌরবোজ্জ্বল দিন। দিনটিকে বাংলাদেশি নাগরিকের কাছে 'শহিদ দিবস' বা 'মাতৃভাষা দিবস' হিসাবেও পরিচিত। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ভাষা আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে পুলিশি সংঘর্ষে সালাম, রফিক, বরকত, শফিউর এবং অহিউল্লাহ নামে এক বালক নিহত হন। সেদিনের বাংলা ভাষার জন্য শহিদ হওয়া মানুষদের স্মরণে প্রতি বছর এই দিনটিকে বাংলাদেশে রাষ্ট্রীয় মর্যাদায় পালন করা হয়। জাতিসংঘ এই দিনটিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করেছে।

প্রশ্ন : বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ৭ই মার্চের ভাষণের প্রভাব সম্পর্কে লিখুন।

উত্তর : ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীন রেসকোর্স ময়দানে ঐতিহাসিক ভাষণ দেন। ভাষণে তিনি বলেন, "প্রত্যেক গ্রাম, প্রত্যেক মহল্লায় আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গড়ে তোলো এবং তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো। মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"। তিনি মুক্তি সংগ্রামের জন্য সকলকে প্রস্তুত হওয়ার আদেশ দেন এবং দেশকে শত্রুমুক্ত করতে সর্বোচ্চ ত্যাগ স্বীকারের আহ্বান জানান। তাঁর এ ভাষণ স্বাধীন বাংলা বেতারকেন্দ্র থেকে 'বজ্রকণ্ঠ' নামে প্রচারিত হয়, যা বাঙালিকে স্বাধীনতা সংগ্রামে ঝাঁপিয়ে পড়তে অনুপ্রাণিত করে।

প্রশ্ন : কোথায় মুজিবনগর সরকার শপথগ্রহণ করে?

উত্তর : ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তান সামরিক বাহিনী কর্তৃক গণহত্যা শুরু হলে বিচ্ছিন্নভাবে বাঙালিরা তাদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে। মুক্তিযুদ্ধ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১০ এপ্রিল গঠিত হয় বাংলাদেশের প্রথম সরকার যা মুজিবনগর সরকার বা অস্থায়ী সরকার নামে পরিচিত। এ সরকার শপথগ্রহণ করে ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায়। শপথ অনুষ্ঠানে বিপুলসংখ্যক দেশি-বিদেশি সাংবাদিক ও গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

প্রশ্ন : ১৬ই ডিসেম্বর, ১৯৭১ সম্পর্কে ইংরেজিতে তোমার অনুভূতি লিখ।

Ans: The Victory day is a national holiday in Bangladesh celebrated on December 16 to commemorate the victory of the joint forces over the Pakistani forces in the Bangladesh Liberation War in 1971. The Commanding officer of the Pakistani Forces General AAK Niazi surrendered with his forces to the joint forces of India and Bangladesh, which marked the end of the 9 month-long struggle.

প্রশ্ন : গুচ্ছ পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা সম্পর্কে তোমার মতামত উপস্থাপন কর।

উত্তর : একজন শিক্ষার্থী যেকোনো একটি বিশ্ববিদ্যালয়ে মাত্র একটি বিষয়ে ভর্তি হয়। অথচ তাকে অনিশ্চয়তা মাথায় নিয়ে দেশময় ঘুরে বেড়াতে হয় এক বিশ্ববিদ্যালয় থেকে আরেক বিশ্ববিদ্যালয়ে। এতে অর্থ ও সময় তো নষ্ট হয়ই, অনিশ্চয়তা মাথায় নিয়ে ছোটাছুটির কষ্ট করতে হয় তার চেয়েও বেশি। গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেওয়া গেলে শিক্ষার্থীদের হয়রানি আর অর্থের অপচয় কমে যাবে। বিশেষ করে নারী শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ আরও প্রশস্ত হবে, কারণ এখন ইচ্ছা থাকলেও সব জায়গায় পরীক্ষা দেওয়া তাদের সবার পক্ষে সম্ভব হয় না।

প্রশ্ন : ডিজিটাল বাংলাদেশ বলতে কি বোঝো?

উত্তর : ডিজিটাল বাংলাদেশ বলতে আসলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে গড়ে তোলা আধুনিক বাংলাদেশকে বোঝানো হয়। সব ধরনের প্রযুক্তি ব্যবহার করে এই দেশের শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান এবং দারিদ্র্য মোচনের অঙ্গীকার বাস্তবায়ন হচ্ছে ডিজিটাল বাংলাদেশের লক্ষ। এই লক্ষ্যে পৌঁছানোর জন্যে আমাদের পুরাতন মানসিকতার পরিবর্তন করে ইতিবাচক বাস্তবতা এবং উদ্ভাবনী চিন্তা করা খুব জরুরি। ডিজিটাল বাংলাদেশের পেছনের মূল কথাটি হচ্ছে দেশের মানুষের জন্যে গণতন্ত্র, মানবাধিকার, স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং সুবিচার নিশ্চিত করা এবং সেগুলোর জন্যে প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করা। তার চূড়ান্ত লক্ষ হচ্ছে সকল শ্রেণির সব ধরনের মানুষের জীবনের মান উন্নয়ন।

প্রশ্ন: বাংলাদেশের কোন নদী প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হিসেবে পরিচিত? এটি কোন জেলার নদী?

উত্তর: হালদা নদী বাংলাদেশের পূর্ব-পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। নদীটি পার্বত্য চট্টগ্রামের বাদনাতলী পাহাড় হতে উৎপন্ন হয়ে ফটিকছড়ির মধ্য দিয়ে চট্টগ্রাম জেলায় প্রবেশ করেছে। এটিই পৃথিবীর একমাত্র জোয়ার ভাটার নদী যেখানে রুই জাতীয় মাছ ডিম ছাড়ে এবং নিষিক্ত ডিম সংগ্রহ করা হয়। সম্প্রতি হালদা নদীকে 'বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ' হিসেবে ঘোষণা করা হয়।

প্রশ্ন : পরিবেশ রক্ষায় সুন্দরবনের গুরুত্ব ব্যাখ্যা কর।

উত্তর : বিশ্ব ঐতিহ্য সুন্দরবন খুলনায় অবস্থিত, যা বিশ্বের সর্ববৃহৎ ম্যানগ্রোভ বনাঞ্চল। এ বনে রয়েছে সাড়ে তিনশ' প্রজাতির পাখি। সুন্দরবনই দক্ষিণাঞ্চলের পরিবেশ-প্রতিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। পৃথিবীতে জীববৈচিত্র্য রক্ষার জন্য বন অপরিহার্য। বনই প্রকৃতির শক্তির আধার। জীবন ও জীবিকার জন্য সুন্দরবন খাদ্য, আশ্রয়, ওষুধ, ছায়া, বিনোদন ও বায়ু সরবরাহ করে। তাই দ্রুত পরিবর্তনশীল জলবায়ুর প্রভাব থেকে রক্ষা পাওয়ার ক্ষেত্রে সুন্দরবনের ভূমিকা অপরিসীম। বঙ্গোপসাগরের তীরে গড়ে ওঠা ম্যানগ্রোভ বন সুন্দরবন ভয়ংকর ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস থেকে বারবার উপকূলবাসীকে মায়ের মতো আগলে রেখেছে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্র : বাংলাদেশ কোটাবিহীন বাজারে পোশাক রপ্তানি শুরু করে কোন সালে?

উত্তর : ২০০৫ সালে।

প্র : বাংলাদেশের তৈরি পোশাকের সবচেয়ে বড় বাজার কোনটি?

উত্তর : যুক্তরাষ্ট্র।

প্র : কর্ণফুলি কাগজকল কোথায় অবস্থিত? এটির প্রতিষ্ঠা এবং কাঁচামালের বিবরণ দাও।

উত্তর : কর্ণফুলি কাগজ কল রাঙামাটির চন্দ্রঘোনায় অবস্থিত। কাগজ কলটি প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালে। কর্ণফুলি কাগজকলে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয় বাঁশ। এটি বাংলাদেশের প্রথম কাগজকল এবং BCIC নিয়ন্ত্রণাধীন একমাত্র কাগজকল।

প্র : সমুদ্র অর্থনীতি (Blue Economy) সম্পর্কে টিকা লিখুন।

উত্তর : ব্লু ইকোনমি, বাংলায় যাকে আমরা বলছি সমুদ্র অর্থনীতি। ২০১০ সালে অধ্যাপক গুন্টার পাউলি ভবিষ্যতের অর্থনীতির রূপরেখা প্রণয়নের জন্য জাতিসংঘ কর্তৃক আমন্ত্রিত হন। সেখানেই একটি টেকসই ও পরিবেশবান্ধব মডেল হিসেবে 'ব্লু ইকোনমির' ধারণা দেন। জেনে রাখা ভালো, বিশ্বের কাছে গুন্টার পাউলি টেকসই উন্নয়নের 'স্টিভ জবস' হিসেবে পরিচিত। সমুদ্রের সুনীল জলরাশির অন্তরালে থাকা বিপুল অর্থনৈতিক সম্ভাবনা যার প্রধান বিষয়। তার ধারণা অনুযায়ী সমুদ্র অর্থনীতিতে, অর্থনৈতিক সম্ভাবনার সাথে সাথে অন্তর্ভুক্ত থাকতে হবে সাধারণ জনগণের সুযোগ-সুবিধা, ভাবতে হবে পরিবেশের কথা, থাকতে হবে উদ্ভাবনী এবং গতিশীল ব্যবসায়িক চিন্তা-ভাবনা।

প্র : বাংলাদেশের সংবিধান সংশোধনের বিধানাবলি বর্ণনা করুন।

উত্তর : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪২ অনুচ্ছেদে বলা হয়েছে- সংসদের আইন দ্বারা এই সংবিধানের কোনো বিধান সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত হতে পারবে।

প্র : যুদ্ধাপরাধ বলতে কী বোঝেন?

উত্তর : যুদ্ধাপরাধ হচ্ছে কোনো যুদ্ধ বা সামরিক সংঘাত চলাকালীন সময়ে কোনো ব্যক্তি কর্তৃক বেসরকারি জনগণের বিরুদ্ধে সংগঠিত, সমর্থিত নির্দিষ্ট সংজ্ঞায়িত অপরাধ কর্মকাণ্ডসমূহ। আন্তর্জাতিক মানবাধিকার আইন অনুসারে যুদ্ধকালীন সংঘাতের সময় বেসরকারি জনগণকে খুন, লুণ্ঠন, ধর্ষণ, কারাগারে আটকাদেশ ব্যক্তিকে হত্যা, নগর-বন্দর, হাসপাতাল কোনো ধরনের সামরিক টনকানি ছাড়াই ধ্বংস প্রভৃতি যুদ্ধাপরাধ হিসেবে বিবেচিত হয়।

প্র : সংবিধানের সংজ্ঞা দিন।

উত্তর : সংবিধান হলো একটি রাষ্ট্রের দর্পণ বা প্রতিচ্ছবি। সংবিধান হলো এমন এক বিশেষ দর্পণ যার মধ্যে একটি জাতির জীবনপদ্ধতি ফুটে ওঠে। একটি রাষ্ট্রের গঠনকাঠামো কীরূপ হবে, সরকারের বিভিন্ন বিভাগের মধ্যে ক্ষমতা কীভাবে বণ্টিত হবে, ব্যক্তি ও সরকারের মধ্যে সম্পর্ক কীরূপ হবে ইত্যাদি বিষয়ে কতগুলো সুনির্দিষ্ট নিয়ম থাকে। এ নিয়ম লিখিত হতে পারে বা অলিখিত হতে পারে। এ নিয়মকানুনগুলোকে শাসনতন্ত্র বা সংবিধান বলে।

অ্যারিস্টটল বলেছেন, "সংবিধান হলো রাষ্ট্রের পছন্দকৃত জীবন-প্রণালি"।

প্র : প্রশাসনিক ট্রাইব্যুনাল।

উত্তর : প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রজাতন্ত্রের কোনো বিষয় অথবা কোনো সংবিধিবদ্ধ সংস্থায় উদ্ভূত বিষয় নিষ্পত্তি বা বিচারের দায়িত্বপ্রাপ্ত সালিশ-সভা। একদিকে রাষ্ট্রের নির্বাহী প্রতিষ্ঠান ও আমলাদের এবং অন্যদিকে, বেসরকারি সংস্থা ও নাগরিকদের মধ্যকার সৃষ্ট বিরোধ প্রশাসনিকভাবে বিচার-নিষ্পত্তির অনুশীলনের ধারণা থেকেই প্রশাসনিক ট্রাইব্যুনালের উদ্ভব। বাংলাদেশ সংবিধানের ১১৭ অনুচ্ছেদে প্রশাসনিক ট্রাইব্যুনালের বিধান রাখা হয়েছে।

প্র : সাংবিধানিক পদ বলতে কী বোঝায়?

উত্তর : যেসব পদের বিরোধ, কার্যকাল, অর্হতা পরিধি প্রভৃতি সংবিধানে লিপিবদ্ধ থাকে, সেসব পদকে সাংবিধানিক পদ বলে। সাংবিধানিক পদ ৯টি। যথা: রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পিকার ও ডেপুটি স্পিকার, অ্যাটর্নি জেনারেল, সংসদ সদস্যগণ, সুপ্রিম কোর্টের বিচারপতিগণ, প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য সদস্যগণ, পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি ও অন্যান্য সদস্যগণ, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।

প্র : সুশাসন (Good Governance) সম্পর্কে টিকা লিখুন।

উত্তর : 'সুশাসন' ধারণাটি বিশ্বব্যাংকের উদ্ভাবিত একটি ধারণা। একটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বিশ্বব্যাংক সর্বপ্রথম উন্নয়নের প্রেক্ষাপটে 'সুশাসন' ধারণাটিকে গুরুত্বপূর্ণ করে তোলে। ১৯৮৯ সালে বিশ্বব্যাংকের এক সমীক্ষায় সর্বপ্রথম 'সুশাসন' প্রত্যয়টি ব্যবহার করা হয়। ২০০০ সালে বিশ্বব্যাংক প্রকাশ করে যে, গুড গভর্নেন্স বা সুশাসন চারটি প্রধান স্তম্ভের ওপর নির্ভরশীল। এ চারটি স্তম্ভ হলো- ১. দায়িত্বশীলতা, ২. স্বচ্ছতা, ৩. আইনি কাঠামো ও ৪. অংশগ্রহণ। বিশ্বব্যাংক (World bank)-এর মতে, "সুশাসন হচ্ছে এমন একটি প্রক্রিয়া যেখানে উন্নয়নের লক্ষ্যে একটি দেশের অর্থনৈতিক ও সামাজিক সম্পদ ব্যবস্থাপনার জন্য ক্ষমতা প্রয়োগ করা হয়"।

প্র : সার্বভৌমত্ব সম্পর্কে টিকা লিখুন।

উত্তর : রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান, সার্বভৌমত্ব। সার্বভৌমত্বের ধারণা অতি প্রাচীন। তবে, আধুনিক রাষ্ট্রের উদ্ভবের সাথে সাথে এ ধারণাটি আরও স্পষ্ট ও বিকাশ লাভ করেছে। সার্বভৌমত্ব বলতে রাষ্ট্রের নিরঙ্কুশ, সর্বোচ্চ ও অবাধ ক্ষমতাকে বোঝায়। সার্বভৌমত্ব কোনো দেশ বা রাষ্ট্রের অভ্যন্তরীণ এবং অন্যান্য রাষ্ট্রের সঙ্গে সম্পর্ক নির্ধারণের চূড়ান্ত ক্ষমতাকে নির্দেশ করে। সার্বভৌমত্ব কোনো পরিচালনা পর্ষদের বাইরের কোনো উৎস বা সংগঠনের হস্তক্ষেপ ছাড়া কাজ করার পূর্ণ অধিকার ও ক্ষমতা। রাজনৈতিক তত্ত্ব অনুযায়ী সার্বভৌমত্ব কোনো একটি রাষ্ট্রব্যবস্থার ওপর সর্বোচ্চ ক্ষমতা নির্দেশকারী একটি গুরুত্বপূর্ণ পরিভাষা।

প্র : স্থানীয় সরকার ব্যবস্থা সম্পর্কে টিকা লিখুন।

উত্তর : একটি দেশের অর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে স্থানীয় সরকার অনেক বড় ভূমিকা পালন করতে পারে। বাংলাদেশের ক্ষেত্রেও এর ব্যতিক্রম নয়। আধুনিক রাষ্ট্র ব্যবস্থায় শাসনকার্য পরিচালনার সুবিধার্থে ক্ষুদ্র ক্ষুদ্র এলাকায় বিভক্ত করে প্রশাসন পরিচালনার জন্য পৃথক পৃথক শাসন ব্যবস্থা গড়ে তোলা হয়। এই পৃথক পৃথক শাসনই স্থানীয় সরকার ব্যবস্থা। বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থা গ্রামীণ পর্যায়ে তিন স্তরবিশিষ্ট : ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদকে বোঝায়।

প্র : কেন্দ্রীয় শহিদ মিনারের অবস্থান এবং স্থপতি সম্পর্কে কর্না দাও।

উত্তর : কেন্দ্রীয় শহিদ মিনারের অবস্থান ঢাকা মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে। কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয় ১৯৫৬ সালের ফেব্রুয়ারি মাসে এবং উদ্বোধন করা হয় ২১ ফেব্রুয়ারি ১৯৬৩। কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

প্র : জাতীয় জাদুঘর কোথায় অবস্থিত এবং এর স্থপতি কে?

উত্তর : বাংলাদেশ জাতীয় জাদুঘর ঢাকার শাহবাগে অবস্থিত। লর্ড কারমাইকেল ২০ মার্চ ১৯১৩ এটি প্রতিষ্ঠা করেন এবং উদ্বোধন করা হয় ৭ আগস্ট ১৯১৩। ১৭ নভেম্বর ১৯৮৩ এটিকে জাতীয় জাদুঘরের মর্যাদা দেয়া হয়।

প্র : In which year Bangladesh got test status in international cricket?

উত্তর : 26 June 2000.

প্র: বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের অভিষেক হয় কোন সালে এবং কোন দেশের বিপক্ষে?

উত্তর: ১৯৯৯ সালে ইংল্যান্ডে অনুষ্ঠিত ৭ম বিশ্বকাপে বাংলাদেশ প্রথমবারেরমতো অংশগ্রহণ করে। বাংলাদেশ বিশ্বকাপে প্রথম ম্যাচ খেলে নিউজিল্যান্ডের বিপক্ষে ১৭ মে ১৯৯৯। এই বিশ্বকাপে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন আমিনুল ইসলাম বুলবুল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আন্তর্জাতিক বিষয়াবলি

প্রশ্ন : 'ফ্যাসিবাদ' সম্পর্কে আলোচনা করুন।

ফ্যাসিবাদ (Fascism) শব্দটি উদ্ভূত হয়েছে ইতালীয় শব্দ– fascismo fascio শব্দ থেকে; যার অর্থ লাঠির বান্ডিল। ফ্যাসিবাদ ধারণাটির উৎপত্তি হয় ইতালিতে প্রথম বিশ্বযুদ্ধের পরে। ফ্যাসিবাদ আন্দোলনের মাধ্যমে ইউরোপে আগমন ঘটে উগ্র ডানপন্থি জাতীয়তাবাদের। সাধারণত কোন রাজনৈতিক দলকে ফ্যাসিবাদী বলা হয় স্বৈরাচারী নেতৃত্ব, বিরোধীদের জোরপূর্বক দমন এবং রাষ্ট্রের সকল বিভাগের ওপর কঠোর নিয়ন্ত্রণ আরোপ করা। ইউরোপের প্রথম ফ্যাসিস্ট নেতা ছিলেন বেনিতো মুসোলিনি (ফ্যাসিবাদের জনক বলা হয়)। ফ্যাসিবাদের সবচেয়ে বড় দৃষ্টান্ত স্থাপন করেছে এডলফ হিটলার।

প্রশ্ন : আল-আকসা ফ্লাড কী?

ইসরায়েলের বিরুদ্ধে **'অপারেশন আল-আকসা ফ্লাড'** ঘোষণা করে হামাস। ৭ অক্টোবর ২০২৩ ইসরায়েলের সীমান্তবর্তী কিবুৎজে শহরে অনুষ্ঠিত সংগীত উৎসব **সুপারনোভা ফেস্টিভালে** হামাস অভিযান শুরু করে। হামাসের সশস্ত্র বাহিনী ইসরায়েলের মূল ভূখণ্ডে ঢুকে পড়ে।

প্রশ্ন : ডুরান্ড লাইন কী? এ লাইন কোন কোন দেশের সীমানা নির্ধারণ করেছে?

উত্তর : স্যার হেনরি মর্টিমার ডুরান্ড কর্তৃক ১৮৯৬ সালে তৎকালীন ব্রিটিশ ভারত ও আফগানিস্তানের মধ্যে যে সীমারেখা চিহ্নিত হয় তা 'ডুরান্ড লাইন' নামে পরিচিত। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর পাকিস্তান ডুরান্ড লাইন বরাবর সীমান্তের উত্তরাধিকার লাভ করে। ফলে বর্তমানে এ লাইন পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে সীমানা চিহ্নিতকরণ রেখা।

প্রশ্ন : সেভেন সিস্টার্স বোঝায় কী বোঝায়? সেভেন সিস্টার্সভুক্ত কয়টি রাজ্যের সাথে বাংলাদেশের সীমানা নেই? রাজ্যগুলোর নাম উল্লেখ কর।

উত্তর: ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় সাতটি অঙ্গরাজ্যকে একত্রে সেভেন সিস্টার্স বলা হয়। যে ৩টির সাথে বাংলাদেশের সীমানা নেই সেগুলো হলো- মণিপুর, নাগাল্যান্ড ও অরুণাচল।

প্রশ্ন: কাশ্মীর সমস্যার কারণ কী তা লিখ।

উত্তর: ১৯৪৭ সালে ব্রিটিশ শাসনের অবসানকালে কাশ্মীর ছিল হিন্দুরাজা শাসিত মুসলিম সংখ্যাগরিষ্ঠ একটি করদ রাজ্য। মুসলিম সংখ্যাগরিষ্ঠ হওয়ায় এই রাজ্য পাকিস্তানের সাথে একীভূত হওয়ার কথা থাকলেও কাশ্মীরের শেষ রাজা হরি সিং ভারতের সাথে যোগদান করেন। এভাবেই কাশ্মীরের ৪৩% ভূমি ভারতের নিয়ন্ত্রণে, ৩৭% ভূমি পাকিস্তানের নিয়ন্ত্রণে এবং ২০% ভূমি চীনের নিয়ন্ত্রণে রয়েছে। কাশ্মীর নিয়ে ভারত পাকিস্তানের মধ্যে ১৯৪৭, ১৯৬৫, ১৯৯৯ সালে মোট ৩ বার যুদ্ধ হয়েছে। কাশ্মীর নিয়ে ভারত-চীনের মধ্যে যুদ্ধ হয় ১৯৬২ সালে।

প্রশ্ন : রোহিঙ্গা কারা? তাদের সমস্যাগুলো সংক্ষেপে লিখ।

উত্তর : রোহিঙ্গা হলো পশ্চিম মিয়ানমারের রাখাইন রাজ্যের একটি রাষ্ট্রবিহীন ইন্দো-আর্য জনগোষ্ঠী। ১৯৮২ সালে 'বার্মিজ নাগরিকত্ব আইন' করে রোহিঙ্গাদের নাগরিকত্ব বাতিল করা হয়েছে। ১৯৭৮ সালে জেনারেল নে উইন বার্মার রাখাইন প্রদেশে মুসলিম সশস্ত্র রোহিঙ্গাদের দমন করতে 'অপারেশন কিং ড্রাগন' পরিচালনা করে। ২০১৭ সালের ২৫ আগস্ট মোট সাত লাখেরও অধিক রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করেছে। বর্তমানে মোট ১১ লাখেরও বেশি বাস্তুচ্যুত রোহিঙ্গা বাংলাদেশে অবস্থান করছে।

প্রশ্ন : পশ্চিম তীর সম্পর্কে টীকা লেখ।

উত্তর : পশ্চিম তীর জর্ডান নদীর তীর ঘেঁষে অবস্থিত পার্বত্য সমভূমি অঞ্চল। ১৯৬৭ সালের ছয় দিনের যুদ্ধে জর্ডানের কাছ থেকে দখল করার পর থেকে এটি ইসরায়েলের অধিকারে ছিল। বর্তমানে এটি ফিলিস্তিন সরকারের নিয়ন্ত্রণাধীন একটি স্বায়ত্তশাসিত অঞ্চল। ২৯ আগস্ট ১৯৯৪ ইসরায়েল ফিলিস্তিন চুক্তি স্বাক্ষরের পর থেকে ইসরায়েল জেরিকো শহরসহ পশ্চিম তীর ফিলিস্তিনি পুলিশের কাছে হস্তান্তর করে এবং ১৯৯৭ সালের ১৫ জানুয়ারি আরেকটি চুক্তির মাধ্যমে সম্পূর্ণ সৈন্য প্রত্যাহার করে নেয়। চুক্তি অনুযায়ী পশ্চিম তীরের জনস্বাস্থ্য, আয়কর, শিক্ষা, পর্যটন ইত্যাদি থাকবে ফিলিস্তিনি কর্তৃপক্ষের হাতে এবং প্রতিরক্ষা ও বৈদেশিক বিষয়সমূহ থাকবে যৌথ বাহিনীর হাতে।

প্রশ্ন : 'ডেড সি' কী? এটি কোথায় অবস্থিত? ডেড সি-তে কোনো জীবন্ত প্রাণ নেই কেন?

উত্তর : ডেড সি বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ লবণাক্ত পানির প্রাকৃতিক আধার। সমুদ্রপৃষ্ঠ থেকে ৪২০ মিটার (১৩৭৮ ফিট) নিচে। এটি পৃথিবীর নিম্নতম স্থলভূমি। এর লবণাক্ততা শতকরা ৩০ ভাগ এবং এটি সমুদ্রের পানির চাইতে ৮.৬ গুণ বেশি লবণাক্ত। ধারণা করা হয়, অতিরিক্ত লবণই এখানে প্রাণ না থাকার কারণ।

প্রশ্ন: 'একদেশ দুই নীতি' বলতে কী বোঝায়? সংশ্লিষ্ট দেশটির নাম কী?

উত্তর : 'এক দেশ দুই নীতি' ব্যবস্থা চালু আছে চীনে। ১ জুলাই ১৯৯৭ ব্রিটেন হংকং-কে চীনের কাছে হস্তান্তর করে। চীনের অন্তর্ভুক্তির পূর্বে হংকং-এ মুক্তবাজার অর্থনীতি বিদ্যমান ছিল। যদিও চীনে ছিল সমাজতান্ত্রিক অর্থনীতি, কিন্তু অন্তর্ভুক্তির পরেও হংকং এ পূর্বের মুক্তবাজার অর্থনীতি ২০৪৭ সাল পর্যন্ত বজায় থাকবে। যেহেতু চীনের অন্তর্ভুক্তির পরেও হংকং-এ চীনের থেকে ভিন্ন নীতি বজায় থাকবে তাই চীনকে দুই নীতি ব্যবস্থার দেশ বলা হয়। অর্থব্যবস্থা ছাড়াও রাজনীতি, সংস্কৃতি সর্বত্রই হংকং-এ পূর্বের অবস্থা বজায় থাকবে।

প্রশ্ন: চীনের প্রাচীর কী জন্য নির্মাণ করা হয়েছিল?

উত্তর : খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকে এই অঞ্চলের সম্রাট বহিঃশত্রুর হাত থেকে নিজেদের রক্ষা করার জন্য চীনের উত্তর অঞ্চলে একটি প্রাচীর নির্মাণ করেন। কিন্তু পরবর্তী সময়ে এর বেশকিছু অংশ ধ্বংস হয়ে যায়। চীনের তৎকালীন কিন রাজবংশ পুনরায় এই নির্মাণকাজ শুরু করেন। কিন রাজা ছিন শি হুয়াং ছিলেন একজন বীর যোদ্ধা ও রাজ্যবিজেতা। তিনি পার্শ্ববর্তী অঞ্চলসমূহ জয় করলে নিজ অধিগৃহীত অঞ্চল সুরক্ষা করাই প্রধান দায়িত্ব হয়ে যায়। যাযাবর মঙ্গলদের আক্রমণের হাত থেকে বাঁচার জন্য প্রাচীরের নির্মাণ কাজে হাত দেন এবং এটি সম্পন্ন করে তার উদ্দ্যেশ্য সফল করেন।

প্রশ্ন : নেলসন ম্যান্ডেলা সম্পর্কে টিকা লিখুন।

উত্তর : নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা। তিনি দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের পথিকৃৎ। তাঁর জন্ম ১৮ জুলাই ১৯১৮ ট্রান্সস্কিতে। African National Congress-এর নেতা হিসেবে তিনি দক্ষিণ আফ্রিকায় শ্বেতাঙ্গদের বিরুদ্ধে বর্ণবাদবিরোধী আন্দোলনে নেতৃত্ব দেন। এর ফলে ১৯৬২ সালে তিনি কারারুদ্ধ হন এবং দীর্ঘ ২৭ বছর কারাভোগের পর মুক্তি লাভ করেন ১১ ফেব্রুয়ারি ১৯৯০। ১৯৯৩ সালে তিনি নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হন। ১৯৯৪ সালে তিনি দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট পদে নির্বাচিত হন এবং ১৯৯৯ সালে প্রেসিডেন্সি মেয়াদ শেষ হলে রাজনীতি থেকে অবসর গ্রহণ করেন। তাঁর কারাভোগ ও আত্মত্যাগের স্মৃতি নিয়ে তিনি A Long Walk to Freedom নামক একটি আত্মজীবনী লেখেন। ৫ ডিসেম্বর ২০১৩ এ মহান ব্যক্তি মৃত্যুবরণ করেন।

প্রশ্ন. ফরাসি বিপ্লব সম্পর্কে টীকা লেখ।

উত্তর : মানব ইতিহাসের অন্যতম গুরুত্বপূর্ণ বিপ্লব হিসেবে স্বীকৃত ফরাসি বিপ্লব। এ বিপ্লবের পিছনে ছিল নানাবিধ কারণ। অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সে রোমান ক্যাথলিক চার্চ এবং ভলতেয়ার, দিদেরো, রুশো প্রমুখ দার্শনিকদের চিন্তাধারা ও রচনায় ফরাসি জনগণ, অভিজাত সম্প্রদায়, আইনজীবী, ব্যবসায়ী প্রমুখ বিপ্লবী চেতনায় উজ্জীবিত হয়। ফলে তৎকালীন স্বৈরাচারী রাজতন্ত্রের বিরুদ্ধে তারা তীব্র আন্দোলন ও প্রতিরোধ গড়ে তোলে। রাজধানী প্যারিসে শ্রমিক ও সাধারণ জনগণ খাদ্যের দাবিতে প্রবল দাঙ্গা-হাঙ্গামা শুরু করে, রাস্তায় রাস্তায় ব্যারিকেড সৃষ্টি করে এবং আগ্নেয়াস্ত্রের দোকান লুণ্ঠন করে। ১৪ জুলাই ১৭৮৯ তারা রাজতন্ত্রের অত্যাচারের প্রতীক বাস্তিল দুর্গ আক্রমণ ও ধ্বংস করে। বাস্তিল দুর্গের পতনের সঙ্গে সঙ্গে বিপ্লবী জনগণ প্যারিসের পৌরসভার শাসনভার গ্রহণ করে এবং রাজ্যের শাসনকে খর্ব করে দেয়।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্রশ্ন : চার্লস ডি গল।

উত্তর : ডি গল (Charles de Gaulle) জন্ম ১৮৯০ সালের ২২ নভেম্বর, ফ্রান্সে। তিনি প্রথম বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করেন। ১৯৪০ সালের মে মাসে নাৎসি বাহিনী ফ্রান্স অধিকার করে নিলে তিনি শত্রুবাহিনীর বিরুদ্ধে বেশ কয়টি সফল চ্যাক অভিযান চালান, লাভ করেন মার্শাল উপাধি। বিজয়ী নাৎসি বাহিনীর কাছে পরাজিত ফরাসি সরকার আত্মসমর্পণ করলে ডি গল লন্ডনে পালিয়ে যান এবং বেতারযোগে স্বদেশবাসীর প্রতি প্রতিরোধ সংগ্রাম অব্যাহত রাখার আহ্বান জানাতে থাকেন। ফলে তার অনুপস্থিতিতেই তাঁকে মৃত্যুদণ্ড দেয়া হয়। ১৯৪৩ সালে তিনি অস্থায়ী সরকার গঠন করেন এবং প্রেসিডেন্ট নির্বাচিত হন। তার মৃত্যু হয় ১৯৭০ সালের ৯ নভেম্বর।

প্রশ্ন : NASA-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

উত্তর : NASA-এর পূর্ণরূপ হচ্ছে National Aeronautics and Space Administration। এটি যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংক্রান্ত সংস্থা। এর সদরদপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। ১৯৫৮ সালে সোভিয়েত ইউনিয়নের মহাকাশ সাফল্যের প্রতিক্রিয়ায় এ সংস্থাটি প্রতিষ্ঠা করা হয়।

প্রশ্ন : 'ওয়াটার গেইট' কেলেঙ্কারি কী?

উত্তর : 'ওয়াটার গেইট' মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে অবস্থিত একটি ঐতিহাসিক ভবন। এ ভবনে যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক পার্টির সদর দপ্তর ছিল। ১৯৭২ সালে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের সময় ক্ষমতাসীন রিপাবলিকান প্রেসিডেন্ট নিক্সন নির্বাচনের সুবিধার্থে ওয়াটারগেটে ডেমোক্রেটিক পার্টির সদর দপ্তরে গোপনে একটি আড়ি পাতার ইলেকট্রনিক যন্ত্র বসায়। এর মাধ্যমে রিপাবলিকানরা সেই দলের তথ্য সংগ্রহ করে। পরবর্তীতে ১৭ জুন ১৯৭২ এ ঘটনা ফাঁস হয়ে গেলে একটি বিচার বিভাগীয় তদন্ত কমিটির তদন্তে ঘটনার সত্যতা প্রমাণিত হয়। ইমপিচমিন্টের সম্মুখীন হওয়ার আগেই প্রেসিডেন্ট নিক্সন স্বীয় অপরাধ স্বীকার করেন এবং ৯ আগস্ট ১৯৭৪ পদত্যাগ করেন। এ ঘটনাই ইতিহাসে 'ওয়াটারগেট কেলেঙ্কারি' নামে পরিচিত।

প্রশ্ন. আর্জেন্টিনা কত সালে ফকল্যান্ড দ্বীপ দখল করে নিয়েছিল?

উত্তর : আর্জেন্টিনা ২ এপ্রিল ১৯৮২ ব্রিটেনের নিয়ন্ত্রণাধীন ফকল্যান্ড দ্বীপ দখল করে। আর্জেন্টিনার উপকূল থেকে প্রায় ৪০০ মাইল পূর্বে দক্ষিণ আটলান্টিক মহাসাগরে অবস্থিত দ্বীপ ফকল্যান্ড। ২১৯৬ বর্গ কি.মি. আয়তনবিশিষ্ট ব্রিটেনের উপনিবেশ এই দ্বীপপুঞ্জটির ওপর ১৯২০ সালে থেকে আর্জেন্টিনা তাদের সার্বভৌমত্ব দাবি করে আসছিল। তারপর ১৯৮২ সালে এক সামরিক অভিযানের মাধ্যমে আর্জেন্টিনা দ্বীপটি দখল করে নেয়। একই বছর এ দ্বীপকে কেন্দ্র করে ব্রিটেনের সাথে আর্জেন্টিনার যুদ্ধ বাঁধে। যুদ্ধে ব্রিটেন জয়ী হয়। এ যুদ্ধে ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচারের বলিষ্ঠ ভূমিকার কারণে তিনি 'লৌহমানবী' হিসেবে খ্যাতি অর্জন করেন।

প্রশ্ন: অস্ট্রেলিয়া কোন গোলার্ধে অবস্থিত? এ মহাদেশের উষ্ণতম ও শীতলতম মাসের নাম লিখ।

উত্তর: অস্ট্রেলিয়া মহাদেশ দক্ষিণ গোলার্ধে অবস্থিত। দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন ২২ ডিসেম্বর। এই দিন সূর্য দক্ষিণ গোলার্ধের সবচেয়ে নিকটে অবস্থান করে। তাই ডিসেম্বর-জানুয়ারি অস্ট্রেলিয়া মহাদেশের উষ্ণতম মাস এবং জুন-জুলাই শীতলতম মাস।

প্রশ্ন: গ্রেট বেরিয়ার রিফ কী? এ সম্পর্কে লিখ।

উত্তর: গ্রেট বেরিয়ার রিফ পৃথিবীর সর্ববৃহৎ প্রবাল প্রাচীর। অস্ট্রেলিয়ার উত্তর-পূর্ব প্রশান্ত মহাসাগরে প্রায় ২০০০ কি.মি. দীর্ঘ এই প্রাচীর অবস্থিত। এখানে ৪০০ প্রজাতির কোরাল এবং ১৫০০ প্রজাতির মাছের আবাসস্থল রয়েছে। এটি ইউনেস্কো কর্তৃক ঘোষিত একটি বিশ্ব ঐতিহ্য স্থান।

প্রশ্ন : দ্বি-কক্ষ বিশিষ্ট কয়েকটি আইনসভার নাম লিখুন।

উত্তর : ভারতের আইনসভার নাম পার্লামেন্ট। এর দুটি অংশ যথা- রাজ্যসভা ও লোকসভা। সিনেট ও ন্যাশনাল অ্যাসেম্বলি নিয়ে পাকিস্তানের আইনসভা অ্যাসেম্বলি অব কাউন্সিলরস গঠিত। ভুটানের আইনসভা পার্লামেন্ট ন্যাশনাল কাউন্সিল ও ন্যাশনাল অ্যাসেম্বলি নামক দুটি অংশ নিয়ে গঠিত।

প্রশ্ন : মিয়াপো পার্লিরা দ্বীপের অবস্থান কোথায়?

উত্তর : মিয়াপো পার্লিরা ভারত মহাসাগরে অবস্থিত একটি প্রবাল দ্বীপ। ৫০ বছর পূর্বে যুক্তরাষ্ট্র এই দ্বীপটি ব্রিটেনের নিকট থেকে লিজ নেয়। যুক্তরাষ্ট্র এই দ্বীপে মোতায়েন করেছে বিমানবাহী রণতরী, জঙ্গি বিমান, ক্রুজারসহ আধুনিক পারমাণবিক বিমান। ধারণা করা হয়, দ্বীপে মোতায়েন সমরাস্ত্র দ্বারা আগামী দিনগুলোতে পৃথিবীর যেকোনো দেশে হামলা চালানো যুক্তরাষ্ট্রের জন্য সহজ হয়ে যাবে।

প্রশ্ন : ক্ষয়জাত সমভূমি কাকে বলে?

উত্তর : বায়ুপ্রবাহ, সৌরতাপ, বৃষ্টিপাত, পানিস্রোত, হিমবাহ প্রভৃতি প্রাকৃতিক শক্তিগুলোর দ্বারা উচ্চভূমি ক্রমশ ক্ষয় হয়ে সমভূমিতে পরিণত হলে তাকে ক্ষয়জাত সমভূমি বলে। যেমন - ইউরোপের ফিনল্যান্ড ও উত্তর আমেরিকা হাডসন উপসাগর তীরবর্তী সমভূমি ক্ষয়জাত সমভূমি।

প্রশ্ন: বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

উত্তর: বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা 'মেসোপটেমিয়া' ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর তীরে গড়ে উঠেছিল। 'মেসোপটেমিয়া' শব্দটির অর্থ দুই নদীর মধ্যবর্তী অঞ্চল। মেসোপটেমিয়া বর্তমান সময়ের ইরাক ও সিরিয়া অঞ্চলে বিস্তৃত ছিল। আনুমানিক খ্রিষ্টপূর্ব ৫০০০ অব্দে এই সভ্যতা গড়ে উঠেছিল।

প্রশ্ন: সক্রেটিস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

উত্তর: সক্রেটিস ছিলেন গ্রিসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। তাঁকে 'সব জ্ঞানীদের গুরু' বলা হয়। সক্রেটিসের ছাত্র ছিলেন বিখ্যাত দার্শনিক প্লেটো। প্লেটোর ছাত্র ছিলেন অ্যারিস্টটল। অ্যারিস্টটলের ছাত্র ছিলেন গ্রিক বীর আলেকজান্ডার। অন্যায় শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসক গোষ্ঠী ৩৯৯ খ্রিষ্টপূর্বাব্দে হেমলক লতার তৈরি বিষ খাইয়ে এ মহান দার্শনিককে হত্যা করে।

প্রশ্ন : জাতিসংঘের সহস্রাব্দের লক্ষ্যমাত্রা (MDGS) সম্পর্কে লেখ।

উত্তর : বিশ্বশান্তি এবং স্থিতিশীলতা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘ কার্যক্রম পরিচালনা করে। বিশ্বকে যুদ্ধের ভয়াবহতা থেকে রক্ষার জন্য এবং একটি সুখী, সুন্দর ও সমৃদ্ধশালী বিশ্ব গড়ার লক্ষ্যে জাতিসংঘ প্রতিষ্ঠালগ্ন থেকেই নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং বিভিন্ন পদক্ষেপ ও কর্মসূচি প্রণয়ন করছে। ২০০০ সালের সেপ্টেম্বর মাসে জাতিসংঘের ৫৫তম সাধারণ অধিবেশনের পূর্বে ৬-৮ সেপ্টেম্বর ব্যাপী জাতিসংঘ মিলেনিয়াম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের মাধ্যমেই সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। জাতিসংঘ গৃহীত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যের ৮টি লক্ষ রয়েছে। লক্ষসমূহ হলো : ১. ক্ষুধা ও চরম দারিদ্র্য বিমোচন। ২. সর্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন। ৩. নারী-পুরুষের বৈষম্য দূর করা। ৪. শিশু মৃত্যু হার হ্রাস, ৫. মাতৃস্বাস্থ্য উন্নয়ন ৬. এইডস সহ অন্যান্য রোগ প্রতিরোধ। ৭. টেকসই উন্নয়ন নীতিমালা এবং পরিবেশ সংরক্ষণ নিশ্চিত করা। ৮. উন্নয়নে বিশ্বব্যাপী অংশীদারিত্ব তৈরি করা।

প্রশ্ন : জাতিসংঘ নিরাপত্তা পরিষদ।

উত্তর : জাতিসংঘ সনদের ১নং ধারায় আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখার কথা উল্লেখ রয়েছে। আর বিশ্বশান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব অর্পণ করা হয়েছে নিরাপত্তা পরিষদের ওপর। প্রকৃত অর্থে আন্তর্জাতিক শান্তি ও স্থিতি বজায় রাখার নিমিত্তে নিরাপত্তা পরিষদকে গড়ে তোলা হয়েছে। একে জাতিসংঘের মুখ্য কার্যনির্বাহক সমিতি বলা হয়। নিরাপত্তা পরিষদকে কেন্দ্র করে জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এ পরিষদের সদস্য সংখ্যা ১৫, সদস্যের মধ্যে ৫টি দেশ স্থায়ী সদস্য। দেশগুলো হচ্ছে- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স ও চীন। এই ৫টি স্থায়ী সদস্যের 'ভেটো' ক্ষমতা রয়েছে। অস্থায়ী ১০ সদস্য নিরাপত্তা পরিষদ কর্তৃক দুবছরের জন্য নির্বাচিত হয়ে থাকে। কোনো সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য ৫জন স্থায়ী সদস্যসহ মোট ৯টি সম্মতিসূচক ভোটের প্রয়োজন। কোনো স্থায়ী সদস্য প্রস্তাবের বিরুদ্ধে 'ভেটো' দিলে তা বাতিল বলে গণ্য হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্রশ্ন: ইনকা সভ্যতা কোন দেশে হয়? তার সময়কাল লিখ।

উত্তর: দক্ষিণ আমেরিকার দেশ পেরুর দক্ষিণাংশে শক্তিশালী ইনকা সভ্যতার বিকাশ ঘটেছিল। ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩২ খ্রিষ্টাব্দ পর্যন্ত। ইনকা সভ্যতার শক্তিশালী সম্রাটগণ তাদের বাসস্থান হিসেবে মাচুপিচ্চু নগরী গড়ে তুলেছিলেন।

প্রশ্ন: UNFCCC-এর পূর্ণরূপটি লিখ। এটি কোথায় স্বাক্ষরিত হয়?

উত্তর: UNFCCC-এর পূর্ণরূপ- United Nations Framework Convention on Climate Change. জাতিসংঘের পরিবেশসংক্রান্ত একটি বৈশ্বিক চুক্তি, যা ১৯৯২ খ্রিষ্টাব্দের ৩ জুন থেকে ১৪ জুন রিও ডি জেনেরিওতে অনুষ্ঠিত জাতিসংঘের পরিবেশ ও উন্নয়ন (UNCED) শীর্ষক সম্মেলনে (যে সম্মেলন 'আর্থ সামিট' নামে পরিচিত) স্বাক্ষরিত হয়।

প্রশ্ন : IAEA-এর পুরো নাম কী? এর সদর দপ্তর কোথায়?

উত্তর : IAEA-এর পুরো নাম হচ্ছে International Atomic Energy Agency বা আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা। বিশ্বের সকল দেশের আণবিক শক্তিকে শান্তি ও প্রগতির কাজে লাগানোর জন্য ১৯ জুলাই ১৯৫৭ সালে এটি গঠিত হয়। সংস্থাটি জাতিসংঘের অন্তর্ভুক্ত হয় ১৪ নভেম্বর ১৯৫৭ সালে। IAEA-এর সদর দপ্তর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত।

প্রশ্ন : ব্রেটন উডস্ কোথায় অবস্থিত? এ স্থানের সঙ্গে কোন দুটি সংস্থার নাম জড়িত?

উত্তর : 'ব্রেটন উডস' মার্কিন যুক্তরাষ্ট্রের একটি শহর। এটি নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যে অবস্থিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন বিশ্বশান্তি ও নিরাপত্তার স্থায়িত্বের স্বার্থে আন্তর্জাতিক ক্ষেত্রে অর্থনৈতিক অস্থির অবস্থার অবসানের উপায় উদ্ভাবনের লক্ষ্যে মিত্রশক্তি এখানে বৈঠকে মিলিত হন। মিত্রশক্তি ত্রাণ ও যুদ্ধবিধ্বস্ত অর্থনীতির পুনর্গঠন, উৎপাদন, কর্মসংস্থান, বিনিময় এবং ভোগবৃদ্ধির মাধ্যমে জনসাধারণের স্বাধীনতা ও কল্যাণ সাধনের নিমিত্তে তিনটি আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেন। এর মধ্যে দুটি হলো- 1. International Monetary Fund বা IMF এবং 2. World Bank বা বিশ্ব ব্যাংক।

প্রশ্ন : কোন সংস্থাটির পরিবর্তে WTO গঠিত হয়েছে?

উত্তর : GATT (General Agreement on Tariffs and Trade) এর পরিবর্তে WTO (ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন) প্রতিষ্ঠিত হয়েছে। বর্তমানে সদস্য ১৬৪টি। জুলাই ১৯৪৪ ব্রেটন উডস সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আন্তর্জাতিক বাণিজ্য সংস্থা (আইটিও) প্রতিষ্ঠার পরিকল্পনা থাকলেও এর পরিবর্তে ১৯৪৮ সালে GATT -এর যাত্রা শুরু হয়। ১৫ এপ্রিল ১৯৯৪ তারিখে ১২৮টি দেশ GATT চুক্তি অনুমোদন করে। ৮ ডিসেম্বর' ৯৪ জেনেভায় এক সম্মেলনে ১২৮টি দেশের প্রতিনিধিরা বিশ্ব বাণিজ্য সংস্থা WTO অনুমোদন করে এবং এটি গ্যাটের স্থলাভিষিক্ত হয়েছে বলে ঘোষণা করে। ১ জানুয়ারি ১৯৯৫ WTO আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।

প্রশ্ন : বিমসটেক (BIMSTEC) সম্পর্কে কী জান?

উত্তর : Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic co-operation (BIMSTEC) দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় সাতটি দেশকে নিয়ে গঠিত একটি আঞ্চলিক অর্থনৈতিক জোট। ১৯৯৭ সালে গঠিত জোটটির সদস্য হলো- বাংলাদেশ, ভুটান, মিয়ানমার, ভারত, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড। এর সদর দপ্তর বাংলাদেশের ঢাকায় অবস্থিত।

প্রশ্ন : BRICS কী?

উত্তর : বর্তমান বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল অর্থনৈতিক শক্তিধর দেশের জোটের নাম BRICS. বর্তমান ব্রিক্স জোটের সদস্য ১০ টি। জোটের সদস্য দেশগুলো হলো ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, সৌদি আরব, মিশর ইথিওপিয়া,ইরান ও সংযুক্ত আরব আমিরাত । যুক্তরাষ্ট্রভিত্তিক ব্যাংকিং ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান গোল্ডম্যান স্যাকস-এর অর্থনীতিবিদ জিম ও'নিল ২০০১ সালে প্রথম উক্ত দেশগুলোর আদ্যাক্ষরের সমন্বয়ে BRICS ধারণার প্রবর্তন করেন। তবে, আনুষ্ঠানিকভাবে BRIC গঠিত হয় ১৬ মে ২০০৮। ২০১০ সালে চীনের হাইনানে অনুষ্ঠিত সম্মেলনে দক্ষিণ আফ্রিকা BRIC-এ যোগদানের মধ্য দিয়ে এটি BRICS নামধারণ করে। এই জোটের ব্যাংকের নাম New Development Bank.

প্রশ্ন : ইউএনএইচসিআর এর পূর্ণ অভিব্যক্তি কী? এর প্রধান দায়িত্ব কী?

উত্তর : জাতিসংঘ শরণার্থীবিষয়ক হাইকমিশনার বা United Nations High Commissioner for Refugees (UNHCR) জাতিসংঘের কার্যত একটি আন্তর্জাতিক সংস্থা যার দায়িত্ব হচ্ছে জাতিসংঘ বা কোনো দেশের সরকারের অনুরোধে স্বদেশহীন, বাস্তুহারা, বিতাড়িত, মাতৃভূমিচ্যুত শরণার্থীদেরকে রক্ষা করা, তাদের অবস্থাকে সমর্থন জোগানো এবং নিজ দেশে ফেরা বা যথোপযুক্ত পুনর্বাসনের ব্যবস্থা করা।

প্রশ্ন : ওপেক (OPEC) :

উত্তর : বিশ্বের তেল রপ্তানিকারক ৫টি দেশ ১৯৬০ সালের ১৪ সেপ্টেম্বর Organization of Petroleum Exporting Countries (OPEC) নামক সংগঠনটি প্রতিষ্ঠা করে। বর্তমানে এর সদস্য সংখ্যা ১২ টি। যথা- আলজেরিয়া, কঙ্গো, নিরক্ষীয় গিনি, গ্যাবন, ইরান, ইরাক, কুয়েত, লিবিয়া, নাইজেরিয়া, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও ভেনিজুয়েলা। সদর দপ্তর ভিয়েনা, অস্ট্রিয়া। ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব ও ভেনিজুয়েলা ওপেকের প্রতিষ্ঠাতা সদস্য। এ সংস্থার কাজ হচ্ছে নিজেদের স্বার্থে সদস্য দেশগুলোতে তেল উৎপাদন নিয়ন্ত্রণ করা এবং অপরিশোধিত তেলের মূল্য নির্ধারণ করা। ১৯৭৩ সালের ৪র্থ আরব ইসরায়েল যুদ্ধের পর তেল রপ্তানিকারক আরব রাষ্ট্রগুলো পশ্চিমা বিশ্বের ওপর তেল অবরোধ আরোপ করলে আন্তর্জাতিক রাজনীতিতে তেলের গুরুত্ব অনুভূত হয়।

প্রশ্ন: সার্ক (SAARC) এর পূর্ণরূপ লিখ। এর বিবরণ দাও।

উত্তর : সার্কের পূর্ণরূপ হলো দক্ষিণ এশিয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (South Asian Association for Regional Cooperation বা SAARC)। বাংলাদেশ সার্ক ধারণার উদ্ভাবক। ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় ৮টি লক্ষ স্থির করে সার্ক সনদ কার্যকর হয়। সার্কের বর্তমান সদস্য ৮টি এবং সদর দপ্তর নেপালের কাঠমান্ডুতে অবস্থিত। সার্কের প্রথম মহাসচিব নিযুক্ত হন বাংলাদেশের আবুল আহসান। সার্কের বর্তমান মহাসচিব গোলাম সরোয়ার।

প্রশ্ন : অপসূর কাকে বলে?

উত্তর : কোনো গ্রহ থেকে সূর্যের সর্বোচ্চ দূরত্বকে অপসূর বলে। যেদিন সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবচেয়ে বেশি থাকে তাকে অপসূর বলে।

প্রশ্ন : অনুসূর কাকে বলে?

উত্তর : যেদিন সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবচেয়ে কম থাকে তাকে অনুসূর বলে। সাধারণত ১ থেকে ৩ জানুয়ারি সূর্য ও পৃথিবীর দূরত্ব সবচেয়ে কম থাকে।

প্রশ্ন : কর্কটসংক্রান্তি ও মকরসংক্রান্তি বলতে কি বোঝায়?

উত্তর : উত্তর গোলার্ধে ২১ জুন দীর্ঘতম দিন ও ক্ষুদ্রতম রাত হয়। ২১ জুন সূর্য উত্তরায়ণের শেষ সীমায় পৌঁছায়, একে কর্কটক্রান্তি বলে। ২২ ডিসেম্বর সূর্য দক্ষিণায়নের শেষ সীমায় পৌঁছায়, একে মকরসংক্রান্তি বলে।

প্রশ্ন : মহাবিষুব বা বসন্ত বিষুব কাকে বলে?

উত্তর : ২১ মার্চ পৃথিবীর সর্বত্র দিন রাত্রি সমান হয় এবং ঐ দিনটিকে বসন্ত বিষুব বা মহাবিষুব বলে।

১. প্রশ্ন : জোয়ারভাটা সৃষ্টির কারণ কি?

উত্তর : জোয়ারভাটার সৃষ্টি হয় প্রধান দুটি কারণে। যথা- ক) চাঁদ ও সূর্যের মহাকর্ষ শক্তি প্রভাব। খ) পৃথিবীর অবর্তনের ফলে কেন্দ্রাতিগ শক্তি।

২. প্রশ্ন : ডপলার ক্রিয়া কাকে বলে?

উত্তর : শব্দের উৎস ও শ্রোতার মধ্যে আপেক্ষিক গতি বিদ্যমান থাকলে শ্রোতার নিকট উৎস হতে নিঃসৃত শব্দের তীক্ষ্ণতা বা কম্পাঙ্কের যে আপাত পরিবর্তন পরিলক্ষিত হয় তাকে ডপলার ক্রিয়া বলে।

৩. প্রশ্ন : আলোর পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলন বলতে কি বোঝায়?

উত্তর : আলোকরশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যম ক্রান্তি কোণের চেয়ে বড় মানের কোণে আপতিত হয় তখন প্রতিসরণের পরিবর্তে আলোকরশ্মি সম্পূর্ণরূপে প্রতিফলিত হয় তাকে আলোর পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলন বলে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

পাটিগণিত

বাস্তব সংখ্যা

স্থান মান	স্থান সংখ্যা	১ স্থান	২ স্থান	৩ স্থান	৪ স্থান	৫ স্থান
	মানের সংখ্যা	১	১০	১০০	১০০০	১০০০০
	মূলের মান সংখ্যা	১	১০	১০০	১০০০	১০০০০

সংখ্যা ও	সংখ্যা	স্থানীয় মান	আন্তর্জাতিক নাম
আন্তর্জাতিক	১০০০০০০	দশ লক্ষ	একশ হাজার
নামকরণ	১০০০০০০	দশ লক্ষ	এক মিলিয়ন
	১০০০০০০০	কোটি	দশ মিলিয়ন
	১০০০০০০০	দশ কোটি	একশ মিলিয়ন
	১০০০০০০০০০	একশ কোটি	এক বিলিয়ন

- **স্বাভাবিক সংখ্যা** : শূন্য (০) ছাড়া যে সকল সংখ্যাকে ধনাত্মক সংখ্যা বলে।
  যেমন: ১, ২, ৩, ৪, ৫, $\frac{১}{২}$, ২.৫ ইত্যাদি।
- **ধনাত্মক সংখ্যা** : শূন্য (০) থেকে যেটি সকল সংখ্যাকে ধনাত্মক সংখ্যা বলে।
  যেমন: ১, ২, ৩, $\frac{৩}{২}$, ২.৫ ইত্যাদি।
- **পূর্ণসংখ্যা** : আমাদের সব ধনাত্মক সংখ্যা, ঋণাত্মক সংখ্যা এবং শূন্যকে পূর্ণসংখ্যা বলা হয়। অর্থাৎ শূন্য সহ সকল ধনাত্মক ও ঋণাত্মক অখণ্ড সংখ্যাই পূর্ণসংখ্যা। পূর্ণসংখ্যার সেট, $Z = \{\ldots -৩, -২, -১, ০, ১, ২, ৩, \ldots\}$
- **স্বাভাবিক সংখ্যা** : সকল ধনাত্মক পূর্ণ সংখ্যাই স্বাভাবিক বা প্রাকৃতিক সংখ্যা। স্বাভাবিক সংখ্যার সেট, $N = \{১, ২, ৩, \ldots\}$
- **জোড় সংখ্যা** : যে সকল সংখ্যা ২ দ্বারা নিঃশেষে বিভাজ্য তাদেরকে জোড় সংখ্যা বলে। যেমন: ২, ৪, ৬, ৮ ইত্যাদি।
- **বিজোড় সংখ্যা** : যে সকল সংখ্যা ২ দ্বারা নিঃশেষে বিভাজ্য নয় তাদেরকে বিজোড় সংখ্যা বলে। যেমন: ১, ৩, ৫, ৭ ইত্যাদি।
- **মৌলিক সংখ্যা** : ১ থেকে বড় যেসকল সংখ্যার ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো গুণনীয়ক নেই, সে সকল সংখ্যাকে মৌলিক সংখ্যা বলে। যেমন: ২, ৩, ৫, ৭, ১১ এই সংখ্যাগুলো মৌলিক সংখ্যা। কারণ এই সংখ্যাগুলো শুধুমাত্র ১ এবং ঐ সংখ্যা দ্বারাই নিঃশেষে বিভাজ্য।

মৌলিক সংখ্যার কিছু বৈশিষ্ট্য :

- সকল মৌলিক সংখ্যার গুণনীয়ক বা উৎপাদক ২টি। ১ ও সংখ্যাটি নিজে।
- ১ এবং ২ মৌলিক সংখ্যাও নয়, মৌলিক সংখ্যাও নয় শুধুমাত্র পূর্ণসংখ্যা।
- ২ সবচেয়ে ক্ষুদ্রতম এবং একমাত্র জোড় মৌলিক সংখ্যা।
- কোনো ঋণাত্মক সংখ্যা কখনও মৌলিক সংখ্যা হতে পারে না।
- ১ থেকে ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা ২৫ টি।
- ১ থেকে ৫০০ এর মধ্যে মৌলিক সংখ্যা ৯৫ টি।

- দুই অঙ্কের ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা ১১ এবং বৃহত্তম মৌলিক সংখ্যা ৯৭।
- তিন অঙ্কের ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা ১০১ এবং বৃহত্তম মৌলিক সংখ্যা ৯৯৭।
- বিজোড় সংখ্যার ক্ষেত্রে ১, ৯, ২৫ ছাড়া সংখ্যাটি মৌলিক সংখ্যা হতে পারে।

- ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২৫টি।

১ - ১০০ পর্যন্ত যত মৌলিক সংখ্যা ও সংখ্যাগুলোর সংখ্যা	২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৭ মোট মৌলিক সংখ্যার সংখ্যা ২৫টি এক মৌলিক সংখ্যাগুলোর সংখ্যা ২৫টি
১০১ - ২০০ পর্যন্ত যত মৌলিক সংখ্যা ও সংখ্যাগুলোর সংখ্যা	১০১, ১০৩, ১০৭, ১০৯, ১১৩, ১২৭, ১৩১, ১৩৭, ১৩৯, ১৪৯, ১৫১, ১৫৭, ১৬৩, ১৬৭, ১৭৩, ১৭৯, ১৮১, ১৯১, ১৯৩, ১৯৭, ১৯৯ মোট মৌলিক সংখ্যার সংখ্যা ২১টি এক মৌলিক সংখ্যাগুলোর সংখ্যা ২১টি

- **মৌলিক সংখ্যা যেভাবে নির্ণয় করতে পারি**
  - সংখ্যাটির বর্গমূল $(\sqrt{\ })$ বের করতে হবে।
  - পরবর্তী যে বর্গ সংখ্যাটির বর্গমূল এর চেয়ে বড়ো এমন যেকোনো মৌলিক সংখ্যা আগে, যা দিয়ে ঐ সংখ্যাটি বিভাজ্য তাদের সবগুলো দিয়ে ভাগ দিয়ে দেখতে হবে কি না।
  - যদি বিভাজ্য হয় তবে ঐ সংখ্যাটি যৌগিক।
  - আর যদি বিভাজ্য না হয় তবে ততক্ষণ সংখ্যাটি পরিমাণ যা মৌলিক সংখ্যা।

  উদাহরণ ১৪৯ সংখ্যাটি মৌলিক সংখ্যা কি না তা নির্ণয়।
  ১। ১৪৯ এর কাছাকাছি নিখুঁত বর্গ $\sqrt{১৪৯} = ১২.২৪৭...$
  ২। এখানে কাছাকাছির চেয়ে ছোট মৌলিক সংখ্যাগুলো ২, ৩, ৫, ৭, ১১ দ্বারা প্রদত্ত সংখ্যাটি (১৪৯) বিভাজ্য কিনা তা পরীক্ষা করি।
  ৩। দেখা যায় যে, ১৪৯ × ১১ = ১৬ বাকীতে ১১ দ্বারা সংখ্যাটি বিভাজ্য নয়।
  সুতরাং, সংখ্যাটি মৌলিক বা মৌলিক।

  উদাহরণ ১৯৭ সংখ্যাটি মৌলিক সংখ্যা কিনা তা নির্ণয়।
  ১। ১৯৭ এর কাছাকাছি নিখুঁত বর্গ $\sqrt{১৯৭} = ১৪.০৬৫...$
  ২। এখানে কাছাকাছির চেয়ে ছোট মৌলিক সংখ্যাগুলো ২, ৩, ৫, ৭, ১১, ১৩ দ্বারা প্রদত্ত সংখ্যাটি (১৯৭) বিভাজ্য কিনা পরীক্ষা করি।
  ৩। দেখা যায় যে, ২, ৩, ৫, ৭, ১১, ১৩ কোনো সংখ্যা দ্বারাই ১৯৭ নিঃশেষে বিভাজ্য নয়। সুতরাং, ১৯৭ সংখ্যাটি মৌলিক সংখ্যা।

- **যৌগিক বা কৃত্রিম সংখ্যা** : যে সকল সংখ্যা ১ এবং ঐ সংখ্যা ছাড়াও কিছু কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য হয়, তাকে কৃত্রিম সংখ্যা বলে। যেমন: ৪, ৬, ১০, ১৮, ২৪, ১৫২ ইত্যাদি।
- **সহ-মৌলিক সংখ্যা** : দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক যদি ১ ছাড়া অন্য কোনো সংখ্যা না হয় তবে সংখ্যাগুলোকে পরস্পরের সহ-মৌলিক সংখ্যা বলা হয়।

  উদাহরণ ৪ ও ১৫ পরস্পর সহ-মৌলিক।
  এখানে, ৪ এর গুণনীয়ক : ১, ২, ৪, ৮ এবং ১৫ এর গুণনীয়ক : ১, ৩, ৫, ১৫
  এখানে, ৪ এবং ১৫ এর সাধারণ গুণনীয়ক বা উৎপাদক ১। এছাড়া আর কোনো সাধারণ উৎপাদক নেই। তাই ৪ ও ১৫ পরস্পর সহ-মৌলিক।
- **মূলদ সংখ্যা** : যদি কোনো সংখ্যাকে দুইটি পূর্ণসংখ্যার অনুপাত বা ভগ্নাংশরূপে প্রকাশ করা যায়, তবে ঐ সংখ্যাকে মূলদ সংখ্যা বলা হয়। যেমন: ০.১৫৩ এক $\frac{২}{৩}, \frac{৫}{৪}$ ইত্যাদি মূলদ সংখ্যা। যদি p ও q পূর্ণসংখ্যা এবং $q \neq ০$ হয়, তবে $\frac{p}{q}$ মূলদ সংখ্যা। মূলদ সংখ্যার সেটকে Q দ্বারা প্রকাশ করা হয়।
  এখানে, $Q = \left\{\frac{p}{q} : p, q \in Z \text{ এবং } q \neq ০\right\}$
- **অমূলদ সংখ্যা** : যে সংখ্যাকে দুইটি পূর্ণসংখ্যার ভাগফল আকারে প্রকাশ করা যায় না তাকে অমূলদ সংখ্যা বলে। অন্যকথায়, বাস্তব সংখ্যা থেকে স্বাভাবিক সংখ্যা, পূর্ণসংখ্যা ও মূলদ সংখ্যা বাদ দিলে যে সংখ্যা থাকে তাকে অমূলদ সংখ্যা বলে। যেমন: $\pi, \sqrt{৩}, \sqrt{৫}, ২\sqrt{২}$ ইত্যাদি। অমূলদ সংখ্যার সেটকে Q' বা $\bar{Q}$ দ্বারা প্রকাশ করা হয়।

❑ **অমূলদ সংখ্যার কিছু বৈশিষ্ট্য:**

◆ যে কোনো মৌলিক সংখ্যার বর্গমূল ও ঘনমূল একটি অমূলদ সংখ্যা।

যেমন: $\sqrt{৭}$, $\sqrt[৩]{১১}$

◆ দশমিক চিহ্নের পরের অঙ্কগুলো যদি কারও সাথে কারও মিল না থাকে এবং অসীম পর্যন্ত চলতে থাকে, তবে সংখ্যাটি অমূলদ হয়। যেমন: ৬.১৩৫৪০৮..

❑ **বাস্তব সংখ্যা :** সকল ধনাত্মক সংখ্যা, ঋণাত্মক সংখ্যা, স্বাভাবিক সংখ্যা, পূর্ণসংখ্যা, মৌলিক ও যৌগিক সংখ্যা, মূলদ ও অমূলদ সংখ্যা নিয়ে বাস্তব সংখ্যা গঠিত। অর্থাৎ উপরে আলোচিত সকল সংখ্যাই বাস্তব সংখ্যা।

❑ **রোমান রীতিতে সংখ্যা গণনা (Roman number counting method):**

সাংখ্যিক মান	রোমান প্রতীক	সাংখ্যিক মান	রোমান প্রতীক
১	I	৯৫	XCV
২	II	৯৬	XCVI
৪	IV	১০ × ১০০০	$\overline{X}$
৫	V	৫০	L
৯	IX	১০০	C
১০	X	৫০০	D
৪১	XLI	১০০০	M
২০০	CC	২০২৩	MMXXIII
$M_E D_I C_A L X_E V I_R$ (মেডিক্যাল জেভিয়ার) এখানে রোমান সংখ্যার সবকটি প্রতীক ব্যবহার হয়েছে।			

১. কোনো সংখ্যার শেষে ০, ২, ৪, ৮ থাকলে সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য হবে। যেমন: ৫৩২৪৪, ৫৩৪২৮

২. কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৩ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে। যেমন: ৬৮১ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল ৬ + ৮ + ১ = ১৫, যা ৩ দ্বারা বিভাজ্য, সুতরাং ৬৮১ সংখ্যাটি ৩ দ্বারাও বিভাজ্য।

৩. কোনো সংখ্যার শেষের ২টি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হলে পুরো সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে। যেমন: ৫২৪ সংখ্যাটির শেষ ২টি অঙ্কের সংখ্যাটি ২৪, যা ২ দ্বারা বিভাজ্য, সুতরাং ৫২৪ ÷ ৪ = ১৩১ বিভাজ্য।

৪. কোনো সংখ্যার শেষে ০ এবং ৫ থাকলে তা ৫ দ্বারা বিভাজ্য।
যেমন: ৩২০ ÷ ৫ = ৬৪

৫. কোনো সংখ্যা ৬ দ্বারা তখনই বিভাজ্য যখন সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য। যেমন: ২৬৮৪৪ সংখ্যাটি জোড় সংখ্যা তাই সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য। আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = (২ + ৬ + ৮ + ৪ + ৪) = ২৪; যা ৩ দ্বারা বিভাজ্য অতএব সংখ্যাটি ৬ দ্বারাও বিভাজ্য।

৬. কোনো প্রদত্ত সংখ্যার একক স্থানীয় অঙ্ককে ২ দ্বারা গুণ করে গঠিত সংখ্যাটি, প্রদত্ত সংখ্যাটির অবশিষ্ট অঙ্কগুলো দ্বারা গঠিত সংখ্যা থেকে বিয়োগ করে প্রাপ্ত বিয়োগফল ৭ দ্বারা বিভাজ্য হলে, প্রদত্ত সংখ্যাটিও ৭ দ্বারা বিভাজ্য হবে। যেমন: ৫১৮ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ৮।
∴ প্রাপ্ত বিয়োগফল = (৫১ − ৮ × ২) = ৩৫ যা ৭ দ্বারা বিভাজ্য। সুতরাং ৫১৮ সংখ্যাটি ও ৭ দ্বারা বিভাজ্য হবে।

৭. কোনো সংখ্যা তখনই ৮ দ্বারা বিভাজ্য যখন শেষ ৩টি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যাটি ৮ দ্বারা বিভাজ্য হবে। যেমন : ৩৪১৮৬৪ সংখ্যাটির শেষ তিন অঙ্কের সংখ্যাটি ৮৬৪ ÷ ৮ = ১০৮, বিভাজ্য। সুতরাং ৩৪১৮৬৪ সংখ্যাটি ৮ দ্বারা বিভাজ্য।

৮. কোনো সংখ্যা তখনই ৯ দ্বারা বিভাজ্য যখন সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য। যেমন: ৯৭১১ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল ৯ + ৭ + ১ + ১ = ১৮, যা ৯ দ্বারা বিভাজ্য। সুতরাং ৯৭১১ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য।

৯. কোন সংখ্যার একক স্থানীয় অঙ্ক শূন্য হলে সংখ্যাটি ১০ দ্বারা বিভাজ্য। যেমন: ৫৪৩২০ সংখ্যাটির একক অঙ্কটি ০। অতএব সংখ্যাটি ১০ দ্বারা বিভাজ্য।

১০. যদি কোনো সংখ্যার অঙ্কগুলোর জোড় ও বিজোড় স্থানের অঙ্কগুলোর যোগফলের বিয়োগফল ০ হয় কিংবা ১১ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি অবশ্যই ১১ দ্বারা বিভাজ্য হবে। যেমন: ৫২৪৬৭৮ সংখ্যাটির জোড় স্থানের অঙ্কগুলির যোগফল ৫ + ৪ + ৭ = ১৬ এবং বিজোড় স্থানের অঙ্কগুলির যোগফল ৮ + ৬ + ২ = ১৬ এবং যোগফলের বিয়োগফল হয় ০। অতএব সংখ্যাটি ১১ দ্বারা বিভাজ্য।

গুরুত্বপূর্ণ MCQ

01. ৬ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?
Ⓐ ৮৮৮৮৮৯ Ⓑ ৮৯৯৯৯৯
Ⓒ ৯৮৮৮৮৮ Ⓓ ৯৯৯৮৮৮
Ans B Solve ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯৯
ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০০
পার্থক্য = ৮৯৯৯৯৯

02. চার অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত?
Ⓐ ১০৯৯৯ Ⓑ ৮৯৯৯ Ⓒ ১০০৯ Ⓓ ১৯৯৯
Ans A Solve চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯
চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০
যোগফল = ১০৯৯৯

03. একটি সংখ্যার শতক, দশক ও একক স্থানীয় অঙ্ক যথাক্রমে p, q, r হলে সংখ্যাটি হবে-
Ⓐ 100r + 10 + q Ⓑ 100p + 10q + r
Ⓒ 100q + 10r + p Ⓓ 100pq + r
Ans B

04. ১, ৯, ২, ০ অঙ্কগুলো দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম সংখ্যাটি?
Ⓐ ১০৯২ Ⓑ ২০১৯ Ⓒ ৯১০২ Ⓓ ৯২১০
Ans D Solve ১, ৯, ২ ও ০ অঙ্কগুলো দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯২১০ এবং ক্ষুদ্রতম সংখ্যা = ১০২৯

05. পাঁচটি বিজোড় সংখ্যার যোগফল সর্বদাই-
Ⓐ জোড় Ⓑ ৩ দ্বারা বিভাজ্য
Ⓒ ৫ দ্বারা বিভাজ্য Ⓓ বিজোড়
Ans D Solve জোড় সংখ্যার যোগফল জোড় হয় কিন্তু বিজোড় সংখ্যক বিজোড়ের যোগফল সর্বদাই বিজোড় হবে।

06. যদি ১ থেকে ১০০ পর্যন্ত গণনা করা হয় তবে এর মধ্যে কতটি ৫ পাওয়া যাবে?
Ⓐ ১০ Ⓑ ১১ Ⓒ ১৮ Ⓓ ২০
Ans D Solve ৫, ১৫, ২৫, ৩৫, ৪৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬৫, ৭৫, ৮৫, ৯৫। এখানে উল্লেখ্য যে, ৫৫তে ২টি ৫ আছে।
✓ ১ থেকে ১০০ পর্যন্ত গণনা করলে ০ পাওয়া যাবে ১১টি।
✓ ১ থেকে ১০০ পর্যন্ত গণনা করলে ১ পাওয়া যাবে ২১টি।
✓ ১ থেকে ১০০ পর্যন্ত গণনা করলে (২-৯) পাওয়া যাবে ২০টি করে।

07. 60 ও 90 এর মধ্যকার সকল মৌলিক সংখ্যার যোগফল কত?
Ⓐ 373 Ⓑ 460 Ⓒ 523 Ⓓ 610
Ans C Solve 60 ও 90 এর মধ্যকার মৌলিক সংখ্যাগুলোর যোগফল = 61 + 67 + 71 + 73 + 79 + 83 + 89 = 523

08. জোড় মৌলিক সংখ্যা কয়টি?
Ⓐ ১টি Ⓑ ২টি Ⓒ ৩টি Ⓓ অসংখ্য
Ans A Solve একমাত্র জোড় মৌলিক সংখ্যা হলো ২। সুতরাং জোড় মৌলিক সংখ্যা ১টি।

09. ১৫ থেকে ৬৫ পর্যন্ত যেসকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯ তাদের সমষ্টি কত?
Ⓐ ১৩৮ Ⓑ ১৫৪ Ⓒ ১০৮ Ⓓ ১০৭
Ans D Solve ১৫ থেকে ৬৫ এর মধ্যে একক স্থানীয় অঙ্ক ৯ বিশিষ্ট মৌলিক সংখ্যা ১৯, ২৯ ও ৫৯। ∴ সমষ্টি = ১৯ + ২৯ + ৫৯ = ১০৭

10. নিচের কোন সংখ্যাটি মৌলিক সংখ্যা নয়?
Ⓐ ২৬৩ Ⓑ ২৩৩ Ⓒ ২৪১ Ⓓ ২৫৩
Ans D Solve যে সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করলে নিঃশেষে বিভাজ্য নয়, তাকে মৌলিক সংখ্যা বলে।
প্রদত্ত অপশনগুলোতে ২৫৩ ছাড়া অন্য সব সংখ্যা মৌলিক সংখ্যা, কারণ ২৫৩ সংখ্যাটি ১ এবং ঐ সংখ্যা ছাড়াও ১১ দ্বারা নিঃশেষে বিভাজ্য হয়। সুতরাং ২৫৩ মৌলিক সংখ্যা নয়।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

তিনটি পরপর মৌলিক সংখ্যার প্রথম দুইটির গুণফল ৯১, শেষ দুইটির গুণফল ১৪৩ হলে সংখ্যা তিনটি কত?

সমাধান: এখানে, প্রথম দুইটির গুণফল = (৭ × ১৩) = ৯১

অর্থাৎ প্রথম মৌলিক সংখ্যা দুইটি ৭ ও ১৩

আবার, শেষ দুইটির গুণফল = (১১ × ১৩) = ১৪৩

অর্থাৎ শেষ মৌলিক সংখ্যা দুইটি ১১ ও ১৩।

∴ সংখ্যা তিনটি = ৭, ১৩, ১১

দুটি সংখ্যার যোগফল ৫৫। বড় সংখ্যাটির ৫ গুণ ছোট সংখ্যাটির ৬ গুণের সমান। সংখ্যা দুটি কত?

সমাধান: মনে করি, সংখ্যাদ্বয় x ও y যেখানে x > y

শর্তমতে, $x + y = ৫৫$ ..... (i) এবং $৫x = ৬y$ ..... (ii)

(i) হইতে পাই, $x = ৫৫ - y$

এখন, (ii) নং এ বসিয়ে পাই,

$৫(৫৫ - y) = ৬y \Rightarrow ২৭৫ - ৫y = ৬y \Rightarrow ১১y = ২৭৫ \therefore y = ২৫$

$\therefore x = ৫৫ - ২৫ = ৩০.$

∴ সংখ্যাদ্বয় ৩০ ও ২৫।

দুটি সংখ্যার যোগফল 16 ও তাদের গুণফল 63 হলে বড় সংখ্যাটি কত?

সমাধান: মনে করি, সংখ্যাদ্বয় x ও y

প্রশ্নমতে, $x + y = 16$ এবং $xy = 63 \Rightarrow x = \frac{63}{y}$

$\therefore \frac{63}{y} + y = 16 \Rightarrow y^2 + 63 = 16y \Rightarrow y^2 - 16y + 63 = 0$

$\Rightarrow y^2 - 9y - 7y + 63 = 0 \Rightarrow y(y - 9) - 7(y - 9) = 0$

$\Rightarrow (y - 9)(y - 7) = 0$

$\therefore y = 9, 7$ তাহলে, $x = 7, 9$

∴ বড় সংখ্যাটি 9

দুটি সংখ্যার সমষ্টি 12 এবং তাদের গুণফল 35। সংখ্যাদ্বয়ের বিপরীত ভগ্নাংশের সমষ্টি কত?

সমাধান: মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে x ও y

১ম শর্তমতে, $x + y = 12$ ..... (i) এবং ২য় শর্তমতে, $xy = 35$ ..... (ii)

(i) ÷ (ii) নং করে পাই,

$\frac{x+y}{xy} = \frac{12}{35} \Rightarrow \frac{1}{x} + \frac{1}{y} = \frac{12}{35}$,

∴ সংখ্যাদ্বয়ের বিপরীত ভগ্নাংশের সমষ্টি $= \frac{12}{35}$

দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অঙ্ক অপেক্ষা ৩ বেশি। সংখ্যাটি এর অঙ্কদ্বয়ের সমষ্টির তিনগুণ অপেক্ষা ৪ বেশি, সংখ্যাটি কত?

সমাধান: মনে করি, একক স্থানীয় অঙ্ক x এবং দশক স্থানীয় অঙ্ক y ; x > y

∴ সংখ্যাটি = ১০ × y + x = ১০y + x

১ম শর্ত মতে, $x - y = ৩$ ..... (i) এবং

২য় শর্ত মতে, $১০y + x - ৩(x + y) = ৪$

$\Rightarrow ১০y + x - ৩x - ৩y = ৪ \Rightarrow ৭y - ২x = ৪$ ..... (ii)

২ × (i) + (ii) করে,

$২x - ২y + ৭y - ২x = ৬ + ৪ \Rightarrow ৫y = ১০ \therefore y = ২$

(i) নং-এ y এর মান বসিয়ে, $x - ২ = ৩$

$\therefore x = ৩ + ২ = ৫$

∴ সংখ্যাটি = ১০ × ২ + ৫ = ২৫

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পাটিগণিত
অধ্যায়-২

বর্গমূল এবং ঘনমূল

- **বর্গ ও বর্গমূল সংখ্যা :** কোন সংখ্যাকে সেই সংখ্যা দ্বারা গুণ করলে যে গুণফল পাওয়া যায় তাকে ঐ সংখ্যার বর্গসংখ্যা এবং সংখ্যাটিকে গুণফলের বর্গমূল সংখ্যা বলে। যেমন: ৩ × ৩ = ৯, এখানে ৩ -এর বর্গসংখ্যা ৯ এবং ৯ -এর বর্গমূল সংখ্যা ৩। ১ থেকে ১০০ পর্যন্ত মোট পূর্ণ বর্গ স্বাভাবিক সংখ্যা আছে ১০টি। কোন সংখ্যার বর্গমূল ($\sqrt{}$) প্রতীক ব্যবহার করেও প্রকাশ করা যায়। যেমন: $\sqrt{২৫}$ বা ৫
- **ঘন ও ঘনমূল সংখ্যা :** কোন সংখ্যাকে সেই সংখ্যা দ্বারা ২ বার গুণ করলে যে গুণফল পাওয়া যায় তাকে ঐ সংখ্যার ঘনসংখ্যা এবং সংখ্যাটিকে গুণফলের ঘনমূল সংখ্যা বলে। যেমন: ৩ × ৩ × ৩ = ২৭, এখানে ৩ -এর ঘনসংখ্যা ২৭ এবং ২৭ -এর ঘনমূল সংখ্যা ৩। ১ থেকে ১০০ পর্যন্ত মোট পূর্ণ ঘন স্বাভাবিক সংখ্যা আছে ৪টি। কোন সংখ্যার ঘনমূল ($\sqrt[3]{}$)প্রতীক ব্যবহার করেও প্রকাশ করা যায়। যেমন : $\sqrt[3]{২১৬}$ বা ৬।
- **নিচের ছকটি লক্ষ্য করি :**

সংখ্যা	বর্গসংখ্যা	বর্গমূল সংখ্যা	ঘনসংখ্যা	ঘনমূল সংখ্যা
১	১	১	১	১
২	৪	২	৮	২
৩	৯	৩	২৭	৩
৪	১৬	৪	৬৪	৪
৫	২৫	৫	১২৫	৫

- **লক্ষ করি ও মনে রাখি :**
  - কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক ০, ১, ৪, ৫, ৬ বা ৯ হলে সংখ্যাটি বর্গ সংখ্যা হতে পারে। যেমন: ৯, ৮১, ১৪৪, ২৫৬ এগুলো বর্গসংখ্যা।
  - কোনো বর্গ সংখ্যার একক স্থানীয় অঙ্ক ২, ৩, ৭ বা ৮ হতে পারে না। যেমন: ১২, ২৮, ৪৭, ৮৮ এগুলো বর্গসংখ্যা নয়।
  - যে সংখ্যার ডানে বিজোড় সংখ্যক শূন্য থাকে, ঐ সংখ্যা পূর্ণবর্গ নয়। যেমন: ১০, ১০০০, ১০০০০০ বর্গসংখ্যা নয়। কিন্তু শেষে জোড় সংখ্যক শূন্য থাকলে বর্গসংখ্যা হয়। যেমন : ১০০।
  - কোনো বিজোড় স্বাভাবিক সংখ্যার বর্গকে ৮ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ ১ হবে। যেমন: ৯, ২৫, ৪৯, ৮১, ১২১।
- **মৌলিক গুণনীয়কের সাহায্যে সংখ্যার বর্গমূল ও ঘনমূল নির্ণয় :**

৬৪ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

$৬৪ = ২ \times ২ \times ২ \times ২ \times ২ \times ২$

$= (২ \times ২) \times (২ \times ২) \times (২ \times ২)$

প্রতি জোড়া থেকে একটি করে গুণনীয়ক নিয়ে,

$২ \times ২ \times ২ = ৮$ ∴ ৬৪ এর বর্গমূল, $\sqrt{৬৪} = ৮$

আবার, $৬৪ = (২ \times ২ \times ২) \times (২ \times ২ \times ২)$

তিনটি করে বন্ধনী তৈরি করে প্রতি বন্ধনী থেকে একটি করে গুণনীয়ক নিয়ে, $২ \times ২ = ৪$

∴ ৬৪ এর ঘনমূল, $\sqrt[3]{৬৪} = ৪$

২	৬৪
২	৩২
২	১৬
২	৮
২	৪
	২

গুরুত্বপূর্ণ MCQ

01. ৪০ থেকে ৬০ এর মধ্যে পূর্ণবর্গ স্বাভাবিক সংখ্যা কয়টি?

Ⓐ ১টি Ⓑ ২টি Ⓒ ৪টি Ⓓ ৮টি

Solve ৪০ থেকে ৬০ এর মধ্যে ১ টি পূর্ণবর্গ স্বভাবিক সংখ্যা আছে। সংখ্যাটি হলো ৪৯।

02. ২ এর ঘন সংখ্যাটি?

Ⓐ ২ Ⓑ Ⓒ ৮ Ⓓ ১৬

Solve ২ এর ঘন সংখ্যা = $২ \times ২ \times ২ = ২^৩ = ৮$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

03. $৯^২$ = নিচের কোনটি?
Ⓐ ৯ Ⓑ ৪৯ Ⓒ ৭১ Ⓓ ৮১
Solve এখানে, $৯^২ = ৯ \times ৯ = ৮১$।

04. ১২ এর বর্গসংখ্যা কোনটি?
Ⓐ ২৪ Ⓑ ৪৮ Ⓒ ৮৪ Ⓓ ১৪৪
Solve ১২ এর বর্গ = ১২ × ১২ = ১৪৪।

05. ১ থেকে ১০০ পর্যন্ত কতকগুলো পূর্ণঘন সংখ্যা আছে?
Ⓐ ২টি Ⓑ ৪টি Ⓒ ৬টি Ⓓ ৮ টি
Solve ১ থেকে ১০০ পর্যন্ত পূর্ণঘন সংখ্যাগুলো ১, ৮, ২৭, ৬৪। মোট ৪ টি।

06. $\sqrt{৪৯}$ = কত?
Ⓐ ৩ Ⓑ ৫ Ⓒ ৭ Ⓓ ১১
Solve $\sqrt{৪৯} = \sqrt{(৭ \times ৭)} = ৭$

07. নিচের কোনটি পূর্ণবর্গ সংখ্যা?
Ⓐ ১১ Ⓑ ৬৬ Ⓒ ৭১ Ⓓ ১২১
Solve এখানে, $১২১ = ১১ \times ১১ = ১১^২$। ১১ এর বর্গ সংখ্যা ১২১

08. ২৫ এর বর্গসংখ্যা কোনটি?
Ⓐ ২৫ Ⓑ ১২৫ Ⓒ ৬২৫ Ⓓ ৯২৫
Solve ২৫ এর বর্গ = ২৫ × ২৫ = ৬২৫।

09. $\sqrt{০.০০০০০৬২৫}$ = কত?
Ⓐ ০.০০২৫ Ⓑ ০.০০০২৫ Ⓒ ০.০০০০২৫ Ⓓ ০.০০০৬২৫
Solve $\sqrt{০.০০০০০৬২৫} = ০.০০২৫$

10. ০.০০০১ এর বর্গমূল কত?
Ⓐ ০.১ Ⓑ ০.০০১ Ⓒ ০.০০০১ Ⓓ ০.০১
Solve এখানে, $\sqrt{০.০০০১} = \sqrt{(০.০১ \times ০.০১)} = ০.০১$।

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. কোনো শ্রেণিতে যতজন শিক্ষার্থী প্রত্যেকে তত দশ পয়সা করে চাঁদা দেওয়ায় ৯০ টাকা সংগ্রহ হলো। ঐ শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কত?
সমাধান: মনে করি, শিক্ষার্থীর সংখ্যা = x
শর্তমতে, $x \times ১০ \times x = ৯০০০$ [৯০ টাকা = ৯০০০ পয়সা]
বা, $x^২ = ৯০০$ ∴ $x = \sqrt{৯০০} = ৩০$

02. কোনো শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠীর সংখ্যার সমান টাকা চাঁদা দেওয়ায় মোট ৪২০ টাকা চাঁদা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?
সমাধান: মনে করি,
ছাত্র-ছাত্রীর সংখ্যা x জন এবং সহপাঠীর সংখ্যা (x − ১) জন।
প্রশ্নমতে, $x(x-১) = ৪২০ \Rightarrow x^২ - x - ৪২০ = ০$
$\Rightarrow x^২ - ২১x + ২০x - ৪২০ = ০ \Rightarrow x(x-২১) + ২০(x-২১) = ০$
$\Rightarrow (x-২১)(x+২০) = ০$ ∴ $x = ২১$, কিন্তু, $x \neq -২০$
∴ ছাত্র-ছাত্রীর সংখ্যা ২১ জন।

03. ২০৭৪০ সংখ্যক সৈন্যকে বর্গাকারে সাজাতে গিয়ে ৪ জন অতিরিক্ত হয়। প্রতি সারিতে সৈন্য সংখ্যা-
সমাধান: মোট সৈন্যদল থেকে অতিরিক্ত ৪ জনকে বাদ দিলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ হবে। আর সংখ্যাটিকে বর্গমূল করলেই প্রতি সারির সৈন্য পাওয়া যাবে।
∴ পূর্ণবর্গ সংখ্যাটি,
$(২০৭৪০ - ৪) = ২০৭৩৬$
এবং সংখ্যাটির বর্গমূল পাওয়া যায় ১৪৪
∴ প্রতি সারির সৈন্য সংখ্যা ১৪৪ জন।

$\begin{array}{r|l} ২ & \overline{০৭}\ \overline{৩৬} \\ ১ & \hline ২৪ & ১০৭ \\ & ৯৬ \\ \hline ২৮৪ & ১১৩৬ \\ & ১১৩৬ \\ \hline & ০ \end{array}$

পাটিগণিত অধ্যায়-৩ ল.সা.গু. ও গ.সা.গু.

লঘিষ্ঠ সাধারণ গুণিতক : দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণিতকের মধ্যে ক্ষুদ্রতম গুণিতককে তাদের লঘিষ্ঠ সাধারণ গুণিতক বলা হয়। লঘিষ্ঠ সাধারণ গুণিতককে সংক্ষেপে ল.সা.গু. লেখা হয়।

◆ **উৎপাদকের সাহায্যে ল.সা.গু. নির্ণয় :**
মনে করি, ৩০ ও ১৮ এর ল.সা.গু. নির্ণয় করতে হবে-
$৩০ = ২ \times ৩ \times ৫$ এবং $১৮ = ২ \times ৩ \times ৩$
প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক উৎপাদকে প্রাপ্ত সংখ্যাগুলোর প্রত্যেকটির সর্বাধিক বার নিয়ে গুণ করে প্রাপ্ত গুণফলই নির্ণেয় ল.সা.গু.।
∴ নির্ণেয় ল.সা.গু. $= ২ \times ৩ \times ৩ \times ৫ = ৯০$

◆ **ইউক্লিডীয় বা বিশ্লেষণ পদ্ধতির মাধ্যমে ল.সা.গু. নির্ণয়:**

২ | ৩০, ১৮	∴ নির্ণেয় ল.সা.গু.
৩ | ১৫, ৯	$= ২ \times ৩ \times ৫ \times ৩ = ৯০$
৫, ৩	

Note: L.C.M. = Common × Uncommon all factors

গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক : একাধিক সংখ্যার সাধারণ গুণনীয়কগুলোর মধ্যে সবচেয়ে গরিষ্ঠ বা বড়টিকে বলে তাদের গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক। গরিষ্ঠ সাধারণ গুণনীয়ককে সংক্ষেপে গ.সা.গু. লেখা হয়। গ.সা.গু.কে ইংরেজিতে Greatest Common Factor (G.C.F.) ও বলে।

◆ **উৎপাদক পদ্ধতিতে গ.সা.গু. নির্ণয়:**
মনে করি, ৩০ ও ১৮ এর গ.সা.গু. নির্ণয় করতে হবে।
$৩০ = ২ \times ৩ \times ৫$; $১৮ = ২ \times ৩ \times ৩$
এখানে, ৩০ ও ১৮ এর সাধারণ মৌলিক উৎপাদক হলো ২, ৩
∴ নির্ণেয় গ.সা.গু. $= ২ \times ৩ = ৬$

◆ **প্রচলিত ভাগ পদ্ধতি বা ইউক্লিডীয় পদ্ধতির মাধ্যমে গ.সা.গু. নির্ণয়:**

$\begin{array}{r|l} 18) & 30\ (1 \\ & \underline{18} \\ 12) & 18\ (1 \\ & \underline{12} \\ 6) & 12\ (2 \\ & \underline{12} \\ & 0 \end{array}$

ইউক্লিডীয় পদ্ধতিতে যে ভাজকের আর ভাগশেষ থাকবে না সেটিই হবে উত্তর।
∴ 30 ও 18 এর গ.সা.গু. = শেষ ভাজক = 6

প্রয়োজনীয় সূত্রাবলি :

◆ দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.	
◆ গ.সা.গু. $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{ল.সা.গু.}}$	◆ ল.সা.গু. $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{গ.সা.গু.}}$
◆ ভগ্নাংশের গ.সা.গু. $= \frac{\text{লবগুলোর গ.সা.গু.}}{\text{হরগুলোর ল.সা.গু.}}$	◆ ল.সা.গু. = অনুপাতের গুণফল × গ.সা.গু.
◆ ভগ্নাংশের ল.সা.গু. $= \frac{\text{লবগুলোর ল.সা.গু.}}{\text{হরগুলোর গ.সা.গু.}}$	

গুরুত্বপূর্ণ MCQ

01. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬। এদের ল.সা.গু. ১৫০ হলে গ.সা.গু. কত?
Ⓐ ১১ Ⓑ ৩ Ⓒ ৫ Ⓓ ২
Solve গ.সা.গু. $= \frac{\text{ল.সা.গু.}}{\text{অনুপাতদ্বয়ের গুণফল}} = \frac{১৫০}{৫ \times ৬} = ৫$

02. দুইটি সংখ্যার গুণফল 448, সংখ্যা দুইটির ল.সা.গু. 28 হলে, গ.সা.গু. কত?
Ⓐ 16 Ⓑ 20 Ⓒ 24 Ⓓ 27
Solve গ.সা.গু. $= \frac{448}{28} = 16$

03. দুইটি সংখ্যার অনুপাত ২ : ৩ এবং সংখ্যাদ্বয়ের গ.সা.গু. ৫ হলে, সংখ্যা দুইটি কত?

Ⓐ ২, ৩ Ⓑ ৩, ৫ Ⓒ ৫, ১০ Ⓓ ১০, ১৫

Solve (D) সংখ্যাদ্বয়ের অনুপাত ও গ.সা.গু. দেওয়া থাকলে,
১ম সংখ্যা = অনুপাতের ১ম রাশি × গ.সা.গু. = ২ × ৫ = ১০
এবং ২য় সংখ্যা = অনুপাতের ২য় রাশি × গ.সা.গু. = ৩ × ৫ = ১৫

04. ২৫ ও ৩৫ সংখ্যাদ্বয়ের ল.সা.গু. কত?

Ⓐ ৪৫ Ⓑ ৮৫ Ⓒ ১২৫ Ⓓ ১৭৫

Solve (D) ২৫ ও ৩৫ এর ল.সা.গু. হবে
ল. সা. গু. = ৫ × ৫ × ৭ = ১৭৫
∴ নির্ণেয় ল.সা.গু. ১৭৫

৫	২৫, ৩৫
	৫, ৭

05. ১৮ ও ৭৮ সংখ্যাদ্বয়ের গ.সা.গু. কত?

Ⓐ ৪ Ⓑ ৬ Ⓒ ৯ Ⓓ ১৮

Solve (B) ১৮ ও ৭৮ এর মৌলিক গুণনীয়ক নিয়ে পাই,
এখানে, ১৮ = ২ × ৩ × ৩ এবং ৭৮ = ২ × ৩ × ১৩
∴ সংখ্যাদ্বয়ের গ.সা.গু = ২× ৩ = ৬

06. দুইটি সংখ্যার গুণফল ৫৪ এবং ল.সা.গু. ১৮ হলে, তাদের গ.সা.গু. কত?

Ⓐ ৪ Ⓑ ৫ Ⓒ ২ Ⓓ ৩

Solve (D) গ.সা.গু. = গুণফল ÷ ল.সা.গু. = ৫৪ ÷ ১৮ = ৩

07. দুইটি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. এর গুণফল সংখ্যা দুইটির?

Ⓐ যোগফলের সমান Ⓑ বিয়োগফলের সমান
Ⓒ গুণফলের সমান Ⓓ ভাগফলের সমান

Solve (C) আমরা জানি, দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.

08. দুইটি সংখ্যার গ.সা.গু. ৭ এবং সংখ্যাদ্বয়ের অনুপাত ৪ : ৫ হলে, বৃহত্তম সংখ্যাটি কত?

Ⓐ ১৪ Ⓑ ২৫ Ⓒ ২৮ Ⓓ ৩৫

Solve (D) বৃহত্তম সংখ্যাটি = অনুপাতের বৃহত্তম রাশি × গ.সা.গু.
= ৫ × ৭ = ৩৫

09. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং গ.সা.গু. ৮ হলে, ছোট সংখ্যাটি কত?

Ⓐ ৪০ Ⓑ ৫৬ Ⓒ ৭৭ Ⓓ ১০৫

Solve (A) ছোট সংখ্যাটি = ছোট রাশি × গ.সা.গু. = ৫ × ৮ = ৪০

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. পাঁচটি ঘন্টা একত্রে বেজে পরে যথাক্রমে ৩, ৫, ৭, ৮ ও ১০ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল। কতক্ষণ পরে ঘন্টাগুলো আবার একত্রে বাজবে?

সমাধান: ৩, ৫, ৭, ৮ ও ১০ এর ল.সা.গু. হবে নির্ণেয় সময়।
ল. সা. গু. = ২ × ৩ × ৪ × ৫ × ৭
= ৮৪০ সেকেন্ড
∴ ঘন্টাগুলো বাজবে = ৮৪০ সেকেন্ড
= ৮৪০/৬০ মিনিট = ১৪ মিনিট পর

২	৩, ৫, ৭, ৮, ১০
৫	৩, ৫, ৭, ৪, ৫
	৩, ১, ৭, ৪, ১

02. কোন ক্ষুদ্রতম সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২১, ২৫, ২৭ ও ৩৫ দ্বারা বিভাজ্য হয়?

সমাধান: ২১, ২৫, ২৭, ৩৫ এর ল. সা. গু. থেকে ৩ বিয়োগ করে নির্ণেয় সংখ্যা পাওয়া যাবে।
ল. সা. গু. = ৩ × ৫ × ৫ × ৭ × ৯
= ৪৭২৫
∴ সংখ্যাটি = ৪৭২৫ − ৩ = ৪৭২২

৩	২১, ২৫, ২৭, ৩৫
৫	৭, ২৫, ৯, ৩৫
	৭, ৫, ৯, ৭
	১, ৫, ৯, ১

03. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে ১?

সমাধান: ৩, ৫ ও ৬ এর ল.সা.গু. এর সাথে ১ যোগ করলে নির্ণেয় সংখ্যা পাওয়া যাবে।
ল. সা. গু. = ২ × ৩ × ৫ = ৩০
∴ নির্ণেয় সংখ্যা = ৩০ + ১ = ৩১

৩	৩, ৫, ৬
	১, ৫, ২

04. কতজন বালককে ১২৫টি কমলা দেবু এবং ১৪৫টি কলা সমানভাবে ভাগ করে দেওয়া যায়?

সমাধান: ১২৫ ও ১৪৫ এর গ.সা.গু.

১২৫|১৪৫| ১
১২৫
২০| ১২৫ | ৬
১২০
৫|২০| ৪
২০
০
∴ নির্ণেয় বালক সংখ্যা ৫ জন

মৌলিক গুণনীয়কের সাহায্যে
১২৫ = ৫ × ৫ × ৫
১৪৫ = ৫ × ২৯
∴ সংখ্যাদ্বয়ের গ.সা. গু. ৫
∴ নির্ণেয় বালক সংখ্যা ৫ জন

05. কোন সংখ্যার সাথে 2 যোগ করলে তা 12, 18 ও 24 দ্বারা বিভাজ্য হবে?

সমাধান: 12, 18 ও 24 এর ল.সা.গু.-ই নির্ণেয় সংখ্যা।
∴ ল.সা.গু. = 2 × 2 × 3 × 3 × 2 = 72
∴ নির্ণেয় সংখ্যা = 72 − 2 = 70

2	12, 18, 24
2	6, 9, 12
3	3, 9, 6
	1, 3, 2

06. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ.সা.গু. ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু. কত?

সমাধান: মনে করি, সংখ্যা দুইটি যথাক্রমে ৫ক ও ৬ক।
৫ক ও ৬ক এর ল.সা.গু. = ৩০ক এবং গ.সা.গু = ক
প্রশ্নমতে, ক = ৪ ∴ ল.সা.গু. = ৩০ × ৪ = ১২০

07. সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?

সমাধান: প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. হবে নির্ণেয় গাছের সংখ্যা।
∴ ল. সা. গু. = ৭ × ৩ × ২ × ৫ = ২১০
∴ নির্ণেয় গাছের সংখ্যা = ২১০ টি

৭	৭, ১৪, ২১, ৩৫, ৪২
৩	১, ২, ৩, ৫, ৬
২	১, ২, ১, ৫, ২
	১, ১, ১, ৫, ১

পাটিগণিত অধ্যায়-৪

ঐকিক নিয়ম

□ একটি জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করে নির্দিষ্ট সংখ্যক এই জাতীয় জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করার নিয়মকে ঐকিক নিয়ম বলে।

যেমন : ১টি ডিমের দাম ১১ টাকা দেওয়া থাকলে, আমরা খুব সহজে ১ হালি (অর্থাৎ ৪টি) ডিমের দাম = ৪ × ১১ = ৪৪ টাকা, এমনকি ১ ডজন (অর্থাৎ ১২টি) ডিমের দাম = ১২ × ১১ = ১৩২ টাকা খুব সহজে বের করতে পারছি। কিন্তু যদি উল্টোভাবে সমাধান করতে বলে, অর্থাৎ, আমাদের ১ ডজন ডিমের দাম দিয়ে, বলল ১টি ডিমের দাম কত বা ১ হালি ডিমের দাম কত? এ ধরনের সমস্যাগুলো সমাধানের জন্য ঐকিক নিয়মটা খুব প্রয়োজন। নিচে আমরা এ ধরনের সমস্যাগুলোর সমাধান খুঁজে বের করব।

CamScanner

সাধারণ ঐকিক নিয়মে সমাধান :

• এ নিয়মে আমরা সাধারণত কোনো দ্রব্য বা জিনিসের সংখ্যার সাথে দামের হিসাব করে থাকি। এক্ষেত্রে সংখ্যা বৃদ্ধি হলে দামও বাড়বে তাই গুণ(×) করতে হবে, আবার সংখ্যা কমলে দামও কমবে তাই ভাগ (÷) হবে।

উদাহরণ: ৫টি বইয়ের দাম ১৫০০ টাকা হলে, ১২টি বইয়ের দাম কত?

সমাধান : ৫ টি বইয়ের দাম ১৫০০ টাকা

∴ ১ টি বইয়ের দাম $\frac{১৫০০}{৫}$ টাকা [সংখ্যা কমলে দামও কমবে, তাই ভাগ]

∴ ১২ টি বইয়ের দাম $\frac{১৫০০ \times ১২}{৫}$ টাকা [সংখ্যা বেড়েছে দামও বাড়বে, তাই গুণ]

= ৩৬০০ টাকা (উত্তর)।

সময় ও কাজ সম্পর্কিত ঐকিক নিয়মের সমাধান :

• নির্দিষ্ট কাজে, লোক বাড়ালে দিন কম লাগে তাই ভাগ (÷) হবে, আবার, লোক কমালে দিন বেশি লাগে তাই গুণ (×) করতে হবে।

• নির্দিষ্ট খাদ্যে, কম লোকে বেশি দিন খেতে পারে তাই গুণ (×) হবে, আবার, বেশি লোকে কম দিন খেতে পারে তাই ভাগ (÷) করতে হবে।

• সম সংখ্যক লোক, কম দিনে কম খাবার খেতে পারে তাই ভাগ (÷) হবে, আবার, বেশি দিনে বেশি খাবার খেতে পারে তাই গুণ (×) করতে হবে।

গুরুত্বপূর্ণ MCQ

01. ১ ডজন ডিমের দাম ১৩০ টাকা হলে ১৫টি ডিমের দাম কত?

Ⓐ ১৪৫ টাকা Ⓑ ১৬২.৫ টাকা
Ⓒ ১৭৫.৮ টাকা Ⓓ ২৫০ টাকা

Solve (B) আমরা জানি, ১ ডজন = ১২টি
১২টি ডিমের দাম ১৩০ টাকা

∴ ১টি ডিমের দাম $\frac{১৩০}{১২}$ টাকা

∴ ১৫টি ডিমের দাম $\frac{১৩০ \times ১৫}{১২}$ টাকা = ১৬২.৫ টাকা

02. ৭ ডজন পেনসিলের দাম ১১৭৬ টাকা হলে, ১২টি পেনসিলের দাম কত?

Ⓐ ১৬৮ টাকা Ⓑ ১৭০ টাকা
Ⓒ ১৭৬ টাকা Ⓓ ২০৫ টাকা

Solve (A) আমরা জানি, ১ ডজন = ১২টি
৭ ডজন পেনসিলের দাম ১১৭৬ টাকা

∴ ১ ডজন পেনসিলের দাম $\frac{১১৭৬}{৭}$ টাকা = ১৬৮ টাকা

03. ৮ কেজি চালের দাম ৪৯৬ টাকা হলে, ৯৩০ টাকায় কয় কেজি চাল পাওয়া যাবে?

Ⓐ ১০ কেজি Ⓑ ১৫ কেজি
Ⓒ ১৮ কেজি Ⓓ ২০ কেজি

Solve (B) ৪৯৬ টাকায় চাল পাওয়া যায় ৮ কেজি

∴ ১ " " " " $\frac{৮}{৪৯৬}$ "

∴ ৯৩০ " " " " $\frac{৮ \times ৯৩০}{৪৯৬}$ " = ১৫ কেজি

04. ৩ জন বালক ২ জন পুরুষের সমান কাজ করতে পারে, ৮ জন পুরুষ কতজন বালকের সমান কাজ করতে পারবে?

Ⓐ ৬ জন বালক Ⓑ ৮ জন বালক
Ⓒ ১২ জন বালক Ⓓ ১৫ জন বালক

Solve (C) ২ জন পুরুষের সমান কাজ করে ৩ জন বালক

∴ ৮ " " " " $\frac{৩ \times ৮}{২}$ " " = ১২ জন বালক

05. ৫টি ছাতার দামে ১৫টি খাতা পাওয়া যায়, ৭৫টি খাতার দামে কতটি ছাতা পাওয়া যাবে?

Ⓐ ১৫টি ছাতা Ⓑ ২৫টি ছাতা
Ⓒ ১৮টি ছাতা Ⓓ ২৮টি ছাতা

Solve (B) এই সমস্যাগুলো গুণিতকের সাহায্যে খুব দ্রুত সমাধান করা যায়।
যেমন: ১৫ টি খাতাকে ৫ দ্বারা গুণ করে পাই (১৫ × ৫) = ৭৫ টি খাতা
একইভাবে, ৫ টি ছাতাকেও ৫ দ্বারা গুণ করে পাই (৫ × ৫) = ২৫ টি ছাতা

06. ৬টি গরুর ব্যয়ে ৪টি মহিষ পুষা যায়, ১০টি মহিষের ব্যয়ে কতটি গরু পুষা যাবে?

Ⓐ ১০টি গরু Ⓑ ১২টি গরু
Ⓒ ১৫টি গরু Ⓓ ২০টি গরু

Solve (C) ৪টি মহিষ সমান ৬টি গরু

∴ ১০ " " " $\frac{৬ \times ১০}{৪}$ " " = ১৫টি গরু

07. একটি কার ওয়াশ মেশিন ১৮মিনিটে ৮টি কার ওয়াশ করে, একই হারে ৩ ঘণ্টায় মেশিনটি কতগুলো কার ওয়াশ করবে?

Ⓐ ৭০টি Ⓑ ৮০টি
Ⓒ ১১০টি Ⓓ ১২০টি

Solve (B) আমরা জানি, ৩ ঘণ্টা = (৩ × ৬০) মিনিট = ১৮০ মিনিট
১৮ মিনিটে ওয়াশ করে ৮টি কার

∴ ১৮০ " " " $\frac{৮ \times ১৮০}{১৮}$ " " = ৮০ টি কার

08. যে টাকায় ১৮টি কলম পাওয়া যায় ঐ টাকায় ৫টি বই পাওয়া যায়। ১০টি বইয়ের টাকায় কতটি কলম পাওয়া যাবে?

Ⓐ ১৮ টি Ⓑ ২৫ টি
Ⓒ ৩০ টি Ⓓ ৩৬ টি

Solve (D) ৫টি বইয়ের টাকায় কলম পাওয়া যায় ১৮টি

∴ ১" " " " " " $\frac{১৮}{৫}$ টি

∴ ১০" " " " " " $\frac{১৮ \times ১০}{৫}$ টি = ৩৬ টি

09. 15 জন লোক একটি জমির ফসল 35 দিনে কাটতে পারে। 21 জন লোক ঐ জমির ফসল কতদিনে কাটতে পারবে?

Ⓐ 49 দিন Ⓑ 9 দিন Ⓒ 25 দিন Ⓓ 12 দিন

Solve (C) প্রয়োজনীয় সময় $(D_2) = \frac{35 \times 15}{21} = 25$ দিন

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. যদি একটি কাজ 9 জন লোক 12 দিনে করতে পারে, অতিরিক্ত 3 জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

সমাধান:
অতিরিক্ত 3 জন লোক নিয়োগ করলে মোট লোক, (9 + 3) = 12 জন
9 জন লোক একটি কাজ করে 12 দিনে
∴ 1 " " " " " 12×9 "
∴ 12 " " " " " $\frac{12 \times 9}{12}$ দিনে = 9 দিনে

02. ৫টি রেডিও এবং ৪টি টিভির দাম একত্রে ৮৯৫০০ টাকা। ১টি টিভির দাম ১৯৫০০ টাকা হলে, ১৫টি রেডিও এর দাম কত?

সমাধান: এখানে, ৪টি টিভির দাম = (৪ × ১৯৫০০) = ৭৮০০০ টাকা
৫টি রেডিও এর দাম (৮৯৫০০ − ৭৮০০০) বা ১১৫০০ টাকা
∴ ১৫টি " " " $\frac{১১৫০০ \times ১৫}{৫}$ টাকা = ৩৪৫০০ টাকা

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৩. ৩টি খেলনা ঘোড়ার দাম ৫টি খেলনা গরুর দামের সমান। আবার ৩টি খেলনা গরুর দাম ৫টি খেলনা গাধার দামের সমান। ১৫টি খেলনা ঘোড়ার দাম ৯০০০ টাকা হলে ১০ টি করে খেলনা ঘোড়া, গরু ও গাধার দাম একত্রে কত?

সমাধান: আমরা জানি, ১ ডজন = ১২ টি

১৫টি খেলনা ঘোড়ার দাম ৯০০০ টাকা

∴ ১" " " $"\frac{৯০০০}{১৫}"$ = ৬০০ টাকা

∴ ৩" " " $"(৬০০ \times ৩)"$ = ১৮০০ টাকা = ৫টি গরুর দাম

আবার, ৫টি খেলনা গরুর দাম ১৮০০ টাকা

∴ ১" " " $"\frac{১৮০০}{৫}"$ = ৩৬০ টাকা

∴ ৩" " " $"(৩৬০ \times ৩)"$ = ১০৮০ টাকা = ৫টি গাধার দাম

এবং ৫টি খেলনা গাধার দাম ১০৮০ টাকা

∴ ১" " " $"\frac{১০৮০}{৫}"$ = ২১৬ টাকা

∴ ১০টি করে খেলনা ঘোড়া, গরু ও গাধার দাম একত্রে

= [(১০ × ৬০০) + (১০ × ৩৬০) + (১০ × ২১৬)] টাকা

= (৬০০০ + ৩৬০০ + ২১৬০) টাকা = ১১৭৬০ টাকা

০৪. একটি চৌবাচ্চায় তিনটি নল আছে। প্রথম ও দ্বিতীয় নল দ্বারা যথাক্রমে ৩০ মিনিট ও ২০ মিনিটে পূর্ণ হয়। তৃতীয় নল দ্বারা পূর্ণ চৌবাচ্চাটি ৬০ মিনিটে খালি হয়। প্রথম নল কখন বন্ধ করলে ১ম ও ২য় নল দ্বারা চৌবাচ্চাটি ১৮ মিনিটে পানি পূর্ণ হবে?

সমাধান: মনে করি, সম্পূর্ণ চৌবাচ্চাটি ১

এখন, ২য় নল দ্বারা ২০ মিনিটে পূর্ণ হয় ১টি চৌবাচ্চা

∴ ,, ,, ,, ১ ,, ,, ,, $\frac{১}{২০}$ অংশ

∴ ,, ,, ,, ১৮ ,, ,, ,, $\frac{১ \times ১৮}{২০} = \frac{৯}{১০}$ অংশ

∴ অবশিষ্ট = $\left(১ - \frac{৯}{১০}\right)$ অংশ = $\frac{১}{১০}$ অংশ

আবার, ১ম নল ১টি চৌবাচ্চা পূর্ণ করে ৩০ মিনিটে

∴ ,, ,, $\frac{১}{১০}$ অংশ ,, ,, $\left(৩০ \times \frac{১}{১০}\right)$ = ৩ মিনিটে

∴ ৩ মিনিট পর ১ম নলটি বন্ধ করতে হবে।

০৫. ২০ জন শ্রমিক একটি পুকুর ১৫ দিনে খনন করতে পারে। কত জন শ্রমিক ২০ দিনে পুকুরটি খনন করতে পারবে?

সমাধান: ১৫ দিনে পুকুর খননে শ্রমিক লাগে ২০ জন

∴ ১ দিনে পুকুর খননে শ্রমিক লাগে (২০ × ১৫) জন

∴ ২০ দিনে পুকুর খননে শ্রমিক লাগে $\frac{২০ \times ১৫}{২০}$ জন = ১৫ জন

০৬. একটি ছাত্রীনিবাসে ৫০ জন ছাত্রীর ৪ দিনের খাদ্য মজুদ আছে। ঐ পরিমাণ খাদ্যে ২০ জন ছাত্রীর কতদিন চলবে?

সমাধান: ৫০ জন ছাত্রীর খাদ্য আছে ৪ দিনের

∴ ১ " " " " $"(৪ \times ৫০)"$

∴ ২০ " " " $"\frac{৪ \times ৫০}{২০}"$ = ১০ দিনের

০৭. ৬ জন লোক ২৮ দিনে কোন জমির ফসল কাটতে পারে। ২৪ জন লোক কত দিনে ঐ জমির ফসল কাটতে পারবে?

সমাধান: ৬ জনে ফসল কাটতে পারে ২৮ দিনে

∴ ১ " " " " $"(২৮ \times ৬)"$

∴ ২৪ " " " $"\frac{২৮ \times ৬}{২৪}"$ = ৭ দিনে

০৪. ৪০ কেজি চালে ৫ সদস্য বিশিষ্ট একটি পরিবারের ২০ দিন চলে। ৭০ কেজি চালে একই পরিবারের কত দিন চলবে?

সমাধান: ৪০ কেজি চালে চলে ২০ দিন

∴ ১ কেজি চালে চলে $\frac{২০}{৪০}$ দিন

∴ ৭০ কেজি চালে চলে $\frac{২০ \times ৭০}{৪০}$ দিন = ৩৫ দিন

০৯. ৫ কেজি পেয়ারার দাম ২ কেজি আপেলের সমান। ৫ কেজি আপেলের দাম ১২৫০ টাকা হলে, ঐ টাকায় কত কেজি পেয়ারা কেনা যেত?

সমাধান: ১ম ধাপে,

৫ কেজি আপেলের দাম ১২৫০ টাকা

∴ ২ কেজি আপেলের দাম $\frac{১২৫০ \times ২}{৫}$ টাকা = ৫০০ টাকা

আবার, ২য় ধাপে, ৫০০ টাকায় পেয়ারা পাওয়া যায় ৫ কেজি

∴ ১২৫০ " " " $"\frac{৫ \times ১২৫০}{৫০০}$ = ১২.৫ কেজি"

১০. একজন দোকানদার ৯০০০ টাকা বিনিয়োগ করে প্রতিদিন ৪৫০ টাকা লাভ করে। তাকে প্রতিদিন ৬০০ টাকা লাভ করতে কত টাকা বিনিয়োগ করতে হবে?

সমাধান: ৪৫০ টাকা লাভ করতে বিনিয়োগ করতে হবে ৯০০০ টাকা

∴ ৬০০ " " " " " " $"\frac{৯০০০ \times ৬০০}{৪৫০}$ = ১২০০০ টাকা

১১. রহিম একটি কাজ ৫ দিনে করে, রাজু ঐ কাজটি ১০ দিনে ও কামাল তা ২৫ দিনে করে। তারা একত্রে ঐ কাজটি কত দিনে করবে?

সমাধান: তিনজন ১ দিনে করে $\left(\frac{১}{৫} + \frac{১}{১০} + \frac{১}{২৫}\right)$ অংশ

$= \left(\frac{১০ + ৫ + ২}{৫০}\right)" = \frac{১৭}{৫০}$ অংশ

∴ $\frac{১৭}{৫০}$ অংশ কাজ করে ১ দিনে

∴ ১ " " " $\frac{৫০ \times ১}{১৭} = ২\frac{১৬}{১৭}$ দিনে

১২. মিতা একটি কাজ ১০ দিনে করতে পারে। রিতা সে কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?

সমাধান: মিতা ১০ দিনে করতে পারে ১ টি কাজ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১০}$ অংশ ,,

রিতা ১৫ দিনে করতে পারে ১ টি কাজ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১৫}$ অংশ ,,

∴ মিতা ও রিতা ১ দিনে করে $\left(\frac{১}{১০} + \frac{১}{১৫}\right) = \frac{৩ + ২}{৩০} = \frac{৫}{৩০} = \frac{১}{৬}$ অংশ

দুজনে একত্রে $\frac{১}{৬}$ অংশ করে ১ দিনে

∴ ,, ,, ১ (সম্পূর্ণ) কাজ করে ১ × ৬ = ৬ দিনে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পাটিগণিত
অধ্যায়-৫

ভগ্নাংশ

দশমিক ভগ্নাংশ

❑ **দশমিক ভগ্নাংশ: পূর্ণসংখ্যা নয় এমন সংখ্যাকে দশমিক বিন্দুর সাহায্যে প্রকাশ করলে তাকে দশমিক ভগ্নাংশ বলে। যেমন: ০.২, ২.৫।**

- **দশমিক ভগ্নাংশের যোগ-বিয়োগ:**

যোগ কর: ২.২, ০.০২, ০.০০২

দশমিকের পরে সমান সংখ্যক অঙ্ক না থাকলে শূন্য (০) দ্বারা পূরণ করে যোগের সাধারণ নিয়মে যোগ করে: ২.২০০ + ০.০২০ + ০.০০২ = ২.২২২

২.২০০
০.০২০
০.০০২
যোগফল ২.২২২

বিয়োগ কর : ৩২.৭ থেকে ২৫.০৪

দশমিকের পরে সমান সংখ্যক অঙ্ক না থাকলে শূন্য (০) দ্বারা পূরণ করে বিয়োগের সাধারণ নিয়মে বিয়োগ করে : ৩২.৭০ − ২৫.০৪ = ৭.৬৬

৩২.৭০
২৫.০৪
বিয়োগফল ৭.৬৬

- **দশমিক ভগ্নাংশের গুণ-ভাগ:**
- **গুণের নিয়ম : দশমিক সংখ্যা × দশমিক সংখ্যা :**

প্রথমে গুণের সাধারণ নিয়মে সংখ্যাগুলো গুণ করে প্রদত্ত দশমিক সংখ্যাগুলোর দশমিক বিন্দুর পরে মোট যতগুলো অঙ্ক আছে গুণফলের তত অঙ্ক আগে দশমিক হবে। যেমন : ০.৪ × ০.৪ = ০.১৬ (এখানে, ভগ্নাংশদ্বয়ের দশমিকের পর একটি করে মোট দুইটি অঙ্ক আছে তাই গুণফলের দুই অঙ্ক আগে দশমিক হবে)।

অনুরূপভাবে: ০.৩ × ০.০৩ × ০.০০৩ = ০.০০০০২৭।

- **দশমিক সংখ্যা × পূর্ণ সংখ্যা :**

পূর্বের মতোই প্রথমে সংখ্যাগুলো গুণ করে, প্রদত্ত সংখ্যাগুলোর দশমিক বিন্দুর পরে যতগুলো অঙ্ক আছে, গুণফলের তত অঙ্ক আগে দশমিক হবে। যেমন: ২.২৪ × ২ = ৪.৪৮ (এখানে, সংখ্যাদ্বয়ের দশমিকের পর মোট দুইটি অঙ্ক আছে তাই গুণফলের দুই অঙ্ক আগে দশমিক হবে)।

২ × ২.৫ × ০.২৫ = ১.২৫০ = ১.২৫ (যদি গুণফলের শেষে শূন্য(০) হয় সেক্ষেত্রে, গুণফলে দশমিকের পর এক অঙ্ক কম হবে এবং শূন্য বাদ যাবে)।

অনুরূপভাবে, ২.০০ × ২.২০ × ০.২২ = ০.৯৬৮ (দশমিকের পর শুধু বা শেষে শূন্য থাকলে বাদ দিয়ে হিসাব করতে হবে)।

ভাগের নিয়ম : দশমিক সংখ্যা ÷ পূর্ণসংখ্যা :

প্রথমে দশমিক সংখ্যাটিকে দশমিক উঠিয়ে পূর্ণসংখ্যায় লিখতে হবে, এখন পূর্ণসংখ্যার নিচে হর আকারে সংখ্যাটির জন্য ১, এবং দশমিকের পর যতগুলো অঙ্ক ততগুলো শূন্য (০) বসিয়ে ভাগের সাধারণ নিয়মে ভাগ করতে হবে। যেমন: ০.৪ ÷ ৫ $= \frac{৪}{১০} \div ৫$ (এখানে, দশমিক বাদে পূর্ণসংখ্যা হয় ৪ এবং নিচে হর আকারে ১ ও দশমিকের পর একটি অঙ্ক থাকায় ১টি শূন্য (০) বসিয়ে ১০ লেখা যায়)।

$\frac{৪}{১০} \times \frac{১}{৫} = \frac{২}{৫} \times \frac{১}{৫} = \frac{২}{২৫} = ০.০৮$ (ভাগ থাকলে গুণ করে সংখ্যাটিকে উল্টিয়ে নিতে হয়, নিচে কোন সংখ্যা না থাকলে, উল্টানোর সময় উপরে সব সময় ১ লিখতে হয়)।

- **দশমিক সংখ্যা ÷ দশমিক সংখ্যা :**

পূর্বের মতোই দশমিক সংখ্যাগুলো দশমিক উঠিয়ে পূর্ণসংখ্যায় লিখতে হবে, এখন পূর্ণসংখ্যার নিচে হর আকারে সংখ্যাটির জন্য ১ এবং দশমিকের পর যতগুলো অঙ্ক ততগুলো শূন্য (০) বসিয়ে ভাগের সাধারণ নিয়মে ভাগ করতে হবে। যেমন: ২.৪ ÷ ০.৪ $= \frac{২৪}{১০} \div \frac{৪}{১০}$ (এখানে, সংখ্যাদ্বয়ের দশমিকের পর একটি করে অঙ্ক আছে তাই পূর্ণসংখ্যার নিচে ১০ লেখা হয়েছে)।

$\frac{২৪}{১০} \div \frac{৪}{১০} = \frac{২৪}{১০} \times \frac{১০}{৪} = ৬$ (ভাগের পরিবর্তে গুণ করায় সংখ্যাটি উল্টে যাবে)। অনুরূপভাবে, ২.২০ ÷ ০.২২ = ১০

সাধারণ ভগ্নাংশ

❑ **সাধারণ ভগ্নাংশ:** $\frac{p\ (লব)}{q\ (হর)}$ **আকারের কোন সংখ্যাকে সাধারণ ভগ্নাংশ সংখ্যা বা** সংক্ষেপে ভগ্নাংশ বলে। যেখানে $p \neq q$, $q \neq 0$ এবং $q \neq 1$

সাধারণ ভগ্নাংশ তিন প্রকার:

- প্রকৃত ভগ্নাংশ: যে ভগ্নাংশের লব ছোট হর বড় তাকে প্রকৃত ভগ্নাংশ বলে। যেমন: $\frac{১}{২}, \frac{২}{৩}, \frac{৩}{৫}$ ইত্যাদি।
- অপ্রকৃত ভগ্নাংশ: যে ভগ্নাংশের লব বড় হর ছোট তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে। যেমন: $\frac{৩}{২}, \frac{৫}{৩}, \frac{৭}{৫}$ ইত্যাদি।
- মিশ্র ভগ্নাংশ: পূর্ণ সংখ্যা এবং প্রকৃত ভগ্নাংশের সমন্বয়ে গঠিত সংখ্যাকে মিশ্র ভগ্নাংশ বলে। যেমন: $১\frac{১}{২}, ২\frac{২}{৩}, ৩\frac{৩}{৫}$ ইত্যাদি।

❑ **ভগ্নাংশের ছোট (ক্ষুদ্রতম) / বড় (বৃহত্তম) নির্ণয়:**

$\frac{২}{৫}, \frac{১}{৩}$ এবং $\frac{৩}{৫}$ ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বড়?

নিয়ম-১: ভগ্নাংশগুলোকে দশমিক ভগ্নাংশে রূপান্তর: $\frac{২}{৫} = ০.৪$

$\frac{১}{৩} = ০.৩৩৩$; $\frac{৩}{৫} = ০.৬$ সুতরাং $\frac{৩}{৫} > \frac{২}{৫} > \frac{১}{৩}$

নিয়ম-২: ভগ্নাংশগুলোর হরগুলোর ল.সা.গু. = ১৫ দ্বারা ভগ্নাংশগুলো গুণ করে।

$\frac{২}{৫} \times ১৫ = ৬$; $\frac{১}{৩} \times ১৫ = ৫$; $\frac{৩}{৫} \times ১৫ = ৯$;

যেহেতু ৯ > ৬ > ৫ সুতরাং $\frac{৩}{৫} > \frac{২}{৫} > \frac{১}{৩}$

নিয়ম-৩: যদি দুইটি ভগ্নাংশের ১ম টির লব ও ২য় টির হরের গুণফল ১ম টির হর ও ২য় টির লবের গুণফল থেকে বড় হয় তবে ১ম ভগ্নাংশটি ২য় ভগ্নাংশ থেকে বড়।

$\frac{২}{৫}, \frac{১}{৩}$ এবং $\frac{৩}{৫}$ ভগ্নাংশের বড় ছোট নির্ণয়? প্রথমে ১ম দুইটি ভগ্নাংশের মধ্যে বড় নির্ণয় করি এবং প্রাপ্ত বড় মানটির সাথে বাকি ভগ্নাংশের ছোট বড় নির্ণয় করি।

$\frac{২}{৫} \times \frac{১}{৩} \Rightarrow ২ \times ৩ > ১ \times ৫ \therefore ৬ > ৫$ সুতরাং $\frac{২}{৫} > \frac{১}{৩}$

$\frac{২}{৫} \times \frac{৩}{৫} \Rightarrow ২ \times ৫ < ৩ \times ৫ \therefore ১০ < ১৫$ সুতরাং $\frac{৩}{৫} > \frac{২}{৫}$

সুতরাং $\frac{৩}{৫} > \frac{২}{৫} > \frac{১}{৩}$

গুরুত্বপূর্ণ MCQ

01. ০.৩ + ০.০৩ + ০.০০৩ = কত?

Ⓐ ০.০৩০ Ⓑ ০.০৩৩ Ⓒ ০.৩০৩ Ⓓ ০.৩৩৩

Ans Ⓓ Solve ০.৩০০ + ০.০৩০ + ০.০০৩ = ০.৩৩৩

02. ২.১২ − ০.১ = কত?

Ⓐ ২.০২ Ⓑ ২.১০ Ⓒ ২.০১ Ⓓ ২.০০

Ans Ⓐ Solve ২.১২ − ০.১০ = ২.০২

03. ০.১ × ০.০০১ = কত?

Ⓐ ০.০০২ Ⓑ ০.১০ Ⓒ ০.০০১ Ⓓ ০.০০০১

Ans Ⓓ Solve ০.১ × ০.০০১ = ০.০০০১

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

04. $0.02 \times 0.05 =$ কত?
Ⓐ 0.002 Ⓑ 0.001 Ⓒ 0.01 Ⓓ 0.010 Ans B

05. $1.2 \times 0.12 =$ কত?
Ⓐ 0.188 Ⓑ 18.8 Ⓒ 1.88 Ⓓ 1.12
Solve A $1.2 \times 0.12 = 0.188$

06. $0.1 \times 0.001 \times 1 =$ কত?
Ⓐ 0.002 Ⓑ 0.10 Ⓒ 0.001 Ⓓ 0.0001
Solve D $0.1 \times 0.001 \times 1 = 0.0001$

07. $0.02 \times 0.05 \times 0.1 \times 0.1 =$ কত?
Ⓐ 0.00002 Ⓑ 0.0001 Ⓒ 0.00001 Ⓓ 0.0010 Ans C

08. $0.02 \times 0.01 \times 0.3 =$ কত?
Ⓐ 0.0002 Ⓑ 0.00006 Ⓒ 0.00003 Ⓓ 0.006 Ans B

09. $1.2 \times 0.1 \times 1.0 \times 0 =$ কত?
Ⓐ 0 Ⓑ 1.201 Ⓒ 1.002 Ⓓ 1.1002 Ans A

10. $0.5 \times 0.005 \times 5 =$ কত?
Ⓐ 0.1025 Ⓑ 0.125 Ⓒ 0.01252 Ⓓ 0.01125 Ans D

11. 25, 0.25 থেকে কত গুণ বড়?
Ⓐ 20 Ⓑ 25 Ⓒ 50 Ⓓ 100 Ans D

12. $16 \div 0.16 =$ কত?
Ⓐ 100 Ⓑ 160 Ⓒ 60 Ⓓ 50 Ans A

13. $0.5 \div 0.005 =$ কত?
Ⓐ 25 Ⓑ 50 Ⓒ 100 Ⓓ 125 Ans C

14. $0.04 \div 1.6 =$ কত ?
Ⓐ 0.1025 Ⓑ 0.125 Ⓒ 0.0152 Ⓓ 0.025 Ans D

15. $\dfrac{0.2 \times 0.2 \times 0.2}{0.2 \times 0.04} =$ কত ?
Ⓐ 1 Ⓑ 0.01 Ⓒ 0.008 Ⓓ 0.08 Ans A

16. $0.\dot{2}\dot{4}$ এর সামান্য ভগ্নাংশ রূপ কোনটি?
Ⓐ $\frac{8}{33}$ Ⓑ $\frac{4}{33}$ Ⓒ $\frac{8}{11}$ Ⓓ $\frac{4}{11}$
Solve A $0.\dot{2}\dot{4} = \dfrac{24}{99} = \dfrac{8}{33}$

17. $3.31\dot{2}\dot{4}$ কে সাধারণ ভগ্নাংশে রূপান্তর কর-
Ⓐ $3\frac{1031}{3300}$ Ⓑ $\frac{1031}{3300}$ Ⓒ $3\frac{3124}{1000}$ Ⓓ $3\frac{1031}{999}$
Solve A $3.31\dot{2}\dot{4} = 3 + \dfrac{3124 - 31}{9900} = 3 + \dfrac{1031}{3300} = 3\dfrac{1031}{3300}$

18. $0.4\dot{1}$ কে সাধারণ ভগ্নাংশে রূপান্তর কর-
Ⓐ $\frac{41}{100}$ Ⓑ $\frac{41}{99}$ Ⓒ $\frac{41}{90}$ Ⓓ $\frac{41}{10}$
Solve B $0.4\dot{1} = \dfrac{41 - 0}{99} = \dfrac{41}{99}$

19. নিচের কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?
Ⓐ $\frac{5}{13}$ Ⓑ $\frac{18}{36}$ Ⓒ $\frac{16}{31}$ Ⓓ $\frac{8}{18}$
Solve D A. $\dfrac{5}{13} = 0.385$; B. $\dfrac{18}{36} = 0.5$
C. $\dfrac{16}{31} = 0.5161$; D. $\dfrac{8}{18} = 0.333$ (ক্ষুদ্রতম)

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. ৪টি ১ টাকার নোট ও ৮টি ২ টাকার নোট একত্রে ৮টি ৫ টাকার নোটের কত অংশ?
সমাধান: ৪টি ১ টাকার নোট $= (8 \times 1) = 8$ টাকা
৮টি ২ " " $= (8 \times 2) = 16$ "
৮টি ৫ " " $= (8 \times 5) = 80$ "
$\therefore (8 + 16)$ বা ২০ টাকা ৪০ টাকার $= \dfrac{20}{80} = \dfrac{1}{2}$ অংশ

02. ২৫ ফুট লম্বা একটি বাঁশকে এমনভাবে কাটা হলো যেন ছোট অংশটি বড় অংশের $\frac{1}{8}$ হয়। ছোট অংশটির দৈর্ঘ্য কত ফুট?
সমাধান: মনে করি, ছোট অংশটির দৈর্ঘ্য x ফুট
$\therefore$ বড় " " $8x$ "
প্রশ্নমতে, $x + 8x = 25 \Rightarrow 5x = 25 \Rightarrow \therefore x = 5$
$\therefore$ ছোট অংশটির দৈর্ঘ্য ৫ ফুট।

03. একটি খুঁটির $\frac{5}{6}$ অংশ কালো এবং বাকি অংশ সাদা। খুঁটির কালো এবং সাদা অংশের দৈর্ঘ্যের পার্থক্য ৬ মিটার হলে সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য কত?
সমাধান: মনে করি, সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য 'ক' মিটার
এখন, খুঁটির কালো অংশ $= \dfrac{5k}{6}$
$\therefore$ " সাদা অংশ $= \left(k - \dfrac{5k}{6}\right) = \dfrac{6k - 5k}{6} = \dfrac{k}{6}$
$\therefore$ প্রশ্নমতে, $\dfrac{k}{6} = 6 \therefore k = 6 \times 6 = 36$
$\therefore$ সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য ৩৬ মিটার

04. একটি ক্রিকেট দলে যতজন স্ট্যাম্প আউট হলো তার দেড়গুণ কট আউট হলো এবং মোট উইকেটের অর্ধেক বোল্ড আউট হলো। দলের কতজন কট আউট হলো।
সমাধান: ক্রিকেট খেলায় উইকেট সংখ্যা 10 টি অর্থাৎ, এই খেলায় মোট 10 জন আউট হয়।
$\therefore$ বোল্ড আউট $= \dfrac{10}{2} = 5$ জন, বাকি থাকে 5 জন
মনে করি, স্ট্যাম্প আউট হয় x জন, $\therefore$ কট আউট হয় $\frac{3x}{2}$ জন
প্রশ্নমতে, $x + \dfrac{3x}{2} = 5 \Rightarrow \dfrac{2x + 3x}{2} = 5 \Rightarrow 5x = 10 \therefore x = 2$
$\therefore$ কট আউট $= \left(\dfrac{3 \times 2}{2}\right) = 3$ জন

05. 70 সে.মি. দীর্ঘ একটি তার এমনভাবে দুই টুকরো করা হলো যেন একটি টুকরোর দৈর্ঘ্য অন্যটির 2/5 অংশ হয়। ছোট টুকরোর দৈর্ঘ্য কত সে.মি.?
সমাধান: মনে করি, বড় টুকরোর দৈর্ঘ্য হবে 5x সে.মি.
ছোট টুকরোর দৈর্ঘ্য $= \left(5x \times \dfrac{2}{5}\right) = 2x$ সে.মি.
প্রশ্নমতে, $2x + 5x = 70 \Rightarrow 7x = 70 \therefore x = 10$
$\therefore$ ছোট টুকরোর দৈর্ঘ্য $= (2 \times 10) = 20$ সে.মি.

06. একটি সংখ্যার অর্ধেক তার এক তৃতীয়াংশের চাইতে 17 বেশি। সংখ্যাটি কত?
সমাধান: মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\left(x \times \dfrac{1}{2}\right) = \left(x \times \dfrac{1}{3}\right) + 17 \Rightarrow \dfrac{x}{2} = \dfrac{x}{3} + 17 \Rightarrow \dfrac{x}{2} - \dfrac{x}{3} = 17$
$\Rightarrow \dfrac{3x - 2x}{6} = 17 \Rightarrow \dfrac{x}{6} = 17$
$\therefore x = 102 \therefore$ সংখ্যাটি 102

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

07. কোনো সম্পত্তির $\frac{1}{2}$ অংশের মূল্য 1600 টাকা হলে ঐ সম্পত্তির $\frac{1}{8}$ অংশের মূল্যের 4 গুণ কত?

সমাধান: $\frac{1}{2}$ (অর্ধেক) সম্পত্তির মূল্য 1600 টাকা

$\therefore$ মোট সম্পত্তির মূল্য = $(1600 \times 2) = 3200$ টাকা।

আবার, সম্পত্তির $\frac{1}{8}$ অংশের মূল্য = $3200 \times \frac{1}{8} = 400$ টাকা

$\therefore$ 4 গুণ = $400 \times 4 = 1600$ টাকা।

08. একটি নতুন বাইসাইকেলের দাম ২,৫০০ টাকা। প্রতি বছর শেষে সাইকেলটির মূল্য পূর্বতন মূল্যের $\frac{8}{৫}$ এ দাঁড়ায়। ৩য় বছর শেষে সাইকেলের মূল্য কত হবে?

সমাধান:

১ম বছর শেষে সাইকেলটির মূল্য = $\left(২৫০০ \text{ এর } \frac{8}{৫}\right) = ২০০০$ টাকা

২য় " " " " = $\left(২০০০ \text{ এর } \frac{8}{৫}\right) = ১৬০০$ টাকা

৩য় " " " " = $\left(১৬০০ \text{ এর } \frac{8}{৫}\right) = ১২৮০$ টাকা

পাটিগণিত অধ্যায়-৬

অনুপাত ও সমানুপাত

অনুপাত

❑ **অনুপাত :** দুইটি সমজাতীয় রাশির একটি অপরটির তুলনায় কতগুণ বা কত অংশ তা একটি ভগ্নাংশ দ্বারা প্রকাশ করা যায়। এই ভগ্নাংশকে রাশি দুইটির অনুপাত বলে। রাশি দুইটি সমজাতীয় বলে অনুপাতের কোনো একক নেই।

উদাহরণ: ক এর বয়স ২০ বছর এবং খ এর বয়স ৪০ বছর

$\therefore$ ক ও খ এর বয়সের অনুপাত, $(২০ : ৪০) = (১ : ২)$

❑ **বিভিন্ন প্রকার অনুপাত :**

অনুপাত ও সংজ্ঞা	উদাহরণ
সরল অনুপাত : কোনো অনুপাতে দুইটি রাশি থাকলে তাকে সরল অনুপাত বলে এবং রাশি দুইটিকে যথাক্রমে পূর্বরাশি ও উত্তর রাশি বলে।	৫ : ৯
লঘু অনুপাত : যে অনুপাতের উত্তর রাশি বড় তাকে লঘু অনুপাত বলে।	৩ : [৮] → বড়
গুরু অনুপাত : যে অনুপাতের পূর্ব রাশি বড় তাকে গুরু অনুপাত বলে।	বড় → [৮] : ৩
একানুপাত : যে অনুপাতের প্রত্যেকটি রাশির মান একই তাকে একানুপাত বলে।	৩ : ৩, ৪ : ৪, ১ : ১
ধারাবাহিক অনুপাত : দুইটি অনুপাতের প্রথম অনুপাতের উত্তর রাশি দ্বিতীয় অনুপাতের পূর্ব রাশির সমান হলে, অনুপাত দুইটিকে একত্রে ধারাবাহিক অনুপাত বলে।	৫ : ৭ ও ৭ : ৩ অনুপাতদ্বয়ের ধারাবাহিক অনুপাত ৫ : ৭ : ৩
দ্বিগুণানুপাত : কোনো সরল অনুপাতের উভয় রাশির বর্গ রাশিদ্বয়কে ঐ অনুপাতের দ্বিগুণানুপাত বলে।	৯ : ৭ এর দ্বিগুণানুপাত $৯^২ : ৭^২$ বা ৮১ : ৪৯
দ্বিভাজিত অনুপাত : কোনো সরল অনুপাতের উভয় রাশির বর্গমূল রাশিদ্বয়কে ঐ অনুপাতের দ্বিভাজিত অনুপাত বলে।	৮১ : ৪৯ এর দ্বিভাজিত অনুপাত $\sqrt{৮১} : \sqrt{৪৯} = ৯ : ৭$
ত্রিগুণানুপাত : কোনো সরল অনুপাতের উভয় রাশির ঘন রাশিদ্বয়কে ঐ অনুপাতের ত্রিগুণানুপাত বলে।	৩ : ৫ এর ত্রিগুণানুপাত $৩^৩ : ৫^৩ = ২৭ : ১২৫$
ত্রিভাজিত অনুপাত : কোনো সরল অনুপাতের উভয় রাশির ঘনমূল রাশিদ্বয়কে ঐ অনুপাতের ত্রিভাজিত অনুপাত বলে।	২৭ : ১২৫ এর ত্রিভাজিত অনুপাত $\sqrt[৩]{২৭} : \sqrt[৩]{১২৫} = ৩ : ৫$
ব্যস্ত অনুপাত বা বিপরীত অনুপাত : যদি কোনো অনুপাতের পূর্ব রাশিকে উত্তর রাশি এবং উত্তর রাশিকে পূর্ব রাশি করা হয় তবে প্রাপ্ত অনুপাতকে ব্যস্ত অনুপাত বা বিপরীত অনুপাত বলে।	৪ : ৫ এর ব্যস্ত অনুপাত ৫ : ৪
মিশ্র অনুপাত : যদি একাধিক সরল অনুপাতের পূর্ব রাশিগুলোর গুণফল পূর্ব রাশি ও উত্তর রাশিগুলোর গুণফল উত্তর রাশি হয় তবে সেই অনুপাতকে মিশ্র অনুপাত বলে।	৪ : ৩; ৫ : ৭; ৯ : ৫ এর মিশ্র অনুপাত $(৪ \times ৫ \times ৯) : (৩ \times ৭ \times ৫) = ১৮০ : ১০৫ = ১২ : ৭$

গুরুত্বপূর্ণ MCQ

01. দুইটি রাশি ৩২ ও ৫৬ হলে রাশিদ্বয়ের অনুপাত?

Ⓐ ২ : ৫ Ⓑ ৩ : ৫ Ⓒ ৪ : ৭ Ⓓ ৭ : ৮

Ans C Solve রাশিদ্বয়ের অনুপাত = $৩২ : ৫৬ = \frac{৩২}{৫৬} = \frac{৪}{৭} = ৪ : ৭$

02. একজন লোক সপ্তাহে ২২০০ টাকা আয় করেন এবং ১৬৫০ টাকা ব্যয় করেন। তার সঞ্চয়ের সঙ্গে আয়ের অনুপাত কত?

Ⓐ ১ : ৪ Ⓑ ২ : ৩ Ⓒ ৩ : ৪ Ⓓ ৪ : ৫

Ans A Solve সপ্তাহে সঞ্চয় = ২২০০ − ১৬৫০ = ৫৫০ টাকা

$\therefore$ তার সঞ্চয় : আয়ের অনুপাত = ৫৫০ : ২২০০ = ১ : ৪

03. দুইটি রাশির অনুপাত ৬ : ১১। উত্তররাশি ৯৯ হলে, পূর্ব রাশি কত?

Ⓐ ৫৮ Ⓑ ৫৪ Ⓒ ৫২ Ⓓ ৪৮

Ans B Solve পূর্ব রাশি ÷ উত্তর রাশি = রাশি দুইটির অনুপাত

বা, $\frac{\text{পূর্বরাশি}}{৯৯} = \frac{৬}{১১}$ $\therefore$ পূর্বরাশি = $\frac{৬ \times ৯৯}{১১} = ৫৪$

04. দুইটি রাশির অনুপাত ৯ : ১৫, পূর্ব রাশি ৩৬ হলে, উত্তর রাশি কত?

Ⓐ ২০ Ⓑ ৪০ Ⓒ ৬০ Ⓓ ৭৫

Ans C Solve মনে করি উত্তর রাশি = x

শর্তমতে, $৯ : ১৫ = ৩৬ : x$ বা, $\frac{৯}{১৫} = \frac{৩৬}{x}$ $\therefore x = \frac{৩৬ \times ১৫}{৯} = ৬০$

05. $1\frac{2}{5}$ এবং $1\frac{1}{20}$ এর অনুপাত নিচের কোনটি?

Ⓐ 8 : 3 Ⓑ 9 : 2 Ⓒ 4 : 3 Ⓓ 7 : 4

Ans C Solve $1\frac{2}{5} : 1\frac{1}{20} = \frac{7}{5} : \frac{21}{20} = \frac{7}{5} \times \frac{20}{21} = \frac{4}{3} = 4 : 3$

06. রাসেল ও রাকিবের আয়ের অনুপাত ৫ : ৪। রাসেলের আয় ৮৫ টাকা হলে রাকিবের আয় কত?

Ⓐ ৬৫ Ⓑ ৬৬ Ⓒ ৬৭ Ⓓ ৬৮

Ans D Solve মনে করি, রাকিবের আয় x টাকা

রাসেলের আয় : রাকিবের আয় = ৫ : ৪ বা, $\frac{৮৫}{x} = \frac{৫}{৪}$ $\therefore x = \frac{৮৫ \times ৪}{৫} = ৬৮$

07. ৭ : ৫ এবং ৮ : ৯ অনুপাতদ্বয়ের ধারাবাহিক অনুপাত?

Ⓐ ৫৬ : ৪০ : ৪৫ Ⓑ ৭৭ : ৫৩ : ৪৫ Ⓒ ৪৫ : ৫৩ : ৭৭ Ⓓ ৪৫ : ৫৬ : ৬৫

Ans A Solve প্রথম অনুপাত = $৭ : ৫ = (৭ \times ৮) : (৫ \times ৮) = ৫৬ : ৪০$,

দ্বিতীয় অনুপাত = $৮ : ৯ = (৮ \times ৫) : (৯ \times ৫) = ৪০ : ৪৫$

$\therefore$ অনুপাতদ্বয়ের ধারাবাহিক অনুপাত ৫৬ : ৪০ : ৪৫।

08. ৫ : ৭ ও ৯ : ১১ কে ধারাবাহিক অনুপাতে প্রকাশ কর।

Ⓐ ৬৩ : ৪৫ : ৭৬ Ⓑ ৭৭ : ৫৩ : ৪৫ Ⓒ ৫৫ : ৬৩ : ৭৭ Ⓓ ৪৫ : ৬৩ : ৭৭

Ans D Solve প্রথম অনুপাত = $৫ : ৭ = (৫ \times ৯) : (৭ \times ৯) = ৪৫ : ৬৩$,

দ্বিতীয় অনুপাত = $৯ : ১১ = (৯ \times ৭) : (১১ \times ৭) = ৬৩ : ৭৭$

$\therefore$ প্রদত্ত অনুপাত দুইটির ধারাবাহিক অনুপাত ৪৫ : ৬৩ : ৭৭।

CamScanner

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $\frac{a}{2}=\frac{b}{3}=\frac{c}{4}$ হলে, নিচের কোনটি সঠিক?

সমাধান: ধরি, $\frac{a}{2}=\frac{b}{3}=\frac{c}{4}=k$ ∴ $\frac{a}{2}=k \Rightarrow a=2k$

তদ্রূপ, $b=3k$ এবং $c=4k$

∴ $a:b:c=2k:3k:4k=2:3:4$

02. ভাইয়ের বয়স 3 বছর 6 মাস ও বোনের বয়স 6 মাস। ভাই ও বোনের বয়সের অনুপাত কত?

সমাধান: ভাইয়ের বয়স $=(3\times12+6)$ মাস $=42$ মাস

∴ ভাই ও বোনের বয়সের অনুপাত $=42:6=7:1$

03. একটি রাশি অপর রাশির ৬৪% হলে রাশি দুইটির অনুপাত কত?

সমাধান: মনে করি, রাশিদ্বয় x ও y

∴ $x=y\times৬৪\% \Rightarrow \frac{x}{y}=\frac{৬৪}{১০০}=\frac{১৬}{২৫}$ ∴ $x:y=১৬:২৫$

04. জ্বালানি তেলের মূল্য ১৫% বৃদ্ধি পাওয়ায় বাসের টিকিটের মূল্য ২০% বৃদ্ধি পেল। তাহলে নতুন ও পুরানো বাস ভাড়ার অনুপাত কত?

সমাধান: জ্বালানির মূল্য বৃদ্ধি পাওয়ায়, ১০০ টাকার টিকিটের মূল্য ১২০ টাকা

∴ টিকিটের নতুন মূল্য : পুরানো মূল্য $=১২০:১০০=১২:১০=৬:৫$

05. x এর ১০% যদি y এর ২০% এর সমান হয় তবে $x:y=$ কত?

সমাধান: দেওয়া আছে, x এর ১০% = y এর ২০%

$\Rightarrow \frac{১০x}{১০০}=\frac{২০y}{১০০} \Rightarrow \frac{x}{y}=\frac{২০}{১০০}\times\frac{১০০}{১০}$ ∴ $x:y=২:১$

সমানুপাত

- **সমানুপাত :** ৪টি রাশির ১ম ও ২য় রাশির অনুপাত এবং ৩য় ও ৪র্থ রাশির অনুপাত পরস্পর সমান হলে, ঐ চারটি রাশি একটি সমানুপাত তৈরি করে। সমানুপাতের প্রত্যেকটি রাশিকে সমানুপাতি বলে। সমানুপাতের ১ম ও ৪র্থ রাশিকে প্রান্তীয় রাশি এবং ২য় ও ৩য় রাশিকে মধ্য রাশি বলে।
- **ক্রমিক সমানুপাত :** তিনটি রাশির ১ম ও ২য় রাশির অনুপাত এবং ২য় ও ৩য় রাশির অনুপাত পরস্পর সমান হলে, সমানুপাতটিকে ক্রমিক সমানুপাত বলে। রাশি তিনটিকে ক্রমিক সমানুপাতি বলে। ২য় রাশিকে ১ম ও ৩য় রাশির মধ্য সমানুপাতী বা মধ্য রাশি বলে। ক্রমিক সমানুপাতের তিনটি রাশিই এক জাতীয়।

ক্রমিক সমানুপাতের, ১ম রাশি × ৩য় রাশি = (২য় রাশি)^2।

যেমন- মনে করি, তিনটি রাশি যথাক্রমে ৪ কেজি, ৮ কেজি ও ১৬ কেজি। এ রাশিগুলো দ্বারা দুইটি অনুপাত ৪ : ৮ এবং ৮ : ১৬ গঠন করা যায়। এখানে, ৪ : ৮ = ৮ : ১৬। এ রকমের সমানুপাতকে ক্রমিক সমানুপাত বলে।

গুরুত্বপূর্ণ MCQ

01. ৯ ও ১৬ এর মধ্য সমানুপাতি কত?

Ⓐ ৩৫ Ⓑ ১৩ Ⓒ ১২ Ⓓ ৬

Solve C মনে করি, মধ্য সমানুপাতিক ক

প্রশ্নমতে, ৯ : ক = ক : ১৬ বা, $ক^2=১৪৪$ ∴ ক = ১২

02. ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত?

Ⓐ ১২ Ⓑ ১৮ Ⓒ ১৬ Ⓓ ৮

Solve A মনে করি, চতুর্থ সমানুপাতিক = x

৩ : ৯ = ৪ : x বা, $\frac{৩}{৯}=\frac{৪}{x}$ ∴ $x=\frac{৪\times৯}{৩}=১২$

03. --- : ৯ :: ১৬ : ৮, ১ম রাশিটি কত ?

Ⓐ ৮ Ⓑ ৯ Ⓒ ১৬ Ⓓ ১৮

Solve D মনে করি, ১ম রাশিটি ক

প্রশ্নমতে, ক : ৯ :: ১৬ : ৮ বা, $\frac{ক}{৯}=\frac{১৬}{৮}$ ∴ ক = ২ × ৯ = ১৮

04. If A : B = 3 : 4, B : C = 5 : 6 and C : D = 11 : 9, and then A : D is-

Ⓐ 50 : 60 Ⓑ 55 : 72 Ⓒ 60 : 70 Ⓓ 65 : 75

Solve B $\frac{A}{B}\times\frac{B}{C}\times\frac{C}{D}=\frac{3}{4}\times\frac{5}{6}\times\frac{11}{9}$

$\Rightarrow \frac{A}{D}=\frac{55}{72}$ ∴ A : D = 55 : 72

05. x : y = a : b, যদি x = 6, y = 5 এবং a = 36 হয় তবে b = কত?

Ⓐ 35 Ⓑ 30 Ⓒ 12 Ⓓ 6

Solve B x : y = a : b বা, 6 : 5 = 36 : b

বা, $\frac{6}{5}=\frac{36}{b}$ ∴ $b=\frac{36\times5}{6}=30$

06. এক দোকানদার ১৫ টাকা ও ২০ টাকা কেজি দরে দু' ধরনের চা কী অনুপাতে মেশালে মিশ্রিত চায়ের দাম প্রতি কেজি ১৬ টাকা ৫০ পয়সা হবে?

Ⓐ ৫ : ৭ Ⓑ ৭ : ৩ Ⓒ ৩ : ৭ Ⓓ ৪ : ৫ **Ans B**

07. পনির ও তপনের আয়ের অনুপাত ৪ : ৩। তপন ও রবিনের আয়ের অনুপাত ৫ : ৪ হলে, পনির, তপন ও রবিনের আয়ের অনুপাত?

Ⓐ ১২ : ১৫ : ২০ Ⓑ ২০ : ১৫ : ১২

Ⓒ ১৫ : ২০ : ১২ Ⓓ ১৫ : ১২ : ২০

Solve B পনির : তপন = ৪ : ৩ = (৪ × ৫) : (৩ × ৫) = ২০ : ১৫

তপন : রবিন = ৫ : ৪ = (৫ × ৩) : (৪ × ৩) = ১৫ : ১২

∴ পনির : তপন : রবিন = ২০ : ১৫ : ১২

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. ক : খ = ৪ : ৫; খ : গ = ৭ : ৯ হলে ক : খ : গ = কত ?

সমাধান: ক : খ = ৪ : ৫ = (৪ × ৭) : (৫ × ৭) = ২৮ : ৩৫

খ : গ = ৭ : ৯ = (৭ × ৫) : (৯ × ৫) = ৩৫ : ৪৫

∴ ক : খ : গ = ২৮ : ৩৫ : ৪৫

02. টিপুর বোনের বয়স টিপুর বয়সের ও তার বাবার বয়সের মধ্য-সমানুপাতী। টিপুর বয়স 12 বৎসর, বাবার বয়স 48 বছর হলে বোনের বয়স কত?

সমাধান: মনে করি, বোনের বয়স x বছর,

বোনের বয়স, টিপু ও তার বাবার বয়সের মধ্য সমানুপাত হওয়ায়,

টিপুর বয়স : বোনের বয়স = বোনের বয়স : বাবার বয়স

$\Rightarrow 12:x=x:48 \Rightarrow \frac{12}{x}=\frac{x}{48} \Rightarrow x^2=576$

∴ $x=\sqrt{576}=24$

∴ বোনের বয়স 24 বছর

03. তিনটি সংখ্যার অনুপাত ৪ : ৫ : ৬ এবং মধ্যম সংখ্যাটির বর্গ ২২৫। বৃহত্তম সংখ্যাটি কত?

সমাধান: মনে করি, সংখ্যা তিনটি 8x, 5x, 6x

প্রশ্নমতে, $২৫x^2=২২৫ \Rightarrow x^2=৯$ ∴ x = ৩

∴ বৃহত্তম সংখ্যা = ৬ × ৩ = ১৮

04. $\sqrt[3]{২}:\sqrt[3]{৪}=৭:-$ এর চতুর্থ সমানুপাতটি নির্ণয় কর?

সমাধান: মনে করি, চতুর্থ সমানুপাতটি x

∴ $\sqrt[3]{২}:\sqrt[3]{৪}=৭:x \Rightarrow \frac{\sqrt[3]{২}}{\sqrt[3]{৪}}=\frac{৭}{x} \Rightarrow x\sqrt[3]{২}=৭\sqrt[3]{৪}$

∴ $x=\frac{৭\sqrt[3]{২^২}}{\sqrt[3]{২}}=৭.২^{\frac{২}{৩}-\frac{১}{৩}}=৭\sqrt[3]{২}$

CamScanner

অনুপাত ও সমানুপাতের সাহায্যে সমস্যা সমাধান

❑ কোন কিছুর মোট মান এবং অনুপাত দেওয়া থাকলে, অংশের মান নির্ণয়:
অনুপাতের কোনো একটি অংশের মান নিম্নোক্ত সূত্রের সাহায্যে নির্ণয় করা যায়

$$= \text{প্রদত্ত মোট মান} \times \frac{\text{ঐ অংশের রাশির সংখ্যা}}{\text{অনুপাতের রাশিগুলোর যোগফল}}$$

গুরুত্বপূর্ণ MCQ

01. একটি গয়নার ওজন ২০ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১ হলে, তামার পরিমাণ কত গ্রাম?

Ⓐ ৫ Ⓑ ৬ Ⓒ ১৪ Ⓓ ১৬

Solve (A)

$$\text{তামার পরিমাণ} = \text{মোট মান} \times \frac{\text{তামার আনুপাতিক সংখ্যা}}{\text{অনুপাতের রাশিদ্বয়ের যোগফল}}$$

$$= \left(২০ \times \frac{১}{৩+১}\right) = ৫ \text{ গ্রাম}$$

02. ৯৬০ টাকা দুজনের মধ্যে ৭ : ৫ অনুপাতে ভাগ করলে ২য় জন কত টাকা পাবে?

Ⓐ ৫৬০ Ⓑ ৫০০ Ⓒ ৪০০ Ⓓ ১৬০

Solve (C) অনুপাতের যোগফল = ৭ + ৫ = ১২

∴ ২য় জন পায় = ৯৬০ এর $\frac{৫}{১২}$ = ৪০০

03. 60 মিটার বিশিষ্ট একটি বাঁশকে 3 : 7 : 10 অনুপাতে ভাগ করলে টুকরাগুলোর সাইজ কত?

Ⓐ 8 মিটার, 22 মিটার, 30 মিটার Ⓑ 10 মিটার, 20 মিটার, 30 মিটার
Ⓒ 9 মিটার, 21 মিটার, 30 মিটার Ⓓ 12 মিটার, 20 মিটার, 28 মিটার

Solve (C) ১ম টুকরার সাইজ = $60 \times \frac{3}{20} = 9$

২য় টুকরার সাইজ = $60 \times \frac{7}{20} = 21$;

৩য় টুকরার সাইজ = $60 \times \frac{10}{20} = 30$

04. যদি একটি ত্রিভুজের কোণের অনুপাতগুলো 2 : 3 : 4 হয় তাহলে ত্রিভুজটির বৃহৎ কোণটির মান কত?

Ⓐ 40° Ⓑ 50° Ⓒ 70° Ⓓ 80°

Solve (D) আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180^0

∴ ত্রিভুজটির বৃহৎ কোণ = $180^\circ \times \frac{4}{2+3+4} = 80^\circ$

05. ২০ মিটার কাপড়কে তিন ভাইবোন অমিত, সুমিত ও চৈতির মধ্যে ৫ : ৩ : ২ অনুপাতে ভাগ করলে সুমিতের কাপড়ের পরিমাণ কত ?

Ⓐ ৫ Ⓑ ৬ Ⓒ ১৪ Ⓓ ১৬

Solve (B) সুমিতের কাপড়ের পরিমাণ = $\left(২০ \times \frac{৩}{৫+৩+২}\right)$ মিটার

$= \left(২০ \times \frac{৩}{১০}\right) = ৬$ মিটার

06. একটি জারে দুধ ও পানির অনুপাত 5 : 1। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা 8 লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত?

Ⓐ 2 লিটার Ⓑ 3 লিটার
Ⓒ 6 লিটার Ⓓ 4 লিটার

Solve (A) পানির পরিমাণ = $\left(\text{বেশি} \times \frac{\text{পানির অনুপাত}}{\text{অনুপাতদ্বয়ের পার্থক্য}}\right)$

$= \left(8 \times \frac{1}{5-1}\right) = 2$ লিটার

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৮। সংখ্যা দুইটির সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুইটি কত?

সমাধান: মনে করি, সংখ্যা দুইটি ৫ক ও ৮ক।
প্রশ্নমতে, ৫ক + ২ : ৮ক + ২ = ২ : ৩

বা, $\frac{৫ক+২}{৮ক+২} = \frac{২}{৩}$ বা, ১৬ক + ৪ = ১৫ক + ৬

বা, ১৬ক − ১৫ক = ৬ − ৪ ∴ ক = ২

∴ সংখ্যা দুইটি (৫ × ২) ও (৮ × ২) = ১০ ও ১৬

02. ক, খ ও গ একত্রে ব্যবসা করে 1500 টাকা লাভ করে। যদি ক, খ, গ এর মূলধনের অনুপাত 3 : 2 : 5 হয় তবে 'খ' কত লভ্যাংশ পাবে?

সমাধান: অনুপাতগুলোর যোগফল = 3 + 2 + 5 = 10

ক এর লভ্যাংশ = 1500 এর $\frac{3}{10}$ = 450 টাকা

খ এর লভ্যাংশ = $1500 \times \frac{2}{10}$ = 300 টাকা

গ এর লভ্যাংশ = $1500 \times \frac{5}{10}$ = 750 টাকা

03. ক্রিকেট খেলায় সাকিব, মুশফিকুর ও মাশরাফী একত্রে ১৭১ রান করলো। সাকিব ও মুশফিকুর এবং মুশফিকুর ও মাশরাফীর রানের অনুপাত ৩ : ২ হলে, সাকিব, মুশফিকুর ও মাশরাফীর রানের অনুপাত কত?

সমাধান: সাকিব : মুশফিকুর = ৩ : ২ = (৩ : ২) × ৩ = ৯ : ৬
মুশফিকুর : মাশরাফী = ৩ : ২ = (৩ : ২) × ২ = ৬ : ৪

∴ সাকিব : মুশফিকুর : মাশরাফী = ৯ : ৬ : ৪

∴ অনুপাতগুলোর যোগফল = ৯ + ৬ + ৪ = ১৯

∴ সাকিবের রান = ১৭১ এর $\frac{৯}{১৯}$ = ৮১

মুশফিকুরের রান = ১৭১ এর $\frac{৬}{১৯}$ = ৫৪

মাশরাফীর রান = ১৭১ এর $\frac{৪}{১৯}$ = ৩৬

∴ সাকিব, মুশফিকুর ও মাশরাফীর রানের অনুপাত = ৮১ : ৫৪ : ৩৬

04. ৩০ লিটার পানির মিশ্রণে অ্যাসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কী পরিমাণ পানি মিশ্রণ করলে অ্যাসিড ও পানির অনুপাত ৩:৭ হবে?

সমাধান: প্রথম ক্ষেত্রের, অনুপাতের যোগফল = ৭ + ৩ = ১০

∴ অ্যাসিডের পরিমাণ = ৩০ লিটার এর $\frac{৭}{১০}$ = ২১ লিটার।

এবং পানি ৩০ − ২১ = ৯ লিটার।
২য় ক্ষেত্রে, অনুপাতের যোগফল ৩ + ৭ = ১০
∴ অ্যাসিড ৩ লিটার হলে পানি ৭ লিটার

∴ " ২১ " " " $\frac{৭ \times ২১}{৩}$ = ৪৯ লিটার

∴ অতিরিক্ত পানি = ৪৯ − ৯ = ৪০ লিটার।

05. ২১৬০ টাকা রুমি, জেসমিন ও কাকলির মধ্যে ১ : ২ : ৩ অনুপাতে ভাগ করে দিলে কাকলি রুমি থেকে কত টাকা বেশি পাবে?

সমাধান: রুমি পায় = $\left(২১৬০ \times \frac{১}{১+২+৩}\right)$ টাকা = ৩৬০ টাকা

কাকলি পায় = $\left(২১৬০ \times \frac{৩}{১+২+৩}\right)$ টাকা = ১০৮০ টাকা

∴ কাকলি বেশি পায় = (১০৮০ − ৩৬০) টাকা = ৭২০ টাকা

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

06. কবির সাহেবের তিন পুত্রের বয়স যথাক্রমে ৫ বছর, ৭ বছর ও ৯ বছর। তিনি ৪২০০ টাকা তিন পুত্রকে তাদের বয়সের অনুপাতে ভাগ করে দিলেন, কে কত টাকা পাবে?

সমাধান: ১ম পুত্র পাবে $= \left(৪২০০ \times \frac{৫}{৫+৭+৯}\right)$ টাকা $=$ ১০০০ টাকা

২য় পুত্র পাবে $= \left(৪২০০ \times \frac{৭}{৫+৭+৯}\right)$ টাকা $=$ ১৪০০ টাকা

৩য় পুত্র পাবে $= \left(৪২০০ \times \frac{৯}{৫+৭+৯}\right)$ টাকা $=$ ১৮০০ টাকা

07. ১৯ গ্রাম ওজনের একটি গহনায় তামা ও দস্তার অনুপাত ১ : ২ এবং দস্তা ও রুপার অনুপাত ৩ : ৫। গহনায় রুপার পরিমাণ ?

সমাধান: তামা : দস্তা $= ১ : ২ = (১ \times ৩) : (২ \times ৩) = ৩ : ৬$

আবার, দস্তা : রুপা $= ৩ : ৫ = (৩ \times ২) : (৫ \times ২) = ৬ : ১০$

$\therefore$ তামা : দস্তা : রুপা $= ৩ : ৬ : ১০$

$\therefore$ রুপার পরিমাণ $= \left(১৯ \times \frac{১০}{৩+৬+১০}\right)$ গ্রাম $=$ ১০ গ্রাম

08. 261টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{1}{3}, \frac{1}{5}, \frac{1}{9}$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে?

সমাধান: প্রদত্ত অনুপাত $= \frac{1}{3} : \frac{1}{5} : \frac{1}{9} = \frac{45}{3} : \frac{45}{5} : \frac{45}{9} = 15 : 9 : 5$

$\therefore$ অনুপাতের যোগফল $= (15 + 9 + 5) = 29$

$\therefore$ প্রথম ভাই পাবে $= \left(261 \times \frac{15}{29}\right) = 135$টি

09. 1000 টাকা ক ও খ 1 : 4 অনুপাতে ভাগ করে নেয়। খ এর অংশ সে এবং তার মা ও মেয়ের মধ্যে 2 : 1 : 1 অনুপাতে ভাগ করে। মেয়ে কত টাকা পাবে?

সমাধান: এখানে ক : খ $= 1 : 4$ এবং রাশিদ্বয়ের যোগফল $= (1 + 4) = 5$

$\therefore$ খ পায় $= \left(1000 \times \frac{4}{5}\right) = 800$ টাকা

আবার, খ এর টাকায়, খ : মা : মেয়ে $= 2 : 1 : 1$

অনুপাতের রাশিগুলোর যোগফল $= (2 + 1 + 1) = 4$

$\therefore$ মেয়ে পাবে $= \left(800 \times \frac{1}{4}\right) = 200$ টাকা।

পাটিগণিত অধ্যায়-৭

সংখ্যার গড়

গড় নির্ণয়

❑ **গড় (Average):** একই ধরনের কতকগুলো রাশির যোগফলকে রাশির সংখ্যা দ্বারা ভাগ করলে গড় পাওয়া যায়। যেমন: রহিমের বাংলা, ইংরেজি ও গণিতে প্রাপ্ত নম্বর যথাক্রমে ৬৫, ৫৫ ও ৬০ হলে, তার প্রাপ্ত গড় নম্বর কত?

এখানে, রহিমের তিন বিষয়ে প্রাপ্ত মোট নম্বর $= ৬৫ + ৫৫ + ৬০ = ১৮০$

$\therefore$ তার গড় নম্বর $= \frac{\text{মোট নম্বর}}{\text{বিষয় সংখ্যা}} = \frac{১৮০}{৩} = ৬০$।

- গড় $= \frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$
- সংখ্যা $= \frac{\text{রাশির সমষ্টি}}{\text{গড়}}$
- সমষ্টি $=$ রাশির সংখ্যা $\times$ গড়

গুরুত্বপূর্ণ MCQ

01. ৬, ৮ ও ১০ এর গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

Ⓐ ৭ Ⓑ ৬ Ⓒ ৮ Ⓓ ১০

Solve ১ম তিনটি সংখ্যার গড় $= \frac{৬ + ৮ + ১০}{৩} = \frac{২৪}{৩} = ৮$

মনে করি, নির্ণেয় সংখ্যাটি ক।

প্রশ্নমতে, $\frac{৭ + ৯ + ক}{৩} = ৮$

বা, $১৬ + ক = ২৪$

$\therefore ক = ২৪ - ১৬ = ৮$ $\therefore$ সংখ্যাটি ৮

অন্যকলি'র শর্ট টেকনিক

সংখ্যাটি $= (৬ + ৮ + ১০) - (৭ + ৯)$
$= ২৪ - ১৬ = ৮$

02. ৪, ৬, ৭ এবং x এর গড় মান ৫.৫ হলে, x এর মান কত?

Ⓐ ৫.০ Ⓑ ৫.৫ Ⓒ ৬.২ Ⓓ ৬.৫

Solve চারটি সংখ্যার সমষ্টি $= ৫.৫ \times ৪ = ২২$

তিনটি সংখ্যার সমষ্টি $= ৪ + ৬ + ৭ = ১৭$,

$\therefore x = ২২ - ১৭ = ৫$

03. ৩টি সংখ্যার গড় ৩৩, দুইটি সংখ্যা ২৪ এবং ৪২ হলে অপর সংখ্যাটি কত?

Ⓐ ১১ Ⓑ ২২ Ⓒ ৩৩ Ⓓ ৪২

Solve দেওয়া আছে, ৩টি সংখ্যার গড় $= ৩৩$

$\therefore ৩$,, ,, সমষ্টি $= ৩৩ \times ৩ = ৯৯$

$\therefore$ অপর সংখ্যাটি $= ৯৯ - (২৪ + ৪২) = ৯৯ - ৬৬ = ৩৩$

04. x ও y এর মানের গড় 9 এবং z = 12 হলে x, y, z এর মানের গড় কত?

Ⓐ 6 Ⓑ 9 Ⓒ 10 Ⓓ 12

Solve এখানে, x ও y এর গড় 9

x ও y এর সমষ্টি $= (9 \times 2) = 18$

$\therefore$ x, y ও z এর সমষ্টি $= (18 + 12) = 30$

$\therefore$ x, y ও z এর গড় $= \frac{30}{3} = 10$

05. M সংখ্যক সংখ্যার গড় A এবং N সংখ্যক সংখ্যার গড় B হলে সবগুলো সংখ্যার গড় কত?

Ⓐ $\frac{A + B}{2}$ Ⓑ $\frac{AM + BN}{2}$

Ⓒ $\frac{AM + BN}{M + N}$ Ⓓ $\frac{AM + BN}{A + B}$

Solve M সংখ্যক সংখ্যার গড় A $\therefore$ M সংখ্যক সংখ্যার সমষ্টি AM

আবার, N সংখ্যক সংখ্যার গড় B

$\therefore$ N সংখ্যক সংখ্যার সমষ্টি BN

$\therefore$ (M + N) সংখ্যক সংখ্যার সমষ্টি (AM + BN)

$\therefore$ গড় $= \frac{AM + BN}{M + N}$

06. তিনটি সংখ্যার গড় ৭। যদি দুইটি সংখ্যা ০ হয় তৃতীয় সংখ্যাটি কত?

Ⓐ ২১ Ⓑ ১৯ Ⓒ ১৭ Ⓓ ১৫

Solve সংখ্যা তিনটির সমষ্টি $= ৭ \times ৩ = ২১$

প্রথম দুইটি সংখ্যা $= ০$। সুতরাং তৃতীয় সংখ্যাটি $= ২১ - ০ = ২১$

07. ১০টি সংখ্যার যোগফল ১১৮। প্রতিটি সংখ্যার সাথে যদি ৩ যোগ করা হয়, তাহলে সংখ্যাগুলোর গড় কত হবে?

Ⓐ ১২.৮ Ⓑ ১১.৮

Ⓒ ১৪.৮ Ⓓ ১৫.৮

Solve ১০টি সংখ্যার প্রত্যেকটির সাথে ৩ যোগ করলে যোগফল বৃদ্ধি পাবে ৩০। তাহলে নতুন যোগফল হবে $(১১৮ + ৩০) = ১৪৮$।

$\therefore$ সংখ্যাগুলোর গড় হবে $= \frac{১৪৮}{১০} = ১৪.৮$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

08. যদি দুইটি সংখ্যার গড় L এবং যদি বড় সংখ্যাটি M হয়, তবে ছোট সংখ্যাটি কত?

Ⓐ M – 1 Ⓑ 2L – M Ⓒ 3M – L Ⓓ L – 2M

Solve দুইটি সংখ্যার গড় L হলে মোট মান হবে = 2L

ছোট সংখ্যাটি = 2L – M

09. একজন বোলার গড় ২০ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তার উইকেট প্রতি গড় রান কত?

Ⓐ ১৬ Ⓑ ১৪ Ⓒ ১৭ Ⓓ ১৫

Solve মোট রান = (১২ × ২০) + (৪ × ৪) = ২৫৬

মোট উইকেট = ১২ + ৪ = ১৬ ∴ উইকেট প্রতি রান = ২৫৬ ÷ ১৬ = ১৬

10. পিতা ও তার দুই পুত্রের বর্তমান বয়সের গড় ২৫ বছর। ৩ বছর পর দুই পুত্রের গড় বয়স ১৫ বছর হলে, বর্তমানে পিতার বয়স কত?

Ⓐ ৫৪ Ⓑ ৫২ Ⓒ ৫১ Ⓓ ৪৮

Solve পিতা ও দুই পুত্রের বয়সের সমষ্টি = ২৫ × ৩ = ৭৫ বছর

দুই পুত্রের বর্তমান বয়সের সমষ্টি = ২×(১৫ – ৩) = ২৪ বছর

∴ পিতার বর্তমান বয়স = ৭৫ – ২৪ = ৫১ বছর

∴ মাতার বয়স = ১২০ – ৭০ = ৫০

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $\frac{1}{2}, \frac{5}{6}, \frac{3}{4}, \frac{5}{12}$ এর গড় কত?

সমাধান:

$$\frac{\frac{1}{2}+\frac{5}{6}+\frac{3}{4}+\frac{5}{12}}{4} = \frac{\frac{12+20+18+10}{24}}{4} = \frac{\frac{60}{24}}{4} = \frac{60}{24}\times\frac{1}{4} = \frac{5}{8}$$

02. ১০ টি সংখ্যার যোগফল ৪৬২। এদের প্রথম ৪ টির গড় ৫২ এবং শেষের ৫ টির গড় ৩৮ হলে, পঞ্চম সংখ্যাটি কত?

সমাধান: মনে করি, পঞ্চম সংখ্যাটি x

প্রশ্নমতে, (৫২ × ৪) + x + (৩৮ × ৫) = ৪৬২

⇒ ২০৮ + x + ১৯০ = ৪৬২

⇒ x + ৩৯৮ = ৪৬২ ∴ x = ৪৬২ – ৩৯৮ = ৬৪

∴ পঞ্চম সংখ্যাটি ৬৪

03. ৬টি কাঠির গড় দৈর্ঘ্য ৪৪.২ সে.মি. এবং এদের ৫টির গড় দৈর্ঘ্য ৪৬ সে.মি.। ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য কত সে.মি.?

সমাধান: ৬টি কাঠির গড় দৈর্ঘ্য = ৪৪.২ সে.মি.

∴ ৬টি কাঠির মোট দৈর্ঘ্য = (৪৪.২ × ৬) = ২৬৫.২ সে.মি.

৫টি কাঠির গড় দৈর্ঘ্য = ৪৬ সে.মি.

∴ ৫টি কাঠির মোট দৈর্ঘ্য = (৪৬ × ৫) = ২৩০ সে.মি.

∴ ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য = (২৬৫.২ – ২৩০) = ৩৫.২ সে.মি.

04. কোন শ্রেণিতে ২০ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে, উক্ত শিক্ষকের বয়স কত?

সমাধান: ২০ জন ছাত্রের মোট বয়স = (২০ × ১০) = ২০০ বছর

২০ + ১ = ২১ জনের গড় বয়স ১২ বছর

∴ ২১ জনের মোট বয়স = ২১ × ১২ = ২৫২ বছর

∴ শিক্ষকের বয়স = ২৫২ – ২০০ = ৫২ বছর

05. সাকিবের ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। ১১তম ইনিংসে কত রান করে আউট হলে সব ইনিংস মিলিয়ে তার রানের গড় ৫০ হবে?

সমাধান: সাকিবের ১০ ইনিংসে মোট রান = (৪৫.৫ × ১০) = ৪৫৫

এবং ১১ ইনিংসে মোট রান = (৫০ × ১১) = ৫৫০

∴ সাকিবকে ১১তম ইনিংসে রান করতে হবে = (১১ ইনিংসে মোট রান – ১০ ইনিংসে মোট রান) = (৫৫০ – ৪৫৫) = ৯৫ রান

06. পরিবারের ৭ জন সদস্যের গড় বয়স ৭৫ বছর। তবে তাদের মধ্যে ৬ জনের গড় বয়স ৭৪ বছর ৬ মাস। সপ্তম সদস্যের বয়স কত

সমাধান: ৭ জন সদস্যের গড় বয়স ৭৫ বছর

∴ ৭ " " মোট " (৭৫ × ৭) = ৫২৫ বছর

৬ জনের গড় বয়স ৭৪ বছর ৬ মাস = ৭৪.৫ বছর

∴ ৬ " মোট বয়স = ৭৪.৫ × ৬ = ৪৪৭ বছর

∴ সপ্তম সদস্যের বয়স = ৫২৫ – ৪৪৭ = ৭৮ বছর

07. চারটি সংখ্যার মধ্যে প্রথম তিনটির গড় ১৬ এবং শেষ তিনটির গড় ১৫। শেষ সংখ্যা ১৮ হলে প্রথম সংখ্যাটি কত?

সমাধান: প্রথম তিনটি সংখ্যার সমষ্টি = ১৬ × ৩ = ৪৮

শেষ তিনটি সংখ্যার সমষ্টি = ১৫ × ৩ = ৪৫

দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার সমষ্টি = ৪৫ – ১৮ = ২৭

∴ প্রথম সংখ্যা = ৪৮ – ২৭ = ২১

08. একটি বিজ্ঞান পরীক্ষায় একটি ক্লাসে ৩০ জনের গড় নম্বর ছিল ৮০। ২০ জন ছাত্রীর গড় নম্বর ছিল ৮৫। তবে ক্লাসের ১০ জন ছাত্রীর গড় নম্বর কত?

সমাধান: ৩০ জনের মোট নম্বর = ৩০ × ৮০ = ২৪০০

২০ জন ছাত্রীর মোট নম্বর = ২০ × ৮৫ = ১৭০০

১০ জন ছাত্রীর মোট নম্বর = ২৪০০ – ১৭০০ = ৭০০

১০ জন ছাত্রীর গড় নম্বর = ৭০০ ÷ ১০ = ৭০

09. ৯টি সংখ্যার যোগফল ৫৩০। প্রথম ৫টির গড় ৫৬ এবং শেষের ৫টির গড় ৬২ হলে পঞ্চম সংখ্যাটি কত?

সমাধান: ১ম ৫টি সংখ্যার সমষ্টি = ৫৬ × ৫ = ২৮০

শেষ ৫টি সংখ্যার সমষ্টি = ৬২ × ৫ = ৩১০

∴ পঞ্চম সংখ্যাটি = (২৮০ + ৩১০) – ৫৩০ = ৫৯০ – ৫৩০ = ৬০

10. ১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন চলে গেলে বাকিদের গড় ওজন কত?

সমাধান: ১১ জন লোকের ওজনের সমষ্টি = ৭০ × ১১ = ৭৭০ কেজি

একজন চলে গেলে বাকি ১০ জনের ওজন = ৭৭০ – ৯০ = ৬৮০ কেজি

∴ বাকি ১০ জনের ওজনের গড় = $\frac{৬৮০}{১০}$ = ৬৮ কেজি

11. যদি ১৫ জন ছাত্র ইংরেজিতে গড়ে শতকরা ৮০ নম্বর এবং ১০ জন ছাত্র গড়ে শতকরা ৯০ নম্বর পায়, তাহলে ২৫ জন ছাত্রের শতকরা হিসেবে গড় নম্বর কত?

সমাধান: ১৫ জন ছাত্রের নম্বরের সমষ্টি = ৮০ × ১৫ = ১২০০ নম্বর

আবার, ১০ জন ছাত্রের নম্বরের সমষ্টি = ৯০ × ১০ = ৯০০ নম্বর

(১৫ + ১০) = ২৫ জন ছাত্রের নম্বরের সমষ্টি = ১২০০ + ৯০০ = ২১০০

∴ ২৫ জন ছাত্রের নম্বরের গড় = $\frac{২১০০}{২৫}$ = ৮৪ নম্বর

পাটিগণিত অধ্যায়-৮

বয়স সংক্রান্ত সমস্যা

গুরুত্বপূর্ণ MCQ

01. আজ তানযিলার 34তম ও তার মেয়ের ৮ম জন্মদিন। কত বছর পর তানযিলার বয়স মেয়ের বয়সের দ্বিগুণ হবে?

Ⓐ 10 Ⓑ 14 Ⓒ 18 Ⓓ 22

Solve ধরি, 'x' বছর পর।

প্রশ্নমতে, 2 × (x + 8) = 34 + x

⇒ 2x + 16 = 34 + x

⇒ 2x – x = 34 – 16

∴ x = 18 বছর

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

01. পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ। 12 বছর পরে তা দ্বিগুণ হয়ে যাবে। বর্তমানে পিতার বয়স কত?

Ⓐ 38 Ⓑ 36 Ⓒ 48 Ⓓ 40

Solve মনে করি, পুত্রের বয়স x বছর,

অতএব, পিতার বয়স 3x বছর।

প্রশ্নমতে, $3x + 12 = 2(x + 12) \Rightarrow 3x + 12 = 2x + 24$

$\Rightarrow 3x - 2x = 24 - 12 \Rightarrow x = 12$

অতএব, পিতার বয়স $= 3x = 3 \times 12 = 36$ বছর

02. করিমের বয়স মমিনের বয়সের 3 গুণ অপেক্ষা 4 বছর কম। মমিনের বয়স যদি h হয়, তবে করিমের বয়স কত?

Ⓐ 3h + 4 Ⓑ 3h – 4 Ⓒ 3(h – 4) Ⓓ 4h + 3

Solve মমিনের বয়স h হলে করিমের বয়স $= 3h - 4$

04. জাফরের বয়স n বছর। মঈন জাফরের চেয়ে 5 বছরের ছোট কিন্তু আরিফের চেয়ে 3 বছরের বড়। তাদের তিনজনের বয়সের সমষ্টি কত?

Ⓐ 3n – 3 Ⓑ 3n – 8 Ⓒ 3n + 8 Ⓓ 3n – 13

Solve মঈনের বয়স $= (n - 5)$ বছর

আরিফের বয়স $= (n - 5 - 3)$ বছর $= n - 8$ বছর

তাদের বয়সের সমষ্টি $= n + (n - 5) + (n - 8) = 3n - 13$

05. যদি শামীমের বয়স তার বর্তমান বয়সের দ্বিগুণ হতো তাহলে সে কামালের চেয়ে 40 বছরের বড় হতো। যদি কামাল শামীমের চেয়ে 10 বছরের ছোট হয় তাহলে শামীমের বর্তমান বয়স কত?

Ⓐ 20 Ⓑ 30 Ⓒ 35 Ⓓ 40

Solve মনে করি, শামীমের বর্তমান বয়স x বছর

এবং কামালের বর্তমান বয়স $(x - 10)$ বছর

প্রশ্নমতে, $2x = (x - 10) + 40 \Rightarrow 2x = x + 30$

$\therefore x = 30$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. পিতা ও পুত্রের বয়সের অনুপাত 7:3। চার বছর পূর্বে অনুপাত ছিল 13:5। বর্তমানে পুত্রের বয়স কত?

সমাধান: মনে করি, পিতার বর্তমান বয়স 7x ও পুত্রের বর্তমান বয়স 3x

চার বছর পূর্বে পিতার বয়স ছিল $= 7x - 4$, পুত্রের বয়স ছিল $= 3x - 4$

প্রশ্নমতে, $\frac{7x-4}{3x-4} = \frac{13}{5} \Rightarrow 39x - 52 = 35x - 20$

$\Rightarrow 39x - 35x = -20 + 52 \Rightarrow 4x = 32 \Rightarrow x = 8$

পুত্রের বর্তমান বয়স $= 3x = 3 \times 8 = 24$ বছর

02. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 45 বছর। পিতার বয়স পুত্রের বয়সের চেয়ে 25 বছর বেশি। পুত্রের বয়স কত হবে?

সমাধান: মনে করি, পুত্রের বয়স x বছর এবং পিতার বয়স $(x + 25)$ বছর।

প্রশ্নমতে, $x + x + 25 = 45 \Rightarrow 2x = 45 - 25$

$\Rightarrow 2x = 20 \therefore x = 10$ বছর

$\therefore$ পুত্রের বয়স 10 বছর

03. বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের 6 গুণ। 5 বছর পর তাদের বয়সের সমষ্টি হবে 45 বছর। পিতার বর্তমান বয়স কত?

সমাধান: মনে করি, পুত্রের বর্তমান বয়স = x বছর

পিতার বর্তমান বয়স = 6x বছর

5 বছর পর পুত্রের বয়স $= (x + 5)$ বছর

5 " " পিতার " $= (6x + 5)$ বছর

প্রশ্নমতে, $x + 5 + 6x + 5 = 45$

$\Rightarrow 7x = 45 - 10 \Rightarrow 7x = 35 \therefore x = 5$

পিতার বর্তমান বয়স $= 6x = 6 \times 5$ বছর $= 30$ বছর

04. সোনিয়া ও সিনিয়ার বর্তমান বয়সের সমষ্টি ১৬ বছর। চার বছর পরে সোনিয়ার বয়স সিনিয়ার তিনগুণ হলে, সোনিয়ার বর্তমান বয়স কত?

সমাধান: মনে করি, সোনিয়ার বর্তমান বয়স = 'ক' বছর

সিনিয়ার বয়স = (১৬ – ক) বছর

প্রশ্নমতে, ক + ৪ = ৩ (১৬ – ক + ৪) বা, ক + ৪ = ৪৮ – ৩ক + ১২

বা, ক + ৩ক = ৬০ – ৪ বা, ৪ক = ৫৬ $\therefore$ ক = ১৪ বছর

05. মাতার বর্তমান বয়স তার দুই কন্যার বয়সের সমষ্টির চারগুণ। ৫ বছর পর মাতার বয়স ঐ দুই কন্যার বয়সের সমষ্টির দ্বিগুণ হবে। মাতার বর্তমান বয়স কত?

সমাধান: মনে করি, দুই কন্যার বর্তমান বয়সের সমষ্টি x বছর

$\therefore$ মাতার বর্তমান বয়স 4x বছর

5 বছর পর দুই কন্যার বয়স $= x + (2 \times 5) = (x + 10)$ বছর

5 বছর পর মাতার বয়স $= (4x + 5)$ বছর

প্রশ্নমতে, $4x + 5 = 2(x + 10) \Rightarrow 4x + 5 = 2x + 20$

$\Rightarrow 4x - 2x = 20 - 5 \Rightarrow 2x = 15 \therefore x = 7.5$

$\therefore$ মাতার বর্তমান বয়স $= (4 \times 7.5) = 30$ বছর

06. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 7:2 এবং 5 বছর পরে তাদের বয়সের অনুপাত 8:3 হবে। তাদের বর্তমান বয়স কত?

সমাধান: মনে করি,

পিতার বর্তমান বয়স 7x বছর এবং পুত্রের বর্তমান বয়স 2x বছর

5 বছর পর পিতার বয়স হবে $(7x + 5)$ বছর

এবং পুত্রের বয়স হবে $(2x + 5)$ বছর

প্রশ্নমতে, $\frac{7x+5}{2x+5} = \frac{8}{3} \Rightarrow 21x + 15 = 16x + 40$

$\Rightarrow 21x - 16x = 40 - 15 \Rightarrow x = 5$

পিতার বর্তমান বয়স: $7 \times 5 = 35$ বছর

এবং পুত্রের বর্তমান বয়স: $2 \times 5 = 10$ বছর

07. পিতা তার পুত্রকে বলল, "তোমার বর্তমান বয়স, তোমার জন্মের সময় আমার ছিল"। যদি ১০ বছর পরে পিতার বয়স ৭৬ হয়, তবে পুত্রের বর্তমান বয়স কত?

সমাধান: মনে করি, পুত্রের বর্তমান বয়স x বছর

$\therefore$ পিতার বয়স $= (x + x)$ বছর $= 2x$ বছর

১০ বছর পর পিতার বয়স, $2x + ১০ = ৭৬$

প্রশ্নমতে, $2x = ৭৬ - ১০ \Rightarrow 2x = ৬৬ \therefore x = ৩৩$

08. পিতার বয়স পুত্রের বয়সের 4 গুণ। 5 বছর পর তাদের বয়সের সমষ্টি 60 বছর হলে পিতার বর্তমান বয়স কত?

সমাধান: মনে করি,

পুত্রের বর্তমান বয়স x বছর এবং পিতার বর্তমান বয়স 4x বছর

প্রশ্নমতে, $(x + 5) + (4x + 5) = 60$

$\Rightarrow x + 5 + 4x + 5 = 60$

$\Rightarrow 5x = 50 \therefore x = 10$

পিতার বর্তমান বয়স, $(4 \times 10) = 40$ বছর

পাটিগণিত অধ্যায়-৯

সময়, দূরত্ব ও গতি

- **Time (সময়):** সময় হলো একটি মৌলিক পরিমাণ যার দ্বারা কোনো ঘটনা ঘটার স্থায়িত্ব পরিমাপ করা হয়। সময়ের ক্ষুদ্রতর একক সেকেন্ড।
- **Distance (দূরত্ব):** কোনো নির্দিষ্ট সময়ে দুইটি বিন্দু বা স্থানের মধ্যবর্তী দৈর্ঘ্যকে বিন্দু বা স্থান দুইটির দূরত্ব বলে।
- **Speed (গতিবেগ) :** কোনো বস্তু একক সময়ে যে দূরত্ব অতিক্রম করে তাকে বস্তুটির গতিবেগ বলে।
- **Relative Velocity (আপেক্ষিক বেগ):** একটি চলমান বস্তু সাপেক্ষে অন্য একটি বস্তুর বেগকে আপেক্ষিক বেগ বলে। প্রকৃতপক্ষে সকল বেগই আপেক্ষিক বেগ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Formula:

- Distance = Speed × Time
- Speed = $\frac{\text{Distance}}{\text{Time}}$
- Time = $\frac{\text{Distance}}{\text{speed}}$
- গড় গতিবেগ = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}}$
- গড় গতিবেগ = $\frac{2xy}{x+y}$ [যাওয়া ও ফিরে আসার দূরত্ব সমান কিন্তু গতিবেগ ভিন্ন হলে, x = যাওয়ার গতিবেগ এবং y = ফিরে আসার গতিবেগ]
- ট্রেন (L_T) ও প্ল্যাটফরমে (L_P) দৈর্ঘ্য থাকলে এবং গতিবেগ (v) ও সময় (T) দেওয়া থাকলে $L_T + L_P = vT$ [উপরোক্ত চারটি উপাদানের যে কোনো তিনটি উপাদান প্রশ্নে দেওয়া থাকবে এবং অন্যটি বের করতে বলবে।]
- দুটো ট্রেনের দৈর্ঘ্য (L_1 ও L_2) ও তাদের গতিবেগ (v_1 ও v_2) এবং সময় (T) দেওয়া থাকলে এবং ট্রেন দুইটি পরস্পর বিপরীত দিকে চললে: $L_1 + L_2 = (v_1 + v_2)T$
- দুইটি ট্রেনের দৈর্ঘ্য (L_1 ও L_2) ও তাদের গতিবেগ (v_1 ও v_2) এবং সময় (T) দেওয়া থাকলে এবং ট্রেন দুইটি একই দিকে চললে: $L_1 + L_2 = (v_1 - v_2)T$ [উপরোক্ত পাঁচটি উপাদানের যে কোনো চারটি উপাদান প্রশ্নে দেওয়া থাকবে এবং অন্যটি বের করতে বলবে।]
- দুইটি ট্রেন বা গাড়ি পরস্পর বিপরীত দিকে চললে, আপেক্ষিক বেগ = u + v [u ও v উহাদের গতিবেগ; u > v]
- দুইটি ট্রেন বা গাড়ি পরস্পর একই দিকে চললে, আপেক্ষিক বেগ = u − v [u ও v উহাদের গতিবেগ; u > v]
- 1 km/hr = $\frac{5}{18}$ m/s
- 1 m/s = $\frac{18}{5}$ km/hr

গুরুত্বপূর্ণ MCQ

ট্রেনটির দৈর্ঘ্য নির্ণয়

Formula: $L_T + L_P = vT$	এখানে, L_T = ট্রেনের দৈর্ঘ্য; L_P = প্ল্যাটফরমের দৈর্ঘ্য v = ট্রেনের গতি এবং T = সময়

01. একটি ট্রেন ঘণ্টায় 45 কি.মি. বেগে চলে 100 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট একটি প্ল্যাটফরম 60 সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য নির্ণয় কর।

Ⓐ 600 Ⓑ 650 Ⓒ 550 Ⓓ 700

Solve (B) ট্রেনটির দৈর্ঘ্য : $L_T + L_P = vT$

$L_T + 100 = 45 \times \frac{5}{18} \times 60$ (1km/h = $\frac{5}{18}$ m/s)

$\therefore L_T = 750 - 100 = 650$

02. একটি ট্রেন ঘণ্টায় 48 কি.মি. বেগে চলে 360 মিটার দৈর্ঘ্য একটি প্ল্যাটফরম 1 মিনিটে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য নির্ণয় কর।

Ⓐ 440 মিটার Ⓑ 650 মিটার Ⓒ 550 মিটার Ⓓ 700 মিটার

Solve (A) ট্রেনটির দৈর্ঘ্য: $L_T + L_P = vT$

বা, $L_T + 360 = 48 \times \frac{5}{18} \times 60$ $\therefore L_T = 800 - 360 = 440$

ট্রেনের প্লাটফর্ম অতিক্রম করার সময় নির্ণয়

Formula: $L_T + L_P = vT$	এখানে, L_T = ট্রেনের দৈর্ঘ্য; L_P = প্ল্যাটফরমের দৈর্ঘ্য v = ট্রেনের গতি এবং T = সময়

03. একটি 67 মিটার লম্বা ট্রেন ঘণ্টায় 45 কিমি বেগে 131 মিটার লম্বা প্ল্যাটফরম অতিক্রম করে। ট্রেনটির ঐ প্ল্যাটফরম অতিক্রম করতে কত সময় লাগবে?

Ⓐ 23 সেকেন্ড Ⓑ 12 সেকেন্ড Ⓒ 15.84 সেকেন্ড Ⓓ 10 সেকেন্ড

Solve (C) ট্রেনটির দৈর্ঘ্য: $L_T + L_P = vT$

$\Rightarrow 67 + 131 = 45 \times \frac{5}{18} \times T \Rightarrow 12.5T = 198 \therefore T = \frac{198}{12.5} = 15.84$

দুইটি ট্রেন পরস্পরকে কত সময়ে অতিক্রম করবে

Formula: $L_1 + L_2 = (v_1 + v_2)T$	এখানে, L_1 = ১ম ট্রেনের দৈর্ঘ্য; L_2 = ২য় ট্রেনের দৈর্ঘ্য; v_1 = ১ম ট্রেনের গতি; v_2 = ২য় ট্রেনের গতি এবং T = সময়

04. 121 মিটার ও 99 মিটার দীর্ঘ দুইটি ট্রেন যথাক্রমে ঘণ্টায় 40 কি.মি. এবং 32 কি.মি. বেগে বিপরীত দিক থেকে পরস্পরের দিকে আসতে থাকলে কত সময়ে ট্রেন দুইটি পরস্পরকে অতিক্রম করবে?

Ⓐ 8 সেকেন্ড Ⓑ 9 সেকেন্ড

Ⓒ 10 সেকেন্ড Ⓓ 11 সেকেন্ড

Solve (D) দুইটি ট্রেন পরস্পরকে অতিক্রম সময়:

$L_1 + L_2 = (v_1 + v_2)T$ বা, $121 + 99 = (40 + 32)\frac{5}{18} \times T$

বা, $20T = 220$ $\therefore T = \frac{220}{20} = 11$ সেকেন্ড

একই দিকে চলন্ত কোনো ব্যক্তিকে ট্রেনটি কত সময়ে অতিক্রম করবে

Formula: $L_1 + L_2 = (v_1 - v_2)T$	এখানে, L_1 = ১ম ট্রেনের দৈর্ঘ্য; L_2 = ২য় ট্রেনের দৈর্ঘ্য; v_1 = ১ম ট্রেনের গতি; v_2 = ২য় ট্রেনের গতি এবং T = সময়

05. 150 মিটার দীর্ঘ কোনো ট্রেন 68 কি.মি./ঘণ্টা বেগে চলে, একই দিকে 8 কিমি/ঘণ্টা বেগে চলন্ত কোনো ব্যক্তিকে ট্রেনটি কত সময়ে অতিক্রম করবে?

Ⓐ 8 সেকেন্ড Ⓑ 9 সেকেন্ড

Ⓒ 10 সেকেন্ড Ⓓ 11 সেকেন্ড

Solve (B) ট্রেনটি ব্যক্তিকে অতিক্রম করবে: $L_1 + L_2 = (v_1 - v_2)T$

বা, $150 + 0 = (68 - 8) \times \frac{5}{18} \times T$

বা, $300T = 2700$ $\therefore T = \frac{2700}{300} = 9$

২য় ট্রেনটির ১ম ট্রেনটিকে ধরতে কত সময় লাগবে

Formula: $T = \frac{v_1 \times \text{Time difference}}{v_2 - v_1}$	এখানে, v_1 = ১ম ট্রেনের গতি v_2 = ২য় ট্রেনের গতি

06. দুইটি ট্রেন যথাক্রমে ঘণ্টায় 20 কিমি ও 30 কিমি বেগে চলে। যদি ১ম ট্রেনটি এক ঘণ্টা আগে যাত্রা শুরু করে তবে ২য় ট্রেনটির ১ম ট্রেনটিকে ধরতে কত সময় লাগবে?

Ⓐ 2 ঘণ্টা Ⓑ 3 ঘণ্টা

Ⓒ 4 ঘণ্টা Ⓓ 5 ঘণ্টা

Solve (A) $T = \frac{v_1 \times \text{Time difference}}{v_2 - v_1}$

$= \frac{20 \times 1}{30 - 20} = \frac{20}{10} = 2$ ঘণ্টা

ট্রেনের গতিবেগ নির্ণয়

07. 120 মিটার লম্বা একটি ট্রেন ল্যাম্পপোস্ট 6 সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির গতিবেগ কিলোমিটার/ঘণ্টায়:

Ⓐ 96 Ⓑ 72

Ⓒ 48 Ⓓ 36

Solve (B) ট্রেনটি 6 সেকেন্ডে যায় 120 মিটার

ট্রেনটি 1 সেকেন্ডে যায় $\frac{120}{6}$ মিটার

ট্রেনটি 3600 সেকেন্ডে যায় $\frac{120 \times 3600}{6} = 72000$ মিটার/ঘ = 72 কিমি/ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গড় গতিবেগ

• সুরত্ব সমান কিন্তু কোনো স্থানে যাওয়া ও ফিরে আসার গতিবেগ সমান না হলে, গড় গতিবেগ হবে: গড় গতিবেগ = $\frac{2xy}{x+y}$
[এখানে x হলো যাওয়ার গতিবেগ এবং y হলো ফিরে আসার গতিবেগ।]

08. হিমাদ্রি একটি নির্দিষ্ট দূরত্ব ঘণ্টায় 20 মাইল বেগে অতিক্রম করলো এবং ঘণ্টায় 30 মাইল বেগে যাত্রাস্থানে ফিরে এল। হিমাদ্রির গড় গতিবেগ কত?
(A) 26 (B) 24 (C) 53 (D) 21

Solve গড় গতিবেগ = $\frac{2xy}{x+y} = \frac{2\times20\times30}{20+30} = 24$ মাইল

09. একটি ট্রেন প্রত্যেক ঘণ্টায় ৬০ কি.মি. বেগে ৩ ঘণ্টা চলে এবং ৪৫ কি.মি. বেগে পরের ২ ঘণ্টা চলে। তবে ট্রেনের গড় গতিবেগ কত?
(A) ৫০ কি.মি./ঘণ্টা (B) ৫২.৫ কি.মি./ঘণ্টা
(C) ৫৪ কি.মি./ঘণ্টা (D) ৫৫ কি.মি./ঘণ্টা

Solve মোট দূরত্ব = (৬০ × ৩) + (৪৫ × ২) = ২৭০ কি.মি.
মোট সময় = ৩ + ২ = ৫ ঘণ্টা
গড় বেগ = ২৭০ ÷ ৫ = ৫৪ কি.মি./ঘণ্টা

10. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড়বেগ কত?
(A) $১\frac{৮}{৩}$ (B) $১\frac{৩}{৩}$ (C) $১\frac{১}{৩}$ (D) $১\frac{২}{৩}$

Solve মোট সময় = ২ + ৪ = ৬ ঘণ্টা
এবং মোট দূরত্ব = ৫ + ৫ = ১০ মাইল ∴ গড়বেগ = $\frac{১০}{৬} = \frac{৫}{৩} = ১\frac{২}{৩}$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. এক ব্যক্তি প্রাইভেট কার যোগে ঘণ্টায় 60 কি.মি. বেগে কিছু দূর অতিক্রম করার পর ঘণ্টায় 40 কি.মি. বেগে অবশিষ্ট পথ অতিক্রম করেন। উক্ত ভ্রমণে তিনি 5 ঘণ্টায় মোট 240 কি.মি. পথ অতিক্রম করেন। ঐ ব্যক্তি 60 কি.মি. বেগে কতদূর গিয়েছিলেন।

সমাধান: মনে করি, 60 কি.মি. বেগে t ঘণ্টা চলে
তাহলে অবশিষ্ট পথ $(5-t)$ ঘণ্টায় যায়।
তাহলে $60\times t + 40\times(5-t) = 240$
$\Rightarrow 60t + 200 - 40t = 240 \Rightarrow 20t = 40 \Rightarrow t = 2$ ঘণ্টা
∴ ঘণ্টায় 60 কি.মি. বেগে যায় = $60\times2 = 120$ কি.মি.।

02. সঞ্জীব তার বাসা থেকে 4 কিলোমিটার দূরে দোকানে গিয়ে ফেরত আসল। যাবার পথে তার 50 মিনিট সময় লাগলেও ফেরত আসার সময় তার গতি 10% কমে গেলে, দোকানে আসা যাওয়াতে সঞ্জীবের মোট কত মিনিট লাগল?

সমাধান: এখানে, দূরত্ব, $d = 4$ কি.মি. $= 4000$ মিটার
সময়, $t = 50$ মিনিট
∴ বেগ, $u = \frac{4000}{50} = 80$ মিটার/মিনিট $\left[\because \text{বেগ} = \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}\right]$
10% কমে বেগ, $u = 80\left(1 - \frac{10}{100}\right) = 72$ মিটার/ মিনিট
∴ মোট সময়, $t = \frac{4000}{80} + \frac{4000}{72} = 50 + 55.55 = 105.55$ মিনিট

03. ১০০ মিটার দীর্ঘ একটি ট্রেনের গতিবেগ ঘণ্টায় ৪৮ কিলোমিটার। ঐ ট্রেনটি ৩০ সেকেন্ডে একটি সেতু অতিক্রম করে। সেতুটির দৈর্ঘ্য কত মিটার।

সমাধান: আমরা জানি, ১ ঘণ্টা = (৬০ × ৬০) সেকেন্ড = ৩৬০০ সেকেন্ড
এবং ৪৮ কিলোমিটার = (৪৮ × ১০০০) মিটার = ৪৮০০০ মিটার
এখন, ট্রেনটি ৩৬০০ সেকেন্ডে যায় ৪৮০০০ মিটার
∴ ,, ৩০ ,, ,, $\frac{৪৮০০০\times৩০}{৩৬০০}$,, = ৪০০ মিটার
∴ সেতুটির দৈর্ঘ্য = (৪০০ − ১০০) মিটার = ৩০০ মিটার

04. ১৬০ মিটার দীর্ঘ একটি ট্রেন ৫৪ কিলোমিটার/ঘণ্টা বেগে ৭৩০ মিটার দীর্ঘ একটি টানেলে প্রবেশ করলে, টানেলটি অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

সমাধান: এখানে, বেগ, $u = ৫৪$ কি.মি./ঘণ্টা $= \frac{৫}{১৮}\times৫৪$ মি./সে. $= ১৫$ মি./সে.
মোট দূরত্ব, $d = ১৬০ + ৭৩০ = ৮৯০$ মিটার
∴ সময়, $t = \frac{d}{u} = \frac{৮৯০}{১৫} = ৬০$ সেকেন্ড

05. একটি নির্দিষ্ট দূরত্বে যেতে 60 কি.মি./ঘণ্টা বেগে গেলে 20 মিনিট দেরি হয়। আবার ৯০ কি.মি./ঘণ্টা বেগে গেলে 10 মিনিট আগে পৌঁছে। যাত্রা পথের দূরত্ব কত?

সমাধান: মনে করি, পথের দূরত্ব x কি.মি.
60 কি.মি. যেতে সময় লাগে $\frac{1}{60}$ ঘণ্টা
∴ x " " " $\frac{x}{60}$ "
আবার, 90 কি.মি. যেতে সময় লাগে $\frac{1}{90}$ ঘণ্টা
∴ x " " " $\frac{x}{90}$ "
প্রশ্নমতে, $\frac{x}{60} - \frac{20}{60} = \frac{x}{90} + \frac{10}{60} \Rightarrow \frac{x}{60} - \frac{x}{90} = \frac{10}{60} + \frac{20}{60}$
$\Rightarrow 20x = 30\times80$
$x = 120$ ∴ দূরত্ব 120 কি.মি.

06. একটি ট্রেন 48 কি.মি. বেগে চলে 220 মিটার সেতু 30 সে. অতিক্রম করে। ট্রেনের দৈর্ঘ্য কত মিটার?

সমাধান: 1 ঘণ্টা = 3600 সেকেন্ড এবং 48 কি.মি. = 48000 মিটার
ট্রেনটি 3600 সেকেন্ডে অতিক্রম করে 48000 মিটার
∴ " 1 " " " $\frac{48000}{3600}$ "
∴ " 30 " " " $\frac{48000\times30}{3600} = 400$ মিটার
∴ ট্রেনের দৈর্ঘ্য = (400 − সেতুর দৈর্ঘ্য) = (400 − 220) = 180 মিটার

পাটিগণিত অধ্যায়-১০

শতকরা

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❑ **শতকরা** : শতকরা একটি ভগ্নাংশ, যার অর্থ প্রতিশত অর্থাৎ প্রতি একশত। প্রতি একশতে কত বোঝাবার জন্য 'শতকরা' শব্দটি ব্যবহৃত হয়।

• শতকরা শব্দটিকে সংক্ষেপে % প্রতীক দ্বারা প্রকাশ করা হয়।
যেমন: শতকরা ১৫ অর্থ $\frac{১৫}{১০০}$ এবং একে ১৫% লেখা হয়।

• নিম্নে কয়েকটি সাধারণ ভগ্নাংশ এবং দশমিক ভগ্নাংশকে শতকরায় প্রকাশ করা হলো:

সাধারণ ভগ্নাংশ	দশমিক ভগ্নাংশ	শতাংশ	শতকরা
$\frac{১}{৪}$	০.২৫	$\frac{২৫}{১০০}$	২৫%
$\frac{১}{২}$	০.৫০	$\frac{৫০}{১০০}$	৫০%
$\frac{৩}{৪}$	০.৭৫	$\frac{৭৫}{১০০}$	৭৫%
$\frac{৩}{২}$ বা, $১\frac{১}{২}$	১.৫০	$\frac{১৫০}{১০০}$	১৫০%
$\frac{১৮}{৫}$	৩.৬০	$\frac{৩৬০}{১০০}$	৩৬০%
$\frac{১}{৮}$	০.১২৫	$\frac{১২\frac{১}{২}}{১০০}$	$১২\frac{১}{২}$%

Formula:

১. শতকরা বৃদ্ধি/হ্রাস $= \frac{\text{বর্তমান মূল্য} - \text{পূর্বমূল্য}}{\text{পূর্বমূল্য}} \times 100$

২. একটি দ্রব্যের দাম পর পর দুই বার পরিবর্তন হলে, একত্রে মোট পরিবর্তন $= \pm a \pm b \pm \frac{ab}{100}$ [a = ১ম পরিবর্তন, b = ২য় পরিবর্তন]

৩. একটি পণ্যের মূল্য r% বৃদ্ধি পেলে এর ব্যবহার কত % হ্রাস করলে খরচের কোনো পরিবর্তন হবে না?

→ ব্যবহার কমাতে হবে (%) $= \frac{100 \times r}{100 + r}\%$

৪. একটি পণ্যের মূল্য r% হ্রাস পেলে এর ব্যবহার কত % বৃদ্ধি করলে খরচের কোনো পরিবর্তন হবে না?

→ ব্যবহার বাড়াতে হবে (%) $= \frac{100 \times r}{100 - r}\%$

৫. ক এর আয় খ এর আয় এর চেয়ে r% বেশি। খ এর আয় ক এর চেয়ে শতকরা কত কম?

→ ক এর চেয়ে খ এর আয় $\frac{100 \times r}{100 + r}\%$ কম

৬. ক এর আয় খ এর আয় এর চেয়ে r% কম। খ এর আয় ক এর চেয়ে শতকরা কত বেশি?

→ ক এর চেয়ে খ এর আয় $= \frac{100 \times r}{100 - r}\%$ বেশি

গুরুত্বপূর্ণ MCQ

08. $(a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$

অনুসিদ্ধান্ত

01. $(a+b)^2 = (a-b)^2 + 4ab$
02. $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
03. $a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (a-b)^2 + 2ab$
04. $a^2 + b^2 = \frac{1}{2}\{(a+b)^2 + (a-b)^2\}$
05. $2(a^2 + b^2) = (a+b)^2 + (a-b)^2$
06. $4ab = (a+b)^2 - (a-b)^2$
07. $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$
08. $a^2 + b^2 + c^2 = (a+b+c)^2 - 2(ab + bc + ca)$
09. $ab + bc + ca = \frac{1}{2}\{(a+b+c)^2 - (a^2 + b^2 + c^2)\}$
10. $a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b)$
11. $a^3 - b^3 = (a-b)^3 + 3ab(a-b)$

গুরুত্বপূর্ণ MCQ

01. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{y}{x}$ হবে?

Ⓐ $\frac{y^2 - x^2}{xy}$ Ⓑ $\frac{x^2 - y^2}{xy}$ Ⓒ $\frac{2y^2 - x^2}{xy}$ Ⓓ $\frac{y^2 - 2x^2}{xy}$

Ans Ⓐ Solve প্রশ্নমতে, $\frac{x}{y} + p = \frac{y}{x} \Rightarrow p = \frac{y}{x} - \frac{x}{y}$

$\therefore p = \frac{y^2 - x^2}{xy}$

02. a এর মান কত হলে, $a + b = 7$ এবং $ab = 10$ হবে?

Ⓐ $a = 2$ Ⓑ $a = 4$ Ⓒ $a = -2$ Ⓓ $a = 5$

Ans Ⓓ Solve

$(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$= 7^2 - 4 \times 10$
$= 49 - 40 = 9$
$a - b = \sqrt{9} = 3$

$a + b = 7$
$a - b = 3$
$2a = 10$
$\therefore a = 5$

03. যদি $x + 2y = 4$ এবং $\frac{x}{y} = 2$ হয়, তবে $x =$ কত?

Ⓐ 5 Ⓑ 4 Ⓒ 3 Ⓓ 2

Ans Ⓓ Solve $\frac{x}{y} = 2$ বা $x = 2y$

$\therefore x + 2y = 4 \Rightarrow x + x = 4 \therefore x = 2$

04. যদি $x + y = 7$ এবং $xy = 12$ হয়, তবে $(x-y)^2 =$ কত?

Ⓐ 50 Ⓑ 25 Ⓒ 5 Ⓓ 1

Ans Ⓓ Solve $(x-y)^2 = (x+y)^2 - 4xy$
$= 7^2 - 4 \times 12 = 49 - 48 = 1$

05. $(x-y)^2 = 12$ এবং $xy = 1$ হয়, তবে $x^2 + y^2 =$ কত?

Ⓐ 11 Ⓑ 12 Ⓒ 13 Ⓓ 14

Ans Ⓓ Solve $x^2 + y^2 = (x-y)^2 + 2xy = 12 + 2 \times 1 = 14$

06. $a - \frac{1}{a} = 3$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ এর মান কত?

Ⓐ 6 Ⓑ 7 Ⓒ 9 Ⓓ 11

Ans Ⓓ Solve $a^2 + \frac{1}{a^2} = \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a} = 3^2 + 2 = 9 + 2 = 11$

07. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে $(x+y)^2$ এর মান কত?

Ⓐ 14 Ⓑ 16 Ⓒ 22 Ⓓ 30

Ans Ⓒ Solve $(x+y)^2 = x^2 + y^2 + 2xy = 8 + 2 \times 7 = 8 + 14 = 22$

08. $x + y = 17$ এবং $xy = 60$ হলে $x - y$ এর মান কত?

Ⓐ 7 Ⓑ 8 Ⓒ 9 Ⓓ 10

Ans Ⓐ Solve $(x-y)^2 = (x+y)^2 - 4xy = 17^2 - 4.60$
$= 289 - 240 = 49$
$\therefore x - y = \sqrt{49} = 7$

09. $x - y = 1$, $xy = 56$ হলে $x + y =$ কত?

Ⓐ 16 Ⓑ 15 Ⓒ 225 Ⓓ −223

Ans Ⓑ Solve $(x+y)^2 = (x-y)^2 + 4xy = 1 + 4 \times 56$
$= 1 + 224 = 225$
$\therefore x + y = \sqrt{225} = 15$

10. $(x+y)^2 = 164$, $xy = 32$ হলে $x - y =$ কত?

Ⓐ 6 Ⓑ 9 Ⓒ 4 Ⓓ 12

Ans Ⓐ Solve $(x-y)^2 = (x+y)^2 - 4xy = 164 - 4 \times 32$
$= 164 - 128 = 36$
$\therefore x - y = \sqrt{36} = 6$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $a + b = 8$ এবং $ab = 15$ হলে, $a^2 + b^2$ এর মান কত?

সমাধান: $a^2 + b^2 = (a + b)^2 - 2ab$
$= 8^2 - 2 \times 15 = 64 - 30 = 34$

02. $(x - y) = 2$ এবং $xy = 24$ হলে, $(x + y)$ এর মান কত?

সমাধান: $x + y = \sqrt{(x - y)^2 + 4xy} = \sqrt{2^2 + 4 \times 24} = 10$

03. $a + b = 5$ এবং $ab = 12$ হলে $a^2 + b^2$ কত?

সমাধান: $a^2 + b^2 = (a + b)^2 - 2ab = 5^2 - 2 \times 12$ [মান বসিয়ে]
$= 25 - 24 = 1$

04. $a^2 + b^2 = 7$ এবং $ab = 10$ হলে, $(a + b)^2 =$ কত?

সমাধান: $(a + b)^2 = a^2 + b^2 + 2ab = 7 + 2 \times 10 = 7 + 20 = 27$

05. $x + y = 12$ ও $x - y = 2$ হলে xy এর মান কত?

সমাধান: $xy = \left(\frac{x + y}{2}\right)^2 - \left(\frac{x - y}{2}\right)^2 = \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$
$= (6)^2 - (1)^2 = 36 - 1 = 35$

06. $a - \frac{1}{a} = 3$ হলে $a^4 + \frac{1}{a^4} = ?$

সমাধান: $\left(a - \frac{1}{a}\right)^2 = (3)^2 \Rightarrow a^2 - 2.a.\frac{1}{a} + \frac{1}{a^2} = 9$

$\Rightarrow a^2 + \frac{1}{a^2} = 9 + 2 = 11 \Rightarrow a^4 + 2.a^2.\frac{1}{a^2} + \frac{1}{a^4} = 121$ (বর্গ করে)

$\therefore a^4 + \frac{1}{a^4} = 121 - 2 = 119$

07. $x^2 - 8x - 8y + 16 + y^2$ এর সাথে কত যোগ করলে যোগফলটি পূর্ণবর্গ হবে?

সমাধান: $x^2 - 8x - 8y + 16 + y^2$
$= (-x)^2 + (-y)^2 + (4)^2 + 2.(-x)(-y) + 2.(-y).4 + 2.4(-x) - 2xy$
$= (-x - y + 4)^2 - 2xy$ অর্থাৎ $2xy$ যোগ করতে হবে।

08. $(2x + 3y)$ এর বর্গ কত?

সমাধান: $(2x + 3y)^2 = (2x)^2 + 2.2x.3y + (3y)^2$
$= 4x^2 + 12xy + 9y^2$

09. $a + b + c = 9$, $a^2 + b^2 + c^2 = 29$ হলে $ab + bc + ca$ এর মান কত?

সমাধান: $(a + b + c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$
বা, $(a + b + c)^2 - (a^2 + b^2 + c^2) = 2(ab + bc + ca)$
বা, $2(ab + bc + ca) = (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$
বা, $2(ab + bc + ca) = 9^2 - 29 = 81 - 29 = 52$
$\therefore ab + bc + ca = 26$

10. যদি $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হয়, তবে ab এর মান কত?

সমাধান: $a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b)$
বা, $513 = 3^3 + 3.ab.3$ বা, $9ab = 513 - 27$
$\therefore ab = \frac{486}{9} = 54$

বীজগণিত অধ্যায়-২

অসমতা

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **পরমমান :** $a > 0$ হলে a এর পরমমানকে a, $a < 0$ হলে a এর পরমমান 0 ধরা হয়। a এর পরমমানকে $|a|$ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়।
- **অসমতা :** অসমান রাশিকে সমান সমান ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতার দিক পাল্টে যায়।

$4 < 6$ অসমতাটি লক্ষ্য করি

$\therefore 4 + 2 < 6 + 2$ বা, $6 < 8$ [উভয় পক্ষকে 2 দ্বারা যোগ করে]
তদ্রূপ, $2 < 4$ [উভয় পক্ষ থেকে 2 বিয়োগ করে]
,, $8 < 12$ [উভয়পক্ষকে 2 দ্বারা গুণ করে]
,, $2 < 3$ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

অসমতাটির উভয়পক্ষকে -2 দ্বারা গুণ করলে আলাদাভাবে পাওয়া যায় -8 এবং -12

এখানে $-8 > -12$ তেমনি $-2 > -3$ [উভয় পক্ষকে -2 দ্বারা ভাগ করে]

সাধারণভাবে বলা যায়, যদি $a < b$ হয়, তবে,

$a + c < b + c$	c এর যে কোনো মানের জন্য
$a - c < b - c$	c এর যে কোনো মানের জন্য
$ac < bc$	c এর ধনাত্মক মানের জন্য
$\frac{a}{c} < \frac{b}{c}$	c এর ধনাত্মক মানের জন্য
কিন্তু $ac > bc$	c এর ঋণাত্মক মানের জন্য
$\frac{a}{c} > \frac{b}{c}$	c এর ঋণাত্মক মানের জন্য

গুরুত্বপূর্ণ MCQ

01. যদি $x > 2$ এবং $y > -1$ হয়, তবে কোনটি সঠিক?

Ⓐ $xy > -2$ Ⓑ $-x < 2y$
Ⓒ $xy < -2$ Ⓓ $-x > 2y$

Ⓐ Solve $x > 2$; $y > -1$ $\therefore xy > -2$

02. যদি $xyz < 0$ এবং $z = 0$ হয়, তবে নিচের কোনটি অবশ্যই সঠিক হবে?

Ⓐ $xy > 0$ Ⓑ $xy < 0$
Ⓒ $xy < z$ Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

03. যদি $3 - 2x \le 7$ তবে-

Ⓐ $x \le 2$ Ⓑ $x \ge 2$
Ⓒ $x \le -2$ Ⓓ $x \ge -2$

Ⓓ Solve $3 - 2x \le 7 \Rightarrow -2x \le 7 - 3$
$\Rightarrow -2x \le 4$ $\therefore x \ge -2$

04. যদি $x < y$ এবং $a < b$ হয়, তবে কোন সম্পর্কটি সঠিক?

Ⓐ $a + x < b + y$ Ⓑ $a + x > b + y$
Ⓒ $a = y$ Ⓓ $a^x = b^y$

Ⓐ Solve $x < y$ ..... (i) এবং $a < b$ ..... (ii)
$\therefore$ (i) ও (ii) নং অসমতা যোগ করি, $a + x < b + y$

05. যদি $x > 0$, $y > 0$ এবং $\frac{x}{1} > \frac{1}{y}$ হয়, তবে x এবং y এর মধ্যে কী সম্পর্ক?

Ⓐ $x > y$ Ⓑ $x = y$
Ⓒ $x < y$ Ⓓ সবগুলোই

Ⓓ Solve

ধরি, $x = 5$ এবং $y = 4$ হলে $\frac{5}{1} > \frac{1}{4}$

বা, $5 > \frac{1}{4}$ $\therefore x > y$ সঠিক

আবার,
ধরি, $x = 4$ এবং $y = 6$ হলে
$\frac{4}{1} > \frac{1}{6}$ বা, $4 > \frac{1}{6}$
$\therefore x < y$ সঠিক

আবার, ধরি, $x = y = 3$ বা, $\frac{3}{1} > \frac{1}{3}$ বা, $3 > \frac{1}{3}$ $\therefore x = y$ সঠিক

06. যদি $y = \frac{3x - 6}{x}$ হয়, তবে x এর কোন মানের জন্য y ধনাত্মক হবে?

Ⓐ $x > 0$ Ⓑ $x < 0$
Ⓒ $x > 2$ অথবা $x < 0$ Ⓓ $-2 < x < 2$ এবং $x = 2$

Ⓒ Solve সঠিক উত্তর হবে $x > 2$ অথবা $x < 0$।
কারণ $x > 2$
অর্থাৎ $x = 3, 4, 5$ ..... হলে y এর মান ধনাত্মক হবে।
$x < 0$
অর্থাৎ $x = -1, -2, -3$ ..... হলে y এর মান ধনাত্মক হবে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

$-8 < 3 - x < -2$ কে পরম মান চিহ্নের সাহায্যে প্রকাশ কর?

সমাধান: $-8 < 3 - x < -2$

$\Rightarrow -8 + 5 < 3 - x + 5 < -2 + 5$

$\Rightarrow -3 < 8 - x < 3 \Rightarrow |8 - x| < 3$

$|x - 5| = 4$ এর সমাধান কর?

সমাধান: $|x - 5| = 4$

$\Rightarrow x^2 - 10x + 25 = 16 \Rightarrow x^2 - 10x + 9 = 0 \Rightarrow x^2 - 9x - x + 9 = 0$

$\Rightarrow x(x - 9) - 1(x - 9) = 0 \Rightarrow (x - 9)(x - 1) = 0$

$\therefore x = 1, 9$

বাস্তব সংখ্যায় $|x - 1| > 2$ অসমতাটির সমাধান কর?

সমাধান: $|x - 1| > 2 \Rightarrow -2 > x - 1 > 2$

$\Rightarrow -2 + 1 > x - 1 + 1 > 2 + 1$

$\Rightarrow -1 > x > 3$ অর্থাৎ $x > 3$ অথবা $x < -1$

$\therefore$ সমাধান সেট $(-\infty, -1) \cup (3, \infty)$

বাস্তব সংখ্যায় $|x + 2| < |4x + 1|$ এর সমাধান সেট নির্ণয় করুন।

সমাধান: $|x + 2| < |4x + 1|$

$\Rightarrow x^2 + 4x + 4 < 16x^2 + 8x + 1$

$\Rightarrow 15x^2 + 4x - 3 > 0 \Rightarrow 15x^2 + 9x - 5x - 3 > 0$

$\Rightarrow (3x - 1)(5x + 3) > 0 \Rightarrow (x - \frac{1}{3})(x + \frac{3}{5}) > 0$

$\therefore x > \frac{1}{3}$ অথবা, $x < -\frac{3}{5}$ বা, $\left(-\infty, -\frac{3}{5}\right) \cup \left(\frac{1}{3}, \infty\right)$

বীজগণিত অধ্যায়-৩

উৎপাদকে বিশ্লেষণ

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

যদি একটি রাশি দুই বা ততোধিক রাশির গুণফলের সমান হয় তাহলে শেষোক্ত রাশিগুলোর প্রত্যেকটিকে প্রথমোক্ত রাশির উৎপাদক বা গুণনীয়ক বলে। কোনো বীজগাণিতীয় রাশির সম্ভাব্য সকল উৎপাদক বের করে একে লব্ধ উৎপাদকগুলোর গুণফলরূপে প্রকাশ করাকে উৎপাদক বিশ্লেষণ বলা হয়। ভগ্নাংশযুক্ত রাশির উৎপাদকগুলোকে বিভিন্নরূপে প্রকাশ করা যেতে পারে।

□ $p^2 + px + q$ আকারের রাশির উৎপাদক:

$x^2 + (a + b)x + ab = x^2 + ax + bx + ab$

$= x(x + a) + b(x + a) = (x + a)(x + b)$ হবে যদি a ও b

এ থেকে দেখা যায় যে, $x^2 + px + q = (x + a)(x + b)$ হবে যদি a ও b এমন হয় যে, $q = ab$ এবং $p = a + b$

সুতরাং $x^2 + px + q$ রাশিকে উৎপাদকে বিশ্লেষণ করার জন্য x বর্জিত পদ q কে এমন দুইটি সংখ্যা a ও b এর গুণফলরূপে প্রকাশ করা হয় যাদের যোগফল $a + b$, x এর সহগের সমান হয়। এক্ষেত্রে,

Ⓐ $q > 0, p > 0$ হলে, a ও b উভয়ই ধনাত্মক হবে।

Ⓑ $q > 0, p < 0$ হলে, a ও b উভয়ই ঋণাত্মক হবে।

Ⓒ $q < 0, p > 0$ হলে, a ও b এর মধ্যে বড়টি ধনাত্মক ও ছোটটি ঋণাত্মক হবে।

Ⓓ $q < 0, p < 0$ হলে, a ও b এর মধ্যে বড়টি ঋণাত্মক ও ছোটটি ধনাত্মক হবে।

উল্লেখ্য যে, বিবেচনাধীন দ্বিঘাত রাশিটিতে x^2 এর সহগ 1.0

□ উৎপাদকে বিশ্লেষণের জন্য কতিপয় নিয়ম:-

01. প্রথমে সকল পদের মধ্যে কমন গেলে, তা থেকে কমন নিতে হবে।
02. সকল পদের মধ্যে কমন কোনো উৎপাদক না থাকলে আংশিক কমন নেওয়ার চেষ্টা করতে হবে।
03. কমন নেওয়া না গেলে সূত্র প্রয়োগ করার চেষ্টা করতে হবে।
04. কোনো সূত্র প্রয়োগ করা না গেলে, মিডল ফ্যাক্টর করার চেষ্টা করতে হবে।
05. মিডল ফ্যাক্টর করা না গেলে ভাগশেষ উপপাদ্যের নিয়মানুসারে করতে হবে।

গুরুত্বপূর্ণ MCQ

01. $(a - 1)x^2 + a^2xy + (a + 1)y^2$ এর উৎপাদক কোনটি?

Ⓐ $(ax - a + y)(x + ay - y)$ Ⓑ $(ax + x - y)(x + ay + y)$

Ⓒ $(ax + x + y)(x + ay + y)$ Ⓓ $(ax - x + y)(x + ay + y)$

Ans: Ⓓ Solve $(a - 1)x^2 + a^2xy - (a + 1)y^2$

$= (a - 1)x^2 + (a^2 - 1)xy + xy + (a + 1)y^2$

$= (a - 1)x\{x + (a + 1)y\} + y\{x + (a + 1)y\}$

$= (x + ay + y)(ax - x + y)$

02. $x^2 + 3x - a^2 - a + 2$ এর উৎপাদক কোনটি?

Ⓐ $(x + a + 4)(x - a - 1)$ Ⓑ $(x + a + 2)(x + a + 1)$

Ⓒ $(x + a + 2)(x - a + 1)$ Ⓓ $(x - a + 2)(x - a - 1)$

Ans: Ⓒ Solve $x^2 + 3x - a^2 - a + 2 = x^2 + 3x - (a^2 + a - 2)$

$= x^2 + 3x - (a^2 + 2a - a - 2)$

$= x^2 + 3x - (a + 2)(a - 1)$

ধরি, $p = a - 1 \Rightarrow p + 1 = a$

$\therefore a + 2 = p + 1 + 2 = p + 3$

$\therefore x^2 + 3x - (p + 3)p = x^2 + 3x - p^2 - 3p$

$= x^2 - p^2 + 3x - 3p = (x - p)(x + p) + 3(x - p)$

$= (x - p)(x + p + 3) = (x - a + 1)(x + a - 1 + 3)$

$= (x - a + 1)(x + a + 2)$

03. $4x^2 - y^2$ এর উৎপাদক কী কী?

Ⓐ $4(x + y)(x - y)$ Ⓑ $(4x + y)(4x - y)$

Ⓒ $(2x - y)(2x + y)$ Ⓓ $(2x + y)(2x + y)$

Ans: Ⓒ Solve $4x^2 - y^2 = (2x)^2 - y^2 = (2x + y)(2x - y)$

04. $x^2 - 1 - y(y - 2)$ এর উৎপাদক কোনটি?

Ⓐ $(x - y - 1)(x - y + 1)$ Ⓑ $(x - y + 1)(x + y - 1)$

Ⓒ $(x + y - 1)(x - y + 1)$ Ⓓ $(x - y)(x + y + 1)$

Ans: Ⓒ Solve $x^2 - 1 - y(y - 2) = x^2 - 1 - y^2 + 2y$

$= x^2 - (y^2 - 2.y.1 + 1^2) = x^2 - (y - 1)^2 = (x + y - 1)(x - y + 1)$

05. $1 - a^2 + 2ab - b^2$ এর উৎপাদক কোনটি?

Ⓐ $(1 + a + b)(1 - a + b)$ Ⓑ $(1 + a + b)(1 - a - b)$

Ⓒ $(1 - a + b)(1 - a - b)$ Ⓓ $(1 + a - b)(1 - a + b)$

Ans: Ⓓ Solve $1 - a^2 + 2ab - b^2 = 1 - (a^2 - 2ab + b^2)$

$= 1 - (a - b)^2 = (1 + a - b)(1 - a + b)$

06. $3x - 75x^3$ এর উৎপাদক কী কী?

Ⓐ $3x(1 + 5x)(1 - 5x)$ Ⓑ $x(3 - 75x^2)$

Ⓒ $3(x - 25x^3)$ Ⓓ $3x(1 - 25x^3)$

Ans: Ⓐ Solve $3x - 75x^3 = 3x(1 - 25x^2)$

$= 3x\{(1)^2 - (5x)^2\} = 3x(1 + 5x)(1 - 5x)$

07. $2x^2 - x - 3$ কে উৎপাদকে বিশ্লেষণ কর।

Ⓐ $(2x + 3)(x + 1)$ Ⓑ $(2x + 3)(x - 1)$

Ⓒ $(2x - 3)(x - 1)$ Ⓓ $(2x - 3)(x + 1)$

Ans: Ⓓ Solve $2x^2 - x - 3 = 2x^2 - 3x + 2x - 3$

$= x(2x - 3) + 1(2x - 3) = (2x - 3)(x + 1)$

08. $a^4 - 16a^2$ কে উৎপাদকে বিশ্লেষণ কর।

Ⓐ $a^2(a + 4)(a + 4)$ Ⓑ $a^2(a - 4)(a + 4)$

Ⓒ $(a + 4)(a - 4)$ Ⓓ $a^2(a - 4)(a - 4)$

Ans: Ⓑ Solve $a^4 - 16a^2 = a^2(a^2 - 16) = a^2(a^2 - 4^2)$

$= a^2(a + 4)(a - 4)$

09. $x^2 - x - 2$ এর একটি উৎপাদক-

Ⓐ $x - 1$ Ⓑ $x + 1$ Ⓒ $x - 3$ Ⓓ $x + 2$

Ans: Ⓑ Solve $x^2 - x - 2 = x^2 - 2x + x - 2$

$= x(x - 2) + 1(x - 2) = (x - 2)(x + 1)$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

...

...

...

03. x^2-4, x^2+4x+4, x^3-8 বীজগাণিতিক রাশির ল.সা.গু. কত?

সমাধান: ১ম রাশি $= x^2-4 = (x+2)(x-2)$

২য় রাশি $= x^2+4x+4$
$= x^2+2.x.2+2^2$
$= (x+2)^2 = (x+2)(x+2)$

৩য় রাশি $= x^3-8 = (x)^3-(2)^3$
$= (x-2)(x^2+2x+4)$

∴ নির্ণেয় ল.সা.গু. $= (x+2)(x+2)(x-2)(x^2+2x+4)$
$= (x+2)^2(x^3-8)$

গ.সা.গু. নির্ণয়

গ.সা.গু. (গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক) H.C.F (Highest Common Factor)

দুই বা ততোধিক রাশির ভিতর যতগুলো মৌলিক সাধারণ গুণনীয়ক আছে, এদের সকলের গুণফলকে ঐ রাশিদ্বয় বা রাশিগুলোর গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক বা সংক্ষেপে গ.সা.গু. (H.C.F) বলে। যেমন : $9a^3b^2c^2$, $12a^2bc$, $15ab^3c^3$ রাশিগুলোর গ.সা.গু. $= 3abc$।

উদাহরণ: $6a^2+3ab$, $2a^2+5a-12$, a^4-8a এর গ.সা.গু. নির্ণয় কর।

সমাধান: ১ম রাশি $= 6a^2+3ab = 3a(2a+b)$

২য় রাশি $= 2a^2+5a-12 = 2a^2+8a-3a-12$
$= 2a(a+4)-3(a+4) = (a+4)(2a-3)$

৩য় রাশি $= a^4-8a = a(a^3-8) = a(a-2)(a^2+2a+4)$

∴ নির্ণেয় গ.সা.গু. $= 1$

গুরুত্বপূর্ণ MCQ

01. $6a^2bc$ এবং $4a^3b^2c^2$ এর সাংখ্যিক সহগের গ.সা.গু. কত?

Ⓐ a^2bc Ⓑ $2a^2bc$ Ⓒ $2a^2b^2c^2$ Ⓓ 2

Solve ১ম রাশি $= 6a^2bc$
$= 3 \times 2 \times a \times a \times b \times c$

২য় রাশি $= 4a^3b^2c^2 = 2 \times 2 \times a \times a \times a \times b \times b \times c \times c$

এখানে, সাংখ্যিক সহগ 6, 4 এর গ.সা.গু $= 2$

∴ নির্ণেয় গ.সা.গু. $= 2a^2bc$

02. $(a^2-2ab+b^2)$ এবং $2(a^2-b^2)$ এর সাংখ্যিক সহগের গ.সা.গু. কত?

Ⓐ $a-b$ Ⓑ $a+b$ Ⓒ $12(a^2-b^2)$ Ⓓ 1

Solve ১ম রাশি $= a^2-2ab+b^2$
$= (a-b)^2 = (a-b)(a-b)$

২য় রাশি $= 2(a^2-b^2) = 2.(a+b)(a-b)$

এখানে, সাংখ্যিক সহগ 1, 2 এর গ.সা.গু $= 1$

∴ নির্ণেয় গ.সা.গু. $= 1 \times (a-b) = (a-b)$

03. $16x^2-25y^2$ এবং $12ax-15ay$ এর গ.সা.গু. কত?

Ⓐ $6ax-10ay$ Ⓑ $4x+5y$
Ⓒ $4ax-5ay$ Ⓓ $4x-5y$

Solve ১ম রাশি $= 16x^2-25y^2 = (4x)^2-(5y)^2$
$= (4x-5y)(4x+5y)$

২য় রাশি $= 12ax-15ay$
$= 3a(4x-5y)$

∴ নির্ণেয় গ.সা.গু. $= 4x-5y$

04. $16-4x^2$ এবং $6x^2+24x+24$ এর গ.সা.গু. কত?

Ⓐ $x+2$ Ⓑ $x+4$
Ⓒ $(x+2)^2$ Ⓓ $2(x+2)$

Solve ১ম রাশি $= 16-4x^2$
$= 4(4-x^2) = 4(2-x)(2+x)$

২য় রাশি $= 6x^2+24x+24$
$= 6(x^2+4x+4)$
$= (2 \times 3)(x+2)^2$

∴ নির্ণেয় গ.সা.গু. $= 2(x+2)$

05. $4(a+b)$, $10(a-b)$ এবং $12(a^2-b^2)$ এর গ.সা.গু. কত?

Ⓐ $a-b$ Ⓑ $a+b$
Ⓒ $12(a^2-b^2)$ Ⓓ 2

Solve ১ম রাশি $= 4(a+b)$
$= 2.2(a+b)$

২য় রাশি $= 10(a-b)$
$= 2.5(a-b)$

৩য় রাশি $= 12(a^2-b^2)$
$= 2.2.3(a+b)(a-b)$

∴ নির্ণেয় গ.সা.গু. $= 2$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01 $x^2-11x+30$ এবং $x^3-4x^2-2x-15$ এর গ.সা.গু. নির্ণয় কর?

সমাধান:

১ম রাশি $= x^2-11x+30$
$= x^2-6x-5x+30$
$= x(x-6)-5(x-6)$
$= (x-6)(x-5)$

২য় রাশি $= x^3-4x^2-2x-15$
$= x^3-5x^2+x^2-5x+3x-15$
$= x^2(x-5)+x(x-5)+3(x-5)$
$= (x-5)(x^2+x+3)$

নির্ণেয় গ.সা.গু $= (x-5)$

02. a^2-3a, a^3-9a এবং a^3-4a^2+3a এর গ.সা.গু. নির্ণয় কর?

সমাধান: ১ম রাশি $= a^2-3a = a(a-3)$

২য় রাশি $= a^3-9a$
$= a(a^2-3^2) = a(a-3)(a+3)$

৩য় রাশি $= a^3-4a^2+3a$
$= a(a^2-3a-a+3)$
$= a(a-3)(a-1)$

∴ নির্ণেয় গ.সা.গু. $= a(a-3)$

বীজগণিত অধ্যায়-৫

সেট

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **সেট :** বাস্তব বা চিন্তাজগতের সু-সংজ্ঞায়িত বস্তুর সমাবেশ বা সংগ্রহকে সেট বলে। জার্মান গণিতবিদ জর্জ ক্যান্টর সেট সম্বন্ধে প্রথম ব্যাখ্যা প্রদান করেন।
- **তালিকা পদ্ধতি :** এ পদ্ধতিতে সেটের সকল উপাদান {} এর মধ্যে আবদ্ধ করা হয় এবং উপাদানগুলোকে আলাদা করার জন্য কমা ব্যবহার করা হয়। যেমন: A $= \{2, 3, 5\}$
- **সেট গঠন পদ্ধতি :** এ পদ্ধতিতে উপাদানের সাধারণ ধর্মের উল্লেখ করে সেটকে বর্ণনা করা হয়। যেমন: A $= \{x : x$ জোড় স্বাভাবিক সংখ্যা$\}$

সেটের প্রকারভেদ:

- **সসীম সেট :** যে সেটে উপাদানের সংখ্যা গণনা করে নির্ধারণ করা যায়, সে সেটকে সসীম সেট বা সান্ত সেট বলা হয়।
  যেমন: B $= \{$ক, ল, ম$\}$ একটি সসীম সেট।
- **অসীম সেট :** যে সেটে উপাদানের সংখ্যা গণনা করে নির্ধারণ করা যায় না, সে সেটকে অসীম সেট বলা হয়। যেমন: A $= \{1, 2, 3, \ldots\ldots\}$
- **সেটের সমতা :** সেট A ও সেট B এর উপাদান একই হলে এদেরকে সমান সেট বলা হয়। যেমন: $\{2, ক, e\} = \{ক, e, 2\}$

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

❐ **উপসেট :** যদি A সেটের প্রত্যেক উপাদান B এর উপাদান হয় তবে A কে B এর উপসেট বলা হয়। যেমন: A = {2, 4} এবং B = {1, 2, 3, 4, 5} হলে ∴ A ⊂ B (পড়া হয় A, B এর উপসেট)

→ **উপসেট নির্ণয়ের সূত্র:** 2^n, এখানে n হলো উপাদান সংখ্যা। অর্থাৎ যতগুলো উপাদান থাকে 2 এর ওপর Power হিসেবে বসে। যেমন: একটি সেটের উপাদান সংখ্যা 3 হলে তার উপসেট হবে $2^3 = 8$টি

❐ **সার্বিক সেট :** কোনো আলোচনা বিবেচিত সকল সেট একটি নির্দিষ্ট সেটের উপসেট হয়ে থাকে। এক্ষেত্রে নির্দিষ্ট সেটকে আলোচনাধীন সকল সেটের সার্বিক সেট বলা হয়।

❐ **সংযোগ সেট :** দুইটি সেটের সকল উপাদান নিয়ে গঠিত সেটকে ঐ সেটদ্বয়ের সংযোগ সেট বলে। A ও B এর সংযোগ সেটকে A ∪ B দ্বারা সূচিত করা হয়।

❐ **ছেদ সেট :** দুইটি সেটের সাধারণ উপাদান নিয়ে গঠিত সেটকে ঐ সেটদ্বয়ের ছেদ সেট বলা হয়। A ও B এর ছেদ সেটকে A ∩ B দ্বারা সূচিত করা হয়।

❐ **ফাঁকা সেট :** যে সেটের কোনো উপাদান থাকে না অর্থাৎ উপাদান শূন্য সে সেট ফাঁকা সেট। একে {} বা ডেনিস অক্ষর ϕ (ফাই) প্রতীক দ্বারা লেখা হয়।

❐ **নিশ্ছেদ সেট :** দুইটি সেটে যদি কোনো সাধারণ উপাদান না থাকে, তবে ঐ সেটদ্বয়কে পরস্পরের নিশ্ছেদ সেট বলে। A ও B দুইটি নিশ্ছেদ সেট হলে, A ∩ B = ϕ.

❐ **পূরক সেট :** যদি A, B দুইটি সেট হয় এবং A সেটের যেসব উপাদান B এর উপাদান নয়, ঐ উপাদানগুলোর সেটকে A এর প্রেক্ষিতে B এর পূরক সেট বলা হয় এবং একে A \ B দ্বারা সূচিত করা হয়।

গুরুত্বপূর্ণ MCQ

01. যদি A এবং B যেকোনো দুইটি সেট হয়, তবে A ∩ (A ∪ B) = A ∪ (A∩B) = কত?

Ⓐ (A ∪ B) Ⓑ (A∩B) Ⓒ A Ⓓ B

Solve মনে করি, A = {1, 3, 5} এবং B = {2, 4, 5}
L.H.S = A ∩ (A ∪ B) = {1, 3, 5} ∩ ({1, 3, 5} ∪ {2, 4, 5})
= {1, 3, 5} ∩ {1, 2, 3, 4, 5} = {1, 3, 5}
R.H.S = A ∪ (A∩B) = {1, 3, 5} ∪ ({1, 3, 5} ∩ {2, 4, 5})
= {1, 3, 5} ∪ {5} = {1, 3, 5} = A

02. 5 উপাদানবিশিষ্ট একটি সেটের উপসেটের সংখ্যা হবে-

Ⓐ 20 Ⓑ 25 Ⓒ 28 Ⓓ 32

Solve উপসেট সংখ্যা = $2^n = 2^5 = 2 \times 2 \times 2 \times 2 \times 2 = 32$

03. A = {1, 5, 6, 7, 8} এবং B = {5, 7, 8} হলে, A∩B = কত?

Ⓐ {1, 6, 7} Ⓑ {5, 7, 8} Ⓒ {7, 6, 8} Ⓓ {4, 5, 6}

Solve A ∩ B = {1, 5, 6, 7, 8} ∩ {5, 7, 8} = {5, 7, 8}

04. A = {0, 2, 3, 7, 9}, B = {1, 5, 6, 8, 11}, C = {2, 5, 7, 8} হলে, (A ∩B) ∪ (A ∩C) = কত?

Ⓐ {2, 3, 5, 7} Ⓑ {4, 7, 9} Ⓒ {2, 7} Ⓓ {0, 2, 3, 8}

Solve (A ∩B) ∪ (A ∩C)
= [{0, 2, 3, 7, 9} ∩ {1, 5, 6, 8, 11}] ∪ [{0, 2, 3, 7, 9} ∩ {2, 5, 7, 8}]
= {ϕ} ∪ {2, 7} = {2, 7}

05. U = {1, 2, 3, 4, 5, 6}, A = {1, 3, 5}, B = {2, 4, 6} হলে, A′ ∩ B′ কত হবে?

Ⓐ {1, 3, 5} Ⓑ {1, 2, 6} Ⓒ {3, 4, 6} Ⓓ ϕ

Solve A′ = U − A = {1,2,3,4,5,6} − {1,3,5} = {2,4,6};
B′ = U − B = {1,2,3,4,5,6} − {2,4,6} = {1,3,5}
∴ A′ ∩ B′ = {2, 4, 6} ∩ {1,3,5} = ϕ

06. যদি U = {1, 2, 3, 4, 5, 6, 7}, A = {1, 2, 5, 6}, B = {2, 4, 5, 7} হয়, তবে (A ∪ B)′ = কত?

Ⓐ {3} Ⓑ {4} Ⓒ {2, 4} Ⓓ {1, 5}

Solve (A ∪ B) = {1, 2, 4, 5, 6, 7}
∴ (A ∪ B)′ = U − (A ∪ B)
= {1, 2, 3, 4, 5, 6, 7} − {1, 2, 4, 5, 6, 7} = {3}

07. যদি n(A∪B) = 61, n (A) = 30, n (B) = 54 হয়, তাহলে n(A∩B) এর মান কত?

Ⓐ 22 Ⓑ 25 Ⓒ 23 Ⓓ 27

Solve n (A∪B) = n (A) + n (B) − n (A∩B)
বা, 61 = 30 + 54 − n (A∩B) ∴ n (A∩B) = 84 − 61 = 23

08. যদি A = {1, 2} হয়, তবে P(A) = কত?

Ⓐ {1, ϕ} Ⓑ {{1} {2}} Ⓒ {{1}, {2}, {1, 2}, ϕ} Ⓓ {ϕ}

Solve P(A) = {{1}, {2}, {1, 2}, ϕ}

09. U = {1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9} এবং A = {1, 2, 3, 8} হলে, A′ = ?

Ⓐ {1, 3, 4, 5, 6} Ⓑ {2, 4, 6, 8} Ⓒ {1, 2, 3, 4, 7} Ⓓ {4, 5, 6, 7, 9}

Solve A′ = U − A
= {1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9} − {1, 2, 3, 8} = {4, 5, 6, 7, 9}

10. সরকারি ল্যাবরেটরি উচ্চ বিদ্যালয়ের 10 সদস্যের একটি দাবার দল এবং 14 সদস্যের একটি বিজ্ঞান ক্লাব আছে। দুটির পাঁচজন ছাত্র দাবার দল ও বিজ্ঞান ক্লাব উভয়টির সদস্য। কতজন ছাত্র শুধু দাবাদলের সদস্য?

Ⓐ 5 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 9

Solve শুধু দাবার দল = দাবার দল − উভয় = 10 − 5 = 5 জন।

11. একটি শ্রেণির 30 জন ছাত্রের 20 জন ফুটবল খেলা পছন্দ করে, 15 জন ক্রিকেট খেলা পছন্দ করে এবং 10 জন উভয় খেলা পছন্দ করে। কত জন কোন খেলায় পছন্দ করে না?

Ⓐ 4 Ⓑ 5 Ⓒ 6 Ⓓ 8

Solve মনে করি, কোনো খেলাই পছন্দ করে না = x জন।
দেওয়া আছে, মোট ছাত্র = 30 জন। উভয় খেলা পছন্দ করে = 10 জন।
ফুটবল পছন্দ করে = 20 জন। ক্রিকেট পছন্দ করে = 15 জন।
∴ প্রশ্নমতে, 30 − x = 20 + 15 − 10 ⇒ 30 − x = 25 ∴ x = 5

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. যেসব স্বাভাবিক সংখ্যা দ্বারা 346 এবং 556 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 31 অবশিষ্ট থাকে, তাদের সেট নির্ণয় কর।

সমাধান: যেসব স্বাভাবিক সংখ্যা দ্বারা 346 এবং 556 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 31 অবশিষ্ট থাকে, সে সংখ্যাটি 31 অপেক্ষা বড় এবং সংখ্যাটি 346 − 31 = 315 এবং (556 − 31) = 525 এর সাধারণ গুণনীয়ক
∴ নির্ণেয় গুণনীয়ক সেট
= {35, 45, 63, 105, 315}∩{35, 75, 105,175,525} = {35,105}

02. A = {x∈N : $x^2 - 5x - 14 = 0$} হলে, A = ?

সমাধান: $x^2 - 5x - 14 = 0$
$\Rightarrow x^2 + 2x - 7x - 14 = 0 \Rightarrow x(x + 2) - 7(x + 2) = 0$
$\Rightarrow (x + 2)(x - 7) = 0$ ∴ x = − 2, 7
যেহেতু x ∈ N; তাই, x = 7 ∴ A = {7}

03. P = {x: x, 12 এর গুণনীয়কসমূহ} এবং Q = {x: x, 3 এর গুণিতক এবং x ≤ 12} হলে, P − Q কত?

সমাধান: এখানে, P = { x: x, 12 এর গুণনীয়কসমূহ}
= {1, 2, 3, 4, 6, 12}
Q = {x: x, 3 এর গুণিতক এবং x ≤ 12} = {3, 6, 9, 12}
∴ P − Q = {1, 2, 3, 4, 6, 12} − {3, 6, 9, 12} = {1, 2, 4}

04. যে সকল স্বাভাবিক সংখ্যা দ্বারা 325 এবং 550 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 25 অবশিষ্ট থাকে, তার সেট নির্ণয় কর?

সমাধান: যে সকল স্বাভাবিক সংখ্যা দ্বারা 325 এবং 550 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 25 অবশিষ্ট থাকে সেই সংখ্যা হবে 25 অপেক্ষা বড় এবং 325 − 25 = 300 এবং 550 − 25 = 525 এর সাধারণ গুণনীয়ক।
∴ 300 এর গুণনীয়কের সেট, A = {30, 50, 60, 75, 150, 300}
এবং 525 এর গুণনীয়কের সেট, B = {75, 105, 175, 525}
∴ A ∩ B = {75}

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

05. একটি ক্লাসে 30 জন ছাত্র আছে। তাদের মধ্যে 18 জন ফুটবল খেলে, 14 জন ক্রিকেট খেলে এবং 5 জন কিছুই খেলে না। কতজন উভয় খেলা খেলে?

সমাধান: এখানে, ক্লাসের মোট ছাত্র সংখ্যা 30 জন।
মনে করি, উভয় খেলা খেলে x জন।
∴ শুধু ফুটবল খেলে $(18 - x)$ জন এবং শুধু ক্রিকেট খেলে $(14 - x)$ জন
কোনো খেলা খেলে না 5 জন,
প্রশ্নমতে, $(18 - x) + x + (14 - x) + 5 = 30$
$\Rightarrow 37 - x = 30 \quad \therefore x = 7$
∴ উভয় খেলা খেলে 7 জন।

সূচক

বীজগণিত অধ্যায়-৬

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

সূচক সম্পর্কে ধারণা:
- $a^n = a \times a \times a \times \ldots \times a$ (n সংখ্যক a) = n সংখ্যক a এর ক্রমিক গুণফল
- a^n এ n কে a এর সূচক বলা হয় এবং a কে ভিত্তি বলা হয়।
- a^n কে a এর n তম ঘাত বা শক্তি বলা হয়।

বিশেষ দ্রষ্টব্য:
- কোনো সংখ্যার ঘাত বা শক্তি শূন্য হলে সংখ্যাটির মান হয় 1। যেমন: $a^0=1$
- কোনো সংখ্যার ঘাত বা শক্তি 1 হলে সংখ্যাটির সূচক 1 সাধারণত লেখা হয় না। যেমন: $a = a^1$

সূচকের সূত্র:

01. $a^m.a^n = a^{m+n}$
02. $(a^m)^n = a^{mn}$
03. $(ab)^m = a^m b^m$
04. $\frac{a^m}{a^n} = a^{m-n}$
05. $a^0 = 1$
06. $a^n = a^m$ হলে, $n = m$
07. $\left(\frac{a}{b}\right)^m = \frac{a^m}{b^m}$
08. $a^{-n} = \frac{1}{a^n}$
09. $a^p.a^q \ldots a^n = a^{p+q \ldots +n}$
10. $\sqrt[m]{a^n} = a^{\frac{n}{m}}$

গুরুত্বপূর্ণ MCQ

01. $a^n.a^{m-n}$ এর মান কত?
Ⓐ 1 Ⓑ a^{m-n} Ⓒ a^{-n} Ⓓ a^m
Solve (D) $a^n.a^{m-n} = a^{n+m-n} = a^m$

02. $2^x = 32$ হলে x এর মান কত?
Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6
Solve (C) $2^x = 32 \Rightarrow 2^x = 2^5 \therefore x = 5$

03. $x^4 = 81$ হলে এবং x ধনাত্মক হলে x এর মান কত?
Ⓐ $\frac{81}{4}$ Ⓑ $\frac{4}{81}$ Ⓒ 9 Ⓓ 3
Solve (D) $x^4 = 81 \Rightarrow x^4 = 3^4 \therefore x = 3$

04. $2^n \div 2^{n-1}$ = কত?
Ⓐ 2 Ⓑ 2^{n-1} Ⓒ 2^n Ⓓ 2^{n+1}
Solve (A) $2^n \div 2^{n-1} = 2^{n-n+1} = 2^1 = 2$

05. $a^5.a.a^{-6}$ = কত?
Ⓐ a Ⓑ a^2 Ⓒ 0 Ⓓ 1
Solve (D) $a^5.a.a^{-6} = a^{5+1-6} = a^0 = 1$

06. $(8x)^0$ = কত?
Ⓐ 8x Ⓑ 1 Ⓒ $\frac{1}{8x}$ Ⓓ 0
Solve (B) সূত্র: $a^0 = 1$ হলে ∴ $(8x)^0 = 1$

07. $b = \sqrt[n]{a}$ এর অর্থ কী?
Ⓐ $a = b^{\frac{1}{n}}$ Ⓑ $b = a^{\frac{1}{n}}$ Ⓒ $a = b^n$ Ⓓ $a^n = b$
Solve (C) $b = \sqrt[n]{a} \Rightarrow b = a^{\frac{1}{n}} \Rightarrow b^n = a$
$\therefore a = b^n$

08. $m > n$ হলে $a^{m+n} \times a^{m-n}$ এর মান কত?
Ⓐ a^{2m} Ⓑ a^2n Ⓒ $a^{m^2-n^2}$ Ⓓ a^{mn}
Solve (A) $a^{m+n} \times a^{m-n} = a^{m+n+m-n} = a^{2m}$

09. $\frac{x^{-3}}{xy}$ এর মান কত?
Ⓐ $x^{-4}y^{-1}$ Ⓑ x^2y Ⓒ x^2y^{-2} Ⓓ x^2y^{-1}
Solve (A) $\frac{x^{-3}}{xy} = x^{-3}.x^{-1}.y^{-1} = x^{-4}y^{-1}$

10. $(x \times x^2 \times x^3 \times x^4 \times x^5) \div x^8$ = কত?
Ⓐ x^6 Ⓑ x^7 Ⓒ x^3 Ⓓ x^9
Solve (B) $x \times x^2 \times x^3 \times x^4 \times x^5 \div x^8 = x^{1+2+3+4+5} \div x^8 = x^{15-8} = x^7$

11. $(x^2)^3$ কে x^3 দ্বারা গুণ করলে কত হবে?
Ⓐ x^9 Ⓑ x^{18} Ⓒ x^{27} Ⓓ x^{24}
Solve (A) $(x^2)^3 \times x^3 = x^6 \times x^3 = x^{6+3} = x^9$

12. $\sqrt{\{(a^m)^n\}^p}$ = কত?
Ⓐ a^{mnp} Ⓑ $a^{\frac{1}{2}mnp}$ Ⓒ a^{m+n+p} Ⓓ $a^{\frac{1}{2}m\frac{1}{2}n\frac{1}{2}p}$
Solve (B) $\sqrt{\{(a^m)^n\}^p} = \sqrt{a^{mnp}} = (a^{mnp})^{\frac{1}{2}} = a^{\frac{1}{2}mnp}$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $\frac{2^{x+4} - 4 \times 2^{x+1}}{2^{x+2} + 2}$ = কত?
সমাধান: $\frac{2^{x+4} - 4 \times 2^{x+1}}{2^{x+2} \div 2} = \frac{2^x.2^4 - 4 \times 2^x.2^1}{2^{x+2-1}}$
$= \frac{2^x(16-8)}{2^{x+1}} = \frac{2^x \times 8}{2^x \times 2^1} = \frac{8}{2} = 4$

02. $\sqrt{x^{-1}}y.\sqrt{y^{-1}}z.\sqrt{z^{-1}}x$ এর মান কত?
সমাধান: $\sqrt{x^{-1}}y.\sqrt{y^{-1}}z.\sqrt{z^{-1}}x = \sqrt{\frac{1}{x}}y.\sqrt{\frac{1}{y}}z.\sqrt{\frac{1}{z}}x$
$= \sqrt{\frac{y}{x}}\sqrt{\frac{z}{y}}\sqrt{\frac{x}{z}} = \frac{\sqrt{y}}{\sqrt{x}}.\frac{\sqrt{z}}{\sqrt{y}}.\frac{\sqrt{x}}{\sqrt{z}} = 1$

03. $[1 - 1\{1 - (1 - x^3)^{-1}\}^{-1}]^{-1}$ এর মান কত?
সমাধান: $[1 - 1\{1 - (1 - x^3)^{-1}\}^{-1}]^{-1} = \left[1 - 1\left\{1 - \frac{1}{1-x^3}\right\}^{-1}\right]^{-1}$
$= \left[1 - 1\left\{\frac{1 - x^3 - 1}{1 - x^3}\right\}^{-1}\right]^{-1} = \left[1 - 1\left\{\frac{-x^3}{1 - x^3}\right\}^{-1}\right]^{-1}$
$= \left[1 + \frac{1 - x^3}{x^3}\right]^{-1} = \left[\frac{x^3 + 1 - x^3}{x^3}\right]^{-1} = \left[\frac{1}{x^3}\right]^{-1} = x^3$

04. $2^{x-1} + 2^{x+1} = 320$ হলে x এর মান নির্ণয় কর।
সমাধান: $2^{x-1} + 2^{x+1} = 320 \Rightarrow 2^x.2^{-1} + 2^x.2 = 320$
$\Rightarrow 2^x\left(\frac{1}{2} + 2\right) = 320 \Rightarrow 2^x \times \frac{5}{2} = 320 \Rightarrow 2^x = 320 \times \frac{2}{5}$
$\Rightarrow 2^x = 128 \Rightarrow 2^x = 2^7$
$\therefore x = 7$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

05. যদি $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$ হয় তবে x এর মান কত?

সমাধান: $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5} \Rightarrow \left(\frac{a}{b}\right)^{x-3} = \left\{\left(\frac{a}{b}\right)^{-1}\right\}^{x-5}$

$\Rightarrow \left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{5-x}$

$\Rightarrow x - 3 = 5 - x \Rightarrow 2x = 8 \quad \therefore x = 4$

06. যদি $(125)^{2x+3} = 5^{3x+6}$ হয়, তবে x এর মান কত?

সমাধান: $(125)^{2x+3} = 5^{3x+6}$

$\Rightarrow (5^3)^{2x+3} = 5^{3x+6} \Rightarrow 5^{6x+9} = 5^{3x+6}$

$\Rightarrow 6x + 9 = 3x + 6 \Rightarrow 6x - 3x = 6 - 9$

$\Rightarrow 3x = -3 \quad \therefore x = -1$

বীজগণিত অধ্যায়-৭

লগারিদম

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

❐ **লগারিদম :**

বড় বড় সংখ্যার গুণফল, ভাগফল বা মূলদ সূচকযুক্ত ঘাতের মান বের করতে লগারিদম ব্যবহার করা হয়।

মনে করি, $a > 0, a \neq 1$ এবং n ধনাত্মক সংখ্যা

যদি $a^x = n$ হয়, তবে x কে n এর a ভিত্তিক লগারিদম বলা হয় এবং লেখা হয়, $x = \log_a n$। $\log_a n$ কে a ভিত্তিক লগ x^n পড়া হয়।

❐ **নিয়মাবলি:**

১. কোনো ভিত্তির সূচক 0 হলে তার মান 1 হয়। যেমন: $x^0 = 1$

২. একই ভিত্তির কোনো রাশির গুণ হলে ঘাত (Power) গুলো যোগ করতে হবে। যেমন: $x^2 \times x^3 = x^{2+3} = x^5$

৩. একই ভিত্তির কতকগুলো রাশি ভাগ হলে ঘাত (Power) গুলো বিয়োগ করতে হবে। যেমন: $a^6 \div a^2 = a^{6-2} = a^4$

৪. ভিত্তি ভিন্ন হলে এবং ঘাত (Power) যদি একই হয় তবে সবগুলো ভিত্তির গুণফলের ঐ একই power n ঘাত হবে। যেমন: $a^3.b^3.c^3 = (abc)^3$

৫. কোনো ভিত্তির সূচক বা power বিয়োগবোধক হলে ঐ ভিত্তির নিচে এবং power যোগ বোধ হয়। যেমন: $a^{-1} = \frac{1}{a}$.

❐ **লগারিদমের সূত্রাবলি :**

01. $a^x = n$ হলে, $x = \log_a n$

02. $\log_a(MN) = \log_a M + \log_a N$

03. $\log_a \frac{M}{N} = \log_a M - \log_a N$

04. $\log_a M = \frac{\log_b M}{\log_b a}$

05. $\log_a a = 1$

06. M ধনাত্মক এবং r যে কোনো বাস্তব সংখ্যা হলে, $\log_a M^r = r \log_a M$

গুরুত্বপূর্ণ MCQ

01. $5 \log_5 5 - \log_5 5^2$ = কত?

Ⓐ 4 Ⓑ 3
Ⓒ 2 Ⓓ 5

Solve (B) $5 \log_5 5 - \log_5 5^2 = 5 \log_5 5 - 2 \log_5 5$
$= 5.1 - 2.1 = 5 - 2 = 3$

02. $\log_x \frac{1}{9} = -2$ হলে x এর মান কত?

Ⓐ $x = 2$ Ⓑ $x = 3$
Ⓒ $x = 4$ Ⓓ $x = 2.5$

Solve (B) $\log_x \frac{1}{9} = -2 \Rightarrow x^{-2} = \frac{1}{9} \Rightarrow \frac{1}{x^2} = \frac{1}{9}$

$\Rightarrow x^2 = 9$

$\therefore x = 3$

03. 64 এর 2 ভিত্তিক লগারিদম কত?

Ⓐ 5 Ⓑ 4
Ⓒ 3 Ⓓ 6

Solve (D) $\log_2 64 = \log_2 2^6 = 6 \log_2 2 = 6.1 = 6$

04. $\log_{10} x = 2$ হলে x = কত?

Ⓐ 100 Ⓑ 200
Ⓒ 80 Ⓓ 120

Solve (A) $\log_{10} x = 2 \Rightarrow 10^2 = x$

$\therefore x = 100$

05. $\log_5 x = 3$ হলে x = কত?

Ⓐ 115 Ⓑ 125
Ⓒ 100 Ⓓ 90

Solve (B) $\log_5 x = 3 \Rightarrow 5^3 = x$

$\therefore x = 125$

06. $\log 3 + \log 4$ = কত?

Ⓐ $\log 10$ Ⓑ $\log 7$
Ⓒ $\log 12$ Ⓓ $\log 8$

Solve (C) $\log 3 + \log 4 = \log(3 \times 4) = \log 12$

07. $\log_3 9$ = কত?

Ⓐ 2 Ⓑ 5 Ⓒ 3 Ⓓ 9

Solve (A) $\log_3 9 = \log_3 3^2 = 2 \log_3 3 = 2$ [$\log_3 3 = 1$]

08. $\log_{3^{\frac{1}{9}}}$ = কত?

Ⓐ 4 Ⓑ 9
Ⓒ −2 Ⓓ − 6

Solve (C) $\log_{3^{\frac{1}{9}}} = \log_{3^{\frac{1}{3^2}}} = \log_3 3^{-2} = -2 \log_3 3 = -2$

09. $\log_2 64 + \log_2 8$ এর মান কত?

Ⓐ 128 Ⓑ 7
Ⓒ 2 Ⓓ 9

Solve (D) $\log_2 64 + \log_2 8 = \log_2 2^6 + \log_2 2^3$
$= 6 \log_2 2 + 3 \log_2 2 = 6.1 + 3.1 = 9$

10. x এর মান নির্ণয় করুন: $3^x = 16$.

Ⓐ $x = 3.56$ Ⓑ $x = 2.59$
Ⓒ $x = 2.52$ Ⓓ $x = 3.52$

Solve (C) $3^x = 16 \Rightarrow \log 3^x = \log 16$

$\Rightarrow x \log 3 = \log 16 \quad \therefore x = \frac{\log 16}{\log 3} = \frac{1.2}{0.47} = 2.52$

11. $\log_5 25 + \log_3 9$ = কত?

Ⓐ 7 Ⓑ 5
Ⓒ 4 Ⓓ 9

Solve (C) $\log_5 25 + \log_3 9 = \log_5 5^2 + \log_3 3^2$
$= 2 \log_5 5 + 2 \log_3 3 = 2.1 + 2.1 = 4$

12. 32 এর 2 ভিত্তিক লগারিদম কত?

Ⓐ 3 Ⓑ 4
Ⓒ 5 Ⓓ 6

Solve (C) $\log_2 32 = \log_2 (2)^5 = 5 \log_2 2 = 5$

CamScanner

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $\log_5 \sqrt[3]{5} = ?$

সমাধান: $\log_5 \sqrt[3]{5} = \log_5 5^{\frac{1}{3}} = \frac{1}{3}\log_5 5 = \frac{1}{3}$

02. $10\log_{\sqrt{5}} 400 = x$ হলে x এর মান কত?

সমাধান: $\log_{2\sqrt{5}} 400 = x$

$\Rightarrow \log_{2\sqrt{5}} (2\sqrt{5})^4 = x$

$\therefore x = 4$

03. $2\log_{10}5 + \log_{10}36 - \log_{10}9 = ?$

সমাধান: $2\log_{10}5 + \log_{10}36 - \log_{10}9$

$= \log_{10}5^2 + \log_{10}36 - \log_{10}9$ $[a\log_{10}x = \log_{10}x^a]$

$= \log_{10}\left(\frac{5^2 \times 36}{9}\right) = \log_{10}(25 \times 4) = \log_{10}10^2$

$= 2\log_{10}10 = 2.1 = 2$ $[\log_a a = 1]$

04. $\log 2 + \log 4 + \log 8 +$ ..... ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?

সমাধান: $\log 2 + \log 4 + \log 8 +$ ..... + দশম পদ পর্যন্ত

$= \log 2^1 + \log 2^2 + \log 2^3 +$ ..... $+ \log 2^{10}$

$= \log 2 + 2\log 2 + 3\log 2 +$ ..... $+ 10\log 2$

$= (1 + 2 + 3 +$ ..... $+ 10)\log 2$

$= \frac{10 \times (10+1)}{2} \times \log 2$

$= \frac{110}{2} \times \log 2 = 55 \log 2$

05. $\log_{49}7 + \log_{\sqrt{7}}7$ এর মান কত?

সমাধান: $\log_{49}7 + \log_{\sqrt{7}}7$

$= \log_{49}\sqrt{49} + \log_{\sqrt{7}}(\sqrt{7})^2$

$= \log_{49}(49)^{\frac{1}{2}} + \log_{\sqrt{7}}(\sqrt{7})^2$

$= \frac{1}{2}\log_{49}49 + 2\log_{\sqrt{7}}\sqrt{7}$

$= \frac{1}{2} \times 1 + 2 \times 1 = 2 + \frac{1}{2} = \frac{5}{2}$

06. $\log_e\sqrt{x} + \log_e\sqrt[3]{x} + \log_e\sqrt[4]{x}$ = কত?

সমাধান: $\log_e\sqrt{x} + \log_e\sqrt[3]{x} + \log_e\sqrt[4]{x}$

$= \log_e x^{\frac{1}{2}} + \log_e x^{\frac{1}{3}} + \log_e x^{\frac{1}{4}}$

$= \frac{1}{2}\log_e x + \frac{1}{3}\log_e x + \frac{1}{4}\log_e x$

$= \left(\frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{4}\right)\log_e x$

$= \frac{6+4+3}{12}\log_e x = \frac{13}{12}\log_e x$

07. $\log_a 2 \times \log_2 4 \times \log_2 c$ = কত?

সমাধান: $\log_a 2 \times \log_2 4 \times \log_2 c$

$= \log_a 2 \times \log_2 2^2 \times \log_a c \times \log_2 a$

$= (\log_a 2 \times \log_2 a) \times 2\log_2 2 \times \log_a c$

$= 1 \times 2 \times 1 \times \log_a c = 2\log_a c$

বীজগণিত
অধ্যায়-৮

সমীকরণ ও সমাধান

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **সমীকরণ :** দুইটি বীজগণিতীয় রাশি সমতা চিহ্ন দ্বারা সংযুক্ত হলে ঐ রাশি দুইটির সমতা জ্ঞাপক সম্বন্ধটিকে সমীকরণ বলে। সমীকরণের সমান চিহ্নের দুই দিকে দুইটি রাশি থাকে। নিচে দুইটি সমীকরণ লেখা হলো–

  A. $3x + 12 = 24$ C. $9x = 81$

  সমীকরণে কমপক্ষে একটি অজ্ঞাত বীজগণিতীয় রাশি থাকে। যে সমীকরণে একঘাতবিশিষ্ট একটিমাত্র অজ্ঞাত রাশি থাকে, তাকে সরল সমীকরণ বলে।

- **সমীকরণের সমাধান :** ভগ্নাংশ সংবলিত সমীকরণের সমাধান বের করতে হলে ভগ্নাংশ মুক্ত করে সরল সমীকরণে রূপান্তর করতে হবে। ভগ্নাংশের হরগুলোকে বিলুপ্ত করতে পারলে ভগ্নাংশ সংবলিত সমীকরণটি ভগ্নাংশ মুক্ত হবে। হরগুলোকে বিলুপ্ত করতে হলে, হরগুলোর ল.সা.গু. নির্ণয় করে ল.সা.গু. দ্বারা উভয় পক্ষের প্রত্যেক পদকে গুণ করলে ভগ্নাংশগুলো হরমুক্ত হবে। এজন্য ভগ্নাংশগুলোকে হরসমূহের ল.সা.গু. দ্বারা গুণ করাই যথেষ্ট।

গুরুত্বপূর্ণ MCQ

01. কোনো সংখ্যার এক-চতুর্থাংশ থেকে 4 বিয়োগ করলে বিয়োগফল হয় 20। সংখ্যাটি কত?

Ⓐ 12 Ⓑ 24
Ⓒ 96 Ⓓ 48

Ans C Solve ধরি, সংখ্যাটি x

শর্তমতে, $\frac{x}{4} - 4 = 20 \Rightarrow \frac{x}{4} = 24 \therefore x = 96$

02. একটি দানবাক্সে 50 পয়সা ও 25 পয়সার মোট 100টি মুদ্রা পাওয়া গেল। যদি বাক্সে 45 টাকা জমা হয়ে থাকে তাহলে কোন প্রকারের মুদ্রা কতটি?

Ⓐ 50 পয়সা 80, 25 পয়সা 20 Ⓑ 50 পয়সা 70, 25 পয়সা 30
Ⓒ 50 পয়সা 75, 25 পয়সা 25 Ⓓ 50 পয়সা 77, 5 পয়সা 73

Ans A Solve মনে করি, 50 পয়সার মুদ্রা আছে xটি

$\therefore$ 25 পয়সার মুদ্রা আছে $(100 - x)$টি

প্রশ্নমতে, $(50 \times x) + 25 \times (100 - x) = 45$ টাকা

$\Rightarrow 50x + 2500 - 25x = (45 \times 100)$ পয়সা

$\Rightarrow 25x = 4500 - 2500 \Rightarrow x = \frac{2000}{25} \therefore x = 80$টি

$\therefore$ 50 পয়সার মুদ্রা 80টি

$\therefore$ 25 পয়সার মুদ্রা, $(100 - 80) = 20$টি

03. কোন সংখ্যার বর্গমূলের সাথে 10 যোগ করলে যোগফল 4 এর বর্গ হবে–

Ⓐ 16 Ⓑ 25
Ⓒ 36 Ⓓ 9

Ans C Solve মনে করি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $\sqrt{x} + 10 = 4^2 \Rightarrow \sqrt{x} + 10 = 16$

$\Rightarrow \sqrt{x} = 6 \Rightarrow (\sqrt{x})^2 = (6)^2 \Rightarrow x = 36.$

04. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার দশক স্থানীয় অঙ্ক একক স্থানীয় অঙ্কের দ্বিগুণ। দেখাও যে, সংখ্যাটি অঙ্কদ্বয়ের সমষ্টির-

Ⓐ 3 গুণ Ⓑ 5 গুণ
Ⓒ 6 গুণ Ⓓ 7 গুণ

Ans D Solve মনে করি, একক স্থানীয় অঙ্ক x এবং দশক স্থানীয় অঙ্ক 2x

$\therefore$ অঙ্কদ্বয়ের সমষ্টি $= (x + 2x) = 3x$

সংখ্যাটি $= x + (10 \times 2x) = x + 20x = 21x = 7 \times 3x = 7 \times$ অঙ্কদ্বয়ের সমষ্টি

$\therefore$ সংখ্যাটি অঙ্কদ্বয়ের সমষ্টির 7 গুণ।

05. দুই অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যার অঙ্ক দুইটির অন্তর 2। অঙ্ক দুইটি স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তা প্রদত্ত সংখ্যার দ্বিগুণ অপেক্ষা 6 কম। সংখ্যাটি কত?

Ⓐ 57 Ⓑ 46 Ⓒ 53 Ⓓ 24

Solve মনে করি, একক স্থানীয় অঙ্কটি x এবং দশক স্থানীয় অঙ্কটি y
∴ সংখ্যাটি = $(10y + x)$
অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে নতুন সংখ্যা = $(10x + y)$
১ম শর্তমতে, $x - y = 2 \Rightarrow x = y + 2$ ..... (i)
২য় শর্তমতে, $10x + y = 2 \times (x + 10y) - 6$
$\Rightarrow 10x + y = 2x + 20y - 6$
$\Rightarrow 8x - 19y = -6$
$\Rightarrow 8 \times (y + 2) - 19y = -6$
$\Rightarrow 8y + 16 - 19y = -6 \Rightarrow -11y = -22 \therefore y = 2$
$\therefore x = 2 + 2 = 4$ ∴ সংখ্যাটি = $4 + 10 \times 2 = 24$

06. একটি স্বাভাবিক সংখ্যার বর্গের সাথে ঐ সংখ্যাটি যোগ করলে যোগফল ঠিক পরবর্তী স্বাভাবিক সংখ্যার 9 গুণের সমান হবে। সংখ্যাটি কত?

Ⓐ 1 Ⓑ 4 Ⓒ 7 Ⓓ 9

Solve ধরি, স্বাভাবিক সংখ্যা = x
∴ পরবর্তী স্বাভাবিক সংখ্যা = x + 1
প্রশ্নমতে, $x^2 + x = 9(x + 1) \Rightarrow x^2 + x - 9x - 9 = 0$
$\Rightarrow x(x + 1) - 9(x + 1) = 0 \Rightarrow (x + 1)(x - 9) = 0 \therefore x = 9$

07. দুই অঙ্কবিশিষ্ট সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি 10। সংখ্যাটি থেকে 72 বিয়োগ করলে অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করে। সংখ্যাটি কত?

Ⓐ 82 Ⓑ 91 Ⓒ 55 Ⓓ 37

Solve মনে করি, একক স্থানীয় অঙ্কটি x
এবং দশক স্থানীয় অঙ্কটি $(10 - x)$
∴ সংখ্যাটি = $(10 - x) \times 10 + x = x + 100 - 10x = 100 - 9x$
অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে সংখ্যাটি = $10x + (10 - x) = 9x + 10$
প্রশ্নমতে, $(100 - 9x) - 72 = 9x + 10$
$\Rightarrow 28 - 9x = 9x + 10$
$\Rightarrow 18x = 18 \therefore x = 1$
∴ সংখ্যাটি = $100 - 9 \times 1 = 100 - 9 = 91$

08. $(2 + x) + 3 = 3(x + 2)$ হলে, x এর মান কত?

Ⓐ $-\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ $\frac{1}{3}$ Ⓓ $\frac{2}{3}$

Solve $(2 + x) + 3 = 3(x + 2) \Rightarrow 2 + x + 3 = 3x + 6$
$\Rightarrow 3x - x = 5 - 6 \Rightarrow 2x = -1 \therefore x = -\frac{1}{2}$

09. x এর মান কত হলে, $a(x - a) = b(x - b)$ হবে?

Ⓐ 1 Ⓑ $b - a$ Ⓒ $a - b$ Ⓓ $a + b$

Solve $a(x - a) = b(x - b)$
বা, $ax - a^2 = bx - b^2$ বা, $ax - bx = a^2 - b^2$
বা, $x(a - b) = (a + b)(a - b) \therefore x = (a + b)$

10. $(a - 5)(x + a) = a^2 - 25$ হলে, x এর মান কত?

Ⓐ 5 Ⓑ 25 Ⓒ −5 Ⓓ −25

Solve $(a - 5)(x + a) = a^2 - 25$
বা, $(a - 5)(a + x) = (a - 5)(a + 5) \therefore x = 5$

11. $5x - 3 = 2x + 9$ সমীকরণে x এর মান কত?

Ⓐ $\frac{1}{3}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 4 Ⓓ $\frac{1}{4}$

Solve $5x - 3 = 2x + 9 \Rightarrow 5x - 2x = 9 + 3$
$\Rightarrow 3x = 12 \therefore x = 4$

12. $2(5x - 18) = 14$ সমীকরণে x এর মান কত?

Ⓐ 2 Ⓑ 5 Ⓒ −5 Ⓓ 0.05

Solve $2(5x - 18) = 14 \Rightarrow 10x - 36 = 14$
$\Rightarrow 10x = 50 \therefore x = 5$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $(x + 3)(x - 3) = 16$ হলে, x এর মান কত?

সমাধান: $(x + 3)(x - 3) = 16$
$\Rightarrow x^2 - 9 = 16 \Rightarrow x^2 = 16 + 9$
$\Rightarrow x^2 = 25 \therefore x = 5$

02. যদি $y - 7 = 12$ হয়, তবে $y + 19 =$ কত?

সমাধান: $y - 7 = 12 \Rightarrow y = 19 \therefore y + 19 = 19 + 19 = 38$

03. কোন সংখ্যার $\frac{1}{2}$ অংশের সাথে 6 যোগ করলে যোগফল 24 হবে?

সমাধান: মনে করি, সংখ্যাটি = x
প্রশ্নমতে, $\frac{x}{2} + 6 = 24 \Rightarrow \frac{x}{2} = 18 \therefore x = 36$

04. $\frac{x}{x-5} + \frac{x}{x+2} = 2$ হলে, x = ?

সমাধান: $\frac{x}{x-5} + \frac{x}{x+2} = 2 \Rightarrow \frac{x(x+2) + x(x-5)}{(x-5)(x+2)} = 2$
$\Rightarrow x^2 + 2x + x^2 - 5x = 2(x^2 + 2x - 5x - 10)$
$\Rightarrow 2x^2 - 3x = 2x^2 - 6x - 20 \Rightarrow 2x^2 - 3x - 2x^2 + 6x = -20$
$\Rightarrow 3x = -20 \therefore x = -\frac{20}{3}$

05. $\frac{3}{y+1} = \frac{4}{y-2}$ সমীকরণের সমাধান কত?

সমাধান: $\frac{3}{y+1} = \frac{4}{y-2} \Rightarrow 4y + 4 = 3y - 6$
$\Rightarrow 4y - 3y = -6 - 4 \therefore y = -10$

06. একটি শ্রেণির প্রতি বেঞ্চে 4 জন করে ছাত্র বসালে 3 টি বেঞ্চ খালি থাকে। আবার প্রতি বেঞ্চে 3 জন করে ছাত্র বসালে 6 জন ছাত্রকে দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত?

Ⓐ 60 জন Ⓑ 40 জন Ⓒ 55 জন Ⓓ 45 জন

সমাধান: ধরি, শ্রেণির ছাত্র সংখ্যা = x
প্রশ্নমতে, $\frac{x}{4} + 3 = \frac{x-6}{3} \Rightarrow \frac{x+12}{4} = \frac{x-6}{3}$
$\Rightarrow 3x + 36 = 4x - 24$
$\Rightarrow 4x - 3x = 36 + 24 \therefore x = 60$ জন।

07. মানিক 240 টাকায় কতকগুলো কমলা কিনল। সে যদি ঐ টাকায় একটি কমলা বেশি পেতো তবে প্রতিটি কমলার দাম গড়ে 1 টাকা কম পড়তো। সে কতকগুলো কমলা কিনল?

Ⓐ 18 Ⓑ 12 Ⓒ 15 Ⓓ 16

সমাধান: ধরি, কমলা কিনেছিল x টি
প্রশ্নমতে, $\frac{240}{x} - \frac{240}{x+1} = 1$
$\Rightarrow \frac{240x + 240 - 240x}{x(x+1)} = 1$
$\Rightarrow 240 = x^2 + x$
$\Rightarrow x^2 + x - 240 = 0$
$\Rightarrow (x - 15)(x + 16) = 0$
$\therefore x = 15$ $[x \neq -16]$

08. যদি $\frac{x}{3} - \frac{x}{5} = 2$ হয়, x এর মান কত?

সমাধান: $\frac{x}{3} - \frac{x}{5} = 2 \Rightarrow \frac{5x - 3x}{15} = 2 \therefore x = 15$

09. $(2 + x) + 3 = 3(x + 2)$ হলে x এর মান কত?

সমাধান: $(2 + x) + 3 = 3(x + 2)$
$\Rightarrow 5 + x = 3x + 6 \Rightarrow 3x - x = 5 - 6$
$\Rightarrow 2x = -1 \therefore x = -\frac{1}{2}$

10. $\frac{3}{x}+\frac{4}{x+1}=2$ হলে, x এর মান কত?

সমাধান: $\frac{3}{x}+\frac{4}{x+1}=2 \Rightarrow \frac{3x+3+4x}{x(x+1)}=2$

$\Rightarrow 7x+3=2x^2+2x \Rightarrow 2x^2+2x-7x-3=0$

$\Rightarrow 2x^2-5x-3=0 \Rightarrow 2x^2-6x+x-3=0$

$\Rightarrow 2x(x-3)+1(x-3)=0 \Rightarrow (x-3)(2x+1)=0$

হয়, $x-3=0 \therefore x=3$ অথবা, $2x+1=0 \therefore x=-\frac{1}{2}$

11. $x^2-x-12=0$ সমীকরণের মূলদ্বয় নিচের নির্ণয় কর।

সমাধান: $x^2-x-12=0$

$\Rightarrow x^2-4x+3x-12=0$

$\Rightarrow x(x-4)+3(x-4)=0$

$\Rightarrow (x-4)(x+3)=0$

হয়, $x+3=0$ অথবা, $x-4=0$

$\therefore x=-3$ $\therefore x=4$

$\therefore$ সমীকরণটির মূলদ্বয় : $-3, 4$

বীজগণিত অধ্যায়-৯

অন্বয় ও ফাংশন

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

ফাংশন : যদি $y=x^2-4x+3$ হয় তাহলে y, x এর একটি ফাংশন। কারণ x এর প্রতিটি মানের জন্য y এর একটি নির্দিষ্ট মান আছে। এস্থলে চলরাশি y এর মান চলরাশি x এর মানের ওপর নির্ভরশীল। সাধারণভাবে বলা যায়, যদি দুটি চলক x ও y এর মধ্যে এরূপ সম্পর্ক বিদ্যমান থাকে যে x এর মানের জন্য y এর একটি মান পাওয়া যায়, তবে y কে x এর ফাংশন বলা হয়।

আবার, r ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের পরিধি $c=2\pi r$।

এখানে c, r এর ফাংশন এবং π একটি ধ্রুবক। যদি r এর মানকে বাড়ানো বা কমানো হয় তাহলে c এর মান বাড়বে বা কমবে।

ফাংশনের প্রতীক : সাধারণত f(x), F(x), g(x) ইত্যাদি প্রতীকের মাধ্যমে ফাংশন নির্দেশ করা হয়ে থাকে।

গুরুত্বপূর্ণ MCQ

01. $f(x)=x^3+2x+3$ এবং f(0) কত হবে?

Ⓐ 6 Ⓑ 0 Ⓒ 3 Ⓓ 2

Solve (C) $f(0)=0^3+2\times 0+3=3$

02. $f(x)=x^3-2x+6$ হলে, $f(\frac{1}{3})=$ কত?

Ⓐ $\frac{145}{27}$ Ⓑ $\frac{155}{25}$

Ⓒ $\frac{140}{27}$ Ⓓ $\frac{135}{35}$

Solve (A) $f(\frac{1}{3})=(\frac{1}{3})^3-2.\frac{1}{3}+6=\frac{1}{27}-\frac{2}{3}+6$

$=\frac{1-18+162}{27}=\frac{145}{27}$

03. যদি $f(x)=\frac{2x+5}{x-3}$ হয়, তবে f(6) = কত?

Ⓐ $\frac{7}{13}$ Ⓑ $\frac{5}{3}$ Ⓒ $\frac{17}{3}$ Ⓓ $-\frac{5}{3}$

Solve (C) $f(6)=\frac{2.6+5}{6-3}=\frac{17}{3}$

04. যদি $f(x)=\frac{4x-7}{x-2}$ হয় তাহলে f(2) = কত?

Ⓐ $\frac{1}{4}$ Ⓑ 0

Ⓒ অসংজ্ঞায়িত Ⓓ $\frac{1}{3}$

Solve (C) $f(2)=\frac{4\times 2-7}{2-2}=\frac{8-7}{0}=\infty$

05. $P(x)=x^4-5x^3+7x^2-a$ এর একটি উৎপাদক $(x-2)$ হলে, a এর মান কত?

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 2 Ⓓ 8

Solve (B) $(x-2)$ একটি উৎপাদক হওয়ায় $P(2)=0$

$\therefore P(2)=2^4-5\times 2^3+7\times 2^2-a=16-40+28-a=4-a$

প্রশ্নমতে, $4-a=0 \therefore a=4$

06. যদি $f(x)=x^3-8x+9$ হলে, f(2) = কত?

Ⓐ 0 Ⓑ 1

Ⓒ 2 Ⓓ -1

Solve (B) $f(2)=2^3-8\times 2+9=8-16+9=1$

গুরুত্বপূর্ণ লিখিত প্রশ্নোত্তর

01. $f(x)=x^2-5x+6$ হলে x এর কোন মানের জন্য $f(x)=0$ হবে।

সমাধান: $f(x)=0 \Rightarrow x^2-5x+6=0$

$\Rightarrow x^2-3x-2x+6=0$

$\Rightarrow x(x-3)-2(x-3)=0$

$\Rightarrow (x-2)(x-3)=0 \therefore x=3, 2$

02. $f(x)=\frac{1+x^8+x^{16}}{x^8}$ হলে, $f(\frac{1}{x})=$ কত?

সমাধান: $f(\frac{1}{x})=\frac{1+(\frac{1}{x})^8+(\frac{1}{x})^{16}}{(\frac{1}{x})^8}=\frac{1+\frac{1}{x^8}+\frac{1}{x^{16}}}{\frac{1}{x^8}}$

$=\frac{x^{16}+x^8+1}{x^{16}}\times\frac{x^8}{1}=\frac{1+x^8+x^{16}}{x^8}=f(x)$

03. $f(x)=\sqrt{9-x^2}$ এর ডোমেন কত?

সমাধান: $f(x)=\sqrt{9-x^2}$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে যখন, $9-x^2\geq 0$ হবে। অতএব, $9-x^2\geq 0 \Rightarrow x^2-9\leq 0$

$\Rightarrow x^2\leq 9 \Rightarrow |x|\leq 3 \Rightarrow -3\leq x\leq 3$

$\therefore$ ডোমেন $=\{x\in R: -3\leq x\leq 3\}$

04. $f(x)=x^3+kx^2-6x-9$; k এর মান কত হলে, $f(3)=0$ হবে?

সমাধান: $f(x)=x^3+kx^2-6x-9$

$\therefore f(3)=3^3+k\times 3^2-6\times 3-9$

$=27+9k-18-9=9k$

প্রশ্নমতে, $9k=0 \therefore k=0$

05. $f(x)=2x^2+3x-1$ হলে, f(0) = কত?

সমাধান: $f(x)=2x^2+3x-1$

$\therefore f(0)=2\times 0^2+3\times 0-1=-1$

06. যদি $f(x)=x^3+9x^2-3x-6$ হয়, তবে f(−2) = কত?

সমাধান: $f(x)=x^3+9x^2-3x-6$

$\therefore f(-2)=(-2)^3+9(-2)^2-3(-2)-6$

$=-8+36+6-6=28$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জ্যামিতি (Geometry)

জ্যামিতি অধ্যায়-১

প্রাথমিক ধারণা

জ্যামিতি সম্পর্কিত Vocabulary

Altitude (height)	উচ্চতা	Isosceles triangle	সমদ্বিবাহু ত্রিভুজ
Arc	চাপ	Median	মধ্যমা
Area	ক্ষেত্রফল	Obtuse angle	স্থূলকোণ
Base	ভূমি	Parallel	সমান্তরাল
Bisector	দ্বিখণ্ডক	Parallelogram	সামান্তরিক
Central angle	কেন্দ্রস্থ কোণ	Pentagon	পঞ্চভুজ
Chord	জ্যা	Perpendicular	লম্ব
Circle	বৃত্ত	Polygon	বহুভুজ
Circumference	বৃত্তের পরিধি	Quadrilateral	চতুর্ভুজ
Congruent	সর্বসম	Radius	ব্যাসার্ধ
Cube	ঘনক	Rectangle	আয়তক্ষেত্র
Diagonal	কর্ণ	Right angle	সমকোণ
Diameter	ব্যাস	Right triangle	সমকোণী ত্রিভুজ
Equilateral triangle	সমবাহু ত্রিভুজ	Semicircle	অর্ধবৃত্ত
Exterior angle	বহিঃস্থ কোণ	Similar triangle	সদৃশ ত্রিভুজ
Surface	তল	Square	বর্গক্ষেত্র
Hexagon	ষড়ভুজ	Triangle	ত্রিভুজ
Hypotenuse	অতিভুজ	Volume	আয়তন
Interior angle	অন্তঃস্থ কোণ	Vertex	শীর্ষবিন্দু

এ অধ্যায়ের প্রয়োজনীয় তথ্য ও সূত্রাবলি

- **জ্যামিতি (Geometry):** 'জ্যা' অর্থ ভূমি এবং 'মিতি' অর্থ পরিমাপ। জ্যামিতি হলো একটি স্থানভিত্তিক বিজ্ঞান।
- **বিন্দু (Point):** যার দৈর্ঘ্য, প্রস্থ, ভেদ, উচ্চতা কিছুই নেই শুধু অবস্থান আছে তাকে বিন্দু বলে।
- **রেখা (Line):** বিন্দুর চলার পথকে রেখা বলে।


  A ——————— B
- **সরলরেখা (Straight line):** একটি বিন্দু থেকে অন্য একটি বিন্দুতে পৌঁছতে যদি কোনো প্রকার দিক পরিবর্তন না হয় তবে তাকে সরলরেখা বলে।

  A ——————— B
- **বক্ররেখা (Curve):** একটি বিন্দু থেকে অন্য একটি বিন্দুতে পৌঁছাতে যদি কোনো দিক পরিবর্তন হয় তবে তাকে বক্ররেখা বলে।


  A ~~~~~~~~ B
- **সমান্তরাল রেখা (Parallel line):** দুইটি রেখা যদি পরস্পরের মধ্যে সর্বদা সমান দূরত্ব বজায় রেখে চলতে থাকে তবে তাকে সমান্তরাল রেখা বলে।

  A ——————— B
  C ——————— D


  ♦ রেখার কোনো প্রান্তবিন্দু নেই। ⟷ সরলরেখা
  ♦ রেখাংশের দুটি প্রান্তবিন্দু থাকে। ——— রেখাংশ
  ♦ রশ্মির একটি মাত্র প্রান্তবিন্দু থাকে। ——→ রশ্মি
- **ঘনবস্তু (Cube):** যে বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা আছে, তাকে ঘনবস্তু বলে।
  যেমন– ইট, ম্যাচ বক্স, বই, খাতা ইত্যাদি।


চিত্রঃ ঘনবস্তু


- **কোণ (Angle):** যদি দুইটি সরলরেখা পরস্পরের সাথে কোনো বিন্দুতে মিলিত হয়, তবে মিলন বিন্দুতে কোণ উৎপন্ন হয়। কোণ নির্দেশক চিহ্ন ∠। চিত্রে, ∠ACB একটি কোণ।



- **সূক্ষ্মকোণ (Acute angle):** এক সমকোণ (90°) অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে। চিত্রে, ∠AOC একটি সূক্ষ্মকোণ।




- **সমকোণ (Right angle):** একটি সরলরেখার ওপর অন্য একটি লম্ব টানলে এবং লম্বের দুইপাশে অবস্থিত ভূমি সংলগ্ন কোণ দুইটি সমান হলে, প্রতিটি কোণকে সমকোণ বলে। এক সমকোণ = 90° অর্থাৎ 90°'র সমান কোণকে সমকোণ বলে।




চিত্রে, ∠AOC = ∠BOC = 90° = এক সমকোণ।

- **স্থূলকোণ (Obtuse angle):** এক সমকোণ অপেক্ষা বড় কিন্তু দুই সমকোণ অপেক্ষা ছোট কোণকে স্থূলকোণ বলে। চিত্রে, ∠AOD একটি স্থূলকোণ।



